Angel, *s.* দূত, (কিন্তু এইরূপে প্রায় ঈশ্বরীয় দূত বিষয়ে ব্যবহার); *a beautiful person,* ঈশ্বরীয় দূতের তুল্য সুন্দর পুরুষ
Angelical, Angelic, *a.* ঈশ্বরের দূতবৎ, স্বর্গীয় [পোসা
Anger, *s.* ক্রোধ, কোপ, উষ্মা, রোষ, রাগ.
Anger, *v. a.* ক্রোধ-কৃ, উষ্মা-কৃ, কোপ-কৃ, ক্ষেপাও
Angle, *s.* কোণ, ভুজ, অসু [ভাব
Anglicism, *s.* ইঙ্গলণ্ডীয় ভাষার বিশেষ
Angrily, *ad.* ক্রোধপূর্ব্বক, রাগপূর্ব্বক
Angry, *a.* ক্রোধান্বিত, রাগা, রাগান্বিত, ক্রোধী, রাগান্ধ, উষ্মান্বিত, খাপা
Anguish, *s.* মনের বা শরীরের অত্যন্ত ব্যথা, যন্ত্রণা
Angular, *a.* কোণ বিশিষ্ট, কোণুয়া, সাসু
Anhelation, *s.* হাঁপান [যাপ
Animadversion, *s.* অনুযোগ, ভর্ৎসনা, দো
Animadvert, *v. a.* দোষ-দা, অনুযোগ-কৃ, ভর্ৎসনা-কৃ [জানওয়ার
Animal, *s.* জীবী, প্রাণী; *a beast,* জন্তু, পশু,
Animal, *a.* জীবি সম্পর্কীয়
Animalcule, *s.* অতি ক্ষুদ্র কীট, জীব শাবক
Animate, *v. a.* সজীব-কৃ, চেতনা-কৃ; *to encourage,* উত্তেজনা-কৃ, ঔৎসুক্য-কৃ, প্রবোধ-জন
Animate, *a.* সজীব, জীবিত
Animated, *pa.* প্রতিভান্বিত
Animation, *s.* চেতনা, চৈতন্য, প্রতিভা
Animosity, *s.* অত্যন্ত দ্বেষ রাগ বা ঘৃণা
Annalist, *s.* বিবরণ রচক, রাজোপাখ্যান লেখক
Annals, *s.* যথাক্রমে রাজ বিবরণ
Annats, *s.* ধর্ম্মার্থবৃত্তির প্রথম বৎসরীয় লাভ
Anneal, *v. a.* কাঁচ বা গ্লাস রং করণার্থ তপ্ত-কৃ
Annex, *v. a.* শেষে বা অন্তে যোগ-কৃ, কোন বৃহৎ বস্তুর সঙ্গে ক্ষুদ্র বস্তুর সংযোগ-কৃ, (সামান্য সংযোগও বুঝায়)
Annexation, *s.* সংযোজন
Annihilate, *v. a.* লোপ-কৃ, ভাবকে অভাব-কৃ; *to destroy,* বিনাশ-কৃ, নষ্ট-কৃ, বিকার-কৃ
Annihilation, *s.* লোপ, অভাব, বিনাশ, প্রলয় [দিন
Anniversary, *s.* কোন ব্যাপারের বার্ষিক
Anno Domini, *s.* খৃষ্টীয়ান শক
Annotation, *s.* টীপ্পনী, টীকা
Annotator, *s.* টীপ্পনীকর্ত্তা, টীকাকার
Announce, *v. a.* প্রচার-কৃ, ঘোষণা-কৃ, প্রকাশ-কৃ, সমাচার-দা
Announcement, *s.* ঘোষণ, জ্ঞাপন, প্রচার
Annoy, *v. a.* বিরক্ত-কৃ, ব্যস্ত-কৃ, ত্যক্ত-কৃ ক্ষেক-কৃ, দুঃখ-দা [ক্ষেক
Annoyance, *s.* বৈরক্তি, ব্যামোহ, ব্যস্ততা,
Annoyer, *s.* বিরক্তকারী, ব্যামোহদায়ক
Annual, *a.* বার্ষিক, সাম্বৎসরিক, বর্ষীয়
Annual, *s.* *applied to a plant,* বর্ষজীবি বৃক্ষ
Annually, *ad.* বার্ষিক, বৎসরে বৎসরে
Annuitant, *s.* প্রতিবৎসর বৃত্তি পায় যে ব্যক্তি
Annuity, *s.* বার্ষিক বৃত্তি অর্থাৎ আটকিয়া বাঁধারূপে টাকায় বৃত্তি পান যিনি
Annul, *v. a.* লোপ-কৃ, বাতিল-কৃ, রদ-কৃ, রহিত-কৃ
Annular, *a.* অঙ্গুরীয়াকার
Annulet, *s.* ক্ষুদ্র বলয় বা অঙ্গুরীয়
Annunciate, *v. a.* জ্ঞাত-কৃ,
Annunciation, *s.* জানান, সম্বাদ দেওন
Anodyne, *s.* ব্যথার উপশম কারক ঔষধ
Anoint, *v. a.* মর্দ্দ, লেপ, তৈল লিপ্ত-কৃ, মাখ; *to consecrate,* অভিষেক-কৃ
Anointer, *s.* মর্দ্দনকারক [বিশৃঙ্খল
Anomaly, *s.* অনিয়ম, নীতিবিরুদ্ধ বিষয়,
Anomalous, *a.* নিয়মরহিত, ব্যবস্থাহীন, অব্যবস্থা, বেঁদাড়া
Anon, *ad.* শীঘ্র, ত্বরা, অল্পকালে; *sometimes,* কখন২, যখন, তখন
Anonymous, *a.* বিনাম
Another, *a.* অন্য, অন্যকেহ, পর; *one more,* আর এক; *different,* ভিন্ন; পৃথক, দুসরা
Answer, *v. a.* উত্তর-দা বা-কৃ, জবাব-দা; *to be accountable for,* দায়ী-হ; *to give an account,* হিসাব-দা; *to answer the end,* অভিপ্রায় সিদ্ধ-কৃ

Digitized by Google

Answer, *v. n.* উত্তর-দা

Answer, *s.* উত্তর, প্রত্যুত্তর, প্রত্যুক্তি, জবাব

Answerable, *a.* দায়ী, জবাব দিহি; *suitable*, সদৃশ, উপযুক্ত; *equal*, তুল্য

Ant, *s.* পিপীলিকা, পিপড়া, চুঁটি; *white ant*, রুই, উই

Anthill, *s.* উইর ঢিপি, উইর নন্দন ঢিপি

Antagonist, *s.* বিপক্ষ, বিরোধী, বৈরী, শত্রু, বিপরীতাচারী, মুদ্দই

Antarctic, *a.* দক্ষিণ কেন্দ্র সম্বন্ধীয়

Ante, *prep.* অগ্রে, আগে, পূর্ব্বে

Antecede, *v. n.* অগ্রগামী-হ, পুরোবর্ত্তী-হ

Antecedence, *s.* অগ্রগমন, পূর্ব্ববর্ত্তী হওন

Antecedent, *a.* অগ্রগত, পূর্ব্বযাত

Antecedent, *s.* পূর্ব্বে হইয়াছে যাহা; *(in grammar,)* বিশেষণ বাচক শব্দ

Antechamber, *s.* উপশালা, পার্শ্বের কুঠরী

Antedate, *v. a.* যে দিবসে যে পত্রাদি লেখা যায় সেই পত্রে তাহার পূর্ব্বকার কোন তারিখ-দা

Antediluvian, *a.* জলপ্লাবনের পূর্ব্বস্থিত

Antelope, *s.* কৃষ্ণসার, কালসার

Antemeridian, *s.* মধ্যাহ্নকালের পূর্ব্ব

Antemundane, *a.* পৃথিবীর সৃষ্টির পূর্ব্বস্থিত

Antenno, *s.* শুঁয়া [ভবকরণ

Antepast, *s.* অগ্রে স্বাদন, পূর্ব্বে স্বাদু অনু

Antepenult, *s.* শব্দের অন্ত্য দুই অক্ষরের পূর্ব্বাক্ষর [সাবেক

Anterior, *a.* পূর্ব্ববর্ত্তী, অগ্রবর্ত্তী, পুরোবর্ত্তী,

Anteriority, *s.* পূর্ব্বত্ব, পূর্ব্বভাব

Anthelmintic, *a.* কেঁচুয়ানাশক

Anthem, *s.* স্তুতিগান, সঙ্কীর্ত্তন, পবিত্রগান

Anthology *s.* পুষ্পরাশি; *a collection of poems*, কবিতাসংগ্রহ [রাক্ষস

Anthropophagi, *s.* মনুষ্যখাদক, মনুষ্যভুক,

Anti, এই অব্যয় শব্দ অগ্রে সংযোগ করিলে বিপরীতার্থ বুঝায়

Antibilious, *a.* পিত্তনাশক

Antic, *s.* অসঙ্গতকারী, মস্করা, ভাঁড়; *anticks*, ভঙ্গী, মস্করাম

Antichrist, *s.* ভাক্ত খ্রীষ্ট

Antichristian, *s.* খ্রিষ্টীয়ান ধর্ম্মের বিরুদ্ধ

Anticipate, *v. a.* অগ্রে-কৃ, অর্থাৎ যাহাতে অন্যের উদ্যোগ বিফল হয়; *to take up before the time*, নিয়মিত সময়ের পূর্ব্বে গ্রহণ-কৃ; *to foretaste*, অগ্রে স্বাদু-কৃ

Anticipation, *s.* অগ্র গ্রহণ, নিয়মিত কালের পূর্ব্বে গ্রহণ; *a previous opinion*, কারণ না জানিয়া অনুভব

Anticlimax, *s.* এক বিষয়ের বড়রূপে বর্ণনের পর ক্ষুদ্ররূপে বর্ণন

Anticonvulsive, *a.* মৃগিরোগ নাশক

Anticourtier, *s.* রাজসভার বিরুদ্ধ ব্যক্তি

Antidotal, *a.* বিষঘ্ন, বিষনাশক, সামান্যতঃ রোগ নাশক

Antidote, *s.* রোগ নাশক ঔষধ, সামান্যতঃ অনিষ্ট বিষয়ের প্রতিকারক

Antifebrile, *a.* জ্বরঘ্ন, জ্বর নিবারক

Antimonarchical, *a.* একের প্রভুত্বের বিপরীত

Antimonial, *a.* শূর্ম্মাকৃতি, অঞ্জনবিশিষ্ট

Antimony, *s.* শূর্ম্মা, রসাঞ্জন [ঘৃণা

Antipathy, *s.* বিরুদ্ধস্বভাব, বিমনা, অরুচি,

Antiphone, *s.* ধর্ম্মক্রিয়াতে পরস্পর একের পর একের গান

Antiphrasis, *s.* বিপরীতভাব শব্দের অর্থকরণ

Antipodal, *a.* সমসূত্রপাত সম্বন্ধীয়

Antipodes, *s.* সমসূত্রপাতস্থিত লোক

Antipope, *s.* রোমান কাতোলিকেরদের ধর্ম্মাধ্যক্ষের বিপরীত অধ্যক্ষ

Antiquarian, Antiquary, *s.* প্রাচীন বিষয়ের অনুসন্ধানকারী বা সংগ্রহকারী [কৃ

Antiquate, *v. a.* অব্যবহার্য্য-কৃ, অপ্রচলিত

Antique, *a.* প্রাচীন, পূর্ব্ব কালীন, পূর্ব্বকার,

Antiquity, *s.* প্রাচীন কাল, প্রাচীন সময়; *the ancients*, প্রাচীন কালের লোক; *the works of old times*, প্রাচীন কালের বিষয় বা কর্ম্ম [ধ

Antiscorbutic, *a.* পাচড়া রোগ নাশক ঔষ

Antiseptic, *s.* পাকনিবারক ঔষধ

Antispasmodic, *a.* খুঁচনিরোগ নিবারক ঔষধ

Antithesis, *s.* বাক্যের বৈপরীত্য, (যথা কোন বস্তু অশক্ত অথচ কর্ম্মণ্য)

Antithetical, *a.* বাক্যের বৈপরীত্য সম্বন্ধীয়

Antitype, *s.* যে বিষয়ের উপমা বা আদর্শ বা দৃষ্টান্ত দেওয়া যায়

Antler, *s.* মৃগশৃঙ্গ

Digitized by Google

Antre, *s.* গহ্বর, গুহা, পর্ব্বতের গর্ত্ত
Anus, *s.* গুহ্যদেশ, পোঁদ
Anvil, *s.* নেহাই ; *it is on the anvil,* কর্ম্ম প্রস্তুত হইতেছে
Anxiety, *s.* উদ্বেগ, চিন্তা, ভাবনা, ধুক ধুকানি, মানস ব্যথা [ভাবিত
Anxious, *a.* উদ্বিগ্ন, চিন্তিত, উৎকণ্ঠিত,
Any, *a.* কেহ, কোন, যে কোন, যে কিছু
Anywise, *ad.* কোন রূপে, কোন মতে, কোন প্রকারে [পদ
Aorist, *a.* অনিশ্চিত কাল বাচক ক্রিয়া
Apace, *ad.* ত্বরায়, শীঘ্রুরূপে, ঝটিতি
Apart, *ad.* পৃথক্, ভিন্ন, ভিন্ন২, স্বতন্ত্র ; *at a distance,* দূরে, তফাতে
Apartment, *s.* ঘরের মধ্যে কোন কুঠরী, কামরা ; *inner apartment,* অন্তঃপুর
Apathy, *s.* চেতনারাহিত্য, নিশ্চিন্ততা, অনুরাগরাহিত্য
Ape, *s.* বানর, কপিবিশেষ, মর্কট, সামান্যতঃ যে ব্যক্তি বানরের ন্যায় ভেঙ্গায়
Ape, *v. a.* বানরের ন্যায় ভেঙ্গা, ভঙ্গী-কৃ
Aperient, *a.* ঔষধবিষয়ে ভেদক বা রেচক
Apertion, *s.* ফুকর, ফাক
Aperture, *s.* ছিদ্র, ফুকর, ফাক, বিঁদ, রন্ধ্র
Apetalous, *a.* পুষ্পপত্রহীন
Apex, *s.* অগ্রভাগ, শৃঙ্গ, হুল
Aphelion, *or* Aphelium, *s.* গমনক্রমে গ্রহেরা যখন সূর্য্য হইতে অতি দূরবর্ত্তী হন
Aphorism, *s.* সূত্র, সংক্ষেপ উক্তি, (যথা ধর্ম্ম ধার্ম্মিককে রক্ষা করেন)
Apiary, *s.* মধুমক্ষিকার আলয়
Apiece, *ad.* পৃথক রূপে, প্রত্যেক ভাগে, অংশাংশরূপে
Apish, *a.* বানরবৎ, কপির ন্যায়
Apocalypse, *s.* ধর্ম্মপুস্তকের শেষ গ্রন্থ
Apocrypha, *s.* ধর্ম্মপুস্তকের মধ্যে যে গ্রন্থ সম্পূর্ণরূপে প্রামাণিক নহে [ন্য
Apocryphal, *a.* অপ্রামাণ্য, অশাস্ত্রীয়, অমা
Apologetical, *a.* ত্রুটি স্বীকরণীয়, দোষ খণ্ডক উক্তিসম্বন্ধীয়
Apologist, *s.* ত্রুটি স্বীকর্ত্তা [উক্তি-কৃ
Apologize, *v. n.* ত্রুটি স্বীকার-কৃ, দোষখণ্ডক
Apologue, *s.* হিতোপদেশ, ইতিহাস
Apology, *s.* ত্রুটি স্বীকার, দোষখণ্ডনোক্তি
Apoplectic, *a.* মৃগিরোগ সম্বন্ধীয়
Apoplexy, *s.* মৃগিরোগ
Apostacy, *s.* স্বধর্ম্মত্যাগ, ধর্ম্মচ্যুতি, সামান্যতঃ পূর্ব্বপক্ষ ত্যাগকরণ
Apostate, *s.* স্বধর্ম্মত্যাগী, স্বপক্ষত্যাগী
Apostatize, *v. n.* স্বধর্ম্মত্যাগ-কৃ, বিধর্ম্মী-হ, স্বপক্ষত্যাগ-কৃ
Apostle, *a.* প্রেরিত ব্যক্তি বা দূত ; বিশেষতঃ খ্রীষ্টের প্রেরিত শিষ্য
Apostolical, *a.* খ্রীষ্টের সাক্ষাৎ শিষ্যেরা যাহা শিক্ষা করিয়াছিলেন তদনুযায়ি
Apostrophy, *s.* কোন বিষয়ে বক্তৃতা করত বর্ত্তমান বা অবর্ত্তমান কোন ব্যক্তিকে লক্ষ করিয়া কথন শব্দের সঙ্কেত করণীয় চিহ্ন অর্থাৎ (') ; যথা, *though,* এই শব্দের পরিবর্ত্তে *tho',* লেখা যায়
Apostrophize, *v. a.* বক্তৃতাকরত উপরিউক্ত মতে কোন ব্যক্তির প্রতি লক্ষ-কৃ
Apothecary, *s.* গন্ধবণিক, ঔষধ প্রস্তুত বা বিক্রয়কারী
Apothegm, *s.* স্মরণীয় বা আশ্চর্য্য বাক্য
Apotheosis, *s.* মরণের পর মনুষ্যকে ঈশ্বর শব্দ বলিয়া ব্যবহার করণ
Appal, *v. a.* ভীত-কৃ, হঠাৎ ভয় প্রদর্শন-কৃ
Appal, *v. n.* ভীত-হ
Appanage, *s.* রাজ পুত্র বা কন্যার নিমিত্তে নিরূপিত ভূমি বা বৃত্তি
Apparatus, *s.* কোন কার্য্যের আয়োজন বা সজ্জা, সরঞ্জাম, অস্ত্রশস্ত্র, আসবাব
Apparel, *s.* বস্ত্র, পরিচ্ছদ, বেশভূষা, কাপড়চোপড়, পোশাক
Apparel, *v. a.* পরিধান-কৃ, বস্ত্রান্বিত-কৃ, পরা, সজ্জা-কৃ
Apparent, *a. plain,* স্পষ্ট, ব্যক্ত ; *seeming,* দৃষ্টতঃ ফলত নহে; *not secret,* প্রকাশিত, প্রত্যক্ষ ; *the heir apparent,* রাজার প্রথম উত্তরাধিকারী
Apparently, *ad.* স্পষ্টরূপে, প্রত্যক্ষরূপে
Apparition, *s.* দর্শন ; *a spectre,* পরছায়া, ভূত, প্রেত
Apparitor, *s.* চাপরাশী, জজ বা মাজিস্ত্রেটের দূত ; রুমীয় মণ্ডলে দাসত্বপদ
Appeach, *v. a.* অভিযোগ-কৃ, অপবাদ-কৃ, বদনাম-কৃ [বদনাম
Appeachment, *s.* অভিযোগ, নালিস,
Appeal, *v. a.* এক বিচারকর্ত্তা হইতে অন্য

Digitized by Google

বিচারকর্ত্তার হস্তে বিচার অর্পণ-কৃ, আপীল-কৃ; *to call as witness*, সাক্ষী-মান
Appeal, *v. n.* আপীল-কৃ
Appeal, *s.* আপীল, এক আদালতের নিষ্পত্তির বিষয়ে উপরিস্থ আদালতের পুনর্ব্বিচার প্রার্থনা করণ
Appear, *v. n.* দৃষ্টিগোচর-হ; *as before a tribunal*, উপস্থিত-হ, হাজির-হ; *to seem*, আভাস-পা; *to be plain*, প্রত্যক্ষ-হ
Appearance, *s.* দৃষ্টহওন, দর্শন; *semblance*, আভাষ; *entry into a place*, উপস্থিত হওন, সাক্ষাৎ হওন; *appearances*, দৃষ্ট বিষয়; *mien*, আকার, ঢপ, ডৌল
Appeasable, *a.* থামান যোগ্য, সান্ত্বনা যোগ্য, তোষণার্হ
Appease, *v. a.* সুস্থির-কৃ, শান্ত-কৃ, নরম-কৃ, থামা, নিরস্ত-কৃ
Appeasement, *s.* শান্তি, সুস্থিরতা, নিবৃত্ততা
Appellant, *s.* যে ব্যক্তি মোকদ্দমার আপীল করে [শিষ্ট
Appellate, *a.* আপীল শুনিবার ক্ষমতা বি
Appellation, *s.* নাম, সংজ্ঞা, আখ্যা
Appellative, *a.* সাধারণ, সামান্য
Append, *v. a.* এক বস্তুর অন্তে অন্য বস্তুর সংযোগ-কৃ বা লট্‌কিয়া-দা
Appendage, *s.* অন্যেতে সংযুক্ত কোন দ্রব্য বা বস্তু, উপযোগ
Appendant, *s.* সংযোগকৃত, যুক্ত, যোজিত
Appendix, *s.* আপেণ্ডিক্স, ক্রোড়পত্র, গ্রন্থের পরিশেষ, উপগ্রন্থ
Appertain, *v. n.* স্বত্ত্বেতে বা স্বভাবেতে অন্তঃপাতী-হ
Appertinent, *a.* সম্বন্ধীয়, সম্পর্কীয়
Appetance, *s.* কাম, শারীরিক অভিলাষ
Appetible, *a.* কামনার্হ, বাঞ্ছনীয়
Appetite, *s.* মঙ্গলাকাঙ্ক্ষা, কাম্যাকাঙ্ক্ষা, কামনা; *violent longing*, ব্যগ্রতা; *hunger*, ক্ষুধা, বুভুক্ষা, জঠরাগ্নি
Applaud, *v. a.* করতালির দ্বারা ধন্যবাদ-কৃ, প্রশংসা-কৃ, স্তব-কৃ, তারিপ-কৃ
Applause, *s.* উচ্চস্বরে ধন্যবাদ, প্রশংসা, স্তব, স্তুতি, বাহবা, সাবাসি
Apple, *s.* শিবফল, আপলনামক ফল; — *of the eye*, নয়ন তারা, চক্ষুর গোলক
Appliance, *s.* সংযোজন, সহযোগ
Applicability, *s.* উপযোগিতা, অর্হণীয়তা
Applicable, *a.* উপযোজ্য, যোগ্য, অর্হণীয়
Application, *s.* সংযোগ করণ, লাগাওন; *solicitation*, প্রার্থনা, কাকুতিমিনতি, দরখাস্ত; *attention*, মনোযোগ, যত্ন, পরিশ্রম; *the application of a fable*, দৃষ্টান্তের অভিপ্রায় [সংযোজ্য
Applicative, Applicatory, *a.* সংযোজনীয়,
Applicant, *s.* যাচক, প্রার্থক, যত্নকারক, দরখাস্তকারক
Apply, *v. a.* লাগাও, খাটাও, সংযোগ কৃ; *to apply the mind*, মনোযোগ-কৃ, মনোনিবেশ-কৃ; *to solicit*, উপাসনা-কৃ, প্রার্থনা-কৃ
Apply, *v. n.* উপযুক্ত-হ, অর্হ, লাগ
Appoint, *v. a.* নিযুক্ত-কৃ, নিয়োগ-কৃ, নিরূপণ-কৃ; *to equip*, সজ্জা-কৃ
Appoint, *v. n. to decree*, সংস্থাপন-কৃ, আদালতে হুকুম-কৃ
Appointer, *s.* নিযোজক, স্থাপক
Appointment, *s.* নিরূপণ, বন্দোবস্ত, নির্দ্ধারণ; *a post*, সরকারি কর্ম্ম পদ; *order*, নিয়ম, আজ্ঞা, হুকুম; *allowance*, বেতন [অংশ-কৃ
Apportion, *v. a.* যথার্থরূপে ভাগ-বা
Apposite, *a.* উপযুক্ত, যোগ্য, প্রকৃত
Appositely, *ad.* প্রকৃতরূপে, উপযুক্তমতে যোগ্যরূপে [যোগ
Apposition, *s.* এক বিষয়ে অন্য বিষয়ের
Appraise, *v. a.* মূল্য নিরূপণ-কৃ, যাচাই-কৃ, তনখা-কৃ
Appraisement, *s.* যাচাই, মূল্য নিরূপণ
Appraiser, *s.* যাচনদার, দালাল
Apprehend, *v. a.* ধৃ, আক্রমণ-কৃ; *to seize judicially*, গ্রেপ্তার-কৃ, পাকড়া-কৃ; *to conceive mentally*, অনুমান-কৃ, বুঝ, উপলব্ধি-কৃ; *to fear*, ভীত-হ, ডর-কৃ
Apprehension, *s. opinion*, বিবেচনা, অনুমান, অনুবোধ; *fear*, ভয়, শঙ্কা, সন্দেহ; *seizure*, ধরণ, গ্রেপ্তার করণ
Apprehensive, *a.* ভয়যুক্ত, ভীত, শঙ্কান্বিত
Apprentice, *s.* যে বালক কর্ম্ম শিক্ষার্থে কোন কারিকরের নিকট কএক বৎসর পর্য্যন্ত নিয়মে বদ্ধ থাকে [কাল
Apprenticeship, *s.* উক্ত প্রকার শিক্ষার

Digitized by Google

Appreciate, *v. a.* যথার্থ অনুভব-কৃ, উপযুক্ত মুল্য অনুমান-কৃ
Appreciation, *s.* যথার্থ বোধ, উপযুক্ত মুল্য বিষয়ে বোধ
Apprize, *v. a.* জ্ঞাত-কৃ, সম্বাদ-দা [-হ
Approach, *v. a.* নিকটে আইস, সম্মুখবর্ত্তী
Approach, *v. n.* নিকটবর্ত্তী-হ
Approach, *s.* নিকটবর্ত্তী হওন, সমীপে আইসন; *access*, লাগাইল
Approachable, *a.* সুগম্য, আলাপার্থ অনায়াস গম্য [সহী
Approbation, *s.* সম্মতি, স্বীকার, মনজুর,
Appropriate, *v. a.* বিশেষ কার্য্যে লাগাও বা খাটাও, নিরূপণ-কৃ; *to take to one's self*, মমতা-কৃ, স্বার্থে গ্রহণ-কৃ
Appropriation, *s.* কোন কার্য্যে অর্পণ করণ বা লাগাওন, স্বার্থে গ্রহণ করণ [গ্রাহ্য
Approvable, *a.* সম্মতিযোগ্য, মনোনেয়,
Approval, *s.* সম্মতি, স্বীকার, সহী
Approve, *v. a.* সম্মতি-কৃ, পছন্দ-কৃ, ভাল বাস, সহী-কৃ, মনজুর-কৃ
Approximate, *v. n.* নিকটবর্ত্তী-হ
Approximate, *a.* নিকটবর্ত্তী, সম্মুখবর্ত্তী, লাগাও
Approximation, *s.* নিকটবর্ত্তী হওন, নৈকট্য, লাগাও, কাছাকাছি
Appurtenance, *s.* সম্পর্কীয় দ্রব্য, আওলাৎ, আসবাব [ফল
Apricot, Apricock, *s.* আপ্রিকট নামক
April, *s.* ইঙ্গলণ্ডীয় বৎসরের চতুর্থ মাস অর্থাৎ আপ্রেল [চ্ছাদন
Apron, *s.* বস্ত্রের মালিন্য নিবারণার্থ আ
Apt, *s.* উপযুক্ত, যোগ্য; *inclined to*, স্বভাবতঃ সম্ভাবনীয় [নিপুণতা
Aptitude, *s.* উপযোগিতা, যোগ্যতা, পটুতা,
Aptly, *ad.* যোগ্যরূপে, উপযুক্তরূপে, যথার্থরূপে
Aptness, *s.* উপযোগিতা, যোগ্যতা; *disposition*, স্বভাব, ভাব
Aquafortis, *s.* সোরাঘটিত ঔষধ
Aquarius, *s.* কুম্ভরাশি
Aquatic, *a.* জলচর, জলজ, [নালা
Aqueduct, *s.* জলপথ, প্রণালী, নর্দ্দমা, পয়
Aqueous, *a.* জলবৎ, জলুয়া, পানসিয়া
Aquiline, *a.* অর্দ্ধচন্দ্রাকৃতি নাসিকা

Arabic, *s.* আরবীয় ভাষা
Arable, *a.* কৃষিযোগ্য, লাঙ্গলযোগ্য, শস্যোৎপাদক, আবাদী
Arbiter, *s.* বিচারকর্ত্তা, (কিন্তু প্রায়ই মধ্যস্থ বা সালিস অর্থ বুঝায়)
Arbitrament, *s.* নিষ্পত্তি, সালিসী, রফা
Arbitrarily, *ad.* স্বেচ্ছাপূর্ব্বক, খামকা [জ্ঞ
Arbitrariness, *s.* স্বেচ্ছাচারিতা, নিষ্কারণ
Arbitrary, *a.* যথেচ্ছক, খামকা, যে ব্যক্তি নিয়মউল্লঙ্ঘনপূর্ব্বক স্বেচ্ছামতে চলে; *depending on no rule*, নিয়মানধীন
Arbitrate, *v. a.* নিষ্পত্তি-কৃ, সালিসী-কৃ
Arbitrate, *v. n.* নিষ্পত্তি-কৃ, মধ্যস্থালি-কৃ, পঞ্চাইতী-কৃ [নির্ণয়
Arbitration, *s.* সালিসী, মধ্যস্থের দ্বারা
Arbitrator, *s.* সালিসী, মধ্যস্থালি; *a governor*, অধ্যক্ষ
Arboreous, *a.* বৃক্ষসম্বন্ধীয, বৃক্ষজ
Arboret, *s.* ক্ষুদ্রবৃক্ষ বা লতা [আবৃত স্থান
Arbour, *s.* নিকুঞ্জ, কুঞ্জ, বৃক্ষলতাদিতে
Arbuscle, *s.* ক্ষুদ্র লতা
Arc, *s.* গোলাকারের এক অংশ, অর্থাৎ অর্দ্ধেকের অধিক নহে [দিত থাকে
Arcade, *s.* যে ক্ষুদ্রপথ লতাদিতে আচ্ছা
Arcanum, *s.* গুপ্ত বিষয়, গূঢ়বিষয়
Arch, *s.* খিলান; *the sky*, আকাশ মণ্ডল
Arch, *a.* প্রধান, শ্রেষ্ঠ; *waggish*, মস্করা
Arch, কোন শব্দের পূর্ব্বে প্রয়োগ করিলে প্রধান বুঝায়
Arch, *v. a.* খিলান-কৃ
Archangel, *s.* ঈশ্বরীয় দূতেরদের প্রধান শ্রেণির মধ্যে এক দূত
Archbishop, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ, ধর্ম্মাধ্যক্ষেরদের ধর্ম্মাধ্যক্ষ
Archbishoprick, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ বা অধিকার [বা নাএব
Archdeacon, *s.* মহা ধর্ম্মাধ্যক্ষের সহায়
Archdeaconry, *s.* উপরি উক্ত ব্যক্তির পদ বা অধিকার [পত্নী
Archduchess, *s.* অষ্ট্রিয়া দেশের যুবরাজ
Archduke, *s.* অষ্ট্রিয়া দেশের রাজপুত্রের ও টস্কনি দেশীয় রাজার নাম
Arched, *pa.* খিলানের ন্যায় আকৃতি
Archer, *s.* ধনুর্দ্ধর, ধানুষ্কী, বাণযোদ্ধা, তীরন্দাজ

Digitized by Google

Archery, *s.* ধনুর্ব্যবহার, ধনুর্দ্ধারা বাণ নিক্ষেপ করণ ধনুর্বিদ্যা, ধনুর্যুদ্ধ
Archetype, *s.* প্রতিমার মুলপ্রকৃতি
Archidiaconal, *a.* ধর্ম্মাধ্যক্ষের নাএব সম্বন্ধীয় [সম্বন্ধীয়
Archiepiscopal, *a.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ
Archipelago, *s.* এক স্থানে নানা উপদ্বীপ
Architect, *s.* গৃহাদিনির্ম্মাণ বিষয়ক জ্ঞানী, গৃহাদিনির্ম্মাতা, সামান্য বিষয় নির্ম্মাতা
Architecture, *s.* গৃহাদি নির্ম্মাণ বিদ্যা, সামান্য নির্ম্মাণ কার্য্য
Architectural, *a.* গৃহাদিনির্ম্মাণ সম্বন্ধীয়
Architrave, *s.* পিলপা বা স্তম্ভের উপর কার্ণিসের অধোভাগ
Archives, *s.* যে স্থানে দেশের প্রাচীন লিখনাদি রাখাযায়, কখন২ সেই কাগজ পত্র ও বুঝায়
Archly, *ad.* মস্করামিরূপে
Archprelate, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ
Arctic, *s.* উত্তর কেন্দ্র সম্বন্ধীয়
Arctic circle, *a.* উত্তরকেন্দ্র
Arcuate, *a.* খিলান বা ধনুরাকার
Arcuation, *s.* খিলানের ন্যায় বক্র করণ
Ardency, *s.* উত্তেজনা, উৎসুকতা, অনুরাগ, উগ্রতা
Ardent, *a. hot,* জ্বলন্ত, উত্তপ্ত ; *vehement,* ব্যগ্র, প্রয়াসী ; *passionate,* কামবিশিষ্ট, রাগযুক্ত [অনুরাগপূর্ব্বক
Ardently, *ad.* তেজালরূপে, উগ্রতারূপে,
Ardour, *s. heat,* উষ্ণতা, উত্তাপ, জ্বলন ; *strength of affection,* অনুরাগ, ব্যগ্রতা, প্রার্থর্য্য
Arduous, *a.* কঠিন, দুঃসাধ্যঃ, দুর্গম
Are, *v.* ভূধাতুর ক্রিয়ার বর্ত্তমান কালীন বহুবচনীয় শব্দ
Area, *s.* মধ্যবর্ত্তি স্থান, ফাক
Arefaction, *s.* শুষ্ক হওন
Arena, *s.* যে স্থানে কোন তামসিক বা সামান্য ব্যাপার হয়
Arenacious, *a.* বালুকাময়, বেলিয়া
Argent, *a.* রৌপ্য, রৌপ্যবৎ শুভ্র, ফরসা
Argil, *s.* কুম্ভকারের কর্দম বা চিকনা মাটি
Argillaceous, Argillous, *a.* চিক্কণা মৃত্তিকার ন্যায়
Argonauts, *s.* গ্রীকদেশহইতে যে জাহাজ প্রথম সমুদ্রে যায় তাহার নাবিক
Argosy, *s.* বাণিজ্যের জাহাজ
Argue, *v. n. to reason,* যুক্তি-কৃ, বিবেচনা-কৃ ; *to dispute,* বিতর্ক-কৃ, বিতণ্ডা-কৃ, প্রতিবাদ-কৃ
Argue, *v. a. to prove by argument,* প্রমাণ-কৃ, যুক্তির দ্বারা সিদ্ধ-কৃ
Argument, *s. reason,* কারণ, যুক্তি, বিচার ; *the subject of a discourse,* গ্রন্থ বা কহনের অভিপ্রায় ; *an abstract,* সারাংশ ; *a controversy,* বিতণ্ডা, তকরার [সম্বন্ধীয়
Argumental, *a.* যুক্তি সম্বন্ধীয়, বিবেচনা
Argumentation, *s.* বিচার, বিবেচনা, যুক্তি, বিতর্ক
Argumentative, *a.* যুক্তিশীল, বিবেচনা বা বিচারবিশিষ্ট [না
Arid, *a.* শুষ্ক, অগ্নির তাপে শুষ্ক হওয়া, শুক
Aridity, *s.* শুষ্কতা, জলকষ্ট
Aries, *s.* মেষরাশি [প্রকৃতরূপে
Aright, *ad.* যথার্থরূপে, অভ্রান্তরূপে,
Arise, *v. n. to mount,* ঊর্দ্ধগম ; *to get up,* উঠ, উদয-হ, দৃষ্ট-হ, গাত্রোত্থান-কৃ ; *to arise against one,* কাহারো বিরুদ্ধে উঠ
Aristocracy, *s.* যে রাজনিয়মেতে তাবৎ প্রভুত্ব প্রধান২ ব্যক্তির হস্তে থাকে
Aristocratical, *a.* উক্ত রাজনীতি সম্বন্ধীয়
Arithmetic, *s.* গণিতবিদ্যা, অঙ্কশাস্ত্র
Arithmetical, *a.* গণনার নিয়মানুসারে
Arithmetician, *s.* গণক, শুভঙ্কর, অঙ্ক বিদ্বান
Ark, *s.* নৌকা বা জাহাজ বিশেষতঃ মহা প্রলয় সময়ে যে জাহাজে নুক রক্ষা পাইলেন
Arm, *s.* বাহু, ভুজ, বাউ ; *bough of a tree,* বৃক্ষের শাখা ; *arm of the sea,* সমুদ্রের খাড়ি বা খাল ; *power,* শক্তি, পরাক্রম
Arm, *v. a.* সজ্জা-কৃ, অস্ত্রান্বিত-কৃ, অস্ত্র শস্ত্রের দ্বারা কোমর বাঁধ ; *to provide against,* প্রস্তুত-কৃ
Arm, *v. n.* অস্ত্র ধারণ-কৃ
Armada, *s.* যুদ্ধজাহাজের বহর, বিশেষতঃ ১৫৮৮ সালে স্পানীয়েরা যে যুদ্ধ জাহাজের বহর লইয়া ইংলণ্ডীয়েরদের প্রতিকূলে আগমন করেন
Armadillo, *s.* ব্রাজিল দেশের পশুবিশেষ

Digitized by Google

Armament, *s.* যুদ্ধ জাহাজের বহর
Armipotant, *a.* যুদ্ধে পরাক্রান্ত
Armistice *s.* কিঞ্চিৎ কাল যুদ্ধ নিবৃত্তি পূর্ব্বক সন্ধি
Armlet, *s. a bracelet for the arm,* কঙ্কণ, বাজু; *armlet of the sea,* সমুদ্রের ক্ষুদ্র খাড়ি
Armorial, *a.* কৌলীন্য পদ সূচক চিহ্নযুক্ত
Armory, *s.* অস্ত্রাগার, শিলাখানা; *armour,* সজ্জা [য়া, গদলা
Armour, Armor, *s.* সন্নাহ, বর্ম্ম, সাঁজো
Armourer, *s.* অস্ত্রনির্ম্মাতা
Armpit, *s.* কক্ষ, বাহুমূল, বগল
Arms, *s. weapons,* অস্ত্র শস্ত্র; *war in general,* সামান্য যুদ্ধ, লড়াই; *in arms,* কক্ষে, ক্রোড়ে; *up in arms,* যুদ্ধার্থ উপস্থিত; *armorial ensign,* কৌলীন্য পদ সূচক চিহ্ন
Army, *s.* সেনা, সৈন্য, যোদ্ধাসমূহ, ফৌজ, লস্কর; *a great number,* বহু
Aromatic, Aromatical, *a.* সুগন্ধি, সুগন্ধ যুক্ত, খোসবো
Aromatize, *v. a.* সুগন্ধি-কৃ
Around, *ad. prep.* চক্ররূপে, চতুর্দিগে, চতুঃপার্শ্বে, চারিদিগে, আশ পাশ
Arouse, *v. a. to awake,* জাগৃত-কৃ, জাগা, চিয়ান; *to excite,* সচেতন-কৃ, উদ্বোধন-কৃ
Aroynt, *ad.* দূরহও
Arquebuse, *s.* এক প্রকার আগ্নেয়াস্ত্র
Arrack, *s.* যে মদ এতদ্দেশীয় শুঁড়িরা প্রস্তুত করে তাহা
Arraign, *v. a.* আদালতে দাঁড়-কৃ, অভিযোগ-কৃ, নালিশ-কৃ
Arraignment, *s.* আদালতে দাঁড় করণ, অভিযোগ, নালিশ
Arrange, *v. a.* উপযুক্ত স্থানে রক্ষ, সাজা, শ্রেণী-কৃ, বিলি-কৃ; *to arrange an affair,* বন্দোবস্ত-কৃ
Arrangement, *s.* পরিপাটীরূপে রাখণ, শ্রেণী পূর্ব্বক রাখণ; — *of an affair,* নিয়ম, নির্ব্বন্ধ, বন্দোবস্ত
Arrant, *a.* অতিজঘন্য, অতিমন্দ, মহাদুষ্ট
Arras, *s.* নানা চিত্রিত বস্ত্র, বুটাদার পট্ট বস্ত্র
Array, *s.* নিয়ম, ধারা, শৃঙ্খলা, প্রায় যুদ্ধ বিষয়ে ব্যবহার্য্য; *dress,* আভরণ, ভূষণ
Array, *v. a.* সৈন্যশ্রেণী-কৃ, শৃঙ্খলা-কৃ, সজ্জ; *to dress,* পরিধান-কৃ
Arrear, *s.* বক্রী, বাকী, বকেয়া, দেনা
Arrest, *v. a.* ধৃ, আদালতের হুকুমে গ্রেপ্তার-কৃ; *to stop,* রোধ-কৃ, নিবারণ-কৃ, আটক-কৃ
Arrest, *s.* ধরণ, আটক, গ্রেপ্তার, কয়েদ
Arret, *s.* রাজার আজ্ঞাপত্র
Arriere, *s.* সৈন্যের পশ্চাদ্ভাগ বা অংশ
Arrival, *s.* আগমন, উত্তরণ, আইসন, পঁহুছন
Arrive, *v. n.* উপস্থিত-হ, আগমন-কৃ, উত্তীর্ণ-হ, পঁহুছ; *to happen,* দৈবায়ত্ত-হ
Arrive, *v. a.* পঁহুছ
Arrogance, *s.* গর্ব্ব, আত্মশ্লাঘা, অহঙ্কার, দম্ভ, দর্প, দেমাগ
Arrogant, *a.* গর্ব্বী, আত্মশ্লাঘী, অহঙ্কৃত, দাম্ভিক, দর্পী, দেমাগী
Arrogantly, *ad.* গর্ব্বপূর্ব্বক, অহঙ্কাররূপে
Arrogate, *v. a.* অভিমান-কৃ
Arrow, *s.* বাণ, শর, তীর, ভল্ল, শূল
Arsenal, *s.* যে স্থানে যুদ্ধের তাবৎ সামগ্রী ন্যস্ত থাকে, শিলাখানা
Arsenic, *s.* সিমুলক্ষার, হরিতাল; *red arsenic,* মনঃ শিলা
Arson, *s.* গৃহ দাহকরণাপরাধ
Art, *s.* শিল্প বিদ্যা, স্বভাবতঃ জানা যায় না যাহা তাহা করণের শক্তি, কারিকরী, হুনর; *the arts,* পাণ্ডিত্য, বিদ্যা; *cunning,* ধূর্ত্ততা, শঠতা; *trade,* ব্যবসায়
Artery, *s.* রক্তপ্রবাহক নাড়ী
Artful, *a.* শিল্প কর্ম্ম পূর্ব্বক বা পাণ্ডিত্য পূর্ব্বক কৃত; *cunning,* শঠ, ধূর্ত্ত, খল, সেয়ানা; *skilful,* প্রাজ্ঞ, দক্ষ
Artfully, *ad.* পাণ্ডিত্যপূর্ব্বক; *cunningly,* ধূর্ত্ততারূপে, খলতাপূর্ব্বক
Arthritic, *a.* বাতগ্রস্ত
Artichoke, *s.* হাতিচক
Article, *s.* শব্দার্থ নির্ণয় প্রয়োগ, যথা; *a, an*; *a thing,* বস্তু, বিষয়, দ্রব্য, সামগ্রী, সরঞ্জাম; *stipulations,* নিয়ম, নির্ব্বন্ধ, করার; *exact time,* নিশ্চিত সময়
Article, *v. a.* নিয়ম-কৃ, নির্ব্বন্ধ-কৃ, বন্দোবস্ত

Digitized by Google

-কৃ, বিশেষতঃ কোন ব্যবসায় শিক্ষার্থ কোন বালককে ঐব্যবসায়ে নিপুণ ব্যক্তির নিকটে বন্দোবস্ত করিয়া রাখ
Article, *v. n.* বন্দোবস্ত-কৃ
Articulate, *a.* স্পষ্ট, ব্যক্ত, পৃথক২, বিভাগ
Articulate, *v. a.* ব্যক্ত-কৃ, বাক্য স্ফূর্ত্তি -কৃ, স্পষ্টরূপে উচ্চারণ-কৃ
Articulately, *ad.* সুস্পষ্ট রূপে, বাক্য স্ফূর্ত্তি পূর্ব্বক
Articulation, *s.* অস্থিসন্ধি, গাঁইট; *distinct pronunciation,* স্পষ্ট উচ্চারণ, বাক্যের স্ফূর্ত্তি [ধূর্ত্ততা
Artifice, *s.* ছল, চাতুরী, প্রবঞ্চনা, শঠতা,
Artificer, *s.* নির্ম্মাতা, শিল্পকার, শিল্প কর্ম্মকর্ত্তা, কারিকর
Artificial, *a.* অস্বাভাবিক, নির্ম্মিত; *fictitious,* কৃত্রিম, কল্পিত, শঠতা বা প্রবঞ্চনা পূর্ব্বক কৃত [য়াস্ত্র, তোপ, কামান
Artillery, *s.* যুদ্ধের অস্ত্র; *cannon,* আগ্নে
Artisan, *s.* শিল্পী, শিল্পকর, কারিকর
Artist, *s.* শিল্পবিদ্যাজ্ঞ, শিল্পপণ্ডিত, শিল্প জ্ঞানী, (কিন্তু চিত্র ও বাদ্যাদিকার্য্যে পণ্ডিত বুঝায়;) *a skilful man,* কোন ব্যবসায়ে তৎপর [কারসাজী রহিত
Artless, *a.* সরল, অকপট, শঠতা বিহীন,
Artlessly, *ad.* সারল্যরূপে, অকাপট্যরূপে
Artlessness, *s.* সরলতা, নিষ্কপটতা, শঠতা রাহিত্য
As, *conj.* যদ্রূপ, যাদৃক, যেমন; *according to,* যে অনুসারে; *because,* যেহেতুক, কেননা; *equally,* তুল্য; *as to, as for,* বিষয়ে; *as well as,* এবং
As many as, *ad.* যত
Asafœtida, *s.* হিঙ্গু, হিং
Asbestos, *s.* এক প্রকার প্রস্তর তাহা কদাচ দগ্ধ বা ভস্ম হয় না [উপরি-উঠ, চড়
Ascend, *v. a.* ঊর্দ্ধ গমন-কৃ, আরোহণ-কৃ
Ascend, *v. n.* উঠ [প্রাধান্যতা, শ্রেষ্ঠতা
Ascendant, *s.* উচ্চতা, ঊর্দ্ধতা; *superiority,*
Ascendant, *a.* প্রধান, শ্রেষ্ঠ, উত্তম
Ascendency, *s.* প্রাধান্য, পরাক্রম, শ্রেষ্ঠতা
Ascending node, *s.* রাহু
Ascension, *s.* উদ্গমন, ঊর্দ্ধগতি, উত্থান, আরোহণ, চড়ন, উঠন
Ascent, *s.* ঊর্দ্ধ গমন, আরোহণ; *the way of ascent,* ঊর্দ্ধ গমনের পথ; *a high place,* উচ্চ স্থান [জ্ঞাত-হ, নির্ণয়-কৃ
Ascertain, *v. a.* নিশ্চয়-জ্ঞা, নির্দ্ধার্য্য-কৃ,
Ascertainment, *s.* বিধি, বিধান, নিয়ম, নিশ্চয়রূপে ধার্য্য কোন বিষয়
Ascetic, *s.* তপস্বী, সন্ন্যাসী, যোগী, বৈরাগী, পরমহংস
Ascribe, *v. a.* হেতূপন্যাস-কৃ, কারণোপন্যাস-কৃ, গুণানুবাদ-কৃ, গুণোপন্যাস-কৃ, গুণোৎকীর্ত্তন-কৃ
Ash, *s.* এক প্রকার বৃক্ষ
Ashamed, *a.* লজ্জিত, লাজুক, সরমিন্দা
Ashes, *s.* ভস্ম, ছাই, পাঁশ, চিতার ভস্ম
Ashore, *ad.* তীরে, তটে, কুলে, কিনারায়, ডাঙ্গায়
Ashy, *a.* ভস্মের ন্যায় বর্ণবিশিষ্ট
Aside, *ad.* একপার্শ্বে, একদিগে, অন্যদিগে; *a part from company,* নিরালয়ে, নির্জ্জনে
Asinine, *a.* গর্দ্দভবৎ, গর্দ্দভসম্বন্ধীয়
Ask, *v. a.* নিবেদন-কৃ, প্রার্থনা-কৃ, যচ্ঞা -কৃ; *to claim,* দাওয়া-কৃ, মাঙ্গ, চাহ
Ask, *v. n.* পুছ; *to enquire,* জিজ্ঞাসা-কৃ, প্রশ্ন-কৃ, [তেড়া, ভের্চা
Askance, Askant, *ad.* একানিয়ারূপে,
Asker, *s.* প্রার্থনাকারক, নিবেদক, জিজ্ঞাসাকারক বাঁক
Askew, *ad.* তের্চারূপে, একপার্শ্বে, বক্রা
Aslant, *ad.* তের্চারূপ, বাঁকা, বক্র, সমসূত্র পাতের ব্যতিক্রম
Asleep, *ad.* নিদ্রিতরূপে, নিদ্রায়, শয়নে; *he is asleep,* নিদ্রিত আছে
Aslope, *ad.* সমসূত্র পাতের ব্যতিক্রম, ঢালু ভাবে, বক্রভাবে
Asp, *s.* কালসর্প
Asparagus, *s.* পারাগাস, মূলবিশেষ
Aspect, *s.* দর্শন, দৃষ্টি, দেখা, চেহারা; *relation,* সম্পর্ক, সম্বন্ধ
Aspen, *s.* যে বৃক্ষের পত্র নিত্য কাঁপে
Asperate, *v. a.* কর্কশ-কৃ, অসমান-কৃ
Asperity, *s.* কর্কশত্ব, উচ্চনীচত্ব, অসমানত্ব; — *of temper,* মনের কার্কশ্য, কাঠিন্য, রূঢ়তা [কৃ
Asperse, *v. a.* কলঙ্ক-কৃ, দুর্নাম-দা, তহমৎ-
Aspersion, *s. sprinkling,* ছিটান; *calumny,* কলঙ্ক, দুর্নাম, অপবাদ, তহমৎ

Digitized by Google

Asphaltic, *a.* আটারৎ
Aspic, *s.* কালসর্পবিশেষ [অপেক্ষা-খ)
Aspirate, *v. a.* দীর্ঘ উচ্চারণ-কৃ, (যথা ক
Aspiration, *s.* মহাভিপ্রায়, উচ্চ বিষয়ে মহা বাঞ্ছা
Aspire, *v. a.* অতি আকাঙ্ক্ষা-কৃ, উন্নতির আকাঙ্ক্ষা-কৃ
Aspire, *v. n.* উচ্চাভিপ্রায়-কৃ
Asquint, *ad.* টেরা চক্ষু, ইঙ্গিতে, আড়ে
Ass, *s.* গর্দ্দভ, খর, গাধা; *a stupid fellow,* মূর্খ, মূঢ়, বোকা
Assafœtida, *s.* হিং, জতুক
Assail, *v. a.* আক্রমণ-কৃ, চড়াউ-কৃ, যুদ্ধ-কৃ; *to attack with argument,* বাগ্ যুদ্ধ-কৃ, বিতণ্ডা-কৃ
Assailable, *ad.* আক্রমণীয় [কর্ত্তা
Assailant, *s.* আক্রামক, চড়াউকর্ত্তা, বিতণ্ডা
Assassin, Assassinator, *s.* ছলপূর্ব্বক হন্তা, গুপ্তরূপে খুন করে যে, খুনী
Assassinate, *v. a.* বলপূর্ব্বক খুন-কৃ, খলতা পূর্ব্বক খুন-কৃ
Assassination, *s.* ছল বা বলপূর্ব্বক খুন, বধ, হত্যা, খুন, মানুষ মারণ
Assault, *s.* চড়াউ, আক্রমণ, যুদ্ধ, রণ; *a violent attack,* মারপিট, দাঙ্গা
Assault, *v. a.* আক্রমণ-কৃ, চড়াউ-কৃ, প্রথম আঘাত-কৃ, দাঙ্গা-কৃ, মারপিট-কৃ
Assay, *s. trial,* পরীক্ষা, তজবীজ; *an assay of metals,* ধাতুর পরীক্ষা; *attempt,* প্রথম উদ্যোগ
Assay, *v. a.* পরীক্ষা-কৃ, ধাতুর পরীক্ষা-কৃ
Assay, *v. n.* প্রথম উদ্যোগ-কৃ
Assayer, *s.* সরকারী ধাতুর পরীক্ষক
Assemblage, *s.* সমারোহ, সমবায়, অনেক লোক বা দ্রব্যের একত্র হওন
Assemble, *v. a.* একত্র-কৃ
Assemble, *v. n.* একত্র-হ, সমারোহ-হ, জমা-হ, সমাগত-হ [মজলিস
Assembly, *s.* সভা, সমাজ, মণ্ডলী, জনতা,
Assent, *v. n.* স্বীকার-হ, সম্মতি-হ, অনুমতি-দা রাজি-হ, সায়-দা [সায়
Assent, *s.* সম্মতি, স্বীকার, অনুমতি, রাজি,
Assert, *v. a.* নিশ্চয়রূপে-কহ, অবধারণ রূপে-কহ [রূপে কহন
Assertion, *s.* নিশ্চয়রূপে কহন, অবধারণ
Assess, *v. a.* কর-বসা, কর নিরূপণ-কৃ
Assessment, *s.* কর, শুল্ক, রাজস্ব, খাজানা, মাসুল, কর বসাওন
Assets, *s.* স্থিত, মৃত ব্যক্তির সম্পত্তি
Asseveration, *s.* শপথপূর্ব্বক কথন, সুদৃঢ়ক্তি করণ
Asshead, *s.* মূর্খমূঢ়, নির্ব্বোধ
Assiduity, *s.* মনোযোগ, শ্রম, পরিশ্রম, উদ্যোগ, যত্ন, প্রয়াস [পরিশ্রান্ত
Assiduous, *a.* মনোযোগী, উদ্যোগী, শ্রমী,
Assign, *v. n.* নিরূপণ-কৃ, নিযুক্ত-কৃ, অর্পণ-কৃ, স্থির-কৃ; *to assign a reason,* কারণ-দৃশ
Assignable, *a.* নিরূপণীয়, নির্দ্ধার্য্য
Assignation, *s.* মিলনের সঙ্কেত নিরূপণ করণ, (প্রায়ই স্ত্রী পুরুষের মিলনে ব্যবহার)
Assignee, *s.* নিযোজিত ব্যক্তি, আসৈনি
Assignment, *s.* কোন দ্রব্য অন্য ব্যক্তিকে অর্পণ করণ, প্রদান, নিয়োজন
Assimilate, *v. n.* তুল্যরূপ-কৃ, মিলাও, সদৃশ-কৃ, সমশীল-কৃ
Assimilate, *v. a.* আহারের দ্বারা পুষ্ট-হ
Assimilation, *s.* তুল্য বা সমান করণ, তুল্যতা, সমশীলতা
Assist, *v. a.* সাহায্য-কৃ, সহায়তা-কৃ, উপকার-কৃ, আনুকূল্য-কৃ
Assist, *v. n.* সাহায্য-কৃ, আনুকূল্য
Assistance, *s.* সাহায্য, সহায়তা, উপকার,
Assize, *s.* মিছিল, আদালতের বৈঠক
Associate, *v. a.* সংযোগ-কৃ, মেল-কৃ, বন্ধুতা-কৃ, সহবাস-কৃ, [সাথী, মিত্র, বন্ধু
Associate, *s.* সহকারক, অংশী, সঙ্গী,
Association, *s.* ঐক্য, যোগ, মেল, সম্বন্ধ; *a society,* সমাজ [রাখ
Assort, *v. a.* সাজা, বাচ, পৃথক২ করিয়া-
Assortment, *s.* পৃথক২ রূপে সাজান, বাচনি করা সামগ্রী [কোমল-কৃ, উপশম-কৃ
Assuage, *v. a.* সুস্থির-কৃ, থাম, শান্ত-কৃ,
Assuage, *v. n.* কোমল-কৃ
Assuagement, *s.* সুস্থির করণ, থামন, শান্ত করণ, উপশম করণ
Assuager, *s.* সুস্থির বা উপশম কারক
Assuasive, *a.* কোমলকারী শান্তকারী, উপশমকারী

Digitized by Google

Assuetude, *s.* ব্যবহার, দাঁড়া, রীতি, চালি
Assume, *v. a.* গ্রহণ-কৃ; *to arrogate,* গর্ব্ব-কৃ, দর্প-কৃ, অভিমান-কৃ; *to suppose something granted without proof,* প্রমাণ না পাইয়াও এক প্রকার স্বীকার-কৃ
Assume, *v. n.* গর্ব্ব-হ [আত্মশ্লাঘী
Assuming, *pa.* গর্ব্বী, দর্পী, অভিমানী,
Assumption, *s.* গ্রহণ, অবলম্বন; *supposition without proof,* প্রমাণ বিনা অনুভব; *arrogance,* গর্ব্ব, অহঙ্কার, স্পর্দ্ধা, আত্মশ্লাঘা; *the taking up into heaven,* স্বর্গে গ্রহণ
Assurance, *s. expectation,* ভরসা; *confidence,* স্থিরআশা, দৃঢ়প্রত্যয়; *certain knowledge,* নিশ্চয় বোধ, স্থির প্রবোধ; *spirit,* সাহস, নির্ভয়; *insurance,* বিমা
Assure, *v. a. to give confidence,* ভরসা-দা, আশ্বাস-দা, বিশ্বাস-জন, খাতিরজমা-কৃ; *to make firm,* স্থির-কৃ, নিশ্চয়-কৃ, দৃঢ়-কৃ; *to speak with certainty,* নিশ্চয়রূপে কহ [রূপে
Assuredly, *ad.* নিঃসন্দেহপূর্ব্বক, নিশ্চয়
Asterisk, *s.* চিহ্ন বিশেষ, যথা *
Asterism, *s.* নক্ষত্র বিশেষ
Astern, *ad.* জাহাজ বা নৌকার পশ্চাদ্ভাগ
Asthma, *s.* শ্বাস কাশ, হাঁপানি কাশ
Asthmatic, Asthmatical, *a.* শ্বাস কাশগ্রস্ত
Astonish, *v. a.* চমৎকৃত-কৃ, বিস্ময়াপন্ন-কৃ, আশ্চর্য্যান্বিত-কৃ, অবাক্-কৃ
Astonishingly, *ad.* আশ্চর্য্যরূপে, চমৎকৃতরূপে [বিস্ময়, বিচিত্র
Astonishment, *s.* আশ্চর্য্য, চমৎকার,
Astound, *v. a.* বিস্ময়াপন্ন-কৃ, হতবুদ্ধি-কৃ
Astound, *v. n.* স্তব্ধ-কৃ
Astragal, *s.* পিলপার মাথার ভূষণ
Astral, *a.* তারা সম্বন্ধীয়
Astray, *ad.* পথভ্রমে, বিপথে, পথ হারাইয়া
Astriction, *s.* সঙ্কোচহওন কোঁকড়ান
Astride, *ad.* পা মেলাইয়া বা ফারকাইয়া, দাঁড়ানরূপে [-কৃ
Astringe, *v. a.* সঙ্কোচ-কৃ, জড়সড়-কৃ, বন্ধন
Astringent, *a.* ধারকতাগুণবিশিষ্ট
Astrolabe, *s.* সমুদ্রে সূর্য্য তারা কেন্দ্রাদির উচ্চতা নির্ণায়ক যন্ত্র
Astrologer, *s.* জ্যোতিঃশাস্ত্রজ্ঞ, গণক, দৈবজ্ঞ, মৌহূর্ত্তিক, নক্ষত্রের গতি দেখিয়া ভবিষ্যৎ কহেন যিনি
Astrological, *a.* জ্যোতিঃশাস্ত্র সম্বন্ধীয়
Astrology, *s.* জ্যোতিঃশাস্ত্র, গণিত বিদ্যা, মৌহূর্ত্তিকতা, নক্ষত্রাদির গতির দ্বারা ভাবি নিশ্চয়ের বিদ্যা
Astronomer, *s.* জ্যোতির্ব্বেত্তা, গণক
Astronomical, *a.* জ্যোতির্ব্বিদ্যাসম্বন্ধীয়
Astronomy, *s.* জ্যোতিঃশাস্ত্র [ফাঁকেং
Asunder, *ad.* বিভক্তরূপে, ভিন্নভিন্ন, পৃথক্,
Asylum, *s.* আশ্রয়, রক্ষাস্থান
At, *prep.* অব্যয় শব্দ, নানাস্থানে নানা অর্থ বুঝায়, যথা; *at Calcutta,* কলিকাতায়; *at peace,* শান্ত্যবস্থায়; *at last,* পরিশেষে; *at first,* প্রথমে; *at the best,* অত্যুত্তম হইলেও; *he is at it again,* পুনরায় তৎকর্ম্মেই লাগিয়াছে; *at my expence,* আমার খরচায়; *he is at the bottom,* তিনিই ইহার মূল; *at once,* এককালে; *at all,* কোন প্রকারে, কোন রূপে; *at hand,* নিকটে; *look at me,* আমার প্রতি দেখ
Atheism, *s.* নাস্তিকতা, ঈশ্বরামানন
Atheist, *s.* নাস্তিক, শূন্যবাদী
Atheistical, *a.* নাস্তিকতা সম্বন্ধীয়
Athirst, *ad.* তৃষিত, পিপাসিত, তৃষ্ণার্ত্ত
Athletic, *a.* বলবৎ, বলবান, পরাক্রান্ত
Athwart, *ad.* বক্রভাবে, আড়ে, কোণাকোণিরূপে, চেরাকৃতিরূপে
Atlas, *s.* নানা দেশের নক্সা সংগ্রহ
Atmosphere, *s.* আকাশ, শূন্য, গগণ
Atom, Atomy, *s.* পরমাণু, রেণু, অনু, কণিকা, অতি ক্ষুদ্র বস্তু [সম্বন্ধীয়
Atomical, *a.* পরমাণুবিশিষ্ট, পরমাণু
Atomist, *s.* পরমাণু সম্পর্কীয় শাস্ত্রজ্ঞ
Atone, *v. a.* প্রায়শ্চিত্ত-কৃ
Atone, *v. n.* প্রতিনিধি-হ
Atonement, *s.* প্রায়শ্চিত্ত
Atramental, Atramentous, *a.* কৃষ্ণবর্ণ, মসীবর্ণ, কাল
Atrocious, *a.* মহা দুরাত্মা, অতি দোষী, অতি দুরাচার, অতি পাপিষ্ঠ
Atrociously, *ad.* অতি দোষপূর্ব্বক, অতি দুরাচাররূপে [দুষ্টতা
Atrocity, *s.* মহাত্যাচার, অতি পাপ, অতি

Digitized by Google

Atrophy, *s.* যে রোগেতে আহারের দ্বারা পুষ্টি হয় না তাহা
Attach, *v. a. to arrest,* ক্রোক-কৃ, গ্রেপ্তার-কৃ; *to fix,* সংলগ্ন-কৃ, সংযোগ-কৃ; *to be attached to,* আসক্ত-হ, অনুরাগী-হ
Attachment, *s.* স্নেহ, অনুরাগ, প্রেম, প্রীতি; *arrest,* আটক করণ, কয়েদ করণ, ক্রোক করণ
Attack, *s.* আক্রমণ, চড়াউ, অভিযোগ করণ
Attack, *v. a.* আক্রমণ-কৃ, প্রথমাঘাত-কৃ, চড়াউ-কৃ; *to impugn,* অভিযোগ-কৃ, দোষার্পণ-কৃ
Attain, *v. a.* প্রাপ্ত-হ, উপস্থিত-হ
Attain, *v. n.* পহুঁছ
Attainable, *a.* প্রাপ্তব্য
Attainder, *s.* পার্লিমেন্টের আজ্ঞাক্রমে দোষিব্যক্তির সর্ব্বনাশ করণ
Attainment, *s.* প্রাপ্তি, লাভ; *mental attainment,* ব্যুৎপত্তি
Attaint, *v. a.* কলঙ্ক-কৃ, পার্লিমেন্টের আজ্ঞাক্রমে মহাপরাধি ব্যক্তির সর্ব্বনাশ-কৃ
Attemper, *v. a.* মিশ্র-কৃ, দ্রব-ক; *to soften,* নরম-কৃ, কোমল-কৃ; *to fit,* ঐক্য-কৃ সম্মেল-কৃ
Attempt, *v. a.* উদ্যোগ-কৃ, উপক্রম-কৃ, প্রবর্ত্ত-কৃ
Attempt, *v. n. to attack,* চড়াউ-কৃ
Attempt, *s.* উদ্যোগ, উপক্রম, প্রবৃত্তি, চড়াউ
Attend, *v. a. to regard,* মনোযোগ-কৃ, অবধান-কৃ; *to wait on,* বর্ত্তমান-থাক, পরিচারকের ন্যায় সঙ্গে গম, হাজির থাক; *to accompany,* সহগম, সঙ্গে যাও; *to expect,* অপেক্ষা-কৃ
Attend, *v. n. to yield attention,* কর্ণ-দা, মনোনিবেশ-কৃ; *to stay,* থাক
Attendance, *s. waiting on another,* উপস্থিত থাকন, উপাসনা করণ, চাকরের ন্যায় সঙ্গে থাকন; *attention,* মনোযোগ
Attendant, *s.* দাস, সেবক, পরিচারক, চাকর; *one that is present,* উপস্থিত ব্যক্তি, বর্ত্তমান লোক; *a concomitant,* অনুষঙ্গী
Attention, *s.* মনোযোগ, অবধানতা, মনোনিবেশ, ধ্যান [সতর্ক
Attentive, *v.* মনোযোগী, চৌকস, সাবধান,
Attentively, *ad.* মনোযোগপূর্ব্বক
Attenuate, *v. a.* ক্ষীণ-কৃ, সূক্ষ্ম-কৃ, সরু-কৃ, পাতলা-কৃ [সরু করণ, পাতলা করণ
Attenuation, *s.* ক্ষীণ করণ, সূক্ষ্ম করণ,
Attest, *v. a.* সাক্ষ্য-দা, প্রমাণ-দা, শপথ-কৃ,
Attestation, *s.* সাক্ষ্য, প্রমাণ, সায়
Attic, *a.* উচ্চ, উত্তম [ভূষণ
Attire, *s.* পরিধেয়, বস্ত্র, পরিচ্ছদ, পোশাক,
Attire, *v. a.* পরিচ্ছদ-কৃ, পরিধান-কৃ, সাজা, পরা
Attitude, *s.* ভাব, অবস্থা, আকার
Attorney, *s.* প্রতিনিধি, (কিন্তু এইক্ষণে প্রায় আদালতে ব্যবহার্য্য যথা উকীল;) *profession of an attorney,* ওকালতি
Attract, *v. a.* আকর্ষণ-কৃ, খেঁচ, টান, লোভ-দর্শা [তা রূপে
Attractingly, *ad.* আকর্ষণরূপে, মোহজনক
Attraction, *s.* আকর্ষণ, সন্নিকর্ষণ, আকর্ষণীয় শক্তি
Attractive, *a.* আকর্ষক, আকর্ষণকারী, মনোরঞ্জক, বাঞ্ছনীয়
Attributable, *a.* আরোপণীয় [দা
Attribute, *s.* ব্যাপ্তি, গুণ, ধর্ম্ম, স্বত্ব; মর্য্যা
Attribute, *v. a.* ক্ষয়
Attrition, *s.* ঘর্ষণ, সংমর্দন
Attune, *v. a.* সুর-বাঁধ, স্বরমেল-কৃ
Avail, *v. a.* লাভ-কৃ, লাভার্থ ব্যবহার-কৃ
Avail, *v. n.* উপকারী-হ
Avail, *s.* লাভ, উপকার, সাহায্য
Available, *a.* প্রাপণীয়, উপকার্য্য, কর্ম্মণ্য, কর্ম্মার্হ [দূত
Avant-courier, *s.* অগ্রধাবক, অগ্রগামী
Avant-guard, *s.* সৈন্যের অগ্রদল
Avarice, *s.* বুভুক্ষা, লোভ, অতিবাঞ্ছা, লালসা, লিপ্সা
Avaricious, *a.* লোভী, লালসী, পুঁট্যা
Avariciously, *adv.* লোভপূর্ব্বক, লালচপূর্ব্বক
Avast, *ad.* বস, রহ
Avaunt, *interj.* দূরহও, দূরং, তফাৎ
Auburn, *a.* পাণ্ডুবর্ণ, কটাবর্ণ, মেট্যারং
Auction, *s.* নীলাম, দ্রব্যবিক্রয় স্থান
Auctioneer, *s.* নীলামকর্ত্তা
Audacious, *a.* সাহসিক, নির্ভয়, নির্লজ্জ, প্রগল্ভ, (কেবল মন্দঅভিপ্রায়ে ব্যবহার্য্য)

Digitized by Google

Audacity, *s.* সাহস, প্রাগল্ভ্য, নির্লজ্জা, নির্ভয়
Audible, *a.* শ্রাব্য, শ্রবণীয়, শ্রোতব্য
Audience, *s.* শ্রবণ, অবধান করণ, কর্ণ পাত করণ; *admission to,* সাক্ষাৎ; *an auditory,* শ্রবণার্থ সমাগত ব্যক্তি সমুহ
Audit, *s.* চূড়ান্ত হিসাব, হিসাবের নিকাশ
Audit, *v. a.* চূড়ান্তরূপে হিসাব তজবিজ-কৃ
Audit, *v. n.* ঠিক-দা
Auditor, *s.* শ্রাবক, শ্রোতা, শ্রবণকর্ত্তা; *one employed to audit accounts,* চূড়ান্ত রূপে হিসাবের তজবিজ করেন যিনি
Auditorship, *s.* হিসাব মঞ্জুর কর্ত্তার পদ
Auditory, *s.* শ্রবণার্থ একত্র হওয়া ব্যক্তি সমুহ [মধ্যে খ্রীষ্টের মাতার স্তব
Ave-Maria, *s.* রোমান কাতোলিকেরদের
Avenge, *v. a.* ফল-দা, প্রতিফল-দা, ক্রোধ ঝাড়ন, দণ্ড-দা
Avenger, *s.* প্রতিফল দাতা, শাস্তা
Avenue, *s.* পথ, শুঁড়ি পথ, গৃহের সম্মুখে উভয় দিগে বৃক্ষেতে শোভিত পথ
Aver, *v. a.* নিশ্চয়রূপে-কথ, দৃঢ়রূপে উক্তি -কৃ একান্ত-কথ [মোটি
Average, *s.* গড়, হরদর, মোটে, মোটা
Averment, *s.* প্রমাণের দ্বারা নির্দ্ধার্য্য করণ
Averse, *s.* প্রতিকূল, পরাঙমুখ, অনিচ্ছুক, অসম্মত, বিমনা [অরুচি, বৈরক্তি
Aversion, *s.* ঘৃণা, অনিচ্ছা, প্রতিকূলতা,
Avert, *v. a.* অন্যথা-কৃ, পরাবৃত্ত-কৃ ফির; *to avert a calamity,* আপদ নিবারণ-কৃ
Avert, *v. n.* ফিরিয়া-দা
Auger, *s.* ছিদ্র করিবার অস্ত্র, ভ্রমর, তুরপণ, বর্ম্মা [দ্রব্য
Aught, *pron.* কোন কিছু, যে কিছু, কোন
Augment, *v. a.* বৃদ্ধি, বাড়, *(in grammar,)* বর্দ্ধিত-কৃ বেশি-কৃ
Augment, *s.* বর্দ্ধন, বৃদ্ধি, বাড়ন; *(in grammar,)* অনুবন্ধ
Augmentation, *s.* বর্দ্ধন, বৃদ্ধি, উন্নতি
Augur, *v. a.* একপ্রকার কাকচরিত্রেরন্যায় আচরণ-কৃ, অর্থাৎ পক্ষিচ্ছেদন করিয়া তন্দর্শনেতে ভবিষ্যৎ-কথ [ষ্যৎ কহেন
Augur, *s.* উপরিউক্ত মতে যে আচার্য্য ভবি
Augury, *s.* কোন লক্ষণ বা চিহ্নের দ্বারা ভাবি শুভাশুভ কথন

August, *a.* মহামহিম, প্রচণ্ড, প্রতাপান্বিত, সম্ভ্রান্ত [মাস
August, *s.* ইঙ্গলণ্ডীয় বৎসরের অষ্টম
Aviary, *s.* পক্ষ্যাগার, চিড়িয়াখানা
Avidity, *s.* ব্যগ্রতা, অত্যন্তাকাঙ্ক্ষা, অতি লালসা
Auln, *s.* ফ্রান্সীয় পরিমাণ বিশেষ
Aunt, *s.* জ্যেঠাই, খুড়ি, পিসি, মাসি
Avocation, *s.* কর্ম্ম, কার্য্য, ব্যস্ততা
Avoid, *v. a.* ভাঁড়াইয়া-যা, ছাড়াইয়া-যা, এড়াইয়া-যা,
Avoid, *v. n.* ত্যাগ-কৃ [সাধ্য
Avoidable, *a.* ত্যাজ্য, এড়াইয়া যাওনের
Avoidance, *s.* ত্যাগ করণ, ভাঁড়াইয়া যাওন, ছাড়াইয়া যাওন, এড়াইয়া যাওন
Avoirdupois, *s.* পরিমাণ বিশেষ
Avolation, *s.* উড়িয়া যাওন, পলায়ন
Avouch, *v. a.* নিশ্চয়রূপে কথ, দিব্য দ্বারা স্থির-কৃ
Avow, *v. a.* নিঃসন্দেহপূর্ব্বক কথ, নিশ্চয় রূপে কথ, প্রতিজ্ঞা-কৃ, অঙ্গীকার-কৃ,
Avowal, *s.* নিশ্চয়রূপে কথন, নিশ্চিত বচন, স্বীকার, অঙ্গীকার, কবুল
Avowedly, *ad.* ব্যক্তরূপে, প্রকাশ্যরূপে, স্বীকারপূর্ব্বক
Aurelia, *s.* গুটি পোকা
Auricle, *s.* কর্ণের বাহ্যাংশ, কাণের পাতা
Auricular, *a.* কর্ণগোচর, কর্ণেং কথনীয়; *secret,* গুপ্ত
Auriferous, *a.* স্বর্ণোৎপাদক
Aurora, *s.* প্রভাত, অরুণোদয়, প্রত্যুষ
Aurora Borealis, *s.* উত্তর কেন্দ্র হইতে দীপ্তি প্রকাশ
Auspice, *s.* পক্ষির দ্বারা ভবিষ্যৎ বিষয়ের নির্ণয়; *protection,* আশ্রয়, প্রতাপ, প্রসাদ [শুভ, প্রতাপান্বিত
Auspicious, *ad.* মঙ্গলসূচক, কুশলদায়ক,
Auspiciously, *adv.* শুভক্ষণে, কল্যাণে, সৌভাগ্য পূর্ব্বক [নির্দয়, নিষ্ঠুর
Austere, *a.* কঠিন, কঠোর, কটু, শক্ত,
Austerity, *s.* কাঠিন্য, উগ্রতা, কঠোরতা, শক্ত ব্যবহার
Austerities, religious, *s.* তপস্যা
Austral, *a.* দক্ষিণস্থ [প্রসিদ্ধ
Authentic, *a.* অকৃত্রিম, প্রমাণসিদ্ধ, প্রকৃত,

Digitized by Google

Authenticate, *v. a.* প্রমাণের দ্বারা সিদ্ধ-কৃ, সাব্যস্ত-কৃ, ঠিক-কৃ, প্রসিদ্ধ-কৃ
Authenticity, *s.* প্রসিদ্ধতা, সাব্যস্ততা, প্রামাণ্য, অকৃত্রিমতা
Author, *s.* কর্ত্তা, স্রষ্টা, সৃজনকর্ত্তা, কর্ম্মকর্ত্তা; *writer*, গ্রন্থকর্ত্তা, গ্রন্থলেখক
Authoritative, *a.* পরাক্রমী, ক্ষমতাপন্ন, কর্ত্তৃত্বকারী, শক্তিধারী
Authority, *s.* ক্ষমতা, পরাক্রম, শক্তি, প্রভুত্ব; *command*, আজ্ঞা, হুকুম; *testimony*, প্রমাণ, সাক্ষ্য
Authorize, *v. a.* ক্ষমতা-দা, শক্তি-প্রদা, পরাক্রম-দা; *to justify*, যথার্থ-কৃ, সাব্যস্ত-কৃ
Authorship, *s.* সামান্যকর্ত্তৃত্ব; গ্রন্থকর্ত্তৃত্ব
Autograph, *s.* স্বহস্তের লিখন বা অক্ষর; আসল গ্রন্থ বা কাগজ পত্র
Automaton, *s.* স্বয়ং সচল যন্ত্র
Autopsy, *s.* প্রত্যক্ষ প্রমাণ
Autumn, *s.* শরৎকাল, অর্থাৎ ১৭ শ্রাবণ অবধি ১৬ কার্ত্তিক পর্য্যন্ত
Autumnal, *a.* শরৎকালীন
Avulsion, *s.* এক দ্রব্য অন্য দ্রব্য হইতে স্বতন্ত্র করণ বা টানিয়া লওন [সহায়
Auxiliary, *a.* সহকারী, উপকারী, অনুকূল,
Await, *v. a.* অপেক্ষা-কৃ, আশা করিয়া-থাক
Awake, Awaken, *v. a.* জাগৃত-কৃ, নিদ্রাভঙ্গ-কৃ, চেতনা-কৃ
Awake, *v. n.* জাগৃত-হ
Awake, *a.* অনিদ্রিত, জাগৃত, সচেতন
Award, *v. a.* আদালতে নিষ্পত্তি-কৃ, ডিক্রী-কৃ, ফয়সলা-কৃ
Award, *v. n.* বিচার-কৃ [সলা, ডিক্রী
Award, *s.* নিষ্পত্তি, সমাধান, আজ্ঞা, ফয়
Aware, *a.* সাবধান, সতর্ক, সচেতন
Away, *ad.* স্থানান্তরে, দূরে, অবর্ত্তমানে; *let us go*, চলুন; *begone*, যাও
Awe, *s.* ভয়, শঙ্কা, ত্রাস, আশঙ্কা, বিস্ময় (কিন্তু কেবল প্রতাপি ব্যক্তির বিষয়ে বুঝায়)
Awful, *a.* ভয়ঙ্কর, ভযানক, ঘোর, বিকট; *worshipful*, মর্য্যাদান্বিত, প্রতাপান্বিত
Awfully, *ad.* ভয়ঙ্কররূপে, ত্রাসপূর্ব্বক
Awfulness, *s.* ভয়ঙ্করতা, ভীমতা [কিছুকাল
Awhile, *ad.* ক্ষণেক, ক্ষণকাল, কিয়ৎকাল,
Awhit, *ad.* একবিন্দু, এক তিল, এক বিসর্গ
Awkward, *a. ungenteel*, অসভ্য, অসুবিধ; *untaught*, অশিক্ষিত, মুর্খ, আবর, ওরম্বা; *clumsy*, অপটু, অদক্ষ, আনাড়ী
Awkwardly, *ad.* অসভ্যতারূপে, অপটুতারূপে, আনাড়ীরূপে
Awl, *s.* তুরপুন, বর্ম্মা, ভোমর [ছত্রী
Awning, *s.* চন্দ্রাতপ, চাঁদোয়া, চাঁদনি,
Awry, *ad.* টেরারূপে, তের্চারূপে, বক্ররূপে, বাঁকারূপে, কুঁজ
Axe, *s.* কুঠার, পরশু, কুড়ালি, টাঙ্গি, দা
Axiom, *s.* সিদ্ধান্ত অর্থাৎ যে উক্তি এমত স্পষ্ট যে তাহা প্রমাণাপেক্ষা রাখে না
Axis, *s.* প্রকৃত অথবা কল্পিত আল, অক্ষ, মেরু [ড়ির চাকার আল
Axle, Axletree, *s.* অক্ষদণ্ড, আল; গা
Ay, *ad.* হাঁ, হাঁহাঁ, বটে, সত্য
Aye, *ad.* সর্ব্বদা, সদা, বটে
Azimuth, *s.* গ্রহাদি নিরূপণীয় চক্রবিশেষ
Azure, *a.* আকাশবর্ণ, নীলবর্ণ, আসমানী রং

B

B, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার দ্বিতীয় অক্ষর
Baa, *v. n.* মেষের ন্যায় ডাক, ভ্যাভ্যা শব্দ-কৃ
Babble, *v. a.* বালকের ন্যায় অস্পষ্ট বাক্য-কৃ, বক্বা-কৃ; *to talk idly*, নিরর্থক বাক্য-কহ; অযুক্তিরূপে কথা-কহ; *to tell secrets*, গুপ্ত বিষয় ব্যক্ত-কৃ; *to talk much*, অধিক কথা-কহ
Babble, *s.* গপ্প করণ, বকুনি, বকাবকি
Babbler, *s.* গপ্পো, বাচাল, বকা, বড়বড়ো
Babe, Baby, *s.* দুগ্ধপোষ্য বালক, বৎস, বাছা [কপি
Baboon, *s.* হনুমান, বৃহজ্জাতীয় বানর,
Babyish, *a.* শৈশবভাবপন্ন, শৈশবাবদ্ধ
Baccated, *a.* মুক্তাঘটিত, মণিজড়িত
Bacchanalian, *s.* মদ্যপায়ী, বামাচারী, মাতাল [উৎসব
Bacchanals, *s.* বামাচারির চক্র, মাতালের
Bachelor, *s.* অবিবাহিত পুরুষ, অনূঢ়, আইবড়; *in a university*, মহা বিদ্যালয়ে যে ছাত্র প্রথমকার উপাধি প্রাপ্ত হয়

Digitized by Google

Back, *s.* — *of the body*, পৃষ্ঠ, পিঠ, শরীরের পশ্চাদ্ভাগ; — *of the hand*, করচার পৃষ্ঠ; — *of a tool*, অস্ত্রের পিঠ বা পাতা; *to the back*, চলিয়া-যা; *to turn the back on one*, কোন ব্যক্তিকে ত্যাগ-কৃ
Back, *ad.* ফিরিয়া; *behind*, পশ্চাৎদিগে, পাছে; *again*, পুনশ্চ, দ্বিতীয়বার
Back to back, *ad.* পিঠাপিঠি
Back, *v. a. to mount*, পৃষ্ঠে আরোহণ-কৃ, অশ্বারোহণ-কৃ; *to support*, উত্তর সাধকতা-কৃ, সহায়তা-কৃ, পক্ষ-হ; *to back out*, পশ্চাৎ-হঠ, পাছে হঠিয়া-যা
Backbite, *v. a.* অসাক্ষাৎকারে নিন্দা বা দুর্ণাম বা গ্লানি বা বরামদ-কৃ
Backbiter, *s.* অসাক্ষাৎকার নিন্দক, চুগলিখোর, চুগলবাজ
Backbone, *s.* মেরুদণ্ড, পিঠের দাঁড়া
Backdoor, *s.* পশ্চাদ্ভাগের দ্বার, খিড়কির দ্বার
Backgammon, *s.* পাশা ক্রীড়াবিশেষ
Backside, *s.* নিতম্ব, পাছা, পশ্চাদ্ভাগ
Backslide, *v.* স্বধর্ম্ম বা মত বিষয়ে ভগ্নমনা-হ
Backstairs, *s.* ঘরের পশ্চাদ্ভাগের সিঁড়ি
Backstays, *s.* লবরান, পেট ফরোদী
Backsword, *s.* এক ধারযুক্ত তলওয়ার
Backwards, *adv.* পৃষ্ঠে, পিঠে, পশ্চাৎদিগে, পশ্চাতে; *in a worse state*, হঠিয়া যাওনক্রমে, মন্দ হওনক্রমে; *past*, গত কালে
Backward, *a. unwilling*, অসম্মত, অসন্তুষ্ট; *sluggish*, অলস, ঢিলা; *dull*, তেজোহীন, তেজ মরা; *late*, গৌণী, বিলম্বিত [রূপে
Backwardly, *ad.* অনিচ্ছারূপে, আলস্য
Bacon, *s.* শূকরের লোণা শুষ্ক মাংস
Bad, *a.* মন্দ, অভদ্র, কদর্য্য, কুৎসিত, অপকৃষ্ট; *hurtful*, হিংসাজনক; *ill*, পীড়িত
Badness, *s.* মন্দতা, অভদ্রতা, কদর্য্যতা, অপকৃষ্টতা
Badge, *s.* চিহ্ন, নিদর্শন, চাপরাশ, পাট্টা
Badger, *s.* জন্তুবিশেষ; *a dealer*, শস্যের ফড়িয়া
Baffle, *v. a.* হারাইয়া-দা, ভাঁড়া, ঘাবরা, ব্যর্থ-কৃ, পণ্ড-কৃ
Baffle, *v. n.* প্রতারণা-কৃ

Bag, *s.* আধার, কোষ, থৈলা, বোরা, পুটলি, বস্তা, বোচ্‌কা; — *of money*, তোড়া
Bag, *v. a.* থৈলার মধ্যে পূর
Bag, *v. n.* পূর্ণ থৈল্যর ন্যায় ফুল [বিষয়
Bagatelle, *s.* অকর্ম্মণ্য বা তুচ্ছ দ্রব্য, অল্প
Baggage, *s.* সৈন্যের দ্রব্যাদি, আসবাব, সামগ্রী; *a strumpet*, বেশ্যা
Bagnio, *s.* স্নানাগার, বেশ্যালয়
Bagpipe, *s.* তূরী, এক প্রকার শানাই
Bail, *s.* হাজির জামিন, জামিন, প্রতিভূ
Bail, *v. a.* জামিন-দা, জামিন-ল
Bailable, *a.* জামিন লওনের যোগ্য
Bailiff, *s.* চাপরাসী, পেয়াদা, থানাদার, বিশেষতঃ যেব্যক্তি হুকুম জারী করে
Bairn, *s.* ছেলে্য [*tion*, ফাঁদ, পরীক্ষা
Bait, *s.* চার, টোপ, নলকানি; *a tempta-*
Bait, *v. a.* চার-ফেল, টোপ-ফেল, নলকানি-দা; *to bait on the road*, যাত্রা সময়ে পথিমধ্যে বিশ্রাম করত আহার-কৃ বা পশুকে আহার-দা
Bait, *v. n. to attack with violence*, বলপূর্ব্বক চড়াউ-কৃ, তাড়না-কৃ
Baize, *s.* বেজ অর্থাৎ এক প্রকার মোটা পশামী বস্ত্র [শক্ত-কৃ, ঝলসা
Bake, *v. a.* উননে পাক-কৃ, ভাজ, অগ্নিতে
Bake, *v. n.* পাকের কর্ম্ম-কৃ
Bakehouse, *s.* তনূরখানা
Baker, *s.* রুটিওয়ালা, পূপকার, আপূপিক
Balance, *s.* জমা খরচ বাকি, অবশিষ্ট; *a pair of scales*, তরাজু, নিক্তি, দাঁড়িপাল্লা
Balance, *v. a. an account*, জমা খরচ করিয়া বাকি দর্শা; *to weigh*, তৌল-কৃ, পাশান-ভঞ্জ, সমান-কৃ
Balance, *v. n.* সন্দিগ্ধ-হ
Balcony, *s.* বারাণ্ডা, বৈঠকখানা
Bald, *a.* টাকপড়া, কেশহীন, নেড়া; *inelegant*, শ্রীহীন, নোঙরা
Balderdash, *s.* এলোমেলো কথা
Baldness, *s.* কেশহীনতা, টাক্, নগ্নতা
Baldric, *s.* পটুকা
Bale, *s.* গাঁইট, বস্তা, মোট, বোঝা, পুলিন্দা
Bale, *v. a.* সেঁচ, জল নিক্ষেপ-কৃ,
Bale, *v. n.* মোট বন্ধ-কৃ
Baleful, *a.* দুঃখগ্রস্ত, শোকান্বিত; *destructive*, হিংস্র, হিংসাজনক, অনিষ্টকারী

Digitized by Google

Balk, *s.* বালখু, আড়কাটা, কড়ি
Balk, Baulk, *v. a.* ফাকি-দা, ভোগা-দা, হতা শ-কৃ, অপ্রতিভ-কৃ, ভুলা
Ball, *s.* গোল, গোলাকার বস্তু, ভাঁটা, বর্ত্তুল, গুলি, গুটিকা; *a dance,* নৃত্য, নর্ত্তন, নাচ
Ballad, *s.* ইতর গান, খেঁউড়, কবি, টপ্পা
Ballast, *s.* জাহাজ বা নৌকা স্থির করণার্থ তাহার তলে যে বোঝাই দেওয়া যায়
Ballet, *s.* বায়ীর নাচ, যাত্রা
Balloon, *s.* বলুন অর্থাৎ রেশম নির্ম্মিত লঘু বায়ু পূরিত যে গোলাকার বস্তু আ কাশে উঠে [করণ
Ballot, *s.* গুলিবাঁটের দ্বারা কর্ম্ম নিষ্পত্তি
Ballot, *v. n.* গুলিবাঁটের দ্বারা কোন ব্য ক্তিকে মনোনীত-কৃ বা কোন কর্ম্ম নিষ্প ত্তি-কৃ
Balm, *s.* বহুমূল্য উত্তম ঔষধ, বেদনা উপ শম কারক দ্রব্য [মল
Balmy, *a.* উপশমকারী, শান্তিকারী, কো
Balsam, *s.* পলত্রা, মলম
Baluster, *s.* ক্ষুদ্র থাম বা পিলপা
Balustrade, *s.* গরাদিয়া
Bamboo, *s.* বাঁশ, বংশ
Bamboozle, *v. a.* ঠগা, ভাঁড়া, স্তব্ধ-কৃ
Ban, *s.* অভিশাপ; *banns of marriage,* বিবাহ সম্বন্ধ গীর্জা ঘরে পুরোহিতের দ্বারা প্রকাশ করণ তাহাতে কোন ব্যক্তি কোন বাধা জানিলে তাহা প্রকাশ করিতে পারে
Banana-*tree, s.* কদলীবৃক্ষ, কলাগাছ
Band, *s.* বন্ধন, বন্ধনী, পটি; — *round the neck,* একপ্রকার গলাবন্ধনী; *a company,* দল, সম্প্রদায়, সমাজ
Band, *v. a.* দলবদ্ধ-হ
Band, *v. n.* একত্র-হ
Bandage, *s.* পটি, বন্ধন, চাদনি
Bandbox, *s.* স্ত্রীলোকের ব্যবহার্য্য চুপড়ি বিশেষ
Banditti, *s.* ডাকাইতের দল
Bandoleers, *s.* তোষদান
Bandy, *v. a.* এদিগ ওদিগহইতে আঘাত -কৃ; *to agitate,* আন্দোলন-কৃ
Bandy, *v. n.* যুদ্ধ-কৃ
Bandy-legged, *a.* বক্রপদবিশিষ্ট, খঞ্জপাদ

Bane, *s.* বিষ, জহর; *ruin,* ক্ষতি, নাশ
Baneful, *a.* বিষযুক্ত, বিষাক্ত; *hurtful,* অপকারক, নাশক
Bang, *s.* কিল, থাবড়া
Bang, *v. a.* কিল-মার, চড়-মার, ঠেঙ্গাও
Banian, *s.* বণিক্, বেণ্যা, মহাজন
Banish, *v. a.* শহর বদল-কৃ, দেশান্তর-কৃ; *to drive away,* দূর-কৃ ত্যাগ-কৃ [লি
Banishment, *s.* দেশান্তর করণ, শহর বদ
Bank, *s.* — *of a river,* কিনারা, তীর, কাঁধা, ধার; *a mound,* মৃত্তিকার ঢিপি, স্তূপ; *a sand bank,* চড়া; *bank in commerce,* কুঠী, মহাজনের কুঠী
Bank-note, *s.* বেঙ্কনোট, টিপ [দার
Banker, *s.* বণিক্, বেণ্যা, কুঠিওয়ালা, পো
Bankrupt, *s.* দেউলিয়া, নির্ধন
Bankruptcy, *s.* দেউলামী, সর্ব্বহানি
Banner, *s.* যুদ্ধ পতাকা, ধ্বজা, নিশান
Bannian, *s.* অঙ্গরাখা, মের্জাই
Bannian-*tree, s.* বটবৃক্ষ
Banquet, *s.* মহা ভোজ, ভোজ
Banter, *v. a.* বিদ্রূপ-কৃ, ঠাট্টা-কৃ, গদ্য-কৃ, ফষ্টি-কৃ, বটকেরা-কৃ,
Banter, *s.* বিদ্রূপ, ঠাট্টা, গদ্য, ফষ্টি
Bantling, *s.* পরিহাস বাক্যে ছেল্যে
Baptism, *s.* খ্রীষ্টীয়ান মতাবলম্বী হওনের চিহ্ন, ডুব, অবগাহন, স্নান
Baptist, Baptizer, *s.* ডুব মতাবলম্বী
Baptistry, *s.* যে ডুবকুণ্ডেতে খ্রীষ্টীয়ান ধর্ম্মের চিহ্ন দেওয়া যায়
Baptize, *v. a.* ব্যাপটাইজ-কৃ, ডুব দেওয়াও, জল রূপ চিহ্ন দ্বারা খ্রীষ্টীয়ান মণ্ডলীর মধ্যে প্রবিষ্ট করাও
Bar, *v. a. to fasten,* রুদ্ধ-কৃ, বন্দ-কৃ, হুড় কা-দা; *to hinder,* বাধা-কৃ, প্রতিবন্ধ-কৃ; *to prohibit,* নিষেধ-কৃ, নিবারণ-কৃ
Bar, *s. a piece of wood or iron, to hinder entrance,* কাষ্ঠময় বা লৌহময় হুড় কা, অর্গল; *an obstacle,* প্রতিবন্ধক, বা ধা; *a bank of sand at the mouth of a river,* সমুদ্রের সঙ্গম স্থানীয় যে চড়ার দ্বারা জাহাজ আসিবার বাধা জন্মে; (*in a court of justice,*) আদালতের যে স্থানে অপরাধিব্যক্তিকে বিচারিত হওনার্থ দাঁড় করাণ যায় *a bar of gold or silver,*

Digitized by Google

সোণা বা রূপার বাট; *gentleman of the bar,* উকীল বা কৌন্সলী
Barb, *s. a beard,* শূঁয়া, দাড়ি; — *of an arrow,* তীরের আলি বা হুল বা ফলা
Barb, *v. a. to shave,* ক্ষৌরী-কৃ, দাড়ি কামা; — *an arrow,* তীরের ফলাতে আলি বা হুল-দা
Barbacan, *s.* দুর্গ, বুরুজ
Barbarian, *s.* অসভ্য ব্যক্তি, বন্য; *a brutal man,* নির্দয় বা নিষ্ঠুর ব্যক্তি
Barbaric, *a.* অসভ্য, অশিষ্ট, নির্দয়
Barbarism, *s.* অশুদ্ধ ভাষা; অসভ্যতা
Barbarity, *s.* অসভ্যতা, নিষ্ঠুরতা, নির্দয়তা
Barbarous, *a. savage;* অসভ্য; *ignorant,* অজ্ঞান; *cruel,* নির্দয়, নিষ্ঠুর
Barber, *s.* নাপিত, মুণ্ডক, নরসুন্দর, নাই, হাজাম
Bard, *s.* কবি, ভাট, স্তুতিবাদক
Bare, *a. naked,* নগ্ন, অনাবৃত, লেঙটা; *simple,* অভূষিত, অলঙ্কারহীন; *detected,* প্রকাশ; *poor,* গরিব, দরিদ্র; *mere,* কেবল, মাত্র
Bare, *v. a.* উলঙ্গ-কৃ, বিবস্ত্র-কৃ
Barefaced, *a.* নির্লজ্জ, বেহায়া
Barefoot, *s.* খালি পা, জুতা বা পাদুকাহীন
Barely, *ad.* শুদ্ধ, মাত্র, প্রায়
Bargain, *s.* পণ, কোটি, বন্দোবস্ত, চুক্তি; *he got a bargain,* তিনি অতি সুমূল্যে পাইলেন
Bargain, *v. n.* ক্রয় বা বিক্রয়ের বন্দোবস্ত-কৃ, রফা-কৃ
Barge, *s.* ক্রীড়ার্থ নৌকাবিশেষ, বায়ুসেবনার্থ নৌকা, বজরা, ময়ূরপঙ্খি
Bark, *s. the rind,* ছাল, বাকল, ত্বক্‌; *a small ship,* ক্ষুদ্র জাহাজ
Bark, *v. n.* কুক্কুরের ন্যায় রব-কৃ, খেউং২-কৃ
Bark, *v. a.* গাছের ছাল-তুল
Barley, *s.* যব, বিলাতি যব, শীতশূক
Barley-*corn, s.* যবের দানা
Barm, *s.* শরাপ ভেজাল করিবার নিমিত্ত বা রুটি ফাঁপাইবার নিমিত্ত যে দ্রব্য দেওয়া যায় তাহা
Barn, *s.* গোলা, আড়ি, গোলা ঘর
Barnacle, *s.* গুগ্‌লি, ক্ষুদ্র শামুক
Barometer, *s.* বায়ুর লঘুত্ব বা গুরুত্ব নির্ণেয় যন্ত্র
Barometrical, *a.* উক্ত যন্ত্র সম্বন্ধীয়
Baron, *s.* ইঙ্গলণ্ডদেশে এক প্রকার পৈতৃক উপাধি বা কৌলীন্য
Baroness, *s.* উক্ত উপাধি বিশিষ্ট কুলীনের স্ত্রী
Baronet, *s.* ইঙ্গলণ্ডে পৈতৃক যে সকল উপাধি তাহার মধ্যে সর্বাপেক্ষা নীচস্থ
Barony, *s.* Baron উপাধির সম্ভ্রম বা পদ
Barrack, *s.* সৈন্যের বাসার্থ নির্মিত ঘর
Barratry, *s.* মোকদ্দমা বাধাওনের অপরাধ
Barrel, *s. a vessel,* পিপা; *the barrel of a gun,* বন্দুকের চুঙ্গি বা নলি
Barren, *a.* বন্ধ্যা, বাঁঝা, অফলা, অনর্থক
Barrenness, *s.* বন্ধ্যতা, অফলতা
Barricade, *v. a.* রুদ্ধ-কৃ, বন্দ-কৃ, অবরোধ-কৃ
Barricade, Barricado, *s.* অবরোধার্থ দুর্গ
Barrier, *s.* অবরোধ, বেড়া, ঘেরা; *a limit,* সরহদ্দ, সীমানা
Barrister, *s.* আদালতের উকীল
Barrow, *s.* হস্তদ্বারা চালনীয় গাড়ি
Barter, *v. a.* বিনিময়-কৃ, পরিবর্ত্ত-কৃ, মার্জ্জা-কৃ
Barter, *v. n.* অদলবদল-কৃ
Barter, *s.* অদলবদল, বিনিময়, বাণিজ্য, কেনাবেচা
Base, *s.* মূল, গোড়া, তলা; *in music,* গম্ভীর বা খাদ সুর
Base, *a.* পামর, অধম, নীচ, হেয়, ছেঁচড়া টেপাগোঁজা; *base born,* জারজ; *base metals,* সোণা রূপাভিন্ন ধাতু
Basely, *ad.* কদর্য্যরূপে, নীচরূপে, কুৎসিতরূপে
Baseness, *s.* নীচত্ব, অধমত্ব, পামরতা, কদর্য্যতা
Bashaw, *s.* তুরক দেশীয় বাদশাহী সৈন্যাধ্যক্ষ উপাধি
Bashful *a.* লাজুক লজ্জান্বিত, মেনিমুখ,
Bashfulness, *s.* লাজুকতা
Basilicon, *s.* মলম বিশেষ, প্রলেপ ঔষধ
Basilisk, *s.* সর্পবিশেষ
Basin, Bason, *s.* পাত্র, বাটি, পেয়ালা খুরি; *a small pond,* জলাশয়, ক্ষুদ্রপুষ্করিণী
Basis, *s.* মূল, বনিয়াদ, গোড়া, জড়
Bask, *v. a.* তাপ-লও, রৌদ্র-পোহা
Bask, *v. n.* রৌদ্রে পোহাইয়া-থাক
Basket, *s.* টুকরি, চুপড়ি, চেঙ্গারি, পেটারা

Digitized by Google

Basket-maker, *s.* ডোম
Bass, *s.* গভীর বা মোটা স্বর
Bassoon, *s.* শানাইবিশেষ
Bastard, *s.* জারজ, বিজন্ম, কুণ্ড; *son of a widow*, গোলক [-কৃ
Claret, *s.* ফ্রান্স দেশীয় উত্তম লাল সরাপ

Clarification, *s.* মল বা গাদ কাটন, নির্ম্মল করণ

Clarify, *v. a.* নির্ম্মল-কৃ, মল বা গাদ-কাট

Clarion, *s.* তুরী, রণ শিঙ্গা

Claritude, Clarity, *s.* প্রভা, পরিষ্কার, শোভা, নৈর্ম্মল্য

Clash, *v. a.* আঘাতের দ্বারা শব্দ-কৃ; *to op-*

Digitized by Google

pose, বিপরীত-কৃ, বাদানুবাদ-কৃ, দ্বেষা দ্বেষ-কৃ
Clash, *v. n.* পরস্পর আঘাতের দ্বারা শব্দ জন্মা [*opposition*, বৈপরীত্য
Clash, *s.* দুই বস্তুর পরস্পর আঘাতের শব্দ;
Clasp, *v. a.* কোন বস্তুর দ্বারা বদ্ধ-কৃ; *to embrace*, আলিঙ্গন-কৃ, কোলাকোলী-কৃ
Clasp, *s.* আঁকড়া; *an embrace*, কোলে করণ
Clasp-*knife*, *s.* চাকু ছুরী
Class, *v. a.* বর্গক্রমে শ্রেণী-কৃ, জাত্যনুসারে বিভাগ-কৃ [দায়
Class, Classis, *s.* বর্গ, শ্রেণী, পায়া, সম্প্র
Classic, *s.* প্রধানপণ্ডিত, উত্তম গ্রন্থরচক
Classical, *a.* উত্তম বা আদি গ্রন্থ সম্বন্ধীয়
Clatter, *s.* ঝন্‌ঝন্, খড়্‌খড়্ ইত্যাদি শব্দ, কলরব
Clatter, *v.* খড়্‌খড়্-কৃ, বিড়্‌বিড়্-কৃ
Clavicle, *s.* কণ্ঠাস্থি
Clause, *s.* পদ, চরণ, বাক্যের অংশ, প্রক রণ; *a particular stipulation*, নিয়ম
Claw, *s.* পশুপক্ষ্যাদির নখ বা থাবা
Claw, *v. a.* নখদ্বারা বিদারণ-কৃ, আঁচড়া
Clay, *s.* কর্দম, কাদা, আটাল মাটি, দোআঁশ মাটি
Clay, *v. a.* কর্দমলিপ্ত-কৃ [মরা
Clay-*cold*, *a.* মৃত্তিকাবৎ শীতল, নির্জীব,
Clay-*pit*, *s.* কাদার গর্ত্ত
Clean, *a. free from dirt*, নির্মল, পরিষ্কার, শুচি; *guiltless*, নিষ্পাপ, পবিত্র; *neat*, উত্তম, সুতরা [সাপ-কৃ
Clean, *v. a.* পরিষ্কার-কৃ, শুদ্ধ-কৃ, পবিত্র-কৃ,
Clean, *ad.* সর্ব্বতোভাবে, সম্পূর্ণরূপে
Cleanly, *a.* পরিষ্কার, নির্ম্মল, পরিপাটী
Cleanly, *ad.* উত্তমতারূপে, নির্ম্মলতারূপে
Cleanness, *s.* শুদ্ধতা, নির্ম্মলতা, পরিষ্কার্য্য পারিপাট্য [-কৃ
Cleanse, *v. a.* নির্ম্মল-কৃ, পবিত্র-কৃ, নির্দোষ
Clear, *a. bright*, দীপ্র, উজ্জ্বল, ধপ্‌ধপ্, ফরসা; *pure*, নির্ম্মল, শুদ্ধ; *evident*, স্পষ্ট; *guiltless*, নির্দোষ, নিষ্পাপ; *out of debt*, অঋণী; *unobstructed*, খোলা, নিষ্কণ্টক
Clear, *adv.* নিঃসন্দেহে, সম্যক্ প্রকারে
Clear, *v. a. to make bright*, উজ্জ্বল-কৃ, দীপ্তি-কৃ; *to make evident*, স্পষ্ট-কৃ; *to justify*, নির্দোষ-কৃ, যথার্থ-কৃ; *to remove an encumberance*, নিষ্কণ্টক-কৃ; *to clear a ship*, জাহাজের মাসুল দিয়া খালাস-কৃ
Clear, *v. n.* দীপ্তিমান-হ
Clearance, *s.* ছাড় চিঠী, রওয়ানা
Clearer, *s.* উজ্জ্বলকারী, পরিষ্কারক
Clearly, *ad.* শুদ্ধরূপে, স্পষ্টরূপে, প্রত্যক্ষ রূপে, নিতান্ত [তা
Clearness, *s.* দীপ্তি, শুদ্ধতা, শোভা, স্পষ্ট
Clearsighted, *a.* তীক্ষ্ণদৃষ্টি, তীক্ষ্ণবুদ্ধি, সদ্বিবেচক [শক্ত-কৃ
Clearstarch, *v. a.* মাড় বা লেইর দ্বারা
Cleave, *v. a.* চেপটিয়া-লাগ, যোড়া-লাগ
Cleave, *v. n.* ফাড়, চের, বিদীর্ণ-কৃ
Cleaver, *s.* মাংসকাটা কাটারী
Cleft, *s.* চির, ফাইট, ফাক্, ফাটা
Cleft, *part.* ফাটা, চেরা, বিদারিত
Clemency, *s.* দয়া, মায়া, কৃপা, করুণা
Clement, *a.* মৃদু, কৃপালু, দয়ালু, ক্ষমাবান্
Clench, *v. a. to hold in the hand*, মুষ্টির দ্বারা-ধৃ; *to clench a nail*, প্রেগের আগা-মোড়া
Clepsydra, *s.* জলঘড়ী
Clergy, *s.* খ্রীষ্টের ধর্ম্মোপদেশক, পাদরি
Clergyman, *s.* ধর্ম্মোপদেশক, পুরোহিত, পাদরি
Clerical, *a.* পুরোহিতসম্বন্ধীয়
Clerk, *s. a clergyman*, পুরোহিত, ধর্ম্মো পদেশক; *a writer*, লেখক, মুহুরির; *a scholar*, বিদ্বান্
Clerkship, *s.* মুনসীগিরি; উপদেশকতাপদ
Clever, *a.* চতুর, চালাক, দক্ষ, চৌকস, নি পুণ, পারগ, তৎপর [নৈপুণ্য
Cleverness, *s.* চালাকী, চতুরতা, পারগতা,
Clew, *s.* সূতার নুটি বা গুলিকা; *a guide*, পথদর্শক, কর্ম্মের খেই; *the end of a sail*, পালির কোণা
Clew, *v. a.* পালি-গুটা [শব্দ-কৃ
Click, *v. a.* বড় ঘড়ীর ন্যায় খিট্‌খিট
Client, *s.* মওক্কেল, অনুগত ব্যক্তি
Cliff, or Clift, *s.* আরড়ি, ভৃগু [কাল
Climacteric, *s.* শরীরের ভাবান্তর হওনের
Climate, Clime, *s.* জলবাতাস; দেশবিশেষ
Climax, *s.* উত্তরোত্তর বাক্য বৃদ্ধি করণ

Digitized by Google

Climb, *v. a.* আরোহণ-কৃ, চড়, ঊর্দ্ধগমন-কৃ
Climb, *v. n.* আরোহী-হ
Climber, *s.* চড়ে যে; *a plant,* লতা, লতিকা
Clinch, *v. a.* মুটা করিয়া-ধৃ; *to clinch a nail,* প্রেগের আগা মোড়া; *to fix,* দৃঢ়-কৃ
Clinch, *s.* দ্ব্যর্থক শব্দ [জড়িয়া-লাগ
Cling, *v. n.* চেপটিয়া-লাগ, আঁকড়িয়া-ধৃ,
Clinical, *a.* শয্যাগত রোগী
Clink, *v. a. Click* শব্দ দেখ [আলিঙ্গন-কৃ
Clip, *v. a.* ছাট, কাট, কর্ত্ত; *to embrace,*
Clipper, *s.* মুদ্রা ছাটিয়া লয় যে
Clipping, *s.* ছাট, খণ্ড, টুকরা
Cloak, *v. n.* ঢাক, আচ্ছাদন-কৃ, গুপ্ত-কৃ, ছাপিয়া-রাখ [ছল
Cloak, *s.* কুর্ত্তি, আঙ্গরাখা; *a concealment,*
Cloak-*bag, s.* খুরসি [*ing,* মোজার ফুল
Clock, *s.* বড় ঘড়ী; *ornament of a stock-*
Clockmaker, *s.* বড় ঘড়ী নির্ম্মাণকর্ত্তা
Clockwork, *s.* ঘড়ীর ক্রমশ গতি
Clod, *s.* ঢেলা, তাল, লোষ্ট্র, মৃৎপিণ্ড; *a stupid fellow,* নির্বোধ, গোঁয়ার
Clod, *v. a.* ঢেলা-মার
Clod, *v. n.* জড়ীভূত-হ [বুদ্ধি
Clodpate, Clodpoll, *s.* মুর্খ, বোকা, স্থূল
Clog, *s. a load,* বোঝা; *an obstruction,* বাধা, ব্যাঘাত; *a wooden shoe,* খড়ম
Clog, *v. a.* বাধা-কৃ, ব্যাঘাত-কৃ, আটকা, রোধ-কৃ
Clog, *v. n.* জমাট-হ [রী
Cloister, *s.* মঠের কুঠরী, ধর্ম্মশালার কুঠ
Cloister, *v. a.* ধর্ম্মশালায় কোন ব্যক্তিকে রাখ বা বন্ধ-কৃ
Close, *v. a. to shut,* বন্ধ-কৃ, রুদ্ধ-কৃ; *to end,* শেষ-কৃ, সাঙ্গ-কৃ, সমাপ্ত-কৃ; *to close the eyes,* চক্ষু মুদ [বন্দোবস্ত-কৃ
Close, *v. n.* সংযুক্ত-হ; *to close with,*
Close, *s. an enclosure,* ঘেরা স্থান বা ক্ষেত্র; *the end,* শেষ, সমাপন
Close, *a. shut fast,* মুদিত, বদ্ধ, মুদ্রিত; *confined,* ঘেরিত, বেষ্টিত; *compact,* নিরাট; *near to,* নিকটবর্ত্তী; *reserved,* খোলাসা নহে যে; *covetous,* ব্যয়কুণ্ঠ; *cloudy,* নির্বাত, নিঝুম, ঘোর
Closehanded, *a.* কৃপণ, ব্যয়কুণ্ঠ

Closely, *ad.* কাছাকাছি; দৃঢ়মতে, গুপ্তরূপে
Closeness, *s.* বদ্ধতা; *compactness,* ঘনতা, সঙ্কীর্ণতা; *nearness,* সংলগ্নতা; *secrecy,* গুপ্ততা
Closestool, *s.* সেতখানার পাত্র, মলাধার
Closet, *s.* কামরা, কুঠরী, নিভৃত স্থান
Closet, *v. a.* নির্জনে বদ্ধ-কৃ, গুপ্তরূপে আলাপার্থ কুঠরীতে গম
Closure, *s.* বেষ্টন করণ, ঘেরণ
Clot, *s.* জমাট, জমন, বসন; ঢেলা
Clot, *v. a.* বস, ঘন, জম; ঢেলা প্রস্তুত-কৃ
Cloth, *s.* বস্ত্র, পরিচ্ছদ, আচ্ছাদন, বাসস্, কাপড়; *table cloth,* মেজের চাদর
Clothe, *v. a.* বস্ত্র পরিধান করাও, বেশ ভূষণ-কৃ
Clothe, *v. n.* পরিচ্ছন্ন-হ
Clothier, *s.* তন্তুবায়, তাঁতী, কাপড়িয়া
Cloaths, Clothes, *s.* পরিচ্ছদ, পোশাক, বস্ত্র, কাপড়, পরিধেয়
Clotpoll, *s.* মুর্খ, মুঢ়
Cloud, *s. a collection of vapors,* মেঘ, জলধর, বাদল; *a state of darkness,* অন্ধকার, ঘোর, আঁধি
Cloud, *v. a.* মেঘাচ্ছন্ন-কৃ, অন্ধকার-কৃ
Cloud, *v. n.* মেঘাচ্ছাদিত-হ
Cloudcapt, *pa.* মেঘাবৃত
Cloudiness, *ad.* মেঘাচ্ছন্নতা
Cloudiless, *s.* মেঘশূন্য, ফরসা, খোলাসা
Cloudy, *a.* মেঘলা, ঘোর, অন্ধকার, দুর্যোগ
Cloudy-*day, a.* দুর্দ্দিন
Cloven, *pa.* চেরা, ফাটা, বিদীর্ণ
Cloven-*hoofed, a.* দ্বিভাগ খুরবিশিষ্ট
Clover, *s.* উত্তমপ্রকার ঘাস; *to live in clover,* স্বচ্ছন্দে কাল-যাপ
Cloves, *s.* লবঙ্গ, দেবকুসুম, লং
Clout, *s.* গামছা, মার্জনী, লেকড়া
Clout, *v. a.* তালি-দা
Clout, *v. n. to strike,* চাপড়-মার
Clouted, *pa.* ঘনীভূত, জমা, বসা [চাসা
Clown, *s.* অসভ্য ব্যক্তি, গোঁয়ার, মূঢ়,
Clownish, *a.* অসভ্য, অশিষ্ট, মূঢ়, আনাড়ী [য়ার্ত্তিমি, চাসামি
Clownishness, *s.* মূঢ়তা, অসভ্যতা, গোঁ
Cloy, *v. a.* পরিতৃপ্ত-হ, অপরিমিত আহারের দ্বারা বিতৃষ্ণা-জন্মা

Digitized by Google

Club, *s.* মুগা, যষ্টি, লাঠি, ঠেঙ্গা; *an association*, সভা [হাস্য-কৃ
Club, *v. n.* চাঁদার দ্বারা কোন বিষয়ের সা
Clublaw, *s.* লাঠির ব্যবস্থা
Clubroom, *s.* সভার ঘর, বৈঠক স্থান
Cluck, *v. a.* কুক্কুটীর ন্যায় শব্দ-কৃ
Clump, *s.* অপরিষ্কৃত কাষ্ঠ খণ্ড; *a clump of trees*, গাছের ঝাড়
Clumps, *s.* একগুঁয়ে
Clumsily, *ad.* আনাড়িরূপে, মূঢ়ের ন্যায়, কদর্য্যরূপে [রিপক্কতা
Clumsiness, *s.* আনাড়িপনা, কাঁচামি, অপ
Clumsy, *a.* আনাড়ি, অপটু, গোবরা, কুৎসিত, কাঁচা [ঝাড়
Cluster, *s.* কাঁদি, থলুয়া, গুচ্ছ, থোবা,
Cluster, *v. n.* কাঁদি-কৃ, থোবা-কৃ, গুচ্ছ-কৃ
Clutch, *s.* ধরণ, আঁকড়ন, মুটা, থাবা
Clutch, *v. a.* হাতে-ধৃ, আঁকড়িয়া-ধৃ
Clyster, *s.* যে ঔষধ পিচকারি দ্বারা উদরের মধ্যে প্রবেশ করাণ যায়
Clyster-*pipe*, *s.* পিচকারি
Coach, *s.* চারি চাকার গাড়ি
Coach-*box*, *s.* গাড়ির উপরে যে স্থানে গাড়োয়ান বা সারথি বসে
Coach-*man*, *s.* সারথি, গাড়োয়ান
Coaction, *s.* অত্যাচার, জবরদস্তি
Coactive, *a.* প্রবল, দমন করণ ক্ষম [কারী
Coadjutant, *s.* পরস্পর অনুকূল বা সহ
Coadjutor, *s.* সহকারী, সহায়, সাথী
Coagulate, *v. a.* জম, বস, গাড়-কৃ
Coagulate, *v. n.* গাড়-হ [হওন
Coagulation, *s.* জমন, বসন, গাড় বা ঘন
Coal, *s.* কয়লা; *pit coal*, পাতরিয়া কয়লা; *charcoal*, কাষ্ঠের কয়লা
Coalmine, *s.* কয়লার আকর
Coalpit, *s.* কয়লার গর্ত্ত বা কূপ
Coalery, *s.* পাতরিয়া কয়লার আকর
Coalesce, *v. n.* মিল, সংলগ্ন-হ, সংযুক্ত-হ
Coalescence, *s.* মিলন, সংযোগ, ঐক্য [তা
Coalition, *s.* সংযোগ, ঐক্যমত, একবাক্য
Coaly, *a.* কয়লাযুক্ত [আটকা
Coarct, *v. a.* অল্প স্থানের মধ্যে বন্ধ-কৃ,
Coarse, *a. not fine*, মোটা, পুরু, অধম; *rude*, অসভ্য, অশিষ্ট, চাসা; *mean* নীচ, অধম
Coarsely, *ad.* মোটামোটি, অধমরূপে, সামান্যরূপে
Coarseness, *s.* মোটাই, স্থূলতা, অসূক্ষ্মতা; *rudeness*, অসভ্যতা
Coast, *s.* সমুদ্রের তীর, তট, কিনারা, ধার; *the coast is clear*, পথ নির্ব্বিঘ্ন হইয়াছে
Coast, *v. n.* কিনারায়২ জাহাজ চালা, কূলে২ বাহিয়া-যা
Coaster, *s.* যে জাহাজ বাহিরে যাওনের ভয়ে কেবল কিনারা দিয়া যায়
Coast, *v. a.* নিকটে বহিয়া-যা
Coasting, *s.* ধারে২ জাহাজ চালান
Coat, *s.* কুর্ত্তি, জামা, পুরুষের আঙ্গরাখা
Coat, *v. a.* মুক্ষিত-কৃ, মাখ
Coat of Arms, *s.* কুলীন বংশ্যের বিশেষ চিহ্ন [-দা
Coax, *v. a.* ফুসলা, ভুলা, লোভদর্শা, চাটুকি
Coaxer, *s.* ফুসলানিয়া
Cobble, *v. a.* মোটারূপে কোন বস্তুতে তালি-দা
Cobbler, *s.* মুচি, আনাড়ি, পেতিয়াল, অনিপুণ, কাঁচারূপে কর্ম্মকরে যে
Cobweb, *s.* মাকড়সার জাল
Cochineal, *s.* কৃমিদানা
Cock, *v. a. to set erect*, খাড়া-কৃ; *to set up the hat pertly*, অহঙ্কারসূচক বাঁকারূপে টুপি ধারণ-কৃ; *to prepare the gun for discharge*, বন্দুক ছুড়িবার নিমিত্ত তাহার কল প্রস্তুত-কৃ
Cock, *v. n. to strut*, অহঙ্কাররূপে-চল
Cock, *s. the male of the hen*, কুক্কুট; *the male of any bird*, পুং পক্ষ্যাদি; *a spout to let water out*, জল নিঃসরণের নল; *the cock of a gun*, বন্দুকের ঘোড়া; *a leader*, প্রধান ব্যক্তি; *a heap of hay*, খড়ের গাদি
Cockade, *s.* পল্টনীয় টুপির ফুল
Cockahoop, অত্যাহ্লাদে
Cockatoo, *s.* কাকাতুয়া পক্ষী
Cockatrice, *s.* কল্পিত সর্প, অর্থাৎ যে সর্প মুরগের ডিম হইতে জন্মে
Cockboat, *s.* জাহাজের সঙ্গি ছোট ডিঙ্গী
Cockcrowing, *s.* কুক্কুটের ডাকের কাল অর্থাৎ প্রত্যূষ সময়
Cocker, *v. a.* কোলাকোলি-কৃ, সোহাগ-কৃ

Digitized by Google

Cocker, *s.* কুক্কুটের লড়াইকারক
Cocket, *s.* মাসুল দাখিল জ্ঞাপক ছাড় চিঠী
Cockfight, *s.* কুক্কুটের লড়াই বা যুদ্ধ
Cockhorse, *a.* অশ্বারোহী, জয়ী, আনন্দিত
Cockle, *s.* ঝিনুক, শামুক, শুক্তি
Cocklestairs, *s.* পেঁচাও সিঁড়ি, পাক সিঁড়ি
Cockloft, *s.* সর্ব্বোপরিস্থ কুঠরী, চিলা ঘর
Cockmatch, *s.* কুক্কুট যুদ্ধের খেলা
Cockney, *s.* লণ্ডন নগরীয় লোকের পরিহাসক সাধারণ নাম
Cockpit, *s.* কুক্কুটের যুদ্ধ স্থান; *in a ship,* যুদ্ধ জাহাজের খোলের মধ্যস্থ কুঠরী
Cockroach, *s.* তেলাপোকা, আর্সুলা, তেলচাটা
Cockscomb, *s.* কুক্কুটের শিখা, কুক্কুটের [ন্যায় ফুলিয়া বেড়ায় যে
Cocksure, *a.* নিঃসন্দেহ
Cockswain, *s.* ক্ষুদ্র ডিঙ্গীর মাজি
Cocoanut, *s.* নারিকেল
Coction, *s.* পাক বা সিদ্ধকরণ
Cocoon, *s.* গুটি, কোয়া, গুটিপোকা
Cod, *s.* সমুদ্রীয় মৎস্যবিশেষ; *husk,* খোসা
Code, *s.* আইন বা ব্যবস্থা বা স্মৃতিশাস্ত্র সংহিতা
Codicil, *s.* দানপত্রের ক্রোড়পত্র
Codle, *v. a.* অর্দ্ধসিদ্ধ-কৃ
Coefficient, *s.* বর্গ
Coemption, *s.* কোন দ্রব্যের সমুদায় ক্রয় [করণ
Coequal, *a.* সমতুল্য
Coequality, *s.* সমতুল্যতা
Coerce, *v. a.* দমন-কৃ, নিবারণ-কৃ, অসম্মতি [তে করাও
Coercion, *s.* দণ্ড দ্বারা আটক করণ, বল পূর্ব্বক দণ্ডন [ধক, প্রতিরোধক
Coercive, *a.* আটকানের শক্তিবিশিষ্ট, বা
Coessential, *a.* সমভাব, সমাবস্থা
Coetaneous, *a.* সমবয়স্ক [অনন্ত
Coeternal, *a.* সম নিত্য অর্থাৎ সম অনাদি
Coeval, *s.* সমকালজ, সমবয়স্ক, এককালীন
Coexist, *v. n.* এক কালে জীবিত-থাক
Coexistent, *a.* সমকাল জীবী, এককালীন
Coffee, *s.* কাওয়া, কাপি
Coffee-*house*, *s.* জলপানের সরাই
Coffee-*pot*, *s.* কাওয়াদানী
Coffer, *s.* টাকার সিন্দুক, ধনাগার [ঞ্চী
Cofferer, *s.* বাদশাহের নিজব্যয়ের খাজা
Coffin, *s.* শবের সিন্দুক

Cog, *v. a.* ফুসলা, ভুলা
Cog, *v. n.* ঠগা
Cog, *s.* চক্রাদির দাঁড় বা পাকি
Cogency, *s.* প্রবলতা, বল, পরাক্রম, শক্তি, জোর [বশ্যক
Cogent, *a.* প্রবল, পরাক্রান্ত, অবাধ্য, অা
Cogitate, *v. n.* চিন্তা-কৃ, ধ্যান-কৃ [চনা
Cogitation, *s.* ধ্যান, চিন্তা, ভাবনা, বিবে
Cognate, *a.* সহজাত, সজাতীয়, জাতি
Cognition, *s.* জ্ঞান, নিশ্চয় জ্ঞান
Cognizable, *a.* আদালতে বিচার্য্য [সন্ধান
Cognizance, *s.* বিচার, বিচারার্থ অনু
Cognominal, *a.* সমনাম ধারী
Cohabit, *v. n.* সহবাস-কৃ, স্ত্রী পুরুষের ন্যায় সংসর্গ-কৃ
Cohabitant, *s.* সহবাসী [সম্ভোগ করণ
Cohabitation, *s.* সহবাস করণ, সংসর্গ করণ,
Coheir, *s.* সমান উত্তরাধিকারী, সমভোগী
Coheiress, *s.* সমান উত্তরাধিকারিণী
Cohere, *v. n.* সংলগ্ন-হ, সংযুক্ত-হ, মিল
Coherence, Coherency, *s.* সংলগ্নতা, সংযোগ; *connection,* সম্পর্কতা, ঐক্যতা
Coherent, *a.* সংযুক্ত, সংলগ্ন, সঙ্গত, সম্মিলিত [সম্বন্ধ
Cohesion, *s.* সংযোগ, সংঘটনা, সম্পর্ক,
Cohesive, *a.* সংযোজক, সংঘটক
Cohobate, *v. a.* দ্বিতীয়বার চোয়া [দল
Cohort, *s.* প্রাচীন রোমীয় পঞ্চশত সৈন্যের
Coif, *s. a lady's cap,* বিবির টুপি; *a counsellor's cap,* উকীলেরদের টুপি, মস্তকাবরণ
Coiffure, *s.* খোপা, মস্তকাবরণ
Coil, *v. a.* রজ্জুপ্রভৃতির তাল-পাকা, কুণ্ডলী-কৃ [গোল, কলরব
Coil, *s.* তালপাকান দড়ি; *tumult,* গণ্ড
Coin, *s.* মুদ্রা, টাকা, মোহর সিকি প্রভৃতি
Coin, *v. a.* মুদ্রা-কৃ, টাকা নির্ম্মাণ-কৃ; *to invent,* সৃষ্টি-কৃ [ব্যয়; মুদ্রা
Coinage, *s.* মুদ্রা প্রস্তুত করণ, মুদ্রা করণের
Coincide, *v. n.* এক চিত্ত-হ, মিল, সমতা-হ, ঐক্য-হ [ভাব
Coincidence, *s.* সম্মতি, ঐক্য, মিল, সম
Coincident, *a.* সমভাব, একচিত্ত, এক সমান
Coiner, *s.* মুদ্রা নির্ম্মাণকারক

Digitized by Google

Coir, *s.* নারিকেলের ছোবড়া
Coition, *s.* সঙ্গম, সংসর্গ, রতিরঙ্গ
Colander, *s.* ছাকনি, চালনি
Colation, Colature, *s.* ছাকন, চালন
Cold, *a.* *not hot,* শীত, জাড়, হিম, শীতল, ঠাণ্ডা; *without passion,* অনাসক্ত; *not friendly,* মিত্রভাবহীন
Cold, *s.* শীতত্ব, হিমত্ব, শীতবোধ; *disease caused by cold,* সর্দি, কফ, শ্লেষ্ম
Coldblooded, *a.* নির্দয়, নিষ্ঠুর
Coldish, *a.* কিঞ্চিৎ শীতল
Coldly, *ad.* শৈত্যরূপে, অপ্রিয়তারূপে
Coldness, *s.* শীতলতা, হিমতা; *unconcern,* অমনোযোগিতা; *want of passion,* অনুরাগবিহীনতা
Cole, Colewort, *s.* কপি শাকবিশেষ
Colic, *s.* বায়ুশূল, পেটের বেদনা
Collapse, *v. n.* একত্র হইয়া-পত, জড়িযা-পড়, বসিয়া-যা
Collar, *s.* গলাছি, গলবন্ধ, পাট্টা, হাঁসুলি
Collar, *v. a.* টুঁটি বা গলা-ধৃ, ঘাড়-ধৃ; *to slip the collar,* মুক্ত-হ
Collar-*bone, s.* কণ্ঠাস্থি
Collate, *v. a.* মিলা, পুস্তক ঐক্য করিযা শোধ, খুঁটা; *to bestow,* দা
Collateral, *a.* সমান সমান, পাশাপাশী; *having a common ancestor,* জ্ঞাতিসম্বন্ধীয়; *collateral evidence* অনুভব সম্বন্ধ সাক্ষী
Collation, *s.* *a bestowal,* দান, প্রদান; *a comparison,* ঐক্য করণ, মিলন, খতান; *a repast,* লঘু আহার
Collator, *s.* ধর্ম্মানুষ্ঠানে নিয়োজক, দাতা; — *of books,* নানা পুস্তকের ঐক্যকর্ত্তা
Colleague, *s.* সঙ্গী, এক বিষয়ী, কর্ম্মের অংশী
Collect, *v. a.* একত্র-কৃ, সঞ্চয়-কৃ, জড়-কৃ, কুড়া, গোচা; *to infer,* অনুভব-কৃ; *to collect one's self,* স্থির-হ
Collect, *s.* সংক্ষেপ প্রার্থনা
Collection, *s.* সংগ্রহ করণ, সমাহার, গুচ্ছ, কাঁড়ি, রাশি, স্তূপ
Collective, *a.* সংগৃহীত, একত্রীকৃত, সমাহৃত [সকলেমিলে
Collectively, *ad.* সমুদায়, সর্ব্বসুদ্ধা, সকলে,
Collector, *s.* সংগ্রাহক, একত্র কারক; *a tax gatherer,* রাজস্ব আদায়কারক, তহসীলদার, কালেকটর
College, *s.* কোন কর্ম্ম নির্ব্বাহার্থ সভা, চৌপাড়ী, চতুষ্পাঠী, বিদ্যালয়, মঠ
Collegian, *s.* মঠবাসী বিদ্যালয়স্থ ছাত্র
Collegiate, *a.* বিদ্যালয়সম্বন্ধীয়
Collier, *s.* *a coal digger,* পাতরিয়া কয়লা খননকারী; *a coal merchant,* পাতরিয়া কয়লার মহাজন; *a coal ship,* পাতরিয়া কয়লা বাহক জাহাজ
Colliery, *s.* পাতরিয়া কয়লার আকর
Colliflower, *s.* ফুলকপি
Colligation, *s.* একত্র বন্ধন
Colliquate, *v. n.* দ্রব-হ
Colliquate, *v. a.* দ্রব-কৃ, গল
Collision, *s.* দুই বস্তুর পরস্পর আঘাত, প্রত্যাঘাত, টক্কর, ধাক্কা
Collocate, *v. a.* স্থাপন-কৃ, নিযুক্ত-কৃ
Collocation, *s.* স্থাপন করণ, নিযুক্ত করণ
Collop, *s.* মাংসখণ্ড, টুকরা
Colloquial, *a.* কথোপকথন সম্বন্ধীয়, সচরাচর সম্বন্ধীয় [আলাপ
Colloquy, *s.* কথোপকথন, কথাবার্ত্তা,
Collusion, *s.* প্রতারণা করণার্থ গুপ্ত মন্ত্রণা, ছল, গণতা, শঠতা, তন্ত্রতা [বিশিষ্ট
Collusive, *a.* প্রতারণা বা প্রবঞ্চনা বা শঠতা
Collyrium, *s.* কজ্জল, অঞ্জন, শূর্ম্মা
Colon, *s.* বাক্যচ্ছেদ সূচক বিন্দু, যথা (:)
Colonel, *s.* সৈন্যদলের অধ্যক্ষ
Colonial, *a.* দেশ পত্তনসম্বন্ধীয়
Colonise, *v. a.* স্বদেশত্যাগপূর্ব্বক নূতন দেশে বসতি-কৃ, দেশপত্তন-কৃ
Colonist, *s.* ভিন্নদেশে বসতিকারী
Colonization, *s.* স্বদেশ ত্যাগপূর্ব্বক অন্য দেশে বসতিকরণ
Colonnade, *s.* স্তম্ভশ্রেণী
Colony, *s.* কলনি, অর্থাৎ স্বদেশ ত্যাগপূর্ব্বক অন্য দেশে বসতি
Colophony, *s.* ধুপ ধুনা
Colorate, *a.* চিত্রিত, রঙ্গাণ, ছাপান
Colorific, *a.* বর্ণকরণ ক্ষমতাবিশিষ্ট
Colossal, *a.* অতিবৃহৎ, প্রকাণ্ড, বিশাল
Colossus, *s.* প্রকাণ্ড মুর্ত্তি
Colour, *s.* *hue,* বর্ণ, রং; *freshness of the*

Digitized by Google

fair, মুখে রক্তিমা বর্ণের আভা; *appearance*, দৃষ্টে, দেখিয়া; *pretence*, ছল, বাহানা, ওজর
Colour, *v. a.* রং-দা, বিচিত্র-কৃ; *to cloak*, দোষ-ঢাকা, দোষ-ছাপা
Colour, *v. n.* লজ্জা-পা, লজ্জিত-হ
Colouring, *s.* বর্ণ করণ, রঙ্গাওন
Colourist, *s.* পটুয়া, রংকারক, চিত্রকর
Colours, *s.* ধ্বজ, পতাকা, নিশান
Colt, *s.* ঘোটকের বাচ্চা; আনাড়ি
Columbary, *s.* পায়রা বা ঘুঘুর খোপ
Columbo-*root*, *s.* কলম্বো
Column, *s.* স্তম্ভ, থাম; — *of troops*, সৈন্যশ্রেণী; — *in a page*, কলম, দুই তিন ভাগে বিভক্ত পৃষ্ঠার প্রত্যেক ভাগ
Comate, *s.* মিত্র, বন্ধু
Comb, *v. a.* চুল বা অন্য কোন বস্তু আঁচড়াইয়া পরিষ্কার-কৃ
Comb, *s.* কাঙ্গই, চিরুণি, কঙ্কতিকা, কেশমার্জনী; *a cock's comb*, ফুলকা; *a honey comb*, মধুর চাক
Combat, *v. a.* যুদ্ধ-কৃ সংগ্রাম-কৃ, লড়
Combat, *v. n.* বিরুদ্ধাচারি-কৃ
Combat, *s.* যুদ্ধ, সংগ্রাম, সমর, লড়াই
Combatant, *s.* যোদ্ধা, বীর, লড়াক
Combination, *s.* সংযোগ, মেল, সংসর্গ, যুক্তি, কোন কর্ম্ম নির্ব্বাহার্থ ঐক্য-হওন
Combine, *v. a.* মিল, সংযোগ-কৃ
Combine, *v. n.* ঐক্য-হ, যোগ-হ, সংযুক্ত-হ
Combustible, *a.* অনায়াসে জ্বলনীয়, দহনীয়, সহজে দাহ্য
Combustion, *s.* অগ্নিদাহ, জ্বলন; *hubbub*, গণ্ডগোল, গোলমাল, কলহ
Come, *v. n. to move towards*, আগমন-কৃ, দূরহইতে নিকটবর্ত্তী-হ, আইস; *to happen*, ঘট, হ; *to come about*, হ; *to come again*, ফিরে আইস, পুনরাগমন-কৃ; *to come at*, পঁহুছ, প্রাপ, লাগাইল পা; *to come by*, প্রাপ; *to come in*, প্রবেশ-কৃ; *to come in for*, উপযুক্ত সময়ে উপস্থিত-হ; *to come in to*, স্বীকৃত-হ; *to come of*, পরম্পরা-হ, উৎপত্তি-হ; *to come off*, বিপথ-হ; পলায়ন-কৃ, বাঁচ; *to come off*, শেষ-হ; *to come on*, আগমন-কৃ, বর্দ্ধিষ্ণু-হ; *to come over*, বিপক্ষ হইতে সপক্ষ-হ; *to come out*, প্রকাশিত-হ, ব্যক্ত-হ; *to come to*, রাজি-হ; জুমলা-হ; *to come to one's self*, সচেতন-হ; *to come up*, দৃষ্ট-হ; *to come up to*, জুমলা-হ; *to come up with*, লাগাইল-পা; *to come upon*, চড়াউ-কৃ, আক্রমণ-কৃ
Comedian, *s.* সংকরণীয় ব্যক্তি, ভেকী, ভাঁড়
Comedy, *s.* সং
Comeliness, *s.* শোভা, সৌন্দর্য্য, সৌরূপ্য
Comely, *a.* সুন্দর, মনোহর, সুরূপ, সুশ্রী, কান্তি, সুতরা
Comely, *ad.* সুন্দররূপে, উত্তমরূপে
Comet, *s.* ধূমকেতু
Comfit, Comfiture, *s.* শুষ্ক মিঠাইবিশেষ
Comfort, *v. a.* আশ্বাস-দা, সান্ত্বনা-কৃ, থামা
Comfort, *s.* সান্ত্বনা, আশ্বাস, দুঃখের উপশম
Comfortable, *a.* স্বচ্ছন্দ, শান্ত, আরামজনক, সান্ত্বনাজনক
Comfortably, *ad.* স্বচ্ছন্দে, সুখে, আরামে
Comforter, *s.* সান্ত্বনাকারী, আশ্বাসদায়ক
Comfortless, *a.* সান্ত্বনারহিত, নিরানন্দ, অস্বচ্ছন্দ, শোকান্বিত
Comic, *a.* পরিহাসক, কৌতুকীয়, সংসম্বন্ধীয়
Comical, *a.* সংসম্বন্ধীয়, পরিহাসক, কৌতুকী, মস্করা
Comicalness, *s.* মস্করামি
Comically, *ad.* মস্করামিরূপে
Coming, *s.* আইসন, আগমন, পঁহুছন
Coming, *pa.* আগমনশীল, আসিতেছে যাহা, উপস্থিতপ্রায়
Comma, *s.* পদ বিচ্ছেদের লঘু চিহ্নবিশেষ (,)
Command, *v. a. to govern*, রাজ্য-কৃ, শাসন-কৃ; *to order*, আজ্ঞা-কৃ, হুকুম-দা, আদেশ-কৃ; *to overlook*, অতিদূর দৃষ্টিক্ষম
Command, *v. n.* আধিপত্য-হ
Command, *s.* আজ্ঞা, আদেশ, উপদেশ, অনুজ্ঞা, ফরমাইস হুকুম
Commandant, *s.* সৈন্যাধ্যক্ষ
Commander, *s.* অধিপতি, আজ্ঞাকর্ত্তা, শাসনকর্ত্তা, সরদার; — *in the army*, সৈন্যাধ্যক্ষ; — *of a ship*, জাহাজের মালিম বা কাপ্তান বা নাখোদা

Digitized by Google

Commandment, *s.* আজ্ঞা, আদেশ, হুকুম; *law*, বিধি
Commandress, *s.* আজ্ঞাকর্ত্রী, প্রধানা
Commemorable, *a.* সম্ভ্রমের যোগ্য, স্মরণীয়
Commemorate, *v. a.* স্মরণার্থ উৎসব-কৃ, কীর্ত্তিসূচক কোন ব্যাপার-কৃ
Commemoration, *s.* কোন বিষয়ের স্মরণার্থ উৎসব
Commence, *v. n.* আরম্ভ-কৃ, উপক্রম-কৃ, সুরু-কৃ, উৎপন্ন-কৃ [ষ্ঠান, সুরু
Commencement, *s.* আরম্ভ, উপক্রম, অনু
Commend, *v. a.* *to praise*, প্রশংসা-কৃ, স্তব-কৃ; *to recommend*, সুপারিস-দা; *to deliver with confidence*, বিশ্বাসপূর্ব্বক সমর্পণ-কৃ [যোগ্য
Commendable, *a.* প্রশংসনীয়, সুখ্যাতির
Commendation, *s.* প্রশংসা, সুখ্যাতি, যশঃকীর্ত্তন; *recommendation*, সুপারিস
Commendatory, *a.* প্রশংসাসম্বন্ধীয় [কর
Commender, *s.* প্রশংসাকারক, সুখ্যাতি
Commensurable, *a.* সম পরিমাণোপযুক্ত
Commensurate, *v. a.* সমপরিমাণ-কৃ, *a.* তুল্য, সমান
Commensuration, *s.* সম পরিমাণ
Comment, *v. n.* টীকা-লিখ, টীপ্পনী-কৃ, বৃত্তি-কৃ [-কৃ
Comment, *v. n.* *to explain*, ব্যাখ্যা-কৃ, অর্থ
Comment, Commentary, *s.* টীকা, টীপ্পনী, ভাষ্য, বৃত্তি, ব্যাখ্যা [ব্যাখ্যাকর্ত্তা
Commentator, *s.* টীকাকার, ভাষ্যকার,
Commerce, *v. n.* ক্রয় বিক্রয়-কৃ, ব্যবসায়-কৃ, ব্যাপার-কৃ, বাণিজ্য-কৃ; *to hold intercourse with*, সম্ভাষ-কৃ, আলাপ-কৃ
Commerce, *s.* বাণিজ্য, ব্যবসায়, কারবার, ক্রয়বিক্রয়, তেজারৎ, মহাজনী
Commercial, *a.* বাণিজ্যসম্বন্ধীয়, কারবারী, সওদাগরী
Commercially, *ad.* বাণিজ্যসম্বন্ধে
Commination, *s.* অভিশাপ, মনু্য, ভয় প্রদর্শন
Commingle, *v. a.* মিশ্রিত-কৃ, একত্র-কৃ
Comminute, *v. a.* চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ, ধূলিবৎ-কৃ
Comminution, *s.* চূর্ণ করণ, গুঁড়ান

Commiserable, *a.* দয়াযোগ্য, করুণার্হ
Commiserate, *v. a.* দয়া-কৃ, কৃপা-কৃ, করুণা-কৃ, স্নেহ-কৃ [কম্পা
Commiseration, *s.* দয়া, করুণা, কৃপা, অনু
Commissariat, *s.* সৈন্যেরদের ভাবৎ সরঞ্জাম বা আহারীয় দ্রব্য যোগাওনের কর্ম্ম
Commissary, *s.* *a deputy*, প্রতিনিধি, নাএব; *an officer in the army*, যে সেনাপতি সৈন্যেরদের আহারীয় দ্রব্য যোগায়
Commission, *s.* *a trust*, পদার্পণের পত্র; *an officer's warrant*, সেনাপতির সনন্দ; *employment*, কর্ম্মের ভার; *the act of committing*, দুষ্কর্ম্ম করণ; *the sum received by one who acts for another*, কমিস্যন অর্থাৎ দস্তুরী, রসুম
Commission, *v. a.* ভার-দা, নিযুক্ত-কৃ, ক্ষমতা-দা, পদার্পণ-কৃ
Commissioner, *s.* আমীন, কোন কর্ম্মের ভারপ্রাপ্ত ব্যক্তি, কর্ম্মকারক
Commit, *v. a.* *to entrust*, সমর্পণ-কৃ, ভার-দা, জিম্মা-কৃ, গচ্ছিত-কৃ, সোপর্দ-কৃ; *to send to prison*, কয়েদ-কৃ, কারাগারে বদ্ধ-কৃ; *to perpetrate*, দুষ্কর্ম্ম-কৃ; *to commit to memory*, অভ্যাস-কৃ
Committee, *s.* কর্ম্মনির্ব্বাহক সম্প্রদায়, কমিটি
Commix, *v. a.* মিশ্রিত-কৃ, একত্র-কৃ, মিশা
Commixion, Commixture, *s.* মিশ্রণ
Commode, *s.* সেতখানার আসন
Commodious, *a.* উপযুক্ত, যোগ্য, কর্ম্মণ্য
Commodiousness, *s.* উপযুক্ততা, কর্ম্মণ্যতা, যোগ্যতা
Commodity, *s.* *profit*, লাভ, ফল, প্রাপ্তি; *convenience*, উপকার; *wares*, বাণিজ্য দ্রব্য, মাল [পতি
Commodore, *s.* যুদ্ধজাহাজসমূহের অধি
Common, *a.* *public*, সাধারণ, সামান্য, সচরাচর, অস্বামিক; *mean*, নীচ, ইতর; *usual*, প্রচলিত; *prostitute*, বেশ্যা, কুলটা
Common, *ad.* সাধারণ ভাবে [কার থাকে
Common, *s.* যে ভূমিতে অনেকের অধি
Commonalty, *s.* দেশের সামান্য লোকসমূহ
Commoner, *s.* অকুলীন, বিশেষতঃ ইঙ্গলণ্ড

Digitized by Google

দেশে হৌস অফ কমন্স অর্থাৎ প্রজা লোকেরদের সভার অন্তঃপাতী

Commonly, *ad.* প্রচররূপে, পুনঃপুনঃ, সচরাচর, সর্ব্বদা

Commonness, *s.* সামান্যতঃ প্রচলন

Common place, সামান্য, সাধারণ

Commons, *s. the common people,* আপামর সাধারণ; *the House of Commons,* ইঙ্গলণ্ড দেশে পার্লিমেণ্টের দ্বিতীয় অথবা অধস্থ সভা; *fare,* আহার, খোরাক

Commonwealth, *s.* সর্ব্বসাধারণ লোক; সাধারণ প্রভুত্বের শাসন

Commotion, *s. tumult,* কলহ, গণ্ডগোল বিসম্বাদ; *agitation of mind,* অস্থিরতা, উদ্বেগ [মাল-কৃ

Commove, *v. a.* ব্যস্ত-কৃ, অস্থির-কৃ, গোল

Commune, *v. n.* কথোপকথন-কৃ, আলাপ -কৃ, সম্ভাষ-কৃ

Communicable, *a.* জ্ঞাপনীয়, অর্পণীয়

Communicant, *s.* খ্রীষ্টীয়ানেরদের মধ্যে ঈশ্বরীয় ভোজনকারি ব্যক্তি

Communicate, *v. a.* জ্ঞাত-কৃ, প্রকাশ-কৃ, বিদিত-কৃ, সমাচার-দা. কথোপকথন-কৃ

Communicate, *v. n.* খ্রীষ্টীয়ানেদের মধ্যে ঈশ্বরীয় ভোজন-কৃ

Communication, *s. the act of imparting,* বিজ্ঞাপন, বিদিত-করণ, কথাবার্ত্তা; *a passage,* যাতায়াতের পথ

Communicative, *a.* আলাপীয়, বাচাল, কথোপকথনে উদ্যত

Communion, *s. intercourse,* সংসর্গ, আলাপ, গতিবিধি, সম্ভাষ; *celebration of the Lord's supper,* খ্রীষ্টীয়ানেরদের মধ্যে ঈশ্বরীয় ভোজন করণ

Community, *s. the body of the people,* প্রজাসমূহ; *common possession,* সাধারণ অধিকার

Commutable, *a.* পরিবর্ত্তনীয়

Commutation, *s.* পরিবর্ত্তন, বিনিময়

Commute, *v. a.* পরিবর্ত্ত-কৃ, বিনিময়-কৃ

Commute, *v. n.* গুরুদণ্ডের পরিবর্ত্তে লঘু দণ্ড-কৃ

Compact, *s.* নিয়ম, নির্দ্ধারণ, বন্দোবস্ত

Compact, *a.* দৃঢ়, শক্ত, আঁটা, বসা, ঠেসা, ঘনাঘন; *brief,* সংক্ষেপ

Compactly, *ad.* কসারূপে, ঘনরূপে, দৃঢ় রূপে

Compactness, *s.* দৃঢ়তা, কসাকসি, ঘনাঘনি, শক্ততা [সাথী, অংশী

Companion, *s.* মিত্র, সঙ্গী, সখা, সহবাসী,

Company, *s. an assembly of pleasure,* আমোদের সভা; *fellowship,* সহবর্ত্তী; *persons united for trade,* বণিকের সমাজ, কোম্পানি; *a division of a regiment,* সৈন্যের ক্ষুদ্র দল; *to keep company,* সঙ্গে২-যা

Comparable, *a.* উপমেয়, তুলনীয়, তুল্য

Comparative, *a* তারতম্য বিবেচনাযুক্ত; *in grammar,* ব্যাকরণের তর তম প্রত্যয় যথা লঘুতর লঘুতম [পূর্ব্বক

Comparatively, *ad.* তারতম্য বিবেচনা

Compare, *v. a.* উপমা-কৃ, তুলনা-কৃ, খুঁটা, মিলাইয়া-দেখ, ইতরবিশেষ বিবেচনা-কৃ

Compare, *v. n.* প্রতিযোগিতা-কৃ

Compare, *s.* উপমা, তুল্যভাব

Comparison, *s. the act of comparing,* তুলনার দ্বারা নিরূপণ, উপমা, খুঁটা, খুঁটি; *an estimate,* অনুমান; *a similitude,* দৃষ্টান্ত

Compart, *v. a.* বিভাগ-কৃ, অংশ-কৃ

Compartment, *s.* অংশ, ভাগ

Compartition, *s.* বিভাগ করণ, অংশাংশ করণ, পৃথক্ করণ

Compass, *v. a. to encircle,* বেষ্টন-কৃ, ঘের; *to walk round,* প্রদক্ষিণ-কৃ; *to attain,* কৃতকার্য্য-হ, প্রাপ্ত-হ; *to make preparations for,* কোন কর্ম্ম নির্ব্বাহার্থ উদ্যোগ-কৃ

Compass, *s. a circle,* ঘের, বেড়, চক্র; *extent,* স্থল, স্থান; *the mariner's compass,* দিগ্বিদিগ্ নিরূপক যন্ত্র

Compasses, *s.* সূত্রধরপ্রভৃতির কোম্পাস অর্থাৎ পরিমাপক বস্তু [স্নেহ

Compassion, *s.* করুণা, কৃপা, দয়া, মায়া,

Compassionate, *a.* ক্ষমাবান্, দয়ালু করুণাময়

Compassionately, *ad.* দয়াপূর্ব্বক, করুণাপূর্ব্বক, স্নেহপূর্ব্বক [সুমেল

Compatibility, *s.* যোগ্যতা; উপযুক্ততা,

Compatible, *a.* যোগ্য, সঙ্গত, মত, উপযুক্ত

Digitized by Google

Compatriot, *s.* স্বদেশীয়, একদেশীয়, এক দেশজ
Compeer, *s.* সঙ্গী, সাথী, সমমর্য্যাদ
Compel, *v. a.* করাও, বল-কৃ, ধরিয়া কর্ম্মে নিযুক্ত-কৃ [যে
Compeller, *s.* জোরকারী, জবরদস্তি করে
Compendious, *a.* সংক্ষেপ, অবিস্তার, হ্রস্ব, ছোট
Compendium, *s.* সারসংগ্রহ, সংক্ষেপ গ্রন্থ
Compensate, *v. a.* প্রতিফল-দা, নিসা-পূর, ক্ষতি-পূর [পারিতোষিক
Compensation, *s.* প্রতিফল; ক্ষতিপূরণ,
Competence, Competency, *s.* দিনপাতের সংস্থান, সঙ্গতি, নির্ব্বাহ [চুর
Competent, *a.* যোগ্য, উপযুক্ত, কৃতী, প্র
Competently, *ad.* উপযুক্তমতে, প্রচুররূপে
Competible, *a.* সমতুল্য, উপযুক্ত, যোগ্য
Competition, *s.* এক বিষয় অভিলাষ করণ, প্রতিযোগিতা, আড়াআড়ি
Competitor, *s.* এক কর্ম্ম বা দ্রব্যের অভিলাষী, প্রতিযোগী, প্রতিবাধক [গ্রন্থ
Compilation, *s.* সারসংগ্রহ সংহিতা, সার
Compile, *v. a.* সংগ্রহ-কৃ, নানা গ্রন্থ হইতে বাচিয়া একত্র-কৃ
Compiler, *s.* সংগ্রাহক, সংগ্রহকর্ত্তা
Complacency, *s.* প্রসন্নতা, তুষ্টি, সম্মতি; *civility*, সচ্ছীলতা
Complacent, *a.* প্রসন্ন, সন্তুষ্ট, সচ্ছীল
Complain, *v. n.* *to murmur*, কচকচি-কৃ; বিলাপ-কৃ, *to inform against*, নালিস-কৃ, আন্দাস-কৃ, দাওয়া-কৃ
Complain, *v. a.* বিলাপ-কৃ
Complainant, *s.* ফরিয়াদী, নালিসবন্দ,
Complaint, *s.* *in law*, নালিস, ফরিয়াদ, আন্দাস, দাবি; *lamentation*, বিলাপ, কাকুতি; *a disease*, রোগ [চার
Complaisance, *s.* সৌহৃদ্য, শিষ্টাচার, সদা
Complaisant, *a.* শিষ্ট, সুশীল, অনুরোধী, সভ্য
Complement, *s.* সম্পূর্ণতা, পরিপূর্ণতা
Complete, *a.* *perfect*, পূর্ণ, সম্পূর্ণ; *ended*, সমাপ্ত, সাঙ্গ, তামাম, বেবাক [-কৃ
Complete, *v. a.* সম্পূর্ণ-কৃ, সাঙ্গ-কৃ, সমাপ্ত
Completely, *ad.* সম্পূর্ণরূপে, সমাপ্তরূপে
Completeness, *s.* সম্পূর্ণতা

Completion, *s.* সম্পূর্ণ বা সমাপ্তকরণ, সমাপ্ত, পরিপূর্ণতা
Complex, *a.* সঙ্কর, মিশ্র; ঘোর
Complexion, *s.* বর্ণ, রং, কোন বস্তুর গুণ বা স্বভাব
Complexly, *ad.* অস্পষ্টে, অপ্রকাশরূপে
Compliance, *s.* স্বীকার, সম্মতি, অনুমতি
Compliant, *a.* অনুরোধী, স্বীকারী, বিনয়ী
Complicate, *a.* অনেক অংশঘটিত, মিশ্রিত
Complicate, *v. a.* জড়া, জড়াও-কৃ
Complication, *s.* সঙ্কর, ফেরফার, ঝনঝাট
Complier, *s.* যে ব্যক্তি শীঘ্র সম্মত হয়
Compliment, *s.* শিষ্টাচার, আদর, প্রণামাদি ক্রিয়া, সেলাম
Compliment, *v. a.* শিষ্টাচার-কৃ, স্তুতি-কৃ, প্রশংসা-কৃ, খোসামোদ-কৃ
Complimental, *a.* স্তুতিবোধক, বিনীতিসূচক
Complimenter, *s.* স্তুতিকারক
Complot, *s.* ষড়যন্ত্র, কুমন্ত্রণা, গণতা [তা-কৃ
Complot, *v. a.* ষড়যন্ত্র-কৃ, কুমন্ত্রণা-কৃ, গণ
Complotter, *s.* ষড়যন্ত্রকারক, কুমন্ত্রণাদায়ক
Comply, *v. n.* স্বীকার-কৃ, সম্মত-কৃ, অনুমতি-দা, রাজি-হ [যুক্ত
Component, *a.* সঙ্কর বস্তুর পৃথক্২ অংশ
Comport, *v. n.* মেল-হ, উপযুক্ত-হ; *to endure*, সহ্য-কৃ
Comport, *v. a.* সচরাচর-কৃ
Comport, Comportment, *s.* আচার, ব্যবহার, চলন, রীতি, আচরণ [নহে যাহা
Comportable, *a.* উপযুক্ত, যোগ্য, বিপরীত
Compose, *v. a.* *to put together*, একত্র-কৃ, নির্ম্মাণ-কৃ; *to write as an author*, গ্রন্থ রচনা-কৃ; *to be quiet*, স্থির-কৃ, ঠাণ্ডা-কৃ, থাম [*as a work*, বিরচিত
Composed, *pa. a.* স্থির, ধীর, ঠাণ্ডা, নিরস্ত;
Composer, *s.* রচক, লেখক, গ্রন্থকর্ত্তা; *a composer of difficulties*, বিবাদভঞ্জক
Composite, *a.* স্তম্ভবিশেষ
Composition, *s.* *mixture*, মিশ্র, মিশাল; *agreement*, সংযোগ, মেল; *written work*, রচিত গ্রন্থ; *the composition of a debt*, কর্জ্জের কিয়ৎ অংশ দিয়া পরিশোধ করা

Digitized by Google

Compositor, *s.* ছাপার অক্ষর যোজনাকার
Compost, *s.* সার মাটি
Compost, *v. a.* ভূমিতে সার-দা
Composure, *s. calmness*, ধৈর্য্যতা, স্বাস্থ্য, অক্ষোভ, ; *order*, ঐক্য, মেল
Compound, *v. a. to mingle*, মিশ্রণ-কৃ, মিলা, সংযোগ-কৃ
Compound, *v. n. to compound a debt*, কিঞ্চিৎ ছাড়িয়া নিষ্পত্তি-কৃ
Compound, *s.* যোগ, সংযোগ, মেল, অনেক দ্রব্য মিশ্রণ উদ্যোগ করে
Compounder, *s.* যে ব্যক্তি বিবাদ ভঞ্জনার্থ
Comprehend, *v. a. to contain*, ধৃ ; *to understand*, বুঝ, বোধ-কৃ, অবধারণ-কৃ
Comprehensible, *a.* বোধগম্য, অবধারণীয় [জ্ঞান
Comprehension, *s.* বোধ, অবধারণ, বুদ্ধি,
Comprehensive, *a.* বৃহৎ, নানার্থক, পারদর্শী
Comprehensiveness, *s.* অল্প কথাতে অনেক অর্থ বোধকতা গুণ [দাব
Compress, *v. a.* ঠাস, চাপ, মর্দ্দ, নিংড়,
Compress, *s.* গদি বা পটিবিশেষ
Compressible, *a.* দাবনীয়, চাপনীয়, সঙ্কোচনীয় [সঙ্কোচ করণ
Compression, *s.* চাপন, দাবন, ঠাসন,
Compressure, *s.* চাপন, দাবন, ঠাসন
Comprise, *v. a.* ধৃ, ভুক্ত-কৃ, শামিল-কৃ
Comprobation, *s.* সম্পূর্ণ প্রমাণ
Compromise, *s.* সালিস মানন, উভয়পক্ষে কিছু২ ছাড়িয়া মিটান
Comptroller, *s.* কর্ত্তা, কর্ম্মসম্পাদক
Compulsatively, *ad.* বলপূর্ব্বক, জবরদস্তিরূপে
Compulsatory, *a.* প্রবল, বলবান, জোরাল
Compulsion, *s.* বল করণ, বলাৎকার, জবরদস্তি [বর্ত্ত করণক্ষম
Compulsive, Compulsory, *a.* বলদ্বারা প্র
Compunction, *s.* খেদ, অনুতাপ, অনুশোক
Compurgation, *s.* একের প্রমাণে অন্যের দোষ খণ্ডন
Computable, *a.* গণণীয়, গণ্য, সংখ্যেয়
Computation, *s.* গণনা, সংখ্যা, হিসাব, কসামাজা [-কৃ, হিসাব-কৃ
Compute, *v. a.* গণনা-কৃ, সংখ্যা-কৃ, সুমার
Computed, *pa.* গণিত, সংখ্যাত, নির্ণীত
Computer, *s.* গণনাকারী, হিসাবী, মুহুরির [হারী
Comrade, *s.* সঙ্গী, সাথী, মিত্র, সমভিব্যা
Con, উপসর্গ শব্দ, অন্য শব্দের আদিতে প্রয়োগ হইলে সম্বন্ধ বা মেল বুঝায়
Con, *v. n.* জ্ঞা, তত্ত্ব-কৃ, অন্বেষণ-কৃ
Concatenate, *v. a.* শৃঙ্খলে বদ্ধ-কৃ, শ্রেণী বদ্ধ-কৃ [পূর্ব্বী
Concatenation, *s.* শৃঙ্খলা, শ্রেণী, আনু
Concave, *a.* উত্তান, মধ্যনিম্ন
Concavity, *s.* খোল, উত্তানতা, উত্তানধর্ম্ম
Conceal, *v. a.* গুপ্ত-কৃ, লুকা, ছাপা, চাপিয়া-রাখ, সম্বরণ-কৃ, গাঢাকা-হ
Concealable, *a.* গোপনীয়, সম্বরণীয়, গুহ্য
Concealedly, *ad.* গুপ্তে, আড়ালে, অগোচরে, গুপ্তরূপে
Concealer, *s.* গোপনকারক
Concealment, *s.* গোপন করণ, গোপন, সম্বরণ, অপ্রকাশ
Concede, *v. n.* স্বীকৃত-হ, সম্মত-হ, উপরুদ্ধ হ, ছাড়িয়া-দা, ত্যাগ-কৃ
Conceit, *s. understanding*, মানস, অনুভব, বোধ ; *a high opinion*, অহমিকা, গর্ব্ব, আত্মশ্লাঘা
Conceit, *v. a.* বোধ-কৃ ; আত্মশ্লাঘা-কৃ
Conceited, *pa. a.* দর্পী, গর্ব্বী, আত্মাভিমানী, দেমাকী
Conceitedness, *s.* দর্প, গর্ব্ব, আত্মশ্লাঘা
Conceivable, *a.* বোধনীয়, বোধগম্য, অনুধাবনীয়
Conceive, *v. a. to become pregnant*, গর্ব্ভ-ধৃ ; *to understand*, বুঝ, অনুধাবন-কৃ; *to think*, বিবেচনা-কৃ
Conceive, *v. n. to think*, চিন্তিত-হ ; *to become pregnant*, গর্ভযুক্ত-হ
Conceiver, *s.* অনুধাবক
Concentrate, *v. a.* অনেক বস্তু কুড়াইয়া এক স্থানে আন, সংশ্লেষ-কৃ, গুটা [ত্রিত-হ
Concentre, *v. n.* গুটা, মধ্যকোন স্থানে এক
Conceptible, *a.* বোধগম্য
Conception, *s. the act of conception*, গর্ভধারণ ; *idea*, বোধ, জ্ঞান, অনুধাবন
Concern, *v. a. to interest*, লিপ্ত-হ, সম্পর্ক-রাখ ; *to affect*, খেদিত-হ, ভাবিত-হ

Digitized by Google

Concern, *s. business*, বিষয়, ব্যাপার, কারবার; *importance*, আবশ্যকতা; *passion*, ভাবনা [লক, হেতু
Concerning, *pa.* বিষয়ক, সম্বন্ধীয়, যোজ
Concernment, *s.* ব্যাপার, কর্ম্ম, কারবার
Concert, *v. a.* গোপনে মন্ত্রণা-কৃ
Concert, *s.* ঐক্য, মেল, পরামর্শ; আখড়া র গীত বা বাদ্য [প্রদান
Concession, *s.* ছাড়িয়া দেওন, স্বীকার করণ,
Conch, *s.* শঙ্খ, শাঁখ
Conciliate, *v. a.* পুনর্মেল-কৃ, সামঞ্জস্য-কৃ, মিলা [করণ, মিলন
Conciliation, *s.* সামঞ্জস্য করণ, পুনর্মেল
Conciliator, *s.* পুনর্মেলকর্ত্তা, সন্ধিকারক
Conciliatory, *a.* মেলসূচক, প্রীতিপ্রয়োজক
Concise, *a.* সংক্ষেপ, হ্রস্ব, চুম্বক, অবিস্তার
Conciseness, *s.* সংক্ষেপধর্ম্ম, হ্রস্বতা, অবিস্তীর্ণতা
Concision, *s.* ছেদন, কাটন
Conclave, *s.* ধর্ম্মাধ্যক্ষেরদের সমাজ
Conclude, *v. a. to finish*, সাঙ্গ-কৃ, শেষ-কৃ, সমাপ্ত-কৃ; *to determine*, সিদ্ধান্ত-কৃ, স্থির-কৃ
Conclude, *v. n. to infer*, অনুমান-কৃ; *to settle opinion*, নিশ্চিত-হ; *to end*, সমাপ্ত-হ
Concludent, *a.* নিশ্চায়ক, সন্দেহভঞ্জক
Conclusion, *s. determination*, নিশ্চয়, সিদ্ধান্ত; *close*, শেষ, সমাপ্তি; *inference*, অনুমান
Conclusive, *a.* প্রামাণ্য, অলড়, সিদ্ধান্ত সম্বন্ধীয়, চূড়ান্ত [ঘন-হ
Concoagulate, *v. a.* জমাট-হ, বস, গাঢ়-হ
Concoct, *v. a.* পাক-কৃ, পরিপক্ব-কৃ
Concoction, *s.* পরিপাক, হজম
Concoctive, *a.* পরিপাকসূচক
Concomitance, *s.* সংযোগ
Concomitant, *s.* সংযুক্ত, মিলিত, সঙ্গত
Concord, *s.* মেল, ঐক্য, যোগ, সন্ধি
Concordance, *s.* ধর্ম্মপুস্তকের শব্দের নির্ঘণ্ট
Concordant, *a.* উপযুক্ত, অনুসারী, অনুযায়ী, মেলক
Concorporate, *v. a.* একত্র-কৃ [সমূহ
Concourse, *s.* জনতা, মেলা, ভিড়, লোক
Concremation, *s.* সহমরণ, সহগমন
Concrete, *v. a.* জমা-কৃ, সংক্রম-কৃ, বদ্ধ, দৃঢ়ীভূত-কৃ
Concrete, *a.* সংহত, নানা দ্রব্যেতে সঙ্কীর্ণ
Concretion, *s.* সংক্রম করণ, সংক্রম, যোগ, রাশি, স্তূপ
Concubine, *s.* উপপত্নী, উপপত্নী, চেমনি
Concupiscence, *s.* ইন্দ্রিয়দোষ, লাম্পট্য, কাম
Concur, *v. n. to meet in one point*, সংঘট্টিত-হ; *to agree*, সম্মত-হ, স্বীকৃত-হ, রাজি-হ
Concurrence, *s.* সংঘটন, মিল, যোগ, এক বাক্যতা, স্বীকার, সম্মতি
Concurrent, *a.* একান্ত, ঐক্য, সহিত
Concurrentness, *s.* ঐক্যতা, একান্ততা
Concussion, *s.* দুই বস্তুর পরস্পর আঘাত, ধাক্কা [-কৃ, দণ্ডাজ্ঞা-কৃ
Condemn, *v. a.* দোষী-কৃ, অপরাধ নিশ্চয়
Condemnation, *s.* দণ্ড করণ, দোষ দেওন, দণ্ডাজ্ঞা
Condemnatory, *a.* দণ্ডসূচক, দোষসম্বন্ধীয়
Condemner, *s.* অন্যকে দোষি বা অপরাধি কারক
Condensate, *v. a.* ঘন-কৃ, গাঢ়-কৃ, জম
Condensate, *v. n.* ঘন-হ
Condensation, *s.* ঘন করণ, গাঢ় করণ
Condense, *v. a.* গাঢ়-কৃ, ঘন-কৃ, নিবিড়-কৃ
Condense, *v. n.* গাঢ়-হ
Condense, *a.* ঘন, গাঢ়, স্থূল
Condenser, *s.* জমাওন বা ঘনকরণের যন্ত্র
Condensity, *s.* ঘনতা, দ্রব দ্রব্যের ঘনীভূতা তা [চার-কৃ, সম্মত-হ
Condescend, *v. n.* প্রসন্ন-হ, নম্র-হ, শিষ্টা
Condescension, *s.* ভব্যতা, নম্রতাচরণ, শিষ্টাচার
Condign, *a.* উচিত, উপযুক্ত, সমুচিত
Condiment, *s.* মশালা, ব্যঞ্জন, অন্নের উপকরণ [-কৃ
Condite, *v. a.* সলবণ-কৃ, সুস্বাদু-কৃ, আচার
Condition, *s. state*, দশা, গতি, অবস্থা; *terms of agreement*, নিয়ম, পণ
Condition, *v. a.* নিয়ম-কৃ
Conditional, *a.* নিয়মযুক্ত, কটকওয়ালা
Conditionally, *ad.* নিয়মপূর্ব্বক
Conditionary, *a.* নিয়মিত, প্রতিশ্রুত

Digitized by Google

Condole, *v. a.* বিলাপ-কৃ, শোকাপনোদন -কৃ, পর দুঃখে দুঃখী-হ

Condole, *v. n.* পরিবেদনা-হ [দেন

Condolement, *s.* দুঃখ, শোক, শোকাপনো

Condolence, *s.* পরদুঃখে আপনার দুঃখ জানাওন, সান্ত্বনা, শোকাপনোদন [ক্তি

Condoler, *s.* পরের দুঃখে দুঃখী হয় যে ব্য

Condor, *s.* বৃহৎপক্ষিবিশেষ

Conduce, *v. a.* পোষকতা-কৃ, আনুকূল্য-কৃ, সহকার-কৃ, সাহায্য-কৃ, উপকার-কৃ

Conduce, *v. n.* বৃদ্ধি-হ [ফলোৎপাদক

Conducible, *a.* উপযোগী, অভিপ্রায়সাধক,

Conducive, *a.* প্রতিপোষক, কার্য্যসাধক, উপকারী [সাধকতা

Conduciveness, *s.* প্রতিপোষকতা, সাধ্য

Conduct, *s.* আচরণ, ব্যবহার, রীতি, গতি, চাইল

Conduct, *v. a.* পথ-দর্শা, অগ্রে-চল; *to conduct one's self,* আচার ব্যবহার-কৃ

Conductor, *s. a chief,* প্রধানাধ্যক্ষ; *a leader,* পথদর্শক, সম্পাদক; *an electrical conductor,* বজ্রাঘাত না লাগে এতদর্থ যে লৌহ শলাকা গৃহের পার্শ্বে বসান যায় [নির্ঝর, জলপথ

Conduit, *s.* প্রণালী, পয়ঃনালা, ঝুরি, নালা

Cone, *s.* সূচ্যাকৃতি নিরেট বস্তু [কথন-কৃ

Confabulate, *v. n.* কথোপকথন-কৃ, গল্প

Confabulation, *s.* গল্প, আলাপ

Confection, *s.* মিষ্টান্ন, মিঠাই, মোরব্বা

Confectioner, *s.* ময়রা, মোদক, হালুইকর, মিঠাইকর, মিঠাইবিক্রেতা [চক্র

Confederacy, *s.* ঐক্যমত্য, একবাক্যতা,

Confederate, *v. a.* একতা-কৃ, ঐক্য-কৃ

Confederate, *v. n.* ঐক্যমত্য-হ, বোল পরামর্শে ঐক্য-হ, যুক্ত-হ [পরামর্শী

Confederate, *s.* মিত্র, সহায়, সাথী, এক

Confederate, *a.* ঐক্যীভূত

Confederation, *s.* সন্ধি, একবাক্য হওন, ঐক্যমত্য হওন, ঐক্য [পরামর্শ-কৃ

Confer, *v. a.* কথোপকথন-কৃ, ঐক্য হইয়া

Confer, *v. n. to give,* দান-কৃ

Conference, *s.* কথোপকথন, বাদানুবাদ, বিবেচনা করণার্থ সভা

Conferrer, *s.* পরামর্শক [দান, কবুল-কৃ

Confess, *v. a.* স্বীকার-কৃ, অঙ্গীকার-কৃ,

Confess, *v. n.* ব্যক্ত-হ

Confessedly, *ad.* স্বীকাররূপে, প্রকাশরূপে, নিঃসন্দেহে, নিতান্ত

Confession, *s.* স্বীকার, অপরাধ স্বীকার করণ, কবুল করণ, স্বাক্ষ্য

Confessor, *s.* ধর্ম্মার্থ ক্লেশ ভোগ করে যে ব্যক্তি; *one to whom confession is made,* যে পুরোহিতের নিকটে পাপ স্বীকার করা যায় [বিদিত

Confest, *a.* স্বীকৃত, সুপ্রকাশিত, স্পষ্ট,

Confidant, *s.* সখা, মিত্র, বিশ্বাসপাত্র

Confide, *v. a.* বিশ্বাস-কৃ, প্রত্যয়-কৃ, এতবার-কৃ, গুপ্ত বিষয় সমর্পণ-কৃ

Confide, *v. n.* প্রত্যয়-হ

Confidence, *s.* প্রত্যয়, বিশ্বাস, আস্থা, ভরোসা; *boldness,* নির্লজ্জতা, নির্ভয়তা

Confident, *a.* উৎসাহশীল, নির্ভয়, দৃঢ় প্রত্যয়ী, সাহসী

Confidential, *a.* বিশ্বস্ত

Configuration, *s.* আকার, রূপ, গঠন

Confine, *s.* সীমা, সীমানা, সরহদ্দ, কিনারা

Confine, *v. n. to border on,* সীমাবর্ত্তী-হ

Confine, *v. a. to limit,* সীমাবদ্ধ-কৃ; *to shut up,* কারাবদ্ধ-কৃ, আটক-কৃ, কএদ-কৃ

Confinement, *s.* কারাবন্ধন, আটক, কএদ

Confiner, *s.* দেশের প্রান্তবাসী [নিশ্চয়-কৃ

Confirm, *v. a.* নির্ণয়-কৃ, দৃঢ়-কৃ, সাব্যস্ত-কৃ,

Confirmable, *a.* প্রমেয়, প্রমাণযোগ্য

Confirmation, *s. the act of establishing,* নিশ্চয় করণ; *proof,* প্রমাণ, সাবুদ; *an ecclesiastical rite,* ধর্ম্মসম্পর্কীয় এক সংস্কার

Confirmer, *s.* প্রমাণদায়ী, সাবুদদারী

Confiscate, *v. a.* ক্রোক্-কৃ, বিষয় জব্দ-কৃ

Confiscation, *s.* ক্রোক্, বিষয় জব্দ করণ, হরিয়া লওন

Confiture, *s.* মিষ্টান্ন, মিঠাই

Confix, *v. a.* বদ্ধ-কৃ, আটক-কৃ, স্থির-কৃ

Conflagrant, *a.* একত্র দহ্যমান বা প্রজ্বলিত

Conflagration, *s.* মহাগ্নিদাহ, ব্যাপক অগ্নি

Conflation, *s.* এককালে বহুযন্ত্রের বাদ্য করণ

Conflict, *v. n.* যুদ্ধ-কৃ, বিবাদ-কৃ, লড়াই-কৃ, ঝগড়া-কৃ [লড়াই

Conflict, *s.* যুদ্ধ, কলহ, সংগ্রাম, বিবাদ,

Digitized by Google

Confluence, *s. a crowd,* জনতা, ভিড়; *the junction of streams,* নদীর সঙ্গম স্থান
Confluent, *a.* সংযুক্ত, মিলিত, সংক্রান্ত
Conflux, *s.* সঙ্গম; *a crowd,* জনতা, ভিড়
Conform, *v. a. to reduce to like appearance,* অন্য কোন বস্তুর তুল্য-কৃ
Conform, *v. n.* সম্মত-হ, আজ্ঞানুবর্ত্তী-হ, স্বীকৃত-হ [ল্য, মোতাবেক, মাফিক
Conformable, *a.* অনুসারি, আজ্ঞাবহ, তু
Conformably, *ad.* অনুসারে, মোতাবেক
Conformation, *s.* আকৃতি, মূর্ত্তি, ডৌল
Conformist, *s.* রীতিমত চলে যে
Conformity, *s.* স্বীকার, আজ্ঞাবহতা; *likeness,* সাদৃশ্য, ঐক্য, তুল্যতা
Confound, *v. a. to mix,* মিশ্রিত-কৃ, গোলমাল-কৃ, ঘবরা; *to amaze,* বিস্ময়াপন্ন-কৃ, অবাক-কৃ, অপ্রতিভ-কৃ
Confounded, *a.* (নীচোক্তি) ঘৃণার্হ, ঘৃণ্য
Confoundedly, *ad.* ঘৃণ্যরূপে
Confounder, *s.* অপ্রতিভকারক; ঘবরাইয়া দেয় যে ব্যক্তি
Confraternity, *s.* ধর্ম্মার্থ সমাজ
Confront, *v. a.* সম্মুখবর্ত্তী-হ, মুখামুখি-কৃ; *to oppose one evidence to another in open court,* আদালতের মধ্যে এক সাক্ষির সম্মুখে বিপরীত সাক্ষি আনয়ন
Confuse, *v. a. to disorder,* গোলমাল-কৃ; *to mix,* মিশ্রিত-কৃ; *to perplex,* ঘবরাইয়া-দা, অপ্রতিভ-কৃ, ব্যাকুল-কৃ
Confusedly, *ad.* গোলমালরূপে
Confusion, *s.* গোলমাল, ধুমধাম, গড়বড়ি, এলুয়ামেলুয়া, উণ্ডুধুণ্ডু
Confutable, *a.* খণ্ডনীয়, পরিহার্য্য
Confutation, *s.* বাক্য খণ্ডন, পরিহার, প্রমাণের দ্বারা অসাব্যস্ত করণ
Confute, *v. a.* খণ্ড, পরিহার-কৃ, প্রমাণ দ্বারা অসাব্যস্ত-কৃ
Congé, নমস্কার
Congé d'elire, ধর্ম্মাধ্যক্ষতা পদে ব্যক্তি নিয়োগার্থ রাজাজ্ঞা
Congeal, *v. a.* ঘনীভূত-কৃ [জড়িত-হ
Congeal, *v. n.* জম, ঘন-হ, গাঢ়-হ, শক্ত-হ
Congealable, *a.* জমনীয়, হিমেতে যাহা গাঢ় বা জমা হওনের যোগ্য
Congealment, *s.* জমা, গাঢ়, ঘনতা
Congelation, *s.* জমন, গাঢ় হওন, ঘন হওন
Congenial, *a.* সবর্ণ, সজাতি, তুল্য, এক স্বভাবক
Congeniality, *s.* তুল্যতা, সমবর্ণতা, সাজাত্য
Congeries, *s.* রাশি, স্তূপ [সঞ্চয়-কৃ
Congest, *v. a.* রাশি-কৃ, স্তূপ-কৃ, একত্র-কৃ,
Conglaciate, *v. n.* বরফ-জম
Conglobate, *v. a.* ঢেলা-বাঁধ, বর্ত্তুলবৎ-কৃ
Conglobation, *s.* গোলা, বর্ত্তুল [-কৃ
Conglomerate, *v. a.* জড়া, গুটা, বর্ত্তুলাকৃতি
Conglomeration, *s.* বর্ত্তুলাকৃতি করণ, গুটান; মিশ্রণ [-কৃ
Conglutinate, *v. a.* আটার দ্বারা সংলগ্ন
Conglutination, *s.* আটার দ্বারা সংলগ্ন করণ [-কৃ, মাঙ্গলিক ব্যবহার-কৃ
Congratulate, *v. a.* মঙ্গলোদ্দেশে বন্দন
Congratulate, *v. n.* অন্যের মঙ্গলে সুখী-হ
Congratulation, *s.* মঙ্গলাচরণ
Congratulatory, *a.* মঙ্গলোদ্দেশে বন্দনাকারী, মঙ্গলার্থিক [নমস্কার-কৃ
Congreet, *v. a.* পরস্পর বন্দনা-কৃ, পরস্পর
Congregate, *v. a.* একত্র-কৃ, জড়-কৃ, সংসৃষ্ট-কৃ, সভা-কৃ, মণ্ডলী-কৃ
Congregate, *v. n.* একত্র-হ, সভাস্থ-হ
Congregation, *s.* মণ্ডলী, সভা, মজলিস
Congress, *s.* সভা, রাজকর্ম্ম নির্ব্বাহার্থ সভ্যেরদের সমাগম
Congrue, *v. a.* মিল, উপযুক্ত-হ [সম্বন্ধ
Congruence, *s.* মিলন, মেল, উপযুক্তত্তা,
Congruent, *a.* ঐক্যভাগালী, সমান, তুল্য
Congruity, *s.* উপযুক্ততা, যোগ্যতা, অন্বয়
Congruous, *a.* উপযুক্ত, যোগ্য, সমভাবী, অন্বয়ী
Conic, Conical, *a.* শুণ্ডাকৃতি, শূঁচাল
Conjector, *s.* অনুমায়ক, অনুভবকারক
Conjectural, *a.* অনুমানিক, আন্দাজি
Conjecture, *s.* অনুমান, অনুভব, আন্দাজ
Conjecture, *v. a.* অনুমান-কৃ, অনুভব-কৃ, আন্দাজ-কৃ
Conjecturer, *s.* অনুমায়ক, অনুভবকারক
Conjoin, *v. a.* সংযোগ-কৃ, একত্র-কৃ, জড়া
Conjoin, *v. n.* যোড়-লাগ
Conjoined, *pa.* সংযুক্ত, সংলগ্ন, মিলিত
Conjointly, *ad.* সংযোগরূপে, ঐক্য হইয়া, একসাথে

Digitized by Google

Conjugal, *a.* বিবাহসম্বন্ধীয়, বিবাহবিষয়ক

Conjugate, *a.* সমমূলক, একমূলক

Conjugate, *v. a.* যুক্ত-কৃ, সংযোগ-কৃ; *to inflect as verbs,* ধাতুরূপ-কৃ

Conjugation, *s. the act of uniting,* সংযোগ করণ; *the inflection of verbs,* ধাতুরূপ করণ

Conjunct, *a.* সংযুক্ত, সংসৃষ্ট, মিলিত

Conjunction, *s.* মিলন, সংযোগ, ঐক্য, সম্বন্ধ, সন্ধি; (*in grammar*), উপসর্গ, সমুচ্চয়বোধক শব্দ

Conjunctive, *a.* সম্বন্ধপভেদ

Conjunctly, *ad.* সহিত, সঙ্গে, সংযোগে

Conjuncture, *s.* সংযোগ, যোগ, সঙ্কটসময়, সময় বারিক [টোটকা

Conjuration, *s.* আহ্বানসূচক মন্ত্র, জাদু,

Conjure, *v. a.* কোন পবিত্র নামোচ্চারণ দ্বারা আহ্বান-কৃ; দিব্য করাও; *to charm,* জাদু-কৃ, উসকি-কৃ

Conjure, *v. n.* ভোজবিদ্যানুসারে কার্য্য-কৃ

Conjurer, *s.* জাদুগির, বৈতালিক, ভেলকিকারক, মোহনীকারক

Conjurement, *s.* গুরুতর উপদেশ

Connate, *a.* এককালজ, যমজ

Connatural, *a.* স্বাভাবিক, সহজাত, তুল্য

Connaturally, *ad.* স্বভাবতঃ [-কৃ, যুক্ত-কৃ

Connect, *v. a.* যোড়-দা, যোগ-কৃ, সংশ্লেষ

Connect, *v. n.* একত্র-হ, সংযুক্ত-হ

Connected, *pa.* সংযুক্ত, সংশ্লিষ্ট, মিলিত, সম্পৃক্ত

Connective, *a.* সংযুক্তিসূচক

Connex, *v. a.* সংযোগ-কৃ, জড়া [লগ্নতা

Connexion, *s.* সংযোগ, সম্বন্ধ, সম্পর্ক, সং

Connivance, *s.* দেখিয়া না দেখন, জানিয়া না জানন, শুনিয়া না শুনন

Connive, *v. n.* দেখিয়া না দেখ, জানিয়া না জান, শুনিয়া না শুন [চক, গুণবোদ্ধা

Connoisseur, *s.* কোন বিদ্যাতে সূক্ষ্মবিবে

Connubial, *a.* বিবাহসম্বন্ধীয়, বৈবাহিক

Conoid, *s.* শুণ্ডাকার মূর্ত্তি [-কৃ, জিত

Conquer, *v. a.* জয়-কৃ, পরাজয়-কৃ, পরাস্ত

Conquer, *v. n.* পরাস্ত-হ

Conquerable, *a.* জেয়, পরাভবণীয়

Conqueror, *s.* জয়কর্ত্তা, জয়ী, বিজয়ী

Conquest, *s.* জয় করণ, জয়, পরাভব করণ

Consanguineous, *a.* জ্ঞাতি, সপিণ্ড, সগোত্র

Consanguinity, *s.* জ্ঞাতিত্ব, সগোত্রতা, সপিণ্ডতা [সংস্কার

Conscience, *s.* বিবেচক, দোষাদোষ জ্ঞান,

Conscientious, *a.* ধার্ম্মিক, যাথার্থিক, ধর্ম্মাধর্ম্ম বিষয়ে সাবধান

Conscionable, *a.* যুক্তিসিদ্ধ, প্রকৃত, ন্যায়

Conscious, *a.* আত্মবোধী, সুবোধ, সচেতন

Consciously, *ad.* আপন জ্ঞাতসারে, সচেতনরূপে

Consciousness, *s.* অন্তর্বোধ, স্বজ্ঞানতা

Conscription, *s.* যুদ্ধে নিযুক্ত হওনার্থ দেশীয় যুব ব্যক্তিরদের অনিচ্ছায় নামাঙ্কিত করণ [প্রতিষ্ঠা-কৃ, অভিষেক-কৃ

Consecrate, *v. a.* সংস্কার-কৃ, উৎসর্গ-কৃ,

Consecration, *s.* সংস্কার, উৎসর্গ, অভিষেক, প্রতিষ্ঠা [রক

Consecrator, *s.* উৎসর্গকারক, প্রতিষ্ঠাকা

Consecutive, *a.* ক্রমিক, পরম্পরা, পর্য্যায়ক্রমে [মেল, রাজি

Consension, Consent, *s.* সম্মতি, স্বীকার,

Consent, *v. n.* স্বীকৃত-হ, সম্মত-হ, একমনা -হ, মঞ্জুর-কৃ [অনুযায়ি

Consentaneous, *a.* মেল, ঐক্য, অনুসারি,

Consentient, *a.* সম্মত, একবাক্য, এক যুক্তি, একচিত্ত

Consequence, *s. effect,* ফল, অন্বয়, জন্য; *importance,* গুরুত্ব; *consecution,* অনুবৃত্তি [মিত্তিক

Consequent, *a.* অনুসারে, অনুবৃত্তি; নৈ

Consequential, *a.* জন্য, অনুবৃত্তি প্রযুক্ত; *a consequential man,* গালফুলানীয় ব্যক্তি

Consequently, *ad.* ফলতঃ, সুতরাং, কাযে কাযে [রিষ্কার রাখণার্থ চৌকি

Conservancy, *s.* পথ ঘাট প্রভৃতি প

Conservation, *s.* রক্ষা করণ, রক্ষা

Conservative, *a.* রক্ষণকারী, রক্ষক

Conservatory, *s.* রক্ষণ স্থান

Conserve, *s.* মিষ্টান্ন, মিঠাই, মোরব্বা

Conserve, *v. a.* রক্ষা-কৃ; *to preserve fruit,* মিষ্টান্ন-কৃ, মিঠাই-কৃ, মোরব্বা-কৃ

Conserver, *s.* মিঠাইকর, মোদক; *a repositor,* রক্ষাকর্ত্তা

Digitized by Google

Consider, *v. a.* বিবেচনা-কৃ, বিচার-কৃ, ঠাহর, বুঝ
Consider, *v. n.* প্রণিধান-কৃ, পরামর্শ-কৃ
Considerable, *a.* বিবেচনার যোগ্য; *respectable,* মান্য, আদরণীয়; *important,* ভারি, বৃহৎ, বড়
Considerably, *ad.* অতিশয়রূপে, অতিশয়
Considerate, *a.* বিবেচক, ধীর, বুদ্ধিমান্
Considerately, *ad.* বিবেচনাপূর্ব্বক, ধীরে ধীরে
Consideration, *s. mature thought,* বিবেচনা, প্রণিধান, ঠাহরণ, চিন্তা; *importance,* গুরুতা; *motive,* হেতু; *equivalent,* পরিবর্ত্ত [গচ্ছিত-কৃ
Consign, *v. a.* সমর্পণ-কৃ, সোপর্দ-কৃ,
Consign, *v. n.* স্বীকৃত-হ
Consignment, *s.* সমর্পণ, অর্পণ; *goods consigned,* প্রেরিত দ্রব্য
Consimilar, *a.* সাদৃশ্য, সমান, তুল্য
Consist, *v. n. to be made up of,* তত্তদ্ব্যেতে-হ; হ, বর্ত্ত, থাক, তিষ্ঠ; *to agree,* ঐক্য-হ
Consistence, Consistency, *s. the natural state of bodies,* দ্রব্যের স্বভাব, ভাব, অবস্থা; *form,* আকার, রূপ; *agreement,* ঐকাগ্র, মেল [*not fluid,* অদ্রব দ্রব্য
Consistent, *a.* উপযুক্ত, তুল্য, সঙ্গত, সদৃশ;
Consistently, *ad.* উপযুক্তরূপে, যোগ্যরূপে, সম্ভবরূপে [সমাজ
Consistory, *s.* ধর্ম্মসভা, ধর্ম্মাধ্যক্ষেরদের
Consociate, *s.* সঙ্গী, সাথী, অপরাধের অংশী
Consociate, *v. a.* ঐক্য-কৃ, সংযোগ-কৃ
Consociate, *v. n.* একত্র-হ, সাথী-হ [সন্ধি
Consociation, *s.* একবাক্যতা, ঐক্য, মেল,
Consolable, *a.* সান্ত্বনীয়, প্রবোধনীয়
Consolation, *s.* সান্ত্বনা, দুঃখোপশম, প্রবোধ, আশ্বাস [আশ্বাসদায়ক
Consolatory, *a.* সান্ত্বনাজনক, প্রবোধক,
Console, *v. a.* সান্ত্বনা-কৃ, প্রবোধ-দা, আশ্বাস-দা; দুঃখোপশম-কৃ
Consoler, Consolator, *s.* সান্ত্বনাকারী, প্রবোধদায়ক
Consolidate, *v. a.* দৃঢ়-কৃ, শক্ত-কৃ; *to combine,* একত্র-কৃ, সংযোগ-কৃ
Consolidation, *s.* দৃঢ় করণ, ঘন করণ, সংযোগ, সংসৃষ্টি
Consonance, *s.* স্বরের মিল; *agreement,* তুল্যতা, ঐক্যতা, যোগ
Consonant, *a.* উপযুক্ত, যোগ্য, অনুসারী
Consonant, *s.* ব্যঞ্জন যথা কখগঘ ইত্যাদি বর্ণ
Consonous, *a.* সুস্বর, সুশ্রাব্য, বাক্যের মেল
Consort, *s.* মিত্র, সহবাসী, স্ত্রী বা স্বামী
Consort, *v. a.* সহবাস-কৃ, সঙ্গে-যা
Consort, *v. n.* মিশ্রিত-কৃ, বিবাহ-কৃ
Conspicuity, *s.* দর্শনশক্তি, দীপ্তি, দেদীপ্যমানতা [দেদীপ্যমান
Conspicuous, *a.* স্পষ্ট, সুপ্রকাশ, সুব্যক্ত
Conspicuously, *ad.* স্পষ্টরূপে, ব্যক্তরূপে, প্রকাশরূপে [সুদৃশ্যতা
Conspicuousness, *s.* স্পষ্টতা, সুব্যক্ততা,
Conspiracy, *s.* দুষ্কর্ম্মের নিমিত্ত ঐক্যতা, কুমন্ত্রণা, ষড়যন্ত্র
Conspirator, Conspirer, *s.* রাজা বা অন্য ব্যক্তির বিরুদ্ধে কুমন্ত্রণা বা ষড়যন্ত্রকারী
Conspire, *v. n.* কোন দুষ্কর্ম্মার্থ বিশেষতঃ রাজ বিদ্রোহের নিমিত্ত কুমন্ত্রণা-কৃ
Constable, *s.* কোতওয়াল, দণ্ডনায়ক, চৌকিদার
Constableship, *s.* কোতওয়ালী বা দণ্ডনায়কী বা থানাদারী পদ [লত্ব
Constancy, *s.* স্থিরতা, স্থৈর্য্য, নিত্যতা, অট
Constant, *a.* স্থির, দৃঢ়, নিত্য, প্রশক্ত, সনাতন [পূর্ব্বক
Constantly, *ad.* নিত্য, নিয়ত, সতত, স্থৈর্য্য
Constellation, *s.* রাশি নক্ষত্র
Consternation, *s.* অত্যন্ত ভয়, বিস্ময়
Constipate, *v. a. to crowd,* নিবিড়-কৃ, ঘন-কৃ; *to make costive,* কোষ্ঠবদ্ধ-কৃ
Constipation, *s.* নিবিড় করণ, গাদাগাদি; — *of the bowels,* কোষ্ঠবদ্ধ, মলবদ্ধ [বিক
Constituent, *a.* মূলজ, আবশ্যক, স্বাভা
Constituent, *s.* নিয়োজক, প্রয়োজক, নিয়োগকর্ত্তা
Constitute, *v. a. to produce,* জন্মাও, সৃষ্টি-কৃ; *to establish,* স্থাপন-কৃ, কৃ; *to depute,* নিয়োগ-কৃ, নিযুক্ত-কৃ, প্রবর্ত্ত-কৃ
Constituter, *s.* নিয়োজক, নিযুক্তকর্ত্তা
Constitution, *s. corporeal frame,* শরীরের

Digitized by Google

র স্বভাব; *temper of mind*, মনের ভাব, চরিত্র, মেজাজ; *constitution of a country*, দেশ শাসনের মূল রীতি
Constitutional, *a.* স্বভাবক, দেশের মূল বা রীতি বা ব্যবস্থা সিদ্ধ
Constitutionally, *ad.* রাজ্যের মূল নীতি বা ব্যবস্থানুসারে
Constitative, *a.* স্বভাবক, আবশ্যক
Constrain, *v. a.* অনিচ্ছাতে কোন কর্ম্ম করাও, বলদ্বারা স্বীকার করাও; *to bind*, বদ্ধ-কৃ, আটক-কৃ
Constrainable, *a.* বলদ্বারা প্রবর্ত্তনীয়
Constrainer, *s.* বলদ্বারা স্বীকার করায় যে
Constraint, *s.* বলাৎকার, জোর, জবরদস্তি
Constriction, *s.* সঙ্কোচ, চাপনের দ্বারা সঙ্কোচ করণ, কোঁকড়ান
Constringe, *v. a.* সঙ্কোচ-কৃ, কোঁকড়া
Constringent, *a.* সঙ্কোচক, খর্ব্বকারী, কুঞ্চন কারী [স্থাপন-কৃ, রচনা-কৃ
Construct, *v. a.* নির্ম্মাণ-কৃ, গঠ, গড়, সং
Construction, *s.* সংস্থাপন, গড়ন, নির্ম্মাণ করণ; *meaning*, শব্দের অর্থ; *in grammar*, শব্দ বিন্যাস
Constructive, *a.* নির্ম্মাণক্ষম; *a constructive fault*, যে অপরাধ কেবল উপলক্ষের দ্বারা সাব্যস্ত-হ [-কৃ
Construe, *v. a.* অর্থ-কৃ, অনুবাদ-কৃ, মানে
Construprate, *v. a.* বলপূর্ব্বক অনূঢ়া স্ত্রী-গম, ভ্রষ্টা-কৃ, ব্যভিচারিণী-কৃ
Consubstantial, *a.* সমমূলক, একধর্ম্মক, একভাবক
Consubstantiality, *s.* সমমূলকতা
Consubstantiate, *v. a.* সমভাবে একত্র-কৃ
Consubstantiation, *s.* খ্রীষ্টীয়ানেরদের ভোজের খাদ্য ও পেয়ের সঙ্গে খ্রীষ্টের শরীরের ঐক্য বোধ করণ
Consuetude, *s.* রীতি, ধারা, ব্যবহার, ধর্ম্ম
Consul, *s.* রোমাণেরদের মধ্যে প্রধান রাজকর্ম্মকারী; *a commercial agent*, ভিন্নদেশে রাজকর্তৃক নিযুক্ত স্বদেশীয় বাণিজ্যকারিরদের বিবাদ ভঞ্জক
Consular, *a.* উক্ত ব্যক্তির পদসম্বন্ধীয়
Consulate, Consulship, *s.* উক্ত ব্যক্তির পদ
Consult, *v. n.* পরামর্শ-কৃ
Consult, *v. a.* পরামর্শ-গ্রহ, বিবেচনা-কৃ
Consultation, *s.* পরামর্শ করণ, পরামর্শ, মন্ত্রণা, বিচার, সলাহ
Consulter, *s.* পরামর্শ জিজ্ঞাসু [খাদনীয়
Consumable, *a.* ক্ষয্য, ধ্বংসনীয়, ক্ষরণীয়,
Consume, *v. a.* ক্ষয়-কৃ, ব্যয়-কৃ, নাশ-কৃ ধ্বংস-কৃ, কখনং দগ্ধ-কৃ
Consume, *v. n.* বিনষ্ট-হ [হইয়াছে
Consumed, *pa.* বিনাশিত, নষ্ট, যাহা ক্ষয়
Consumer, *s.* ক্ষয়কারী, বিনাশক, খাদক
Consummate, *v. a.* সম্পূর্ণ-কৃ, সমাপ্ত-কৃ, সম্পন্ন-কৃ, সাঙ্গ-কৃ
Consummate, *a.* সম্পূর্ণ, পূর্ণ [ভাবে
Consummately, *ad.* সম্পূর্ণরূপে, সর্ব্বতো
Consummation, *s.* সমাপ্তি, শেষ, সম্পাদন, সাঙ্গ, উদ্যাপন
Consumption, *s.* ক্ষয় করণ, ক্ষয়; *a wasting disease*, ক্ষয় রোগ, যক্ষ্মা
Consumptive, *a.* ক্ষয়কারী, নাশক, ধ্বংসকারী; *diseased with a consumption*, ক্ষয় রোগগ্রস্ত
Contact, *s.* সংস্পর্শ, সংঘটনা, সংযোগ, সংসর্গ, লাগাও [করণ
Contaction, *s.* সংস্পর্শ করণ, সংযোগ
Contagion, *s.* ছুঁত, মারী, মরক, সংসুষ, স্পর্শাক্রামি রোগ [রাটিয়া
Contagious, *a.* স্পর্শাক্রামক, সঞ্চারক, ছোঁ
Contain, *v. a.* ধৃ, কুলা, আঁট, বহ্, ভাজড়; *to restrain*, থাম, ধৈর্য্য-হ
Contain, *v. n.* কাম সম্বরণ-কৃ
Contaminate, *v. a.* ভ্রষ্ট-কৃ, অশুচি-কৃ, সকলঙ্ক-কৃ, ভাঁজ মিশ্রণদ্বারা নষ্ট-কৃ
Contaminate, *a.* অশুচি, সকলঙ্ক, ভ্রষ্ট
Contamination, *s.* ভ্রষ্ট করণ অশুচিতা, অপবিত্রতা [জ্ঞা-কৃ, উপেক্ষা-কৃ, ঘৃণা-কৃ
Exquisitely, *ad.* প্রকৃতরূপে, সম্পূর্ণরূপে, অত্যুত্তমরূপে [রিপাট্য
Exquisiteness, *s.* উৎকর্ষ, অত্যুত্তমতা, পা
Exsiccant, *a.* শোষক, শুষ্ককারী
Exsiccate, *v. a.* শুষ্ক-কৃ, নীরস-কৃ, শুষ
Exsiccate, *s.* শুষ্ক করণ, নীরস করণ, শোষণ [ঠন
Exsudation, *s.* ঘর্ম্ম হওন, ঘামন, ঘাম উ
Extant, *a.* বর্ত্তমান, বিদ্যমান, দৃষ্টিগোচর, মজুদ
Extatic, *a.* উল্লসিত, অতিহৃষ্ট
Extemporary, *a.* উপস্থিত কল্পনীয়, চিন্তা ব্যতিরেকে উক্ত, হঠাৎ, অকস্মাৎ
Extempore, *ad.* উপস্থিত কল্পনামতে, বিনাভ্যাসে, হঠাৎকারে
Extemporize, *v. n.* উপস্থিত কল্পনা-কৃ, না ভাবিয়া উক্তি-কৃ
Extend, *v. a. to stretch out*, বিস্তার-কৃ, প্রসারণ-কৃ, প্রপঞ্চ-কৃ, ব্যাপ্ত-কৃ; *to enlarge*, বাড়, বৃদ্ধি-কৃ, আয়ত-কৃ; *to impart*, প্রদান-কৃ [নীয়
Extensible, *a.* প্রসারণীয়, বিস্তারণীয়, বর্দ্ধ
Extension, *s.* বিস্তারণ, প্রসারণ, প্রপঞ্চ, বৃদ্ধি করণ [প্রপঞ্চ
Extensive, *a.* প্রশস্ত, বৃহৎ, বিশাল, বহুল,
Extensively, *ad.* প্রাশস্ত্যরূপে, বাহুল্যরূপে
Extensiveness, *s.* প্রশস্ততা, বাহুল্য, বিশালতা, বৃদ্ধি
Extent, *s.* প্রাশস্ত্য, প্রসার; সীমা, পরিমাণ, সরহর্দ [দোষ লঘু-কৃ
Extenuate, *v. a.* হ্রস্ব-কৃ, ন্যূন-কৃ, কৃশ-কৃ,
Extenuation, *s.* ন্যূন করণ, দোষ লাঘব করণ; দণ্ড লঘু করণ
Exterior, *a.* বহির্ভূত, বাহ্য, বহির্দিগে
Exterminate, *v. a.* সমুলোৎপাটন-কৃ, উন্মূলন-কৃ, উচ্ছিন্ন-কৃ, বিনাশ-কৃ
Extermination, *s.* সমুলোৎপাটন, উন্মূলন, উচ্ছেদন, ধ্বংস [কারক
Exterminator, *s.* বিনাশকারক, উচ্ছিন্ন
Externe, External, *a.* বহির্ভূত, বাহ্য, দৃষ্টিগোচর [গে, বাহিরে
Externally, Exteriorly, *ad.* বাহ্যে, বহির্দি
Extinct, *a.* নির্ব্বাণ, লুপ্ত, গত, মৃত
Extinction, *s.* নির্ব্বাণ করণ, লোপ, নাশ, বিনাশ
Extinguish, *v. a.* নির্ব্বাণ-কৃ, নিবৃত্তি-কৃ, বুঝা; *to destroy*, বিনাশ-কৃ, নষ্ট-কৃ, লোপ-কৃ [লোপনীয়
Extinguishable, *a.* নির্ব্বাপণীয়, নাশ্য,
Extinguisher, *s.* নির্ব্বাণকারী, বিশেষতঃ যে যন্ত্র দ্বারা বাতী নির্ব্বাণ করা যায়
Extirpate, *v. a.* উচ্ছিন্ন-কৃ, সমুলোৎপাটন-কৃ, উপড়া, বিনাশ-কৃ [বিনাশ
Extirpation, *s.* সমুলোৎপাটন, উৎখাত,
Extirpator, *s.* সমুলোৎপাটনকারক, বিনাশক
Extol, *v. a.* প্রশংসা-কৃ, সুখ্যাতি-কৃ, স্তব-কৃ
Extort, *v. a.* বল দ্বারা-ল, চুষিয়া-ল, শুষিয়া-ল, নিঙড়িয়া-ল
Extort, *v. n.* দৌরাত্ম্যকারী-হ
Extortion, *s.* অন্যায়রূপে ধন হরণ, বল দ্বারা টাকা লওন, দৌরাত্ম্য
Extortioner, *s.* দৌরাত্ম্য বা অন্যায়রূপে টাকা লয় যে, অন্যায়ী [ধিক
Extra, *a.* অতিরিক্ত, উপরি, বেশী, ঔপা
Extract, *v. a.* নির্গত-কৃ, বাহির করিয়া-ল, সংগ্রহ-কৃ, সংক্ষেপ-কৃ; *to select*, বাচিয়া-ল
Extract, *s. the substance extracted*, সারভাগ, নির্য্যাস, নির্গত বা চুয়ান বস্তু; *a quotation*, চুম্বক, সংগৃহীত বাক্যবিশেষ

Digitized by Google

Extraction, *s.* চোয়ান, নির্য্যাস করণ, নির্গত করণ; *descent,* বংশ, কুল, গোত্র, জাতি
Extrajudicial, *a.* ব্যবস্থার নিয়ম বহির্ভূত, অব্যবস্থিত
Extramundane, *a.* পৃথিবীছাড়া, জগতের বহির্ভূত [উপরি, উমি
Extraneous, *a.* অস্বাভাবিক, ভিন্ন, স্বতন্ত্র,
Extraordinarily, *ad.* অসামান্যরূপে, অসাধারণরূপে, আশ্চর্য্যমতে
Extraordinary, *a.* অসাধারণ, অসামান্য; *eminent,* উত্তম, বিলক্ষণ
Extraregular, *a.* রীতি বা ব্যবস্থার অতিরিক্ত, অধারাবাহিক
Extravagance, *s. irregularity,* নিয়মাতিক্রম, অত্যাচার; *waste,* অপচয়, বহুব্যয়, উড়ান
Extravagant, *a. irregular,* নিয়মাতিক্রমী, অত্যাচারী; *wasteful,* অপচয়ী, উড়ানিয়া, অপরিমিত ব্যয়ী
Extravagantly, *ad.* অনিয়মপূর্ব্বক, অপব্যয়পূর্ব্বক, উড়েপুড়ে
Extreme, *a. greatest,* অত্যন্ত, অতিশয়, অতিবাদ; *last,* অন্ত্যস্থ, শেষ, সর্ব্বান্তিক; *strict,* কঠিন, শক্ত
Extreme, *s. utmost point,* অগ্র, অন্তভাগ, আত্যন্তিকতা; *end,* অন্ত, শেষ, সীমা
Extremely, *ad.* অত্যন্তরূপে, অতিশয়রূপে
Extremity, *s. utmost point,* অন্ত ভাগ, অন্ত সীমা, শেষ, তীর; *emergency,* প্রয়োজন, দায়; *distress,* দুঃখ, দুরবস্থা, নাচারী
Extricable, *a.* উদ্ধারণীয়, উদ্ধার্য্য
Extricate, *v. a.* উদ্ধার-কৃ, দায় হইতে মুক্ত-কৃ, ছাড়িয়া-দা, বাঁচা
Extrication, *s.* মুক্ত করণ, ছাড়ন, মুক্তি, উদ্ধার [ভিন্ন
Extrinsic, *a.* উপরি, বাহিরের, অভ্যন্তর
Extruct, *v. a.* নির্ম্মাণ-কৃ, গাঁথ
Extrude, *v. a.* নিক্ষেপ-কৃ, তাড়িয়া-দা, ফেলিয়া-দা
Extrusion, *s.* তাড়িয়া দেওন, বহিষ্করণ
Extuberance, *s.* আঁচিল, আবু, স্ফীতাংশ
Exuberance, *s.* আধিক্য, বাহুল্য, প্রাচুর্য্য
Exuberant, *a.* বিস্তর, অধিক, বহুল, প্রচুর
Exuberantly, *ad.* আধিক্যরূপে, বাহুল্যরূপে
Exuccous, *a.* নীরস, শুষ্ক
Exudation, *s.* ঘর্ম্ম হওন, ঘর্ম্ম ঝরণ
Exudate, Exude, *v. n.* ঘাম, ঘর্ম্মের দ্বারা নির্গত-হ
Exulcerate, *v. a.* ক্ষত-কৃ, ঘা-কৃ; *to corrode,* ক্ষয়-কৃ; *to distress,* দুঃখ-দা, জ্বালা-দা [নন্দে মগ্ন-হ
Exult, *v. n.* উল্লসিত-হ, আহ্লাদিত-হ, আ
Exultation, *s.* উল্লাস, মহাহ্লাদ, পরমানন্দ
Exuviæ, *s.* খোলস্, সর্পাদি যে ছাল ত্যাগ করে
Eyas, *s.* বাজ পক্ষিশাবক
Eye, *s. the organ of vision,* চক্ষু, অক্ষি, নেত্র, নয়ন, লোচন; *sight,* দৃষ্টি, দর্শন; *opinion,* বিবেচনা; *the eye of a needle,* সূচের ছিদ্র [লোকন-কৃ, চৌকি-দা
Eye, *v. a.* দেখ, দৃষ্টিগোচরে-রাখ, অব
Eyeball, *s.* চক্ষুর পুতলা বা তারা
Eyebrow, *s.* ভ্রূ
Eyed, one- *a.* একচক্ষু, কাণা
Eyed, three- ত্রিলোচন
Eyelash, *s.* পক্ষ্ম, ভোঁয়া
Eyeglass, *s.* চসমাবিশেষ
Eyeless, *a.* চক্ষুহীন, দৃষ্টিহীন, অন্ধ
Eyelet, *s.* গবাক্ষ, দীপ্ত্যর্থ ছিদ্র
Eyelid, *s.* চক্ষুর-পাতা [চাকর
Eyeservant, *s.* চক্ষুর গোড়ায় কর্ম্ম করে যে
Eyesight, *s.* দৃষ্টি, দর্শনশক্তি [শূল
Eyesore, *s.* চক্ষুর বালি, চক্ষুঃপীড়া, চক্ষুঃ
Eyetooth, *s.* কসের দাঁত, পার্শ্বের দন্ত
Eyewitness, *s.* সাক্ষী, স্বচক্ষে দেখিয়াছে যে সাক্ষী [বাসস্থান
Eyry, *s.* সিকারি পক্ষী, সিকারি পক্ষির

F

F, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার ষষ্ঠ অক্ষর
Fable, *s.* নীতিকথা, ইতিহাস; *a foolish fiction,* মিথ্যা গল্প, মিথ্যা রচনা
Fable, *v. a.* কল্পনা-কৃ, মিথ্যা রচনা-কৃ
Fable, *v. n.* মিথ্যা কল্পনা-কৃ
Fabled, *pa.* কল্পিত, ইতিহাস দিয়া উক্ত
Fabric, *s.* গৃহ, অট্টালিকা, গাঁথনি, ইমারৎ
Fabricate, *v. a.* গ্রন্থন-কৃ, গাঁথ, নির্ম্মাণ-কৃ; *to forge,* কৃত্রিম-কৃ, জাল-কৃ

Digitized by Google

Fabrication, *s.* গ্রন্থন করণ, নির্ম্মাণ করণ, রচনা [রচক
Fabulist, *s.* নীতিবাক্য বা ইতিহাস বাক্য
Fabulous, *a.* ইতিহাসযুক্ত; পৌরাণিক; কৃত্রিম, কল্পিত, মিথ্যা [গল্পচ্ছলে
Fabulously, *ad.* কল্পনারূপে, মিথ্যারূপে,
Facade, *s.* অট্টালিকার সম্মুখভাগ
Face, *s.* *the visage*, মুখ, বদন, আনন, আস্য; *the surface of a thing*, কোন দ্রব্যের উপরি ভাগ; *state of affairs*, বিষয়ের অবস্থা; *confidence*, সাহস
Face, *v. a.* *to meet in front*, সাক্ষাতে-হ, সাহসপূর্ব্বক সম্মুখে দাঁড়া; *to oppose*, বিপরীতাচরণ-কৃ; *to invest with a covering*, অন্য দ্রব্যেতে আবৃত-কৃ
Face, *v. n.* ছদ্মবেশী-হ
Face to face, *ad.* সম্মুখাসম্মুখি, মুখামুখি
Facetious, *a.* রসিক, হৃষ্টচিত্ত, কৌতুকী
Facetiousness, *s.* হৃষ্টচিত্ততা, রসিকতা, কৌতুক [শীল
Facile, *a.* সহজ, অদুষ্কর; *pliant*, নম্র, নম্র
Facilitate, *v. a.* সহজ-কৃ, সুগম-কৃ, পাক্ -ঘুচা [*dexterity*, নৈপুণ্য, দক্ষতা
Facility, *s.* সুগম্যতা, সুবিধা, অনায়াস;
Facing, *pa.* সম্মুখবর্ত্তী
Facing, *s.* হাঁসিয়া, সঞ্জাব
Facsimile, *s.* অবিকল নকল
Fact, *s.* কর্ম্ম, কার্য্য, ক্রিয়া; *a reality*, সত্যতা, প্রকৃততা
Faction, *s.* রাজবিদ্রোহক সমাজ বা দল; *discord*, বিরোধ, বিবাদ
Factious, *a.* রাজবিদ্রোহী, বিরোধী
Factitious, *a.* কৃত্রিম, রচিত, কাল্পনিক
Factor, *s.* কার্য্যকারক, গোমাস্তা, কারকুন, প্রতিনিধি [ঘর
Factory, *s.* কুঠী, বাণিজ্যের কুঠী, আড়ৎ
Factotum, *s.* সর্ব্ব কর্ম্মকারি দাস
Faculty, *s.* *ability*, ক্ষমতা, সাধ্যতা, পারগতা, গুণ; *powers of the mind*, মনের শক্তি; *authority*, পরাক্রম; *heads of a college*, বিদ্যালয়ের অধ্যাপকগণ
Facundity, *s.* সদ্বক্তৃতা, বাক্পটুতা
Fade, *v. n.* ম্লান-হ, শুষ্ক-হ, ক্ষীণ-হ, মলিন -হ, বিকার প্রাপ্ত-হ
Fade, *v. a.* ক্ষীণ-কৃ

Fæces, *s.* বিষ্ঠা, মল, গূ, গাদ, শিটা
Fag, *v. a.* ক্লান্ত-হ, পরিশ্রান্ত-হ
Fag, Fag end, *s.* শেষভাগ, বস্ত্রের দশী
Fagot, *s.* জ্বালানি কাষ্ঠের আটি, বোঝা
Fail, *v. a.* *to fall short*, অপ্রতুল-হ; *to decay*, ক্ষয়-হ, হ্রাস-হ; *to miscarry*, বিফল-হ; *to become bankrupt*, দেউলিয়া-হ
Fail, *v. n.* *to neglect*, ত্রুটি-হ
Fail, *s.* চুক, চুট, ভুল, ত্রুটি; *miscarriage*, গর্ব্ভপাত
Failing, Failure, *s.* *deficiency*, ন্যূনতা, কমি, অনির্ব্বাহ; *becoming insolvent*, দেউলিয়া হওন; *a slip*, ত্রুটি, ভুল, চুক
Fain, *a.* অগত্যা, বলকৃত, লাচার
Fain, *ad.* আহ্লাদপূর্ব্বক, ইচ্ছাপূর্ব্বক, পরিতুষ্টরূপে
Faint, *a.* *weak*, দুর্ব্বল, ক্লান্ত, কাহিল, তেজোহীন; *not bright*, অনুজ্জ্বল, মিন্মিন্যা; *not loud*, মন্দ২ শব্দযুক্ত; *timorous*, ভীরু, ভয়শীল
Faint, *v. n.* ক্ষয়-হ, দুর্ব্বল-হ, মূর্চ্ছাপন্ন-হ, ম্লান-হ [রুকা
Faint-hearted, *a.* ভীরু, ভীত, ভয়মনাঃ, ভ
Fainting, *s.* মুমূর্ষাবস্থা, মূর্চ্ছা, মোহ
Faintly, *ad.* ক্ষীণতারূপে, দুর্ব্বলতারূপে, আস্তেআস্তে, ক্লান্তরূপে [ত্য, ম্লানি
Faintness, *s.* ক্ষীণতা, দৌর্ব্বল্য, স্পন্দনরাহি
Fair, *a.* *beautiful*, সুন্দর, সুশ্রী, সুদৃশ্য; *not black*, ফর্সা, গৌর; *not cloudy*, খোলাসা, মেঘহীন; *favourable*, প্রসন্ন; *just*, যথার্থ, সরল; *gentle*, কোমল, মিষ্ট [পূর্ব্বক
Fair, *ad.* সারল্যরূপে, সহজে, শিষ্টাচার
Fair, *s.* *a beauty*, সুন্দরী স্ত্রী; *honesty*, সারল্যতা, যাথার্থ্য; *meeting of buyer and sellers*, হট্ট, হাট, মেলা
Fairing, *s.* পার্ব্বণী
Fairly, *ad.* *beautifully*, সৌন্দর্য্যরূপে; *justly*, যথার্থরূপে, সরলতাপূর্ব্বক; *completely*, সম্পূর্ণরূপে [অকাপট্য
Fairness, *s.* সৌন্দর্য্য, সারল্য, শিষ্টতা,
Fairy, *s.* পরি, পক্ষিণী, উপদেবতাবিশেষ
Fairy, *a.* পক্ষিণী দত্ত, পক্ষিণী সম্বন্ধীয়
Faith, *s.* আস্থা, ভক্তি, শ্রদ্ধা, প্রত্যয়, বিশ্বাস
Faithful, *ad.* বিশ্বস্ত, যাথার্থিক, ভক্তিমান্, প্রত্যয়ী ধার্ম্মিক, প্রভুভক্ত

Digitized by Google

Faithfully, *ad.* বিশ্বস্ততারূপে, সরলতারূপে, যাথার্থিকতারূপে [ভুভক্তি
Faithfulness, *s.* বিশ্বস্ততা, যাথার্থিকতা, প্র
Faithless, *a.* অবিশ্বাসী, অপ্রত্যয়ী, বিশ্বাস ঘাতক, অধার্মিক
Falcated, *a.* বক্র, কাস্ত্যার ন্যায়
Falchion, *s.* টাঙ্গী, ক্ষুদ্র বক্র করবালবিশেষ
Falcon, *s.* মৃগয়াতে সুশিক্ষিত বাজ পক্ষী
Falconer, *s.* বাজ পক্ষিপালক, বাজ পক্ষি শিক্ষাকারী
Falconet, *s.* ক্ষুদ্র কামানবিশেষ
Falconry, *s.* বাজ পক্ষি শিক্ষাওনের বিদ্যা
Fall, *v. to drop down*, পত, পতিত-হ, অধঃপতন-হ, গির; *to decrease*, ন্যূন-হ, কম-হ; *to decrease in value*, মূল্যে ন্যূন -হ; *to ebb*, ভাটা-হ; *to fall away*, ক্ষীণ-হ, বিপক্ষ-হ, স্বধর্ম্ম ত্যাগ-কৃ; *to fall in*, ঐক্য-হ, একচিত্ত-হ; *to fall off*, স্বধর্ম্ম ত্যাগ-কৃ, পড়িয়া-যা; *to fall on*, কোন বিষয়ে প্রবর্ত্ত-হ; *to fall out*, ঝগড়া-কৃ; ঘট; *to fall under*, বশীভূত-হ, অধীন-হ; *to fall upon*, চড়াউ-কৃ
Fall, *s. a falling down*, পতন, পড়ন, অধোগমন, অধঃপাত; *death*, মৃত্যু; *ruin*, নাশ; *degradation*, অভ্রম
Fallacious, *a.* ভ্রমজনক, মিথ্যা, অপ্রত্যয়িতব্য [সিদ্ধ যুক্তি
Fallacy, *s.* ভ্রম, প্রবঞ্চনা, সিদ্ধান্তাভাস, অ
Fallibility, *s.* ভ্রমণীয়তা, প্রবঞ্চনীয়তা
Fallible, *a.* ভ্রাম্য, প্রবঞ্চনীয়, ভ্রমযোগ্য
Falling, *s.* স্খলন, পতন, নিপতন, অধোগমন [অপস্মার
Falling-*sickness*, *s.* মৃগি রোগ, মূর্চ্ছা বায়ু,
Fallow, *v. n.* চস, ভূমিতে প্রথম চাস-দা
Fallow, *a.* পতিত আবাদি ভূমি, অচসা ভূমি
False, *a.* মিথ্যা, অপ্রকৃত, ঝুঁটা, অসত্য; *counterfeit*, কৃত্রিম; *faithless*, বিশ্বাস ঘাতক
False-hearted, *a.* ঠগ, প্রতারক, প্রবঞ্চক, ধূর্ত্ত [মিছামিছি, ঝুঁটমুট
Falsely, *ad.* অযথার্থরূপে, মিথ্যারূপে,
Falsehood, Falsity, *s.* অসত্য, মিথ্যা কথা, ঝুঁটা
Falsification, *s.* কৃত্রিম করণ, মিথ্যা করণ
Falsity, *s.* মিথ্যা কথা [-কথ
Falsify, *v. a.* কৃত্রিম-কৃ, মিথ্যা-কৃ, মিথ্যা
Falter, *v. n.* থতমত-খা, তোতলামি-কৃ, ঘবরা, অস্পষ্ট-কথ
Fame, *s.* কীর্ত্তি, যশ, নাম, সুখ্যাতি; *report*, রব, জনরব, জনশ্রুতি [যশস্বী
Famed, *a.* খ্যাত্যাপন্ন, প্রসিদ্ধ, প্রতিষ্ঠিত,
Fameless, *a.* যশোহীন, অপ্রসিদ্ধ
Familiar, *a. affable*, প্রণয়ী, আলাপী, সুশীল; *well known*, সুজ্ঞাত, পরিচিত; *common*, সামান্য, সাধারণ; *too intimate*, উপযুক্তাতিরিক্ত প্রণয়ী [দৈত্য
Familiar, *s.* সুহৃৎ, বন্ধু, সখা; *a demon*,
Familiarity, *s.* সখ্য, সৌহার্দ্দ, প্রণয়, আলাপ, সদ্ভাব
Familiarize, *v. a.* আচার ব্যবহার দ্বারা নির্ভয়-কৃ, সৌহার্দ্দ-জন্মা [ণয়পূর্ব্বক
Familiarly, *ad.* বন্ধুতারূপে, সখ্যভাবে, প্র
Family, *s. household*, পরিবার, পরিজন, সংসার; *genealogy*, গোত্র, কুল, বংশ, গোষ্ঠী; *a class*, সম্প্রদায়
Famine, *s.* আকাল, দুর্ভিক্ষ, অনাহার
Famish, *v. a.* অন্নাভাবে মর, অন্নাভাবে -কৃ [পন্ন
Famous, *a.* যশস্বী, খ্যাত, প্রসিদ্ধ, খ্যাত্যা
Famously, *ad.* প্রসিদ্ধরূপে, খ্যাত্যাপন্নরূপে [শস্য ঝাড়া কুলা, শূর্প
Fan, *s.* ব্যজন, পাখা; *for winnowing corn*,
Fan, *v. a.* বাতাস-কৃ, পাখা-কৃ, শস্য-ঝাড়
Fanatic, *s.* ধর্ম্মবিষয়ে উন্মত্ত ব্যক্তি
Fanatic, *a.* কোন বিষয়ে অযুক্তিরূপে ব্যগ্র বা উৎসুক
Fanaticism, *s.* ধর্ম্ম বা অন্য কোন বিষয়ে অযুক্তিরূপে ব্যগ্রতা বা ঔৎসুক্য
Fanciful, *a.* কল্পনীয়, মানসিক, অযথার্থ, ভ্রমজনিত [পে, অপ্রকৃতমতে
Fancifully, *ad.* মানসিকরূপে, কল্পিতরূ
Fancy, *s.* মনন, মতি খেয়াল; *opinion*, অনুভব, অভিপ্রায়; *whim*, অনুরাগ, বাঞ্ছাসক্
Fancy, *v. a. to imagine*, মানস-কৃ, কল্পনা-কৃ, অনুমান-কৃ, অনুভব-কৃ; *to like*, পছন্দ-কৃ, ভাল-বাস
Fancy, *v. n.* খেয়াল-কৃ
Fane, *s.* দেবালয়, মন্দির

Digitized by Google

Fanfaron, *s.* গর্ব্বী, বড়াই বা দেমাগকারী
Fang, *s.* দন্ত, দাঁত, বিষ দাঁত, থাবা
Fanged, *pa.* দন্তবিশিষ্ট, বিষ দন্তবিশিষ্ট
Fangled, *a.* চিত্রবিচিত্র, ভড়ুকিয়া
Fantastic, Fantastical, *a.* কল্পিত, মানসিক, অনর্থক, অসার [চিন্তা
Fantasy, *s.* কল্পনা, অনর্থক মানস, অসার
Far, *a.* দূর, অন্তর, দূরস্থ; *in a great part,* অধিক, অতি; *far off,* অতিদূরে
Farce, *s.* পরিহাসঘটিত নাটক
Farcical, *a.* উপরি উক্ত নাটক সম্বন্ধীয়
Farcy, *s.* অশ্বের কুষ্ঠরোগ
Fardel, *s.* পুলিন্দা, মোট, বোঝা
Fare, *s. provisions,* খাদ্য দ্রব্য, আহার; *passage money,* জল বা স্থল পথে গমনের যানবাহনাদির ভাড়া
Fare, *v. n. to go,* গমন-কৃ; *to be in a good or bad state,* দশাপন্ন-হ; *to happen,* ঘট; *to feed,* ভক্ষণ-কৃ
Farewell, *ad.* প্রস্থানকালীন বন্দনা বা শিষ্টাচার; বিদায় [পূর্ব্বক কল্পিত
Farfetched, *a.* অনুপস্থিত, বহুপরিশ্রম
Farinaceous, *s.* শস্য চূর্ণবৎ বা তৎসম্বন্ধীয়
Farm, *v. a.* ভূমির ইজারা-দা বা পত্তনি বা কটকিনা-দা [কে ভাড়া দেওয়া ভূমি
Farm, *s.* ইজারা ভূমি, যোতের ভূমি, প্রজা
Farmer, *s. one who cultivates hired ground,* যোতদার, ইজারদার, কট্‌কিনাদার; *one who cultivates the ground,* কৃষক, কৃষাণ, চাসা
Farmost, *a.* সর্ব্বাপেক্ষা দূর
Farness, *s.* দূরত্ব, অন্তরত্ব
Farruginous, *a.* নানা দ্রব্যে নির্ম্মিত
Farrago, *s.* নানা দ্রব্য মিশ্রিত বস্তু
Farrier, *s.* অশ্ববৈদ্য; নালবন্দ
Farriery, *s.* অশ্বচিকিৎসা
Farrow, *s.* শূকরশাবক সমূহ
Farrow, *v. a.* শূকর প্রসব-কৃ
Fart, *v. a.* বায়ুনির্গত-কৃ, বাতকর্ম্ম-কৃ, পাদ
Fart, *s.* বাতকর্ম্ম [দূর
Farther, *a.* দূরতম, অধিক দূর, আরো
Farther, *v. a.* আনুকূল্য-কৃ, সুগম-কৃ, সাহায্য-কৃ [ভিন্ন, অপর
Farthermore, *ad.* অধিকন্তু, আরো, এত
Farthest, *a.* সর্ব্বাপেক্ষা দূরস্থ

Farthing, *s.* ইঙ্গলণ্ড দেশের ক্ষুদ্র মুদ্রা, অর্দ্ধ পয়সার তুল্য মূল্য
Fascinate, *v. a.* মোহিত-কৃ, মায়া-জন্মা, কুহক-কৃ, মন্ত্রদ্বারা বশ-কৃ [করণ
Fascination, *s.* মোহ, মায়া, কুহক, বশী
Fascine, *s.* কাষ্ঠের আটি বা বোঝা
Fash, *v. a.* বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ, দেক্-কৃ
Fashion, *v. a.* গঠ, নির্ম্মাণ-কৃ, ছাঁচে-ঢাল, ধারামত-কৃ
Fashion, *s. form,* ডৌল, প্রকার; *custom,* ধারা, রীতি, দস্তুর; *manner,* রূপ, সুরৎ; *rank,* মর্য্যাদা [নুসারে
Fashionable, *a.* চলিত ধারানুযায়ি, রীত্য
Fashionably, *ad.* চলিত মতানুসারে
Fast, *v. n.* উপবাস-কৃ, অনশন-কৃ, অনাহারে-থাক, রোজা-কৃ
Fast, *s.* উপবাস, অনশন, অনাহার, রোজা
Fast, *a. firm,* দৃঢ়, শক্ত, মজবুৎ; *adhering,* স্থির, অলড়; *deep, as sleep,* গাঢ়, ভারি; *swift,* শীঘ্র, ত্বরা
Fast and loose, অনিশ্চিত
Fast, *ad.* শক্তরূপে, নিবিড়রূপে, শীঘ্ররূপে
Fasten, *v. a.* বদ্ধ-কৃ, শক্ত করিয়া-বাঁধ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ, আঁটা আঁটি-কৃ
Fasten, *v. n.* শক্তরূপে-বদ্ধ-হ
Fastener, *s.* দৃঢ়কারী, বন্ধনকারী
Fasthanded, *a.* হাত্‌কসা, কৃপণ, বখিল, ব্যয়কুণ্ঠ
Fastidious, *a.* অসন্তোষ, ন্যক্করণশীল
Fastness, *s.* দৃঢ়তা, শক্ততা; *a fort,* গড়, দুর্গ [সপিণ্ড; *rich,* ধনী
Fat, *a. plump,* স্থূল, মোটা, হৃষ্টপুষ্ট, মাং
Fat, *s.* বসা, চর্‌বি, মাংসতৈল [ল-কৃ
Fat, *v. a.* মোটা-কৃ, পুষ্ট-কৃ, স্থূল-কৃ, মাংস
Fat, *v. n.* মাংসল-হ
Fatal, *a.* সাংঘাতিক, মারাত্মক, নাশক, ধ্বংসক, সংহারক [করে যে
Fatalist, *s.* তাবৎ বিষয়ই দৈবাধীন বোধ
Fatality, *s.* অদৃষ্ট, কপাল, ভাগ্য, দৈব লক্ষণ
Fatally, *ad.* সাংঘাতিকরূপে, মারাত্মকরূপে; *by the decree of fate,* অদৃষ্টক্রমে
Fate, *s. destiny,* অদৃষ্ট, ভাগ্য, প্রাক্তন, কপাল; *death,* মৃত্যু, মরণ; *destruction,* নাশ

Digitized by Google

Fated, *a.* অদৃষ্টাধীন, প্রাক্তন লিখিত বা নিশ্চিত

Father, *s. a male parent,* পিতা, জনক, ঠাকুর, তাত, বাপ; *an ancestor,* পূর্ব্বপুরুষ; *a protector,* প্রতিপালক; *one who originates any thing,* কোন বিষয়ের সৃজন কর্ত্তা

Father, *v. a. to adopt,* পোষ্যপুত্র-কৃ; *to ascribe to any one as his offspring,* কোন ব্যক্তিকে কোন বিষয়ের উৎপাদক বলিয়া আরোপ-কৃ [পরাক্রম

Fatherhood, *s.* জনকত্ব, পিতার ভাব বা

Father-in-law, *s.* শ্বশুর, স্ত্রী বা স্বামির পিতা

Fatherless, *a.* পিতৃহীন, অনাথ

Fatherly, *a.* পিতৃবৎ, পিতৃতুল্য [হাত

Fathom, *s.* ব্যামের মাপ, অর্থাৎ চারি

Fathom, *v. a.* মাপ, পরিমাপ-কৃ, থাহি-লা, গাম্ভীর্য্য নিরূপণ-কৃ

Fathomless, *a.* অতলস্পর্শ, অগাধ [য়াস

Fatigue, *s.* পরিশ্রম, শ্রম, ক্লান্তি, আয়া

Fatigue, *v. a.* পরিশ্রান্ত-কৃ, ক্লান্ত-কৃ পরিশ্রমেতে কাহিল-কৃ

Fatling, *s.* ভক্ষণার্থ পুষ্টীকৃত পশুশাবক

Fatness, *s. plumpness,* স্থূলতা, পুষ্টাই, মোটাই; *fat,* চর্ব্বি; *fertility,* উর্ব্বরতা

Fatten, *v. a.* স্থূল-কৃ, হৃষ্টপুষ্ট-কৃ, মোটা-কৃ, উর্ব্বর-কৃ

Fatten, *v. n.* হৃষ্টপুষ্ট-হ

Fatuity, *s.* উন্মত্ততা, নির্ব্বুদ্ধি, মূর্খতা দুর্দ্দশা

Fatuous, *a.* নির্ব্বোধ, মূর্খ, উন্মত্ত

Favillous, *a.* ভস্মময়, ছাইযুক্ত [ভুম

Fault, *s.* দোষ, অপরাধ, ত্রুটি, চুক, খাইট,

Faulter, *s.* দোষকারক, অপরাধকারক

Faultily, *ad.* ত্রুটিপূর্ব্বক, দোষপূর্ব্বক, অনুচিতমতে, চুকে

Faultiness, *s.* দুষ্টতা, নষ্টতা, অপরাধ

Faultless, *s.* নির্দ্দোষী, নিষ্পাপী, নিরপরাধী, নিখুঁত, শুদ্ধ [যুক্ত

Faulty, *a.* দোষী, অপরাধী, অশুদ্ধ, ভুল

Favour, *v. a.* অনুগ্রহ-কৃ, প্রসন্নতা-হ, সাহায্য-কৃ, উপকার-কৃ, মেহেরবানি-কৃ

Favour, *s.* অনুগ্রহ, প্রসাদ, সাহায্য, উপকার, মেহেরবানি; *leave,* অনুমতি

Favourable, *a. kind,* অনুগ্রাহক, কৃপাবান, প্রসন্ন; *conducive to,* অনুকূল; *convenient,* উপযুক্ত

Favourableness, *s.* প্রসন্নতা, অনুগ্রহ, কৃপা

Favourably, *ad.* কৃপা বা অনুগ্রহ বা দয়াপূর্ব্বক

Favoured, *pa. a.* অনুগৃহীত

Favourite, *s.* দয়াপাত্র, প্রিয়পাত্র, সঙ্গী, মিত্র, প্রভুপ্রজে

Faucet, *s.* ক্ষুদ্র নল বা ছিপি

Fawn, *v. n.* উপাসনা-কৃ, খোসামোদ-কৃ

Fawn, *s.* মৃগশাবক

Fawn-*eyed*, *a.* মৃগাক্ষী, মৃগনয়না

Fawning, *pa.* উপাসনা, খোসামোদ

Fay, *s.* পক্ষী, পরী, নরাকার জন্তু, পরি

Fealty, *s.* প্রভুভক্তি, আজ্ঞাধীনতা

Fear, *s.* ভয়, ত্রাস, শঙ্কা, ডর, আশঙ্কা, ভীতি; *awe,* আদর

Fear, *v. a.* ভয়-কৃ, ত্রাস-কৃ, শঙ্কা-কৃ, ডর

Fear, *v. n.* ভীত-হ, উদ্বিগ্ন-হ, উৎকণ্ঠিত-হ

Fearful, *a. timid,* ভীত, ভীরু, ত্রস্ত; *awful,* আদরণীয়; *dreadful,* ভয়ানক, ভয়জনক

Fearfully, *ad. timorously,* ভীতরূপে, ভয়পূর্ব্বক, শঙ্কাপূর্ব্বক; *terribly,* ভয়ানকরূপে, ভয়ঙ্কররূপে [ভয়

Fearfulness, *s.* ভয়ানকতা, ভীরুতা, শঙ্কা,

Fearless, *a.* নির্ভয়, নিঃশঙ্ক, নিস্ত্রাসস, সাহসিক

Feasibility, *s.* সাধ্যতা, সম্ভাবনীয়তা

Feasible, *a.* সাধ্য, সম্ভাবনীয়, শক্য

Feast, *s.* ভোজ, মহোৎসব, পর্ব্ব, ফলাহার

Feast, *v. a.* ভোজ-দা, মহোৎসব-কৃ

Feast, *v. n.* উত্তম ভোজী-হ

Feat, *s.* কর্ম্ম, ক্রিয়া, কার্য্য; *an exploit,* অদ্ভুত ব্যাপার

Feat, *a.* উত্তম, নিপুণ, চালাক

Feather, *s.* পালক, পক্ষ, পাখনা, পাখা; *birds of a feather,* একজাতীয় পক্ষী

Feather, *v. a. to dress in feathers,* পক্ষবিশিষ্ট-কৃ; *to enrich,* ধনি-কৃ; *to feather one's nest,* ধনসঞ্চয়-কৃ

Feather-*bed*, *s.* পালক পূরিত বিছানা

Feathered, *a.* পক্ষবিশিষ্ট, পক্ষাচ্ছাদিত

Featherless, *a.* পক্ষরহিত, পাখাহীন

Feathery, *a.* পক্ষবিশিষ্ট [পূর্ব্বক

Featly, *ad.* পটুতারূপে, উত্তমরূপে, দক্ষতা

Digitized by Google

Feature, *s.* মুখের ডৌল, রূপ, আকার, চেহারা; *any lineament of the face*, মুখের কোন অবয়ব

Feaze, *v. a.* দড়ির পাক-খোল; *to beat*, প্রহার-কৃ

Febrifuge, *s.* জ্বরান্তক, জ্বরঘ্ন, জ্বরনাশক ঔষধ

Febrile, *a.* জ্বরঘটিত, জ্বরজাত

February, *s.* ইউরোপীয় বৎসরের দ্বিতীয় মাস, ফেব্রুআরি

Feculence, *s.* গাদ, শিটা, কাইট, মল

Feculent, *a.* মল বা গাদময়, শিটাযুক্ত, মলবিশিষ্ট

Fecund, *a.* ফলবতী, উর্ব্বরা, ফলোৎপাদক, সফল

Fecundation, *s.* ফলবতী করণ, উর্ব্বরা করণ, গর্ব্ভোৎপাদন

Fecundity, *s.* উর্ব্বরত্ব, ফলবত্তা

Federal, *s.* সন্ধি সম্বন্ধীয়, নিয়মবিশিষ্ট

Federary, *s.* মিত্র, একপরামর্শী, সঙ্গী

Fee, *s. property*, সম্পত্তি, অধিকার; *rewards*, বেতন, পারিতোষিক; *payments to persons in office*, রসুম, নজর, খরচা

Fee, *s.* রসুম-দা, পারিতোষিক-দা, বেতন দিয়া-রাখ

Feeble, *a.* ক্ষীণ, দুর্ব্বল, জীর্ণ, ক্লিষ্ট, কমজোর

Feebled, *pa.* ক্ষীণীভূত, জীর্ণ, হত বল

Feebleness, *s.* ক্ষীণতা, দৌর্ব্বল্য, জীর্ণতা, জরা, কাহিলী

Feebly, *ad.* ক্ষীণতারূপে, দৌর্ব্বল্যপূর্ব্বক

Feed, *v. to supply with food*, আহার-দা, ভোজন করাও; *to cherish*, প্রতিপালন-কৃ, পুষ, পুষ্ট-কৃ; *to delight*, হৃষ্ট-কৃ

Feed, *s.* আহার, ভক্ষ্য, ভোজ্য দ্রব্য, তৃণাদি

Feeder, *s.* আহারদাতা, প্রতিপালক, পোষক; আহারকর্ত্তা

Feel, *v. a. to perceive by the touch*, স্পর্শ দ্বারা জ্ঞাত-হ, স্পর্শ; *to perceive mentally*, বোধ-কৃ, মনে২ উপলব্ধি-কৃ; *to feel pain or pleasure*, সুখ বা দুঃখ বোধ-কৃ; *to grope*, হাতড়া, হস্তা-মৃষ

Feel, *v. n. to have perception by the touch*, সংস্পর্শ দ্বারা জ্ঞাত-হ

Feeling, *s. the sense of touch*, স্পর্শ দ্বারা-বোধ, সাড়, সান; *perception*, বোধ; *sensibility*, স্নেহ, দয়া, মায়া

Feeling, *ad.* দয়াজনক

Feelingly, *ad.* স্নেহপূর্ব্বক, দয়াক্রমে

Feet, *s. the plural of foot*, চরণ, পায়ের বহু বচন

Feign, *v. a. to invent*, রচনা-কৃ, নির্ম্মাণ-কৃ; *to make a shew of*, মিথ্যা-দর্শা; *to dissemble*, বাহানা-কৃ, প্রতারণা-কৃ, ফাকি-দা

Feign, *v. n.* মিথ্যা কথা-রচ

Feigned, *pa.* কল্পিত, মিথ্যা, ঝুটা

Feint, *s.* কল্পিত দর্শন, ছলনা, ফাকি, ছদ্মবেশ

Felicitate, *v. a.* আহ্লাদিত-কৃ, বিলাসিত-কৃ; *to congratulate*, মঙ্গলাচরণ-কৃ

Felicitation, *s.* মঙ্গলাচরণ, মঙ্গলবাদ

Felicity, *s.* সুখ, কুশল, আহ্লাদ, আনন্দ, বিলাস

Feline, *a.* মার্জ্জারবৎ, বিড়াল সম্বন্ধীয়

Fell, *a.* নিষ্ঠুর, ক্রূর, হিংস্র; *savage*, বন্য, অসভ্য

Fell, *v. a.* কাটিয়া-ফেল, মারিয়া-ফেল; *to hew down*, ছেদন-কৃ, কাট, কর্ত্তন-কৃ

Fellmonger, *s.* চর্ম্মব্যবসায়ী

Felloe, *s.* চক্রের বেড় বা ঘের বা পরিধি

Fellow, *s. an associate*, সঙ্গী, সাথী, সমভিব্যাহারী; *an equal*, তুল্য ব্যক্তি; *a word of contempt*, বেটা; *a member of a college*, বিদ্যালয়ের বৃত্তিভুক বা অন্তঃপাতী; *match*, যোড়া, যোটি

Fellow, *v. a.* সংযুক্ত-কৃ, যোড়া-লাগা, সম তুল্য-কৃ

Fellow-*creature*, *s.* সমজাত, সমসৃষ্ট

Fellow-*helper*, *s.* সাহায্যক, উপকারক

Fellow-*labourer*, *s.* সহকর্ম্মী, এক কার্য্যে নিযুক্ত ব্যক্তি

Fellow-*servant*, *s.* সহদাস, এক প্রভুর দাস

Fellow-*soldier*, *s.* সহযোদ্ধা, সহসৈন্য

Fellow-*student*, *s.* সতীর্থ, সহাধ্যায়ী

Fellow-*sufferer*, *s.* সহভোগী, এক দুঃখ ভোগ করে যে

Fellowship, *s. society*, সহবাস, সংসর্গ, সমভিব্যাহার; *partnership*, অংশিত্ব; *intercourse*, আলাপ, আনুগত্য; *establishment in a college*, বিদ্যালয়ের বৃত্তির অধিকার

Felo-de-se, *s.* আত্মঘাত, আত্মহত্যা

Felon, *s.* মহাপাতকী, অত্যপরাধী

Felon, *a.* ক্রূর, নিষ্ঠুর

Digitized by Google

Felonious, *a.* দুষ্ট, মহাপাপী, বিশ্বাসঘাতক
Feloniously, *ad.* মহাপাপিষ্ঠতারূপে
Felony, *s.* মৃত্যুযোগ্য অপরাধ
Felt, *s.* জমাট বস্ত্র বা কম্বল, লোমময় বস্ত্র
Feltre, *v. a.* পসম ইত্যাদি দাবিয়া জড়িত -কৃ
Felucca, *s.* ছয় দাঁড়ের নৌকা
Female, *a.* স্ত্রী বিষয়ক, স্ত্রী সম্বন্ধীয়
Female, *s.* স্ত্রী, মেয়্যা, মাদি
Feme-*covert*, *s.* বিবাহিতা স্ত্রী, উঢ়া
Feminality, *s.* স্ত্রী স্বভাব, স্ত্রী ধর্ম্ম
Feminine, *a.* *female*, স্ত্রী সম্বন্ধীয়, স্ত্রৈণ; *tender*, কোমল, মৃদু; *effemiate*, স্ত্রীবৎ, ভীরু
Femoral, *a.* উরু সম্বন্ধীয়
Fen, *s.* আর্দ্র ভূমি, জোল, জলা, ঝিল
Fence, *s.* বেড়, ঘের, বেড়া, ঘেরাণী, টাটি
Fence, *v. a. to enclose*, বেড়া-দা, ঘের, টাটি-দা; *to guard*, রক্ষা-কৃ
Fence, *v. n. to fight according to act*, শস্ত্র বিদ্যা অভ্যাস-কৃ
Fenceless, *a.* বেড়ারহিত, খোলা [কারক
Fencer, *s.* অস্ত্রবিদ্যাজ্ঞ, অস্ত্র ক্রীড়া অভ্যাস
Fencible, *a.* রক্ষণীয়, রক্ষণক্ষম
Fencing, *s.* শস্ত্র বিদ্যা, অস্ত্র বিদ্যা, যষ্টি ক্রীড়া বিদ্যা
Fencing-*master*, *s.* অস্ত্র বিদ্যা শিক্ষাকারী
Fencing-*school*, *s.* অস্ত্র বিদ্যা শিক্ষালয়
Fend, *v. a.* অবরোধ-কৃ, নিবারণ-কৃ, দূরে -রাখ
Fend, *v. n.* বিবাদ-কৃ
Fender, *s.* জ্বলন্ত অঙ্গারাদি নির্গত না হয় এতদর্থ গৃহমধ্যে অগ্নির সম্মুখে যে বেড়া দেওয়া যায় তাহা
Fennel, *s.* সলুফা শাক
Fenny, *a.* কর্দ্দমী, পাঁকাল, জলুয়া, তলতল্যা
Feodal, *a.* জায়গীর সম্বন্ধীয়
Feodary, *s.* জায়গীরের ন্যায় ভূম্যধিকার
Ferine, *a.* বন্য, অসভ্য, পশুবৎ
Ferineness, **Ferity**, *s.* নিষ্ঠুরতা, ক্রূরতা, বন্যতা, অসভ্যতা
Ferment, *v. a.* উথলিয়া-উঠ, গাঁজ, পাক, ফাঁপ [*mult*, কলহ, গোলমাল
Ferment, *s.* ফাঁপন, পাকন, গাঁজন; *tu-*
Fermentation, *s.* ফাঁপিয়া-উঠন, গাঁজন
Fermentative, *a.* ফাঁপনীয়, গাঁজনীয়
Fern, *s.* বৃক্ষবিশেষ
Ferocious, *a.* ভয়ানক, হিংস্রুক, ক্রূর, নিষ্ঠুর [নিষ্ঠুরতা
Ferocity, *s.* ভয়ানকতা, হিংস্রুকতা, ক্রূরতা,
Ferreous, *a.* লৌহঘটিত, লৌহনির্ম্মিত
Ferret, *v. a.* গুহ হইতে বাহির-কৃ, গোপনীয় স্থান হইতে বাহির-কৃ
Ferret, *s. an animal*, নকুলের ন্যায় পশু; *tape*, লোমের ফিতাবিশেষ
Ferriage, *s.* পারাণী
Ferruginous, *a.* লৌহের গুণ বিশিষ্ট, লৌহঘটিত [গুলো
Ferrule, *s.* লৌহের সামি, মুদ্গরাদির
Ferry, *s.* পারঘাট, খেয়াঘাট, গুদারার ঘাট
Ferry, *v. n.* পার-কৃ, খেয়ার নৌকার দ্বারা পার-হ [নৌকা
Ferry-*boat*, *s.* খেয়ার নৌকা, গুদারার
Ferry-*man*, *s.* পাটনি, খেয়ার নৌকার মাজি [ফলা
Fertile, *a.* সতেজ, ফলবান্, উর্ব্বর, অতি
Fertileness, *s.* উর্ব্বরত্ব, তেজস্বিতা, ফলবত্ত্ব
Fertility, *s.* তথা
Fertilize, *v. a.* তেজস্বি-কৃ, ফলবান-কৃ, উর্ব্বর-কৃ [হোদ্যম
Fervency, *s.* ব্যগ্রতা, উষ্ণতা, ঔৎসুক্য, ম
Fervent, *a.* ব্যগ্র, উষ্ণ, উৎসুক, মহোদ্যমী
Fervently, *ad.* ব্যগ্রতা রূপে, ঔৎসুক্য রূপে
Fervid, *a.* উষ্ণ, তপ্ত, ব্যগ্র, তেজস্বী, তীব্র
Ferula, *a.* পড়ুয়ারদের প্রহারার্থছড়ি
Fervour, *s.* ঔৎসুক্য, ব্যগ্রতা, উৎসাহ, উষ্ণতা, তেজ
Fester, *v. n.* পাক, রস-হ, ক্ষত খেয়ে-যা
Festival, *s.* পর্ব্ব, মহোৎসব, উৎসব, পরব্
Festive, *a.* পর্ব্ব বা উৎসব সম্বন্ধীয়, আনন্দ জনক, আহ্লাদসূচক [আনন্দ
Festivity, *s.* উৎসব, আহ্লাদ, আমোদ,
Festoon, *s.* ফুলের মালা
Festucous, *a.* তৃণনির্ম্মিত, খড়ুয়া
Fetch, *v. a. to go and bring*, আন, লইয়া আইস; *to derive*, উৎপন্ন-হ, আকর্ষণ -হ; *to arrive at*, প্রাপ্ত-হ, পঁহুছ; *to obtain as its price*, মূল্য-কৃ, মূল্য-হ
Fetch, *v. n. to move quickly*, দ্রুতগতি-কৃ

Digitized by Google

Fetch, *s.* ছল, ফিকির, ফাকি, কৌশল
Fetid, or Fœtid, *a.* পচা, দুর্গন্ধবিশিষ্ট, কুবাসি
Fetter, *v. a.* শৃঙ্খলে বদ্ধ-কৃ, বেড়ি-দা, বদ্ধ-কৃ, সামান্য রূপে আটক-কৃ [জিঞ্জির
Fetters, *s.* শৃঙ্খল, নিগড়, পায়ের বেড়ি,
Fettle, *v. n.* ক্ষুদ্র২ কর্ম্ম-কৃ, টুমটাম-কৃ
Fetus, *s.* ভ্রূণ, জরায়ুস্থ প্রাণী, অন্তরাপত্য
Feu-de-joie, *s.* জয়সূচক তোপ [ড়াই
Feud, *s.* কলহ, বিবাদ, বিরোধ, ঝগড়া, ল
Feudal, *a.* জায়গীর রূপ ভূমি সম্বন্ধীয়
Feudatory, *s.* জায়গীর স্বরূপ ভূম্যধিকার
Fever, *s.* জ্বর, তাপ
Feverish, *a.* জ্বরী, জ্বরগ্রস্ত, জ্বরাক্রান্ত, সজ্বর ; *uncertain,* অনিশ্চিত
Few, *a.* অল্প, কিঞ্চিৎ, যৎকিঞ্চিৎ, কএক, কিয়ৎ, কিছু
Fewness, *s.* অল্পতা, অবাহুল্য, অনাধিক্য
Fiat, *v.* হউক, আজ্ঞা, হুকুম
Fib, *s.* মিথ্যা কথা, ঝুটা কথা
Fib, *v. n.* মিথ্যা কথা-কহ
Fibber, *s.* মিথ্যাবাদী
Fibre, *s.* তন্ত্র, সূত্র, সূতা ; *a slender thread of an animal or a plant,* মাৎসের তন্ত্র, আঁশ, ফেঁসুয়া [বিশিষ্ট
Fibrous, *a.* আঁশাল, ফেঁসুয়াময়, তন্ত্র
Fickle, *a.* চঞ্চল, অস্থির, চুলবুলিয়া, তড়তড়িয়া [অস্থিরতা
Fickleness, *s.* চাঞ্চল্য, চাপল্য, অস্থৈর্য্য;
Fiction, *s. an invention,* কল্পিত বা আরোপিত বর্ণনা, কল্পিত রচনা ; *a tale,* ইতিহাস, উপকথা ; *a lie,* মিথ্যা কথা
Fictious, Fictitious, *a.* কৃত্রিম, অপ্রকৃত, অমূলক, অলীক, কল্পিত, অসত্য, মিথ্যা
Fictitiously, *ad.* অপ্রকৃত বা মিথ্যা বা কৃত্রিমরূপে
Fiddle, *s.* বেহালা, সারিন্দা
Fiddle, *v. n.* বেহালা-বাজ, সারিন্দা-বাজ
Fiddlefaddle, *a.* অনর্থক বিষয়ক, সামান্য বা তুচ্ছনীয় বিষয়ক
Fiddler, *s.* বেহালা-বাদক
Fiddlestick, *s.* বেহালার ধনুক বা কামানি
Fiddlestring, *s.* বেহালার তার
Fidelity, *s.* বিশ্বস্ততা, সারল্য, সত্যতা ; *faithful adherence,* প্রভুভক্ততা
Fidget, *v. n.* উসিফিসি-কৃ, টিপটিপ্-কৃ, চুলবুলা
Fiducial, *a.* প্রত্যয়ী, অসন্দিগ্ধ, বিশ্বাসযুক্ত
Fiduciary, *s.* বিশ্বস্ত ব্যক্তি, যাহার নিকটে বিশ্বাসপূর্ব্বক কোন বিষয় গচ্ছিত হইয়াছে
Fie ! *interj.* ধিক্, ছিছি, তোবা
Fief, *s.* জায়গীর
Field, *s. ground not enclosed,* বেড়া না দেওয়া ক্ষেত্র, ক্ষেত ; *the open country,* ময়দান ; *the ground of battle,* রণস্থল ; *a battle,* যুদ্ধ ; *space,* স্থান
Fieldbook, *s.* ভূমি জরীপকারকের যে বহীতে তাবৎ বৃত্তান্ত লেখা থাকে
Fieldmarshall, *s.* তাবৎ সৈন্যের প্রধান অধ্যক্ষ
Fieldofficer, *s.* সৈন্যদলের অধ্যক্ষ
Fieldpiece, *s.* ক্ষুদ্র কামান, ক্ষুদ্র তোপ
Fiend, *s. an enemy,* শত্রু, অরি ; *Satan,* সয়তান ; *any infernal being,* ভূত, দৈত্য, দানব, পিশাচাদি
Fierce, *a. savage,* ক্রূর ; *outrageous,* ভয়ানক, প্রচণ্ড, অত্যাচারী, দুর্দান্ত ; *angry,* রাগাল ; *strong,* প্রবল
Fiercely, *ad.* প্রচণ্ডরূপে, রাগালরূপে, দোর্দণ্ডপূর্ব্বক [ক্রোধ, মহাকোপ
Fierceness, *s.* ভয়ানকতা, প্রচণ্ডতা, অত্যন্ত
Fiery, *a. consisting of fire,* অগ্নিময় ; *hot like fire,* অগ্নিতুল্য তপ্ত, প্রজ্বলিত ; *vehement,* তেজাল, উগ্র ; *passionate,* রাগাল, ক্রোধান্বিত
Fife, *s.* বংশী, বাঁশী, মুরলী, শানাই
Fifer, *s.* বংশী বাদ্যকর, বাঁশীওয়ালা, বেণু বাদক [ন বাদ্যকর
Fife-*major, s.* প্রত্যেক পল্টনের মধ্যে প্রধা
Fifteen, *a.* পঞ্চদশ, পনর
Fifteenth, *a.* পঞ্চদশ, পনরুই
Fifth, *a.* পঞ্চম, পাঁচুই
Fifthly, *ad.* পঞ্চমতঃ, পাঁচ দফা
Fiftieth, *a.* পঞ্চাশত্তম, পঞ্চাশ
Fifty, *a.* পঞ্চাশৎ, পঞ্চাশ
Fig, *s.* ডুম্বুর বৃক্ষ বা ফল ; (*used contemptuously,*) অতিতুচ্ছ অর্থে প্রয়োগ হয়
Fight, *v. n.* যুদ্ধ-কৃ, রণ-কৃ, লড়াই-কৃ, সমর-কৃ, সংগ্রাম-কৃ

Digitized by Google

Fight, *v. a.* পরের সঙ্গে বিরোধ-কৃ
Fight, *s.* যুদ্ধ, লড়াই, সংগ্রাম, রণ
Fighter, *s.* যোদ্ধা
Fighting, *a.* যুদ্ধোপযুক্ত, যুদ্ধে নিযুক্ত
Figment, *s.* কল্পনা, রচা কথা, ছলনা, গল্প
Figurable, *a.* আকৃতি জননক্ষম
Figural, **Figurate**, *a.* আকৃতিবিশিষ্ট
Figurative, *a.* রূপক, উপমাবিশিষ্ট
Figuratively, *ad.* দৃষ্টান্তক্রমে, উপমারূপে
Figure, *s. form*, আকার, ঢপ, ডৌল; *eminence*, সম্ভ্রম, মর্য্যাদা; *an image*, মূর্ত্তি, প্রতিমূর্ত্তি, প্রতিমা; *a representation in painting*, ছবি; *arrangement*, নিয়ম; *a number*, অঙ্ক, সংখ্যা
Figure, *v. a.* সাকার-কৃ, অবয়ব-লিখ, অঙ্কিত-কৃ; মনেং কল্পনা-কৃ
Filaceous, *a.* সূত্রবিশিষ্ট [তাঁত
Filament, *s.* অতিসূক্ষ্ম সূত্র, আঁশ, কেশর,
Filbert, *s.* ফলবিশেষ [হরণ-কৃ
Filch, *v. a.* চুরি-কৃ, হাতচেঁচড়ামি-কৃ, অপ
Filcher, *s.* চোর, অপহারক
File, *s.* — *of papers*, পত্রাদি গাঁথিয়া রাখিবের শিক; — *of soldiers*, সৈন্যশ্রেণী; *an instrument*, উখা
File, *v. a. to string on a thread*, পত্রাদি শিকে গাঁথিয়া-রাখ; *to smoothe with a file*, উখার দ্বারা-ঘর্ষ; *to file a bill*, বিল ফাইল-কৃ, অর্থাৎ আদালতে নালিশ পত্র দাখিল-কৃ
File, *v. n. to march in a file*, শ্রেণী রূপে হাঁট [পুত্র ধর্ম্মক
Filial, *a.* পুত্র সম্বন্ধীয়, সন্তানের ন্যায়,
Filigree, *s.* স্বর্ণরৌপ্যাদির সূক্ষ্ম গুণার কর্ম্ম
Filings, *s.* উখার গুঁড়া
Fill, *v. a.* পূর্ণ-কৃ, পরিপূর্ণ-কৃ, ভরপুর-কৃ; *to content*, পরিতৃপ্ত-কৃ
Fill, *v. n.* পরিপূর্ণ-হ
Fill, *s.* পূর্ণতা, পরিপূর্ণতা, তৃপ্তি, ভর্ত্তি
Fillet, *s. a head band*, মস্তকবন্ধনী; *the fleshy part of the thigh*, উরুর মাংসল ভাগ [পটি দিয়া বন্ধন-কৃ
Fillet, *v. a.* মস্তকে বন্ধন-কৃ, তাগা-বাঁধ,
Fillip, *v. a.* তুড়ি-দা, চুট্‌কি-দা
Fillip, *s.* তুড়ি, চুট্‌কি, অঙ্গুলিধ্বনি

Filly, *s.* ঘোড়ার মাদি বাচ্ছা [সূক্ষ্ম চর্ম্ম
Film, *s.* ছানি, ফুলি, জালি, চক্ষুর অতি
Filmy, *a.* ছানিযুক্ত; ফুলিবিশিষ্ট
Filter, *v. a.* ছাক, ক্ষর, নিঃসর
Filth, *s.* মল, ময়লা, বিষ্ঠা, গূ, কাইট, কেঁদ ছানি, শিটা [ততা, অশুচিতা
Filthiness, *s.* মালিন্য, মলিনতা, অপরিষ্কৃ
Filthy, *a.* মলিন, ময়লাটিয়া, অপরিষ্কার, কালকৃষ্ণী, অশুচি
Filtrate, *v. a.* ছাক, গাদ-কাট
Fin, *s.* মৎস্যের ডেনা [নীয়
Finable, *a.* জরিমানার যোগ্য, অর্থদণ্ড
Final, *a. last*, শেষ, অন্ত, চরম; *conclusive*, চূড়ান্ত, সিদ্ধান্তকারী [খেরে
Finally, *ad.* শেষে, অবশেষে, চরমে, আ
Finance, *s.* রাজস্ব [বিষয়ে বিজ্ঞ ব্যক্তি
Financier, *s.* রাজস্বসংগ্রাহক, রাজকোষ
Find, *v. a. to discover*, প্রাপ্ত-হ, প্রাপ্, মিল, অনুসন্ধানের দ্বারা-প্রাপ; *to know by experience*, অনুশীলন দ্বারা অবগত-হ; *to furnish*, যোগা, নির্ব্বাহ-কৃ; *to find out, to discover*, অনুসন্ধান দ্বারা ধৃ; *to find out, to invent*, সৃষ্টি-কৃ, নির্ম্মাণ-কৃ; *how do you find yourself?* আপনি কেমন আছেন?
Finder, *s.* পায় যে
Fine, *a. not coarse*, সূক্ষ্ম, পাতলা, সরু, মিহি; *pure*, নির্ম্মল; *sly*, ধূর্ত্ত; *elegant*, উত্তম, সুন্দর, সুতরা
Fine, *s.* অর্থদণ্ড, গুনাহগারি, জরিমানা
Fine, in *ad.* ফলতঃ
Fine, *v. a. to refine*, নির্ম্মল-কৃ, পরিষ্কার-কৃ, গাদ-কাট; *to mulct*, জরিমানা-কৃ
Finely, *ad.* নির্ম্মলরূপে, উত্তমরূপে, সূক্ষ্মরূপে, সুন্দররূপে
Fineness, *s. elegance*, উত্তমতা, সৌন্দর্য্য, শোভা; *subtilty*, সূক্ষ্মতা; *purity*, নির্ম্মলতা, শুদ্ধতা
Finer, *s.* ধাতু খাটিকর, ধাতু নির্ম্মলকারক
Finery, *s.* বেশ ভূষা, পোশাকের পারিপাট্য, আভরণাদি
Finesse, *s.* ফিকির, ছল, কৌশল
Finger, *s.* অঙ্গুলি, আঙ্গুল
Finger, *v. a.* অঙ্গুলির দ্বারা স্পর্শ-কৃ, ছো; *to steal*, চুরি-কৃ

Digitized by Google

Finger, fore- *s.* তর্জনী
Finger, second- *a.* মধ্যমা
Finger, ring- *s.* অনামিকা
Finger, little- *s.* কনিষ্ঠা
Finical, *a.* সুন্দর, সুশ্রী, ফুল্লারবিন্দ
Finis, *s.* অন্ত, শেষ, সাঙ্গ, সমাপ্ত, ইতি
Finish, *v. a. to end,* শেষ-কৃ, সমাপ্ত-কৃ, অন্ত-কৃ, সাঙ্গ-কৃ ; *to perfect,* সম্পূর্ণ-কৃ
Finisher, *s.* সাঙ্গকারক, সমাপ্তিকারক
Finite, *a.* পরিমেয়, যাহার সীমা বা শেষ আছে, পরিচ্ছিন্ন
Finless, *a.* মৎস্য বিষয়ে ডেনাহীন
Finny, *a.* মৎস্য বিষয়ে ডেনাযুক্ত
Fir, *s.* দেবদারু কাষ্ঠ
Fire, *s. the element of fire,* অগ্নি, আগুন, অনল, বহ্নি ; *a conflagration,* জ্বলন, অগ্নিদাহ ; *ardor,* মনের তেজ
Fire, *v. a. to kindle,* অগ্নি-দা ; *to animate,* উত্তেজনা-কৃ ; *to fire a gun,* আগ্নেয়াস্ত্র-ছোড়
Fire, *v. n.* অগ্নি-লাগ [ত্যাদি
Firearms, *s.* আগ্নেয়াস্ত্র, বন্দুক কামান ই
Firebrand, *s.* অগ্নিযুক্ত কাষ্ঠ [সর্প
Firedrake, *s.* অগ্নির ন্যায় আকার বিশিষ্ট
Firefly, *s.* জোনাকি পোকা
Firelock, *s.* সিপাহির বন্দুক [ব্যক্তি
Fireman, *s.* গৃহদাহ নির্ব্বাণার্থ নিযুক্ত
Firepan, *s.* আঙ্গটা, অগ্নিপাত্র
Fireship, *s.* শত্রুরদের জাহাজ দগ্ধ করণার্থ জ্বলনীয় বস্তু পূরিত অন্য যে জাহাজের ব্যবহার হয়
Fireside, *s.* উনন, চুলা, অগ্নির স্থান
Fireworks, *s.* অগ্নিক্রীড়া আতস বাজি
Firewood, *s.* জ্বালানি কাষ্ঠ
Firing, *s.* জ্বালান, অগ্নি দেওন, দাহ করণ ; বন্দুক বা কামানের ধ্বনি [ধারি পিপা
Firkin, *s.* ৯ গালন অর্থাৎ প্রায় ৩০ সের
Firm, *a. strong,* শক্ত, দৃঢ়, টনক ; *constant,* স্থির, অচল ; *solid,* সারযুক্ত
Firm, *s. a trading body,* বাণিজ্যের কুঠী
Firmament, *s.* আকাশ, আসমান, গগণমণ্ডল
Firmamental, *a.* আকাশ সম্বন্ধীয়
Firmly, *a.* দৃঢ়রূপে, শক্তরূপে, স্থিররূপে, অলড়রূপে
Firmness, *s.* দৃঢ়তা, দার্ঢ্য, শক্ততা, ঘনতা, মজবুতী ; *constancy,* স্থৈর্য্য, নিশ্চেয়ত্ব
First, *a. first in time,* অগ্র, প্রথম, আদি, পহিলা ; *first in dignity,* প্রধান, শ্রেষ্ঠ
First, *ad.* প্রথমে, অগ্রে, পূর্ব্বে, আগে
First-*begotten,* *s.* প্রথমজ, প্রথমাপত্য, জ্যেষ্ঠ
First-*born,* *a.* প্রথম জাত, জ্যেষ্ঠ
First-*fruits,* *s.* প্রথম ফল, প্রথম প্রাপ্ত বা জনিত দ্রব্য
Firstling, *s.* পশুর প্রথমজাত
Fiscal, *s.* রাজস্ব সম্বন্ধীয়
Fish, *s.* মৎস্য, মীন, মাচ, আমিষ ; *the young of fish,* পোনা
Fish, *v.* মৎস্য-ধৃ, মাচ-মার ; *to try by artifice,* ছল দ্বারা কোন দ্রব্য প্রাপণের উদ্যোগ-কৃ [মাছুয়া, ধীবর
Fisher, Fisherman, *s.* কৈবর্ত্ত, জালিয়া,
Fisher-*boat,* *s.* জালিয়া ডিঙ্গী
Fishery, *s.* মৎস্য ধরণ ব্যবসায়
Fish-*hook,* *s.* মৎস্য ধরণার্থ বড়শি
Fishing, *s.* মৎস্য ধরণ, মাচ মারণ
Fishing-*net,* *s.* মৎস্য ধরণের জাল [পাত্র
Fish-*kettle,* *s.* মৎস্য সিদ্ধ করণার্থ প্রশস্ত
Fishmeal, *s.* মৎস্যাহার, মৎস্যভোজন
Fishmonger, *s.* মৎস্যবিক্রেতা, মৎস্যব্যবসায়ী
Fishy, *a.* মৎস্যবৎ, আমিষীয়, আঁষ্টিয়া
Fissure, *s.* ফাইট, রন্ধ্র, ছিদ্র, ফাটা, ফুকর
Fist, *s.* মুটা, মুষ্টি, ঘুসা, কিল
Fisticuffs, *s.* মুষ্টামুষ্টি, কিলাকিলি
Fistula, *s.* ব্রণবিশেষ, ভগন্দর, নাড়ীব্রণ বিশেষ
Fistulous, *a.* ব্রণ সম্বন্ধীয়, ভগন্দরবিশিষ্ট
Fit, *s.* রোগের উপসর্গ, ভুমী, মৃগি, মূর্চ্ছা
Fit, *a.* অর্হ, উপযুক্ত, যোগ্য, উচিত, বিহিত
Fit, *v. a.* ঠিক-লাগ, উপযুক্ত-হ, ঠিক-হ ; *to fit out,* সাজা, প্রস্তুত-কৃ
Fit, *v. n.* উচিত বা উপযুক্ত-হ
Fitly, *ad.* উপযুক্তমতে, ঠিকঠাকে, উচিতমতে
Fitness, *s.* উপযুক্ততা, যোগ্যতা, ঔচিত্য, পারগতা, ঐক্যতা, মেল
Fitz, *s.* নামের অগ্রে প্রয়োগ করিলে পুত্র বুঝায় [পাঁচ
Five, *a.* পঞ্চ, পাঁচ ; *five per cent.* শতকরা

Digitized by Google

Fivefold, *a.* পাঁচগুণ, পঞ্চধা, পঞ্চবিধ
Fives, *s.* এন্টাল ক্রীড়াবিশেষ, গেঁদুখেলা
Fix, *v. a.* *to make firm*, দৃঢ়-কৃ, বদ্ধ, লা গা, মজবুৎ-কৃ; *to settle*, স্থাপিত-কৃ, স্থির-কৃ; *to direct*, নিবেশ-কৃ, অভিনিবেশ-কৃ
Fix, *v. n.* *to settle the opinion*, বিবেচনা স্থির-কৃ; *to rest*, বসা, স্থিতি-কৃ
Fixation, Fixedness, *s.* স্থায়িত্ব, দৃঢ়ত্ব, স্থিতি, স্থৈর্য্য
Fixed, *pa.* নিযোজিত, স্থাপিত, বদ্ধ, স্থির
Fixidity, Fixity, *s.* দার্ঢ্য, ঘনত্ব, সংলগ্নতা
Fixture, *s.* স্থিরতা, স্থায়িত্ব; — *in a house*, গৃহমধ্যে সংবদ্ধ দ্রব্যাদি
Fizgig, *s.* কালা, টেঁকলা, কোঁচ, টেঁটা [ভাব
Flabbiness, *s.* কোমলত্ব, অশক্তভা, অশক্ত
Flabby, *a.* কোমল, অশক্ত, লোলিত
Flaccid, *a.* ফস্‌কা, ঢিলা, ক্ষীণ, অশক্ত, আলগা [ল্য, ক্ষীণতা
Flaccidity, *s.* ঢিলামি, আলগামি, শৈথি
Flag, *v. n.* *to hang loose*, ঝুল, আলগা-হ; *to grow spiritless*, অবসন্ন-হ, ম্লান-হ, দুর্ব্বল-হ, ক্লান্ত-হ [-দা
Flag, *v. a.* *to suffer to droop*, ক্লান্ত হইতে
Flag, *s.* *an ensign*, পতাকা, ধ্বজা, নিশান, বৈজয়ন্তী; *a flat stone*, শান পাতর
Flagelet, *s.* ক্ষুদ্র বেণিবিশেষ
Flagellation, *s.* প্রহার, মার, বেত বা কোড়া বাজি
Flaggy, *a.* ক্ষীণ, দুর্ব্বল, নরম, লোলিত
Flagitious, *a.* অতিদুষ্ট, দুরাচার, মহাপাতকী
Flagon, *s.* পানপাত্রবিশেষ, কুঁজা, সোরাই
Flag-*officer*, *s.* যুদ্ধ জাহাজ বহরের অধ্যক্ষ
Flagrancy, *s.* *heat*, উষ্ণতা, উত্তাপ; *enormity*, আত্যন্তিকতা, দোষের আতিশয্য
Flagrant, *a.* *ardent*, উষ্ণ, উত্তপ্ত, উগ্র; *notorious*, অতি দুষ্ট, প্রসিদ্ধ, মসহুর
Flagship, *s.* যুদ্ধ জাহাজ বহরের অধ্যক্ষের জাহাজ
Flagstaff, *s.* নিশান কাষ্ঠ, পতাকা দণ্ড
Flail, *s.* ধান্যাদি শস্য মাড়নের অস্ত্রবিশেষ
Flake, *s.* কোষ্ঠা, লুটি, গোচ্ছা
Flam, *s.* মিথ্যা কথা
Flambeau, *s.* মশাল, ডামস্, উল্কা
Flame, *s.* *fire*, অগ্নিশিখা, শীষ, আঁচ, ঝাঁজ; *ardor of temper*, মনের ঔৎসুক্য বা রাগ বা তেজ; *passion of love*, প্রেম, আসক্তি
Flame, *v.* উজ্জ্বল-হ, প্রজ্বলিত-হ, শিখা-উঠ, শীষ-উঠ [মধ্যে যাজক
Flamen, *s.* পূর্ব্বকালীন রোমাণেরদের
Flaming, *pa.* প্রজ্বলিত, জাজ্বল্যমান, জ্বলন্ত [জাঁকজমক করিয়া
Flamingly, *ad.* প্রজ্বলিতরূপে, উজ্জ্বলরূপে,
Flammability, *s.* জ্বলনীয়ত্ব, জ্বলনশীলতা, দাহ্যতা [করণ
Flammation, *s.* জ্বলান, পোড়ান, দগ্ধ
Flamy, *a.* প্রজ্বলিত, জাজ্বল্যমান
Flank, *s.* *flank of a quadruped*, পাঁজর, কাঁক; *flank of an army or fleet*, সৈন্য বা যুদ্ধ জাহাজের পার্শ্ব
Flank, *v. a.* *to attack the side*, পার্শ্বস্থ সৈন্য বা জাহাজের উপর আক্রমণ-কৃ; *to secure on the side*, পার্শ্বস্থ ভাগরক্ষা-কৃ
Flannel, *s.* লুই, ধুসা, ফেলানিল
Flap, *s.* পাট, দামন, লোলিত বা ঝুলিত কোন দ্রব্য [সাট্-মার
Flap, *v. a.* পাখা-মার, ঝাপট্টা-মার, পাখ
Flap, *v. n.* পাখার সাঁই২ শব্দ-হ
Flap-*eared*, *a.* লোলিত কর্ণ বিশিষ্ট
Flare, *v. n.* উজ্জ্বল-হ, চক্‌মক্-কৃ, দীপ্তি-কৃ, তাকান যায় না এমত আলো-কৃ
Flash, *s.* ক্ষণিক প্রভা, চক্‌মকিয়া আলো, নক্‌কার, চাক্‌চক্য
Flashy, *a.* ফাঁপা, অসার, রঙ্গীলা, জাঁকাল
Flask, *s.* পাত্র, জলপাত্র; — *of powder*, বারুদের শিঙ্গা
Flasket, *s.* ঝাঁকা, ঝোড়া
Flat, *s.* *even ground*, সমভূমি, মাঠ; *shallow place in the sea*, সমুদ্রের চর; *broad side of a blade*, তলওয়ারের পাতা
Flat, *a.* *even*, সম, সমান, বরাবর, চ্যাপ্টা, থ্যাবড়া; *insipid*, নিস্তেজ, রসহীন; *positive*, স্পষ্ট, নিশ্চয় [-কৃ
Flat, *v. a.* সমান-কৃ, চৌরস্-কৃ, চ্যাপটা
Flat, *v. n.* চৌরস-হ, সমান-হ [রূপে
Flatly, *ad.* সমতারূপে; নিশ্চয়রূপে, স্পষ্ট
Flatness, *s.* সমানতা, চৌরস; *dejection*, ম্লানতা, মনের বিষণ্ণত্ব
Flat-*nosed*, *a.* খাঁদা, চ্যাপ্টা নাকবিশিষ্ট

Digitized by Google

Flatten, *v.* সমান-কৃ, চ্যাপ্টা-কৃ, থ্যাতলা-কৃ, থ্যাতুয়া-কৃ; *to deject*, নিস্তেজ-কৃ, বিষণ্ণ-কৃ
Flatter, *v. a.* প্রশংসা-কৃ, স্তব-কৃ, মনোরঞ্জন-কৃ, খোসামোদ-কৃ, ফুস্লা, ভুলা
Flatterer, *s.* প্রশংসাকারী, স্তাবক, খোসামোদকারী
Flattery, *s.* প্রশংসা, স্তবস্তুতি, খোসামোদ
Flattish, *a.* কিঞ্চিৎ চ্যাপ্টা বা চৌরস
Flatulency, *s.* বায়ুরোগ, কুক্ষি, বাতিক, পেট-ফাঁপা
Flatulent, Flatuous, *a.* বায়ুরোগগ্রস্ত, বাতিকতা; *empty*, অনর্থক, শূন্য
Flaunt, *v. n.* ভড়ঙ্-দেখা, বুকফুলাইয়া-চল
Flavour, *s.* *pleasing to the taste*, স্বাদু, সুস্বাদু, লালিত্য, রস, মজা; *fragrancy*, সুগন্ধ, গন্ধ
Flavourous, *a.* সুস্বাদু, সুরস, সুগন্ধি
Flaw, *s.* ছিদ্র, ফাইট, খুঁত, চুক, দোষ
Flax, *s.* তিসি, মসিনা [শণবর্ণ
Flaxen, *a.* তিসিনির্ম্মিত; *fair*, ঈষৎ পিঙ্গ
Flay, *v.* চর্ম্ম-তোল, প্রহার দ্বারা ছাল-তোল
Flea, *s.* উয়ানকি, পিসু
Fleabitten, *a.* উয়ানকির দ্বারা দংশিত
Fleam, *s.* পশ্বাদির রক্তমোক্ষণার্থ অস্ত্র
Fleck, *v. a.* দাগ-দা, রোড়া-দা চিত্রিত-কৃ
Fledge, *v. a.* পাখাযুক্ত-কৃ, পালক-উঠা
Flee, *v. n.* পলা, পলায়ন-কৃ, পলাইয়া-যা, লুকা [লোম পাওয়া যায়
Fleece, *s.* এক মেষের শরীর হইতে যত
Fleece, *v. a.* *to fleece a sheep*, মেষের লোম-কাট বা ছাট; *to plunder*, লুট-কৃ, নিজড়িয়া-ল
Fleeced, *pa.* লুণ্ঠিত, অপহৃত; লোমযুক্ত
Fleecy, *a.* লোমময়, লোমবিশিষ্ট, পশমী
Fleer, *v. n.* পরিহাস-কৃ, ভেজা, বিদ্রূপ-কৃ, ঠাট্টা-কৃ
Fleet, *a.* চালাক, সতর্ক, শীঘ্রগামী
Fleet, *s.* জাহাজের বহর, জাহাজ সমূহ
Fleet, *v. n.* শীঘ্র গমন-কৃ, অদৃষ্ট-হ [-কৃ
Fleet, *v. a.* আমোদ প্রমোদে কাল যাপন
Fleeting, *a.* অস্থায়ি, নিয়ত গমনশীল
Fleetly, *ad.* শীঘ্র২, ঝট্২ করিয়া, শীঘ্র
Fleetness, *s.* দ্রুততা, শীঘ্রতা, বেগগামিত্ব
Flesh, *s.* *the muscular part of the body*, মাংস, আমিষ, পলল, ক্রব্য; *animal food*, ভক্ষণীয় মাংস; *a carnal state*, শারীরিক ধর্ম্ম, শারীরিকতা; *near relation*, কুটুম্ব
Flesh, *v. a.* *to initiate*, কর্ম্মে প্রথম উদ্যত-হ বা উদ্যোগ-কৃ; *to glut*, পরিতৃপ্ত-কৃ
Flesh-hook, *s.* ডেক হইতে মাংস তোলনার্থ কাঁটা
Fleshless, *a.* মাংসহীন
Fleshliness, *s.* শারীরিকতা, শারীরিক সুখাভিলাষ [পার্থিব
Fleshly, *a.* ঐহিক, শারীরিক, দৈহিক,
Fleshmonger, *s.* মাংসব্যবসায়ী; *a pimp*, কোটনা
Fleshy, *a.* মাংসল, মোটা, স্থূলকায়, হৃষ্টপুষ্ট [পুষ্টতা
Fleshiness, *s.* মাংসপিণ্ডতা, মাংসলতা,
Fletcher, *s.* ধনুর্ব্বাণ নির্ম্মাণকারক
Flexibility, Flexibleness, *s.* নম্যতা, নমনীয়তা, নোয়ানের যোগ্যতা
Flexible, Flexile, *a.* *not brittle*, আশু নমনীয়, নম্য, কোমল; *manageable*, বশ্য; *obsequious*, খোসামোদিয়া
Flexion, *s.* নমন, নোয়ান; *a bending*, মোড়, বাঁক, পেঁচ
Flexuous, *a.* বক্র, বাঁকা, পেঁচা, ঘোঁজাল
Flexure, *s.* *the act of bending*, নমন, নোয়ান, বক্র হওন; *the part bent*, বাঁক, পেঁচ
Flicker, *v. a.* পাখসাট-মার, পাখা-ঝাড়
Flier, *s.* পলাতক, ভাগড়া
Flight, *s.* *the act of flying*, পলায়ন, ভাগন, পলাইয়া বাঁচন; *a flock of birds flying together*, এক কালীন উড্ডীয়মান পক্ষির ঝাঁক; *a volley*, এক কালে যত তীর মারা যায়; *sally of the imagination*, মোনের ভ্রান্তি
Flighty, *a.* উড্ডীয়মান; *wild*, ক্ষিপ্তের ন্যায় চঞ্চল, ভ্রমযুক্ত
Flimsy, *a.* ক্ষীণ, দুর্ব্বল, কৃশ, অশক্ত, অধম
Flinch, *v. n.* কোন কর্ম্ম বা দুঃখ হইতে পিছ বা হঠ [হইতে পিছায় বা হঠে
Flincher, *s.* যে ব্যক্তি কোন কর্ম্ম বা যন্ত্রণা
Fling, *v. a.* *to cast*, প্রক্ষেপ-কৃ, ক্ষেপ-কৃ, ফেল; *to scatter*, ছড়া; *to fling*

Digitized by Google

away, ফেলিয়া-দা ; *to fling down,* ভাঙ্গিয়া-ফেল
Fling, *v. n.* লাফালাফি-কৃ [বিদ্রূপ
Fling, *s.* নিক্ষেপ, প্রক্ষেপ ; *a gibe,* ঠাট্টা,
Flint, *s.* অগ্নি প্রস্তরবিশেষ, চুমকি পাতর
Flinty, *a.* অগ্নি প্রস্তরে নির্ম্মিত ; *cruel,* কঠিন, নিষ্ঠুর, নির্দয় [বাদী
Flippant, *a.* বড়বড়্যা, বাচাল, বহুবাক্য
Flippantly, *ad.* বড়বড়্যামিরূপে
Flirt, *s.* নাচিয়া বা লাফিয়া বেড়ায় যে প্রগল্ভা স্ত্রী, অঙ্গভঙ্গকারিণী
Flirt, *v. n.* ঠাট্টা-কৃ, বিদ্রূপ-কৃ, মিথ্যা লাফ-পাড় [নিক্ষেপ-কৃ
Flirt, *v. a.* অতিশীঘ্র করিয়া কোন বিষয়
Flit, *v. n.* উড়িয়া-যা, অস্থির-হ, ইতস্ততো গমনাগমন-কৃ
Flitch, *s.* লোণা শুষ্ক শূকরের পাঁজরা
Flitter, *s.* লেকড়া, কানি, জীর্ণ বস্ত্র
Flix, *s.* কোমল লোম বা পশম বা চুল
Float, *s.* মন্দাস, কাঠের মাড় বা ভেলা ; *in angling,* ফাতনা [রে বহিয়া-যা
Float, *v. n.* ভাস, ভাসমান-হ, জলের উপ
Flock, *s. a company of birds or sheep,* মেষের পাল, ঝাঁক, ঝুণ্ড ; *a crowd,* জনতা, ভিড় ; *a lock of wool,* লোমের থোবা
Flock, *v. a.* জমা-হ, একত্র-হ, পালে২ আগমন-কৃ, ঝাঁক-বান্ধ
Flog, *v. n.* প্রহার-কৃ, মার, দণ্ড-কৃ, শাসন-কৃ [ওন
Flogging, *s.* প্রহার করণ, মারণ, শাজা দে
Flood, *s. flow of tide,* জোয়ার, বান্ ; *inundation,* বন্যা, জলাপ্লাবন
Flood, *v. a.* জলাপ্লাবিত-কৃ, জলমগ্ন-কৃ
Floodgate, *s.* জল প্রবেশ বা নির্গমনার্থ কপাট বা দ্বার [হার চিহ্ন
Floodmark, *s.* জোয়ার উঠে যে পর্য্যন্ত তা
Floor, *s.* মেজ্যা, ঘরের মেজ্যা, শান ; *a story or flight of rooms,* তালা
Floor, *v. a.* মেজ্যা-কৃ
Flop, *v. a.* পাখসাট-কৃ, ডেনা-ঝাড়
Floral, *a.* পুষ্প বিষয়ক, পুষ্প সম্বন্ধীয়
Florid, *a.* পুষ্পজনক ; *flushed with red,* ঈষদ্ রক্তবর্ণ বিশিষ্ট ; *embellished,* সুশোভিত [শোভা
Floridness, *s.* রক্তবর্ণের তেজ ; সৌন্দর্য্য,
Florin, *s.* দুই ভরির কিঞ্চিদধিক রূপার মুদ্রাবিশেষ
Florist, *s.* মালাকার, মালী, পুষ্পোৎপাদক
Flotilla, *s.* জাহাজসমূহ, জাহাজের বহর
Flotson, *s.* সমুদ্রে ভাসমান অস্বামিক দ্রব্য
Flounce, *v.* আস্ফালন-কৃ, লম্ফন-কৃ, ধড়ফড়ান-কৃ ; *to move with tumult,* হুড়া মুড়ি করিয়া-চল
Flounce, *s.* বস্ত্রের শোভাজনক প্রান্তভাগ
Flounder, *v. n.* উল্লম্ফন-কৃ, ঘোড়া পঙ্কে পড়িয়া যেমন অস্থির হয় তদ্রূপ আস্ফালন-কৃ
Flour, *s.* আটা, সুজি ময়দা
Flourish, *v. n. to be in vigor,* সতেজ-হ, উন্নত-হ, তেজস্বী-হ ; *to use florid language,* বাগাড়ম্বর-কৃ ; *to make irregular motions,* ইতস্ততঃ পাক-দা
Flourish, *v. a. to adorn,* সুশোভিত-কৃ, ভূষিত-কৃ, জড়াও-কৃ
Flourish, *s. an ambitious copiousness,* বাগাড়াম্বর ; *a brandishing,* অস্ত্রাদির পাক দেওন ; অক্ষরের ফেঁচ্‌টানন [ঠাট্টা-কৃ
Flout, *v. a.* পরিহাস-কৃ, ভেজা, বিদ্রূপ-কৃ,
Flout, *v. n.* তুচ্ছতাবোধক ব্যবহার-কৃ
Flow, *v. a. to flow as water,* প্রবহ, জলবৎ-স্রুব ; *to rise, not to ebb,* জোয়ার-হ ; *to issue,* নির্গত-হ ; *to abound,* বাহুল্য-হ
Flow, *v. n.* বন্যা-হ [*abundance,* বাহুল্য
Flow, *s.* জোয়ার, প্রবাহ, স্রোতের গমন ;
Flower, *s.* পুষ্প, কুসুম, ফুল ; *an ornament,* ভূষণ, অলঙ্কার ; *the quintescence,* সার ভাগ ; *the prime,* যৌবন
Flowers, *s. unblown,* কলিকা
Flower, *v. n.* পুষ্পিত-হ, ফুল-ধৃ
Flower-*garden*, *s.* পুষ্পোদ্যান, ফুলবাগান
Floweret, Flowret, *s.* ক্ষুদ্র পুষ্প [কৃত
Flowery, *a.* পুষ্পবান্, পুষ্পভূষিত ; অল
Flowingly, *ad.* বাক্য বাহুল্যে, প্রবাহরূপে, প্রাচুর্য্যরূপে [তরল
Fluctuant, *a.* অনিশ্চিত, অস্থির, চঞ্চল,
Fluctuate, *v. n.* অনিশ্চিত-হ, অস্থির-হ, ঢেউর ন্যায় উঠা-পড়া
Fluctuation, *s.* অস্থিরতা, চাঞ্চল্য, ঢেউর ন্যায় উঠিয়া পড়ন

Digitized by Google

Flue, s. soft down, কোমল লোম; a chimney, ধূঁয়া নির্গত হওনের ছিদ্র বা পথ
Fluency, s. বাক্‌পটুতা, বাক্‌বাহুল্য
Fluent, a. liquid, দ্রব; flowing, বহনশীল; copious, সদ্বক্তা, বাক্‌পটু [প্রবাহপূর্ব্বক
Fluently, ad. বাক্‌পটুতাক্রমে, অনায়াসে,
Fluid, s. দ্রবদ্রব্য, রস
Fluid, a. তরল, দ্রবণীয়, জলবৎ, বহনশীন
Fluidness, Fluidity, s. তারল্য, দ্রবভাব
Fluke, s. নঙ্গরের ফাল বা পাকা বা হুল
Flummery, s. ময়দা ইত্যাদিতে প্রস্তুত বা লকের আহারীয় দ্রব্য
Flurry, s. ঝটকা, দমকা বাতাস; bustle, ঘবরাণি, ধুমধাম [বহমান-হ
Flush, v. n. to flow with violence, বেগে
Flush, v. a. to redden suddenly, হঠাৎ মুখের বর্ণ উজ্জ্বল-কৃ; to elate, প্রফুল্ল-হ, হৃষ্টচিত্ত-হ
Flush, s. a sudden flow of blood to the face, হঠাৎ আনন্দ দ্বারা মুখের বর্ণ উজ্জ্বল হওন; abundance, বাহুল্য, যথেষ্টতা
Flushed, pa. রক্তবর্ণ বদন, হৃষ্টচিত্ত, প্রফুল্ল
Flute, s. বংশী, বাঁশী, মুরলী, বেণু; a channel in a pillar, পিলপাপ্রভৃতির উপরে খোদিত খোল
Fluting, s. স্তম্ভের খোল
Flutter, v. n. ছট্‌ফট্ করিয়া উড়িয়া-যা; to be in agitation, অনর্থক দৌড় ঝাঁপ-কৃ
Flutter, v. a. মন অস্থির বা চঞ্চল-কৃ [রাণি
Flutter, s. মনের চাঞ্চল্য, দৌড়ঝাঁপ, ঘব
Flux, s. the act of moving, প্রবহণ, দ্রবণ; concourse, সমাগম; dysentery, উদরের পীড়া, অতিসার, আমাশয়
Fluxion, s. প্রবহণ; the analysis of infinitely small quantities, অতি সূক্ষ্মরূপ গণনাদি বিদ্যা
Fly, v. a. to move through the air, উড়িয়া-যা, উড়, বায়ুপথে-গম; to escape, পলায়ন-কৃ, পলা; to break, ভাঙ্গিয়া-যা, ফাটিয়া-যা; to fly at, হঠাৎ আক্রমণ-কৃ; to fly in the face, অপমান-কৃ; to fly out, রাগান্ধ-হ
Fly, v. n. to avoid, ত্যাগ-কৃ, বর্জন-কৃ
Fly, s. মক্ষিকা, মাছি; part of an engine, কলের অঙ্গবিশেষ

Flyblow, v. a. পোকাময়-কৃ, মাছিময়-কৃ
Flybrush, s. চামর, ছাউড়ি, ময়ূরছল
Foal, v. a. ঘোড়ী প্রসব-হ
Foal, s. অশ্বশাবক, ঘোড়ার বাচ্চা
Foam, v. n. ফেণা-উঠ, গাঁজলা-উঠ; to be in a rage, উষ্মান্বিত-হ, ক্রোধান্বিত-হ
Foam, s. ফেণা, গাঁজলা
Foamy, a. ফেণাযুক্ত, ফেণাময় [-কৃ
Fob, v. a. প্রবঞ্চনা-কৃ, চাতুরী-কৃ, অপহরণ
Fob, s. জেব, কাপড়ে ঘড়ি রাখিবার থলি
Focal, a. অক্ষ সম্বন্ধীয়
Focus, s. অক্ষ মধ্যস্থ, বিশেষতঃ যেস্থানে সূর্য্যের কিরণ একত্রীভূত হয় [দ্রব্য
Fodder, s. পশুর নিমিত্ত সঞ্চিত আহারীয়
Foe, s. শত্রু, বিপক্ষ, অরি, বৈরী, দুষমন
Fœtid, a. দুর্গন্ধ বা পচা গন্ধবিশিষ্ট [ভ্রূণ
Fœtus, s. গর্ভস্থ বালক, জরায়ুস্থ বালক,
Fog, s. কুয়াশা, কুজ্ঝটিকা
Fogginess, s. কুজ্ঝটিকাবস্থা
Foggy, a. কুজ্ঝটিকাময়, কুয়াশিয়া
Foh! interj. তুচ্ছবোধক অব্যয় শব্দ, য়থা ফো, ছি, ধিক্ [ইট
Foible, s. ক্ষীণ পক্ষ, ভ্রান্তি পক্ষ; ত্রুটি, ঘা
Foil, v. a. পরাজয়-কৃ, হারা, বিফল-কৃ
Foil, s. পরাজয়, বিফলতা; a blunt sword, অস্ত্র শিক্ষার্থ ভোঁতা তলওয়ার; leaf quilding, ধাতু দ্রব্যের বাতা
Foist, v. a. কোন গ্রন্থের মধ্যে কৃত্রিম বা জাল করিয়া কোন বিষয় লিখ
Fold, s. a fold for sheep, ভেড়ার খোঁয়াড়ি, মেষশালা; a double, দোহারা, ভাঁজ, তহ; two fold, দ্বিগুণ; ten fold, দশগুণ
Fold, v. a. to shut up sheep, খোঁয়াড়িতে ভেড়া-বান্ধ; to enclose, আটক-কৃ, বন্ধ-কৃ, আলিঙ্গন-কৃ; to double, ভাঁজ, তহ-কৃ, দোহারা-কৃ [-কৃ
Fold, v. n. সজাতীয় ব্যক্তির সঙ্গে যোগ
Foliage, s. পত্রিকা, বৃক্ষাদির ডাল বা পত্রের ঝুপা
Foliate, a. পত্রবিশিষ্ট, পত্রযুক্ত, সপত্র
Foliation, s. পত্র-হওন [ছাপা বহী
Folio, s. প্রতিফর্দে দুই ভাঁজে চারিপৃষ্ঠা
Folk, s. people, মনুষ্য, লোক, জন, ব্যক্তি; nations, মনুষ্যগণ, মনুষ্যের বিশেষ জাতি
Follow, v. a. to go after, পশ্চাৎ-গম,

Digitized by Google

পিছে২-যা, অনুগামী-হ; *to obey*, আজ্ঞা প্রতিপালন-কৃ, অধীন-হ; *to pursue as an object of desire*, অনুধাবন-হ

Follow, *v. n. to come after*, অন্যের পশ্চাদ্গামী-হ

Follower, *s. one who comes after*, পশ্চাদ্গামি ব্যক্তি, অনুগামী; *an attendant*, মিত্র, বন্ধু, সাথী; *a scholar*, চেলা

Folly, *s. weakness of intellect*, অজ্ঞানতা, উন্মাদ, পাগলামি; *depravity*, দোষ

Foment, *v. a. to bathe with warm lotions*, সেদ-কৃ, তাপ-দা, ছেক, উষ্ণদ্রব্যের দ্বারা ধৌত-কৃ; *to foment a dispute*, ঝগড়া উস্কাইয়া-দা

Fomentation, *s.* ছেকন, তাপদেওন, ক্ষত স্থান ধৌত করণ, সেদ দেওন

Fond, *a. loving*, অনুরক্ত, অনুরাগী, স্নেহশীল; *foolishly tender*, অযুক্তরূপে স্নেহশীল, অনুরাগান্ধ

Fond, Fondle, *v. a.* স্নেহ-কৃ, সোহাগ-কৃ, অনুরাগ-কৃ

Fond, *v. n.* আসক্ত-হ

Fondling, *s.* স্নেহপাত্র, প্রিয়পাত্র, দুলাল

Fondly, *ad.* স্নেহপূর্ব্বক, বাৎসল্যপূর্ব্বক,

Fondness, *s.* অনুরাগ, প্রেম, স্নেহ, সোহাগ; *foolish tenderness*, বাৎসল্য

Font, *s.* জল সংস্কারার্থ জলাধারবিশেষ; — *of types*, এক প্রকার ছাপার অক্ষর সমূহ [কাটা ছিদ্র

Fontanel, *s.* শরীরের রস নির্গত করণার্থ

Food, *s.* অন্ন, খাদ্য দ্রব্য, আহার, ভোজ্য, খোরাক

Fool, *s.* উন্মত্ত, পাগল, বাতুল, বোকা; *a buffoon*, মস্করা, ভাঁড় [খেলা-কৃ

Fool, *v. n. to toy*, মিথ্যা কালযাপন-কৃ,

Fool, *v. a. to treat with contempt*, তুচ্ছ-কৃ, অবজ্ঞা-কৃ, গদ্য-কৃ, ঠাট্টা-কৃ; *to cheat*, ঠগা, ফাকি দিয়া-ল

Foolery, *s.* উন্মত্ততা, পাগলামি, বাতুলতা, অনর্থক ক্রিয়া

Foolhardy, *a.* অবিবেচনাপূর্ব্বক সাহস

Foolish, *a. weak in intellect*, উন্মত্ত, হতজ্ঞান, পাগল, বাতুল; *ridiculous*, তুচ্ছনীয়, হাস্যজনক

Foolishly, *ad.* অজ্ঞানে, উন্মত্ততারূপে

Foolishness, *s.* পাগলামি, উন্মত্ততা, বাতুলতা

Foolscap, *s.* এক প্রকার লিখিবার কাগজ

Foot, *s. that on which we stand*, চরণ, পদ, পা; *the foot of a table*, পায়া, যথা মেজের পায়া; *the lower part*, অধোভাগ; *on foot, walking*, পদব্রজে, খুন্তি; *to set on foot*, কর্ম্মারম্ভ-কৃ; *a certain number of syllables*, কবিতার চরণ বা পাদ; *a measure, twelve inches*, ১২ বুরুল পরিমাণ; *a foot soldier*, পদাতিক

Foot, *v. n. to dance*, নৃত্য-কৃ, নাচ; *to walk*, পদব্রজে-চল, হাঁট

Foot, *v. a. to kick*, লাথি-মার

Football, *s.* পা দিয়া খেলিবার বাটুল

Footboy, *s.* দাস, যুব ভৃত্য, চাকর

Footed, *a.* পদবিশিষ্ট

Footing, *s. ground for the foot*, পাদ বিক্ষেপ স্থান; *support*, সাহায্য; *foundation*, মুল, গোড়া, বুনিয়াদ; *state*, অবস্থা, স্থিতি

Footman, *s. a foot soldier*, পদাতিক সৈন্য; *a servant*, দাস, পেয়াদা, ভৃত্য, ধাবক

Footpad, *s.* বাটপাড়, ডাকাইৎ, লুঠেরা

Footpath, *s.* ক্ষুদ্র পথ, গলি

Footstalk, *s.* পুষ্পদণ্ড, ফুলের দণ্ড [চিহ্ন

Footstep, *s.* পদচিহ্ন, পদাঙ্ক, পাদবিক্ষেপ

Footstool, *s.* পাদপীঠ, পদাসন, মোড়া

Fop, *s.* ফুল্লারবিন্দ, ভড়ুকদার

Foppery, *s.* ফুলফুলামি, ভড়ুকদারি

Foppish, *a.* ফুলফুলিয়া, ভড়ুকিয়া, রঙ্গীলা

Foppishness, *s.* ফুলফুলামি

For, *pr. because of*, কারণ, যেহেতুক, জন্য; *with respect to*, এই বিষয়ে, এই নিমিত্তে; *in the place of*, ইহার পরিবর্ত্তে; *according to*, অনুসারে; *becoming*, উচিত; *for once*, একবার; *for ever*, চিরকালের নিমিত্ত; *for all, notwithstanding*, তথাপি

For, *conj.* কেননা; *because*, যেহেতুক; *for why*, কেননা; *for as much*, ইহা বিবেচনা করিয়া [দির ভক্ষণীয়

Forage, *s.* ভক্ষ্য দ্রব্যের অনুসন্ধান; পশ্বা

Forage, *v.* ভক্ষ্য দ্রব্যের অন্বেষণ-কৃ, লুঠ-কৃ

Digitized by Google

Foramen, *s.* ছিদ্র, রন্ধ্র
Forbear, *v. n. to cease from any thing,* ক্ষান্ত-হ, বিরত-হ, থাম, ক্ষমা-কৃ, নিরস্ত-হ; *to restrain the temper,* সহ্য-কৃ, ধৈর্য্য-কৃ, বরদাস্ত-কৃ [*to spare,* ধৈর্য্য-কৃ
Forbear, *v. a. to decline,* অস্বীকার-কৃ;
Forbearance, *s. the avoiding any thing,* ক্ষান্তি, ক্ষমা; *command of temper,* সহিষ্ণুতা, ধৈর্য্য, সহ্যতা [নিবারণ-কৃ
Forbid, *v. a.* নিষেধ-কৃ, বারণ-কৃ, মানা-কৃ,
Forbidding, *pa. a.* ঘৃণাজনক
Force, *s. vigor,* বল, শক্তি, পরাক্রম, জোর, তেজ; *violence,* অত্যাচার, দৌরাত্ম্য, বলাৎকার; *power of law,* আইনের ক্ষমতা; *forces,* সৈন্যগণ
Force, *v. a. to compel,* বল-কৃ, জবরদস্তি-কৃ, বলপূর্ব্বক কোন কর্ম্ম করাও; *to urge,* উত্তেজনা-কৃ, জেদ্-কৃ; *to ravish,* বলাৎকার-কৃ, সত্বনাশ-কৃ [সি
Forceps, *s.* অস্ত্রচিকিৎসার চিম্টা বা সাঁড়া
Forcible, *a.* বলবান্, তীব্র, পরাক্রান্ত, শক্ত, প্রবল [রে, শক্তাইরূপে
Forcibly, *ad.* বলপূর্ব্বক, জোরে, বলাৎকা
Ford, *s.* নদীর চড়া, যে স্থানে হাঁটিয়া পার হওয়া যায়
Ford, *v. a.* হাঁটিয়া নদী পার-হ
Fordable, *a.* পদব্রজে পার হওনের যোগ্য
Forded, *pa.* পদব্রজে উত্তরিত
Fore, *a.* পূর্ব্ব, অগ্র
Fore, *ad.* পূর্ব্বে, অগ্রে, প্রথমে
Forebode, *v. n.* অগ্রসূচনা-কৃ, অনিষ্টসূচনা-কৃ, কোন প্রকারে অগ্রে অনুমান-কৃ
Forecast, *v. a.* কল্পনা-কৃ, দূরদর্শন-কৃ, পরিণাম-দৃশ
Forecast, *v. n.* আগে-ঠাহর [পূর্ব্বকল্পনা
Forecast, *s.* পরিণামদর্শিতা, দূরদর্শিতা
Forecastle, *s.* জাহাজের অগ্রভাগ
Forechosen, *pa.* পূর্ব্বে মনোনীত
Forecited, *pa.* পূর্ব্বলিখিত, পূর্ব্বোক্ত
Foreclose, *v. a.* বন্ধ-কৃ, রুদ্ধ-কৃ, বিশেষতঃ বন্ধকি দ্রব্য শূলে-দা [বা মেয়াদ
Foredeck, *s.* জাহাজের অগ্রভাগের তালা
Foredoom, *v. a.* পূর্ব্বে দণ্ড নিশ্চয়-কৃ
Forefather, Foregoer, *s.* পূর্ব্বপুরুষ, পিতৃলোক, পিতামহাদি
Forefend, *v. a.* নিষেধ-কৃ, বারণ-কৃ, নিবারণ-কৃ; *to provide for,* ভাবি দায়ের বিষয়ে উপায়-কৃ
Forefinger, *s.* তর্জ্জনী, হস্তের দ্বিতীয় অঙ্গুল
Forefront, *s.* অগ্রভাগ, অগ্র, সম্মুখ, কপাল
Forego, *v. a. to quit,* ত্যাগ-কৃ, ছাড়, ছাড়িয়া-দা, উপেক্ষা-কৃ; *to go before,* অগ্র-গমন-কৃ
Foregoing, *a.* পূর্ব্বগামী, অগ্রগামী
Foreground, *s.* ছবির সম্মুখবর্ত্তি স্থান
Forehand, *a.* নিয়মিত কালের পূর্ব্বকৃত
Forehead, *s.* ললাট, কপাল, ভাল, নসিব
Foreign, *a.* বিদেশীয়, ভিন্নদেশীয়; *extraneous,* অসম্পর্কীয়, অসম্বন্ধীয়
Foreigner, *s.* বিদেশীয়, অন্যদেশীয় ব্যক্তি,
Forejudge, *v. a.* পূর্ব্বে বিচার-কৃ, ভদ্রাভদ্র কিছু না শুনিয়া মনে নিশ্চয়-কৃ
Foreknow, *v. a.* ভাবি বিষয় জ্ঞাত-হ, পূর্ব্বে-জ্ঞান [জ্ঞান, পূর্ব্ব সংস্কার
Foreknowledge, *s.* ভবিষ্যৎ জ্ঞান, ভাবি
Foreland, *s.* অন্তরীপ, টেঁক, ছুলা
Forelay, *v. a.* ফাঁদ পাতিয়া-রাখ, ঘাঁটি মারিয়া-থাক, ওৎ করিয়া-রহ
Forelock, *s.* কপালের উপরিস্থ কেশ
Foreman, *s.* বাটীর স্বামির অধীনে প্রধান ব্যক্তি; *foreman of a jury,* জুরির সভাপতি
Foremast, *s.* জাহাজের অগ্রস্থ মাস্তুল
Forementioned, *a.* পূর্ব্বোক্ত, পূর্ব্বকথিত
Foremost, *a.* অগ্রগণ্য, শ্রেষ্ঠ, প্রথম পদস্থ
Forenamed, *a.* পূর্ব্বলিখিত, পূর্ব্বোক্ত
Forenoon, *s.* পূর্ব্বাহ্ন, সকাল [সম্বন্ধীয়
Forensic, *a.* আদালত সম্পর্কীয়, ব্যবস্থা
Foreordain, *v. a.* ভাবি নিয়োগ-কৃ, পূর্ব্বে স্থির-কৃ, অগ্রে নিরূপণ-কৃ
Forepart, *s.* অগ্রভাগ, পূর্ব্বভাগ
Forerank, *s.* অগ্রস্থ শ্রেণী
Forerun, *v. a.* অগ্রবর্ত্তী-হ, আগে-চল
Forerunner, *s.* অগ্রসূচক লক্ষণ; *a messenger,* দূত
Foresay, *v. a.* ভাবি বিষয়-কথ
Foresee, *v. a.* ভাবি দর্শন-কৃ, পূর্ব্বে-ঠাহর, পরিণাম দর্শন-কৃ
Foreshow, *v. a.* ভাবি-দর্শী, অগ্রে বিজ্ঞাপন-কৃ

Digitized by Google

Foresight, *s.* ভাবি জ্ঞান, পরিণাম দর্শন, অনুপস্থিত বিষয়ের পূর্ব্ব বোধ
Foreskin, *s.* পুরুষাঙ্গের অগ্র চর্ম্ম
Forest, *s.* বন, অরণ্য, কান্তার, কানন
Forestal, *v. a.* অন্যের পূর্ব্বে ক্রয়-কৃ, আড়ৎদারি-কৃ [দার
Forestaller, *s.* পূর্ব্বক্রেতা, ফড়িয়া, আড়ৎ
Forester, *s.* বন রক্ষক, অরণ্যবাসী
Foretaste, *s.* পূর্ব্বে স্বাদুর অনুভব, পূর্ব্বে চাকন; পূর্ব্বে জানন
Foretel, *v. a.* আচার্য্য বাক্য বা ভবিষ্যৎ বাক্য-কহ, ভাবি-কহ
Foretel, *v. n.* ভাবি-কথ
Forethink, *v. a.* ভাবি মনে-কৃ, চিন্তা-কৃ, পূর্ব্বে বিবেচনা-কৃ
Forethought, *s.* ভাবি চিন্তা, অগ্রসূচনা, পরিণাম দর্শন [অগ্রে-জানাও
Foretoken, *v. a.* ভাবি চিহ্ন বা লক্ষণ-দর্শা;
Foretoken, *s.* ভাবি চিহ্ন বা লক্ষণ
Foretooth, *pl.* Foreteeth, *s.* অগ্রের দন্ত, সম্মুখের দাঁত [কেশ
Foretop, *s.* খোপার অগ্রভাগ, কপালের
Forewarn, *v. a.* দিন থাকিতে সাবধান-কৃ, পূর্ব্বে সতর্ক-কৃ, অগ্রসূচনা-কৃ [সূচনা
Forewarning, *s.* পূর্ব্বে সাবধানতা, পূর্ব্ব
Forewish, *v. a.* পূর্ব্বে আকাঙ্ক্ষা-কৃ, ভাবি বিষয়ে বাসনা-কৃ
Forfeit, *s.* দণ্ড, গুনাহগারী, জরিমানা
Forfeit, *v. a.* গুনাহগারি-দা, জরিমানা-দা
Forfeiture, *s.* গুনাহগারি দেওন, দণ্ড দেওন, দণ্ড [নির্ম্মাণার্থ অগ্নিকুণ্ড
Forge, *s.* কামার শালা, হাপর, লৌহদ্রব্য
Forge, *v. a.* *to counterfeit,* কৃত্রিম কাগজ-কৃ, জাল-কৃ, হস্তকলম-কৃ; *to forge metals,* ধাতু-গড় বা-পিট; *to make by any means,* কোন প্রকার নির্ম্মাণ-কৃ
Forger, *s.* নির্ম্মাণকারক; *a falsifier,* কৃত্রিম কারক, জালসাজ, হস্তকলমী
Forgery, *s.* কৃত্রিম করণ, জাল করণ, হস্তকলমী; *smith's work,* কামারের কর্ম্ম
Forget, *v. a.* বিস্মৃত-হ, ভুলিয়া-যা, পাসর, ভুল, মনে না-রাখ
Forgetful, *a.* বিস্মারক, ভ্রান্ত, দুর্মেধা
Forgetfulness, *s.* বিস্মরণ, বিস্মৃতি, ভুল ভ্রান্তি

Forgive, *v. a.* ক্ষমা-কৃ, কৃপা-কৃ, মোচন-কৃ, মার্জ্জন-কৃ, মাফ-কৃ, রেয়াইৎ-কৃ [মোচিত
Forgiven, *pa.* ক্ষমাকৃত, দোষ বা খুন হইতে
Forgiveness, *s.* অপরাধ মার্জ্জন, ক্ষমা, পাপমোচন; *tenderness,* কৃপা, করুণা
Fork, *s.* কাঁটা, মেজের কাঁটা, হুল
Fork, *v. a.* শস্যের ন্যায় নির্গত-হ
Forked, Forky, *a.* কণ্টকবৎ, কাঁটাবিশিষ্ট, দ্বি বা ত্রিশূলবিশিষ্ট
Forlorn, *a.* ত্যক্ত, অনাথ, নিঃসহায়, অভাগা, অগতিক, দায়গ্রস্ত, নিরাশ
Form, *s.* *external appearance,* আকার, অবয়ব, রূপ; *model,* ডৌল, ছপ, তরো; *beauty,* সৌন্দর্য্য; *stated method,* নিয়মিত রীতি; *a long seat,* লম্বা কাষ্ঠাসন; *external shew,* আড়ম্বর, জাঁকজমক
Form, *v. a.* *to make,* নির্ম্মাণ-কৃ, বানা, গঠ, গড়; *to arrange,* নিয়ম-কৃ; *to model by education,* সংস্কারের দ্বারা বিদ্যা মার্জ্জিত-কৃ; *to contrive,* কল্পনা-কৃ
Formal, *a.* *according to form,* রীত্যনুযায়ি, নিয়মানুসারে; *ceremonious,* বাহ্য ভাব বিশিষ্ট
Formalist, *s.* রীতিমতাচারী; কাল্পনিক
Formality, *s.* ব্যবহার, নিত্য কর্ম্মে আসক্তা
Formally, *ad.* রীতিপূর্ব্বক, মতানুসারে, যথাবিধি [না, গঠন, সৃষ্টি
Formation, *s.* নির্ম্মাণ করণ, নির্ম্মাণ, রচ
Formative, *a.* নির্ম্মাণ বা সৃষ্টি করণ ক্ষম
Former, *a.* পূর্ব্ব, প্রথম, গত, আদি, প্রাক্,
Formerly, *ad.* পূর্ব্বে, অগ্রে, পূর্ব্বকালে
Formidable, *a.* ভয়ানক, শঙ্কাজনক, দারুণ
Formidableness, *s.* ভয়ানকতা, শঙ্কা, ত্রাস
Formidably, *ad.* ভয়ানকরূপে, বিকট রূপে, ঘোররূপে
Formless, *a.* নিরাকার, অবয়বহীন
Formula, *s.* রীতি, নিয়ম, ধারা, আদর্শ
Formulary, *s.* বিধির গ্রন্থ, আচার ব্যবহারের সংগ্রহ
Fornicate, *v. n.* ব্যভিচারিণী-কৃ, অনূঢ়াগম [য়া, বেশ্যা গমন
Fornication, *s.* অনূঢ়াগমন, ব্যভিচার ক্রি
Fornicator, *s.* অনূঢ়াগামী, ব্যভিচারক, লম্পট, পারদারিক

Digitized by Google

Fornicatress, *s.* ব্যভিচারিণী, বিবাহের পূর্ব্বে ব্যভিচারিণী হয় যে স্ত্রী
Forsake, *v. a.* ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ, ছাড়, ত্যজ, ছাড়িয়া-যা
Forsaken, *pa.* ত্যক্ত, পরিত্যক্ত, ছাড়া
Forsooth, *ad.* সত্য, প্রকৃত, সুতরাং, বটে
Forswear, *v. a. to renounse on oath,* শপথপূর্ব্বক ত্যাগ-কৃ; *to deny on oath,* শপথপূর্ব্বক অপহ্নব-কৃ; *to forswear one's self,* মিথ্যা শপথ-কৃ
Forswear, *v. n.* মিথ্যা শপথ-কৃ
Fort, *s.* দুর্গ, গড়, কিল্লা; *that in which one excels,* কোন বিষয়ে বিশেষ নৈপুণ্য [*broad,* বাহিরে
Forth, *ad.* স্থান বা সময় বিশেষে অগ্রে; *a-*
Forthcoming, *pa.* আগন্তব্য, আগামি
Forthwith, *ad.* অগৌণে, তৎক্ষণাৎ এইক্ষণে, অবিলম্বে, খাড়া২
Fortieth, *a.* চত্বারিংশত্তম
Fortification, *s. the science of fortification,* দুর্গ নির্ম্মাণের বিদ্যা; *a fort,* দুর্গ
Fortify, *v. a.* গড় নির্ম্মাণ-কৃ; *to strengthen,* শক্ত-কৃ, দৃঢ়-কৃ; *to encourage,* আশ্বাস-দা; *to fix,* স্থাপিত-কৃ
Fortilage, Fortin, Fortlet, *s.* ক্ষুদ্র দুর্গ
Fortitude, *s.* সাহস, ধৈর্য্য, সহিষ্ণুতা [মাস
Fortnight, *s.* এক পক্ষ, দুই সপ্তাহ, অর্দ্ধ
Fortress, *s.* গড়, দুর্গ, কিল্লা
Fortuitous, *a.* দৈবঘটিত, দৈবাৎ, অকস্মাৎ
Fortunate, *a.* কৃতকৃত্য, সৌভাগ্য, শুভাদৃষ্ট, কপালীয়া [দৃষ্টক্রমে
Fortunately, *ad.* সৌভাগ্যপূর্ব্বক, শুভা
Fortune, *s. chance,* ভাগ্য, অদৃষ্ট, কপাল; *estate,* ধন, সম্পত্তি, সম্পত্তি; *portion of a woman,* স্ত্রীধন [তী স্ত্রীর অন্বেষক
Fortune-*hunter*, *s.* বিবাহ করণার্থ ধনব
Fortune-*teller*, *s.* দৈবজ্ঞ, আচার্য্য, গণক
Forty, *a.* চত্বারিংশৎ, চল্লিশ
Forward, *a. eager,* ব্যগ্র, উদ্যুক্ত; *not reserved,* নির্লজ্জ; *antecedent,* অগ্রস্থিত, অগ্রবর্ত্তী [তা-কৃ, সাহায্য-কৃ
Forward, *v. a.* ত্বরা-কৃ, তাগাদা-কৃ, সহায়
Forward, *ad.* অগ্রে, আগে [সুরূপে
Forwardly, *ad.* ব্যগ্রতাপূর্ব্বক, ত্বরায়, শী
Forwardness, *s. eagerness,* ব্যগ্রতা, উদ্যোগ, উদ্যম; *want of modesty,* নির্লজ্জতা
Fosse, *s.* খাত, খানা, গর্ত্ত
Fossil, *s.* মৃত্তিকা খনন করিয়া যে ধাতু দ্রব্য পাওয়া যায়, প্রস্তরাদি বস্তু
Foster, *v. a. to nurse,* প্রতিপালন-কৃ, পাল, পুষ; *to encourage,* সহায়-কৃ
Fosterage, *s.* প্রতিপালন করণের বেতন
Fosterbrother, *s.* ধাইভাই, ধাইমার ছেলে
Fosterchild, *s.* পোষ্য পুত্র, পোষ্য সন্তান
Fosterdam, *s.* প্রতিপালিকা, ধাত্রী, দাই
Fosterdaughter, *s.* পোষ্য কন্যা
Fostered, *pa.* প্রতিপালিত, পোষিত
Fosterfather, *s.* অন্নদাতা পিতা
Fostermother, *s.* প্রতিপালিকা মাতা, অন্নদাত্রী মাতা, দাই
Fostersister, *s.* পোষ্য ভগিনী
Fosterson, *s.* পোষ্য পুত্র
Foul, *a. not clean,* অপরিষ্কার, অপবিত্র, সমল; *wicked,* দুরাচার, দুষ্ট; *hateful,* ঘৃণ্য; *shameful,* লজ্জাকর; *foul weather,* ঘোর সময় [ষ্কার-কৃ অপবিত্র-কৃ
Foul, *v. a.* ময়লা-কৃ, অশুচি-কৃ, অপরি
Foulfaced, *a.* কদাকার, কুশ্রীক, কুৎসিত
Foully, *ad.* অপরিষ্কৃতরূপে, অশুচিরূপে; *not legally,* আইন বিরুদ্ধমতে
Foulmouthed, *a.* দুর্ব্বাক্যবাদী, দুর্মুখ
Foulness, *s.* অপরিষ্কৃততা, কুৎসিতত্তা, মল, মালিন্য [-কৃ, স্থিত-কৃ
Found, *v. a.* স্থাপন-কৃ, নির্ম্মাণ-কৃ, পত্তন
Found, *v. n.* ছাঁচে-ঢাল
Foundation, *s.* বুনিয়াদ, তলা, মূল, গোড়া; *establishment,* সংস্থাপন
Founder, *s.* নির্ম্মাণকর্ত্তা, স্থাপনকর্ত্তা; *a caster,* ধাতু ছাঁচে ঢালে যে, কাঁসারি
Founder, *v. a.* জলমগ্ন-হ, ডুবিয়া-যা
Foundery, Foundry, *s.* ধাতু ছাঁচে ঢালিবার ঘর, কাঁসারির কারখানা
Foundling, *s.* ত্যক্ত শিশু
Fount, Fountain, *s.* উনুই, জলাকর; *source of a river,* নদীর উৎপত্তি স্থান; *original,* মূল, আদি
Four, *a.* চতুর, চারি
Fourfold, *a.* চতুর্গুণ, চারিগুণ
Fourfooted, *a.* চতুষ্পাদ, চৌপায়া

Digitized by Google

Fourscore, *a.* অশীতি, আশী, চারিকুড়ি
Foursquare, *a.* চতুষ্কোণ, চতুরস্র, চারি কোণ
Fourteen, *a.* চতুর্দশ, চৌদ্দ
Fourteenth, *a.* চতুর্দশী, চৌদ্দই
Fourth, *a.* চতুর্থ, চৌঠা
Fourthly, *ad.* চতুর্থতঃ, চারি দফা
Fourwheeled, *a.* চতুশ্চক্রবিশিষ্ট, চারি চাকাওয়ালা
Fowl, *s.* বিহঙ্গম, পক্ষী, কুক্কুট, মুরগ
Fowler, *s.* ব্যাধ, চিড়িয়ামারা, পাখী-মারা
Fowlingpiece, *s.* বন্দুক, সিকারী বন্দুক
Fox, *s.* উল্কামুখী, খেঁকশিয়ালি, লোমড়ী
Foxcase, *s.* খেঁকশিয়ালির চর্ম্ম
Foxchase, *s.* কুক্কুর দ্বারা খেঁকশিয়ালির সিকার করণ
Foxhunter, *s.* খেঁকশিয়ালির সিকারী, ব্যাধ [ফাঁদ
Foxtrap, *s.* খেঁকশিয়ালি ধরণের কল বা
Fraction, *s.* *the act of breaking,* ভঞ্জন, ভগ্নকরণ; *a broken part,* ভাগ, খণ্ড; *small coin,* টাকার ছিট
Fractional, *a.* অপূর্ণ অঙ্ক বা অংশ সম্বন্ধীয়; টাকার ছিট বিষয়ক
Fractious, *a.* কলহস্বভাবক, কোন্দলিয়া, ঝগড়াটিয়া [ভঞ্জ
Fracture, *v. a.* অস্থিভগ্ন-কৃ, হাড়-ভাঙ্গ,
Fracture, *s.* ভঙ্গ, ভগ্ন, ভেদ, হাড় ভাঙ্গন
Fragile, *a.* *brittle,* ঠুনকা, মড়কা, অনায়াসে নোয়ান বা ভগ্ন হইতে পারে যাহা; *weak,* ক্ষীণ, দুর্বল [ক্ষীণতা
Fragility, *s.* ঠুনকাই, মড়কাভাব, অশক্তাই,
Fragment, *s.* খণ্ড, টুকরা, টুকি, ভাগ, কুচা, ভগ্নাংশ, ক্ষুরা, গুঁড়া
Fragrance, Fragrancy, *s.* সুগন্ধ, সৌরভ, সুঘ্রাণ, সুবাস, খোসবো
Fragrant, *a.* সৌরভযুক্ত, সুগন্ধি, সুবাসিত
Frail, *a.* দুর্বল, ক্ষীণ, অশক্ত, ক্ষীণ মনাঃ, ক্ষীণ প্রতিজ্ঞ
Frail, *s.* নলনির্ম্মিত চুপড়ি
Frailty, Frailness, *s.* ক্ষীণতা, দৌর্বল্য, *a fault proceeding from weakness,* দৌর্বল্য প্রযুক্ত দোষ
Frame, *v. a.* *to make,* নির্ম্মাণ-কৃ, গঠ, গড়, রচনা-কৃ; *to regulate,* নিয়ম-কৃ; *to contrive,* কল্পনা-কৃ; *to form a rule,* বিধি স্থাপিত-কৃ
Frame, *s.* *a fabrick,* গঠন, কাঠাম, ঠাট; অট্টালিকা, ইমারৎ; — *of a picture,* ছবির মেরাপ; *order,* নিয়ম, রীতি, ধারা
Franchise, *v. a.* মুক্ত-কৃ, খালাস-কৃ
Franchise, *s.* মুক্তি; বিশেষ ক্ষমতা [শীল
Frangible, *a.* ঠুমকা, টুমক, টুঙ্ক, শীঘ্র ভগ্ন
Frank, *a.* *liberal,* বদান্য, দানশীল; *ingenuous,* অকপট, সরল, সিধা, সোজা
Frank, *s.* *a free letter,* বেমাসুল চিঠী; *a French coin,* ছয় আনা মূল্যক ফ্রান্স দেশের মুদ্রা বিশেষ
Frank, *v. a.* পত্র বেমাসুল-কৃ
Frankincense, *s.* কুন্দুরু
Frankly, *ad.* সারল্যরূপে, স্পষ্টরূপে, অকাপট্যরূপে, শাদাসিধারূপে
Frankness, *s.* অকাপট্য, সরলতা, স্পষ্টতা, খোলাসা; বদান্যতা
Frantic, *a.* ক্ষিপ্ত, উন্মত্ত, ক্ষেপা, রাগা, পাগল [ভ্রাত্রীয়
Fraternal, *a.* ভ্রাতৃবৎ, ভ্রাতার উপযুক্ত,
Fraternity, *s.* ভ্রাতৃত্ব, আত্মীয়তা; *association,* দল, সম্প্রদায়, সমাজ
Fratricide, *s.* ভ্রাতৃহত্যা
Fraud, *s.* ছল, প্রবঞ্চনা, চাতুরী, ধূর্ত্ততা, প্রতারণা, ঠগামী, ফাকি, কৌটিল্য
Fraudulence, Fraudulency, *s.* কাপট্য, ধূর্ত্ততা, কৌটিল্য [ধূর্ত্ত, শঠ, খল
Fraudulent, Fraudful, *a.* কুটিল, প্রবঞ্চক,
Fraudulently, *ad.* ধূর্ত্ততা পূর্ব্বক, কলেকৌশলে, ফাকিযুকিতে
Fraught, *s.* জাহাজ বা নৌকার মাল, বোঝাই [পূরা
Fraught, *pa.* বোঝাই করা, পরিপূর্ণ, ভরা,
Fray, *s.* লড়াই, যুদ্ধ, বিরোধ, ঝগড়া
Fray, *v. a.* ভয়-দর্শা, ভীত-কৃ [মর্জি
Freak, *s.* অনর্থক বাসনা, খেয়াল; শৌক,
Freak, *v. a.* চিত্রবিচিত্র-কৃ
Freakish, *a.* শৌকীন, চঞ্চল, অস্থির
Freakle, *s.* তিল, আঁচিল, তিলকালক
Freakled, *a.* তিলপড়া, তিলের ন্যায় দাগময়
Free, *a.* *at liberty,* অবদ্ধ, অনধীন, স্ববশ,

Digitized by Google

স্বাধীন, মুক্ত; *allowed*, অনুমিত; *licentious*, লাম্পট্যরূপে; *ingenious*, খোলা, সরল, অকপট; *liberal*, দানশীল; *free from*, রহিত, হীন, শূন্য, অভাব, (যথা দোষরহিত, দোষহীন, নির্দোষ); *invested with privileges*, বিশেষ ক্ষমতাযুক্ত

Free, *v. a. to set at liberty*, খালাস-কৃ, মুক্ত-কৃ; *to clear*, খোলাসা-কৃ; *to exempt*, বর্জ্জিত-কৃ

Freebooter, *s.* দস্যু, ডাকাইৎ, লুঠেরা

Freeborn, *a.* স্ববশ অবস্থাতে জাত

Freecost, *s.* নিখরচা, নির্ব্যয়

Freedom, *s.* স্বতন্ত্রতা, স্বাধীনতা, স্ববশতা; মুক্তি, মোক্ষ, উদ্ধার; *privileges*, বিশেষ ক্ষমতা [করণ

Freehearted, *a.* দাতা, দানশীল, সরলান্তঃ

Freehold, *s.* পৈতৃক ভূম্যধিকার, আয়মা

Freeholder, *s.* পৈতৃক ভূম্যধিকারী, আয়মাদার

Freely, *ad. without restraint*, স্বচ্ছন্দে, স্বেচ্ছাপূর্ব্বক, অবাধে, অমনি, বেওজরে; *liberally*, দাতৃত্বরূপে

Freeman, *s. not a slave*, স্বাধীন বা স্ববশ ব্যক্তি, অদাস; *one partaking of rights*, বিশেষ অধিকার প্রাপ্ত, বিশেষ ক্ষমতাবিশিষ্ট [সম্প্রদায়ের অন্তঃপাতী

Freemason, *s.* ইউরোপে বিশেষ কোন

Freeminded, *a.* নির্বিঘ্ন, নিশ্চিন্ত

Freeness, *s.* অকাপট্য, সরলতা; *generosity*, দানশীলতা, বদান্যতা

Freeschool, *s.* যে পাঠশালাতে বিনা ব্যয়ে বিদ্যা দান হয়

Freespoken, *a.* নির্ভয়ে কথিত, স্পষ্ট কথিত

Freestone, *s.* এক প্রকার বেলো পাতর

Freethinker, *s.* শাস্ত্রনিন্দক, শাস্ত্রদ্বেষী, পাষণ্ড

Freewill, *s.* যদৃচ্ছা, স্বকীয়েচ্ছা, স্বেচ্ছাচার

Freeze, *v. n.* জমাট-হ, জম, শীতে বসিয়া-যা

Freight, *s. load of a ship*, জাহাজের বোঝাই বা মাল; *the money paid for transportation*, মাল প্রেরণার্থ জাহাজ বা নৌকার ভাড়া

French, *a.* ফ্রান্স দেশ সম্বন্ধীয়

Frenetic, *a.* উন্মত্ত, পাগল, ক্ষিপ্ত, বাতুল

Frenzy, *s.* উন্মত্ততা, ক্ষেপামি, বাতুলতা

Frequency, *s.* নৈয়ত্য, নিত্যতা

Frequent, *a.* পুনঃপুনঃকৃত, বারম্বার, নিত্য, সচরাচর, একজাই

Frequent, *v. a.* পুনঃপুনঃ সাক্ষাৎ-কৃ, আনুগত্য-কৃ, নিত্য গতায়াত-কৃ

Frequently, *ad.* বারবার, পুনঃ পুনঃ, মুহুর্মুহুঃ, সতত, একজাই

Fresh, *a. cool*, শীতল, ঠাণ্ডা; *not salt*, অলবণ; *new*, নূতন, নবীন; *not stale*, টাট্কা; *vigorous*, তেজাল, সবল [-কৃ

Freshen, *v. a.* সবল-কৃ, তাজা-কৃ, সতেজ

Freshen, *v. n.* টাট্কা-হ, সতেজ-হ

Freshet, *s.* মিষ্ট জলের পুষ্করিণী

Freshly, *ad. coolly*, শীতলরূপে, ঠাণ্ডারূপে; *newly*, সদ্যোরূপে, নূতনরূপে; *ruddily*, সতেজরূপে

Freshness, *s. newness*, নবীনত্ব; *not staleness*, টাট্কাভাব; টাট্কাই; *coolness*, শীতলত্ব, ঠাণ্ডাই; *briskness*, তেজ

Fret, *s. agitation of mind*, চিত্তের উদ্বেগ, উত্তাপ; *agitation of liquors*, দ্রব দ্রব্যের স্ফোটন; *fret work*, উচ্চীকৃত খোদিত চিত্রাদি

Fret, *v. a. to wear away by rubbing*, ঘর্ষণ দ্বারা ক্ষয়-কৃ; *to corrode*, খাইয়া-যা; *to vex*, খিট্খিট্যা-কৃ, বেজার-কৃ

Fret, *v. n.* উত্যক্ত-হ, বিরক্ত-হ [খিটি

Fretful, *a.* রাগী, উষ্মান্বিত, খিট্খিট্যা,

Fretfulness, *s.* বৈরক্তি, খিট্খিট্যাম, খিটখিট্যামি [হয় যাহা

Friable, *a.* চূর্ণনীয়, মুড়মুড়িয়া, শীঘ্র গুঁড়া

Friar, *s.* উদাসীনবিশেষ

Friarlike, **Friary**, *a.* উদাসীন, বৈরাগী, ঐহিক বিষয়ে নিশ্চিন্ত

Friary, *s.* মঠ, উদাসীনের বাস স্থান [-কৃ

Fribble, *v. n.* ছেল্যাম-কৃ, চাপল্য প্রকাশ

Fricassee, *s.* উত্তম মশালায় ভর্জিত মাংস

Friction, *s.* ঘর্ষণ, ঘষণ, এক দ্রব্য অন্য দ্রব্যেতে ঘর্ষণ দ্বারা যে বাধা জন্মে তাহা

Friday, *s.* শুক্রবার, সপ্তাহের ষষ্ঠ দিবস

Friend, *s.* মিত্র, বন্ধু, সখা, আর্য্য, বান্ধব, দোস্ত, সঙ্গী, সাথী, ভাই [নিঃসহায়

Friendless, *a.* মিত্রহীন, বন্ধুহীন, সখাহীন,

Digitized by Google

Friendliness, *s.* মিত্রভাব, মিত্রতা, বন্ধুতা, আনুকূল্য [অনুকূল
Friendly, *a.* অনুগ্রাহক, হিতৈষী, প্রণয়ী,
Friendship, *s.* বন্ধুতা, মিত্রতা, প্রীতি, প্রণয়, অনুরাগ; *assistance*, আনুকূল্য, সাহায্য
Frigate, *s.* মাঝারি যুদ্ধ জাহাজবিশেষ
Fright, *s.* ভয়, আশঙ্কা, ডর, অকস্মাৎ ত্রাস [-কৃ, ভয়-দেখা
Fright, Frighten, *v. a.* ভীত-কৃ, শঙ্কিত
Frightful, *a.* ভয়ানক, শঙ্কাজনক, দারুণ, ঘোর
Frightfully, *ad.* ভয়ানকরূপে, দারুণরূপে
Frightfulness, *s.* ভয়ানকতা, ভয়ঙ্করতা, ভীষণতা [*dull*, নিস্তেজ, ভোঁতা
Frigid, *a. cold*, শীতল, হিমবান, জাড়;
Frigidity, *s.* শীতলতা, শৈত্য, জড়তা, তেজোরাহিত্য, নিঃস্নেহ
Frigidly, *ad.* শীতপূর্ব্বক, শীতলরূপে, জড়তারূপে, নিস্তেজে
Frigidness, *s.* শীতত্ব, হিমত্ব, অতীক্ষ্ণতা
Frigorific, *a.* শীতজনক [কম্পমান-হ
Frill, *v. n. as a hawk*, শীতে বাজ পক্ষী ক
Fringe, *s.* ঝালর, কাপড়ের জালি, ফুঁপি
Fringe, *v. a.* ঝালর বা ফুঁপির দ্বারা শোভিত-কৃ [পড় বিক্রয়ের স্থান
Frippery, *s.* জীর্ণবস্ত্র, লেকড়া; পুরাণা কা
Frisk, *v. n.* উল্লম্ফ-কৃ, কুঁদ, লাফা, নাচা, লাফালাফি-কৃ
Frisk, *s.* উল্লম্ফন, নাচন, লাফালাফি করণ
Frith, *s.* খাড়ি
Fritter, *v. a.* টুকরাটুকরা-কৃ, খণ্ডখণ্ড-কৃ; *to trifle*, মিথ্যা কাল-যাপ
Fritter, *s.* পিষ্টকবিশেষ
Frivolous, *a.* তুচ্ছ, লঘু, সামান্য, অনর্থক
Frivolously, *ad.* সামান্যরূপে, অমান্যরূপে
Frizzle, *v. a.* চুল কোঁকড়া-কৃ
Fro, *ad.* ততঃ, যথা ইতস্ততঃ [মা, কুর্ত্তি
Frock, *s.* আঙ্গরাখাবিশেষ, জামা, গাজা
Frog, *s.* মণ্ডুক, ভেক, বেঙ্গ
Frolic, *s.* খেলা, তামাসা, কৌতুক, মস্করামি
Frolic, Frolicsome, *a.* তামাসগির, মস্করা, চঞ্চল, রসিক
From, *prep.* হইতে, অবধি, থাকিয়া; কারণ, পঞ্চমী কারকের অর্থে ব্যবহার্য্য

Front, *s.* মুখ, সম্মুখ, অগ্র, অগ্রদেশ, কোন বিষয়ের পূর্ব্ব বা সম্মুখ দিগ
Front, *v.* সম্মুখবর্ত্তী-হ, মুখামুখি-হ, সম্মুখে থাকিয়া যুদ্ধ-কৃ
Frontier, *s.* রাজ্যের সীমা, সীমানা, সরহদ্দ, সীমান্ত, দেশান্ত
Frontispiece, *s.* গৃহের উপরি ভাগে যে ছবি স্থাপন করা যায়; — *of a building*, ইমারতের সম্মুখ ভাগ
Frontless, *a.* নির্লজ্জ, বেহায়া, বেসরম
Frost, *s.* ওস, জাড়, তুষার; *the act of congelation*, হিমেতে জড়ীভূত হওন
Frostbitten, *pa.* হিম বা নীহারের দ্বারা বিনষ্ট
Frosty, *a.* নীহারী, হিমবান্, হিমবৎ
Froth, *s.* ফেণা, ফেণ, ফেকুয়া, গাঁজলা; নিরর্থক বাক্য
Froth, *v. n.* ফেকুয়া-উঠ
Frothy, *a.* গাঁজলাযুক্ত, ফেণাময়, ফেণাযুক্ত; *vain, empty*, মিথ্যা, অনর্থক, নিস্তেজ
Froward, *a.* অবাধ্য, অদম্য, ঠেঁঠা, একগুঁয়া
Frowardly, *ad.* অবাধ্যতারূপে, কাকর্কশ্যরূপে, খিটখিট্যামিরূপে
Frowardness, *s.* ভ্রুকুটী, ভ্রূভঙ্গী
Frown, *v. n.* অবাধ্যতা, অদম্যতা, ঠেঁঠামি, ভ্রূভঙ্গী-কৃ, ভ্রুকুটী-কৃ, ভ্রূক্ষেপ-কৃ, চক্ষু-সিট্‌ক
Frown, *s.* মুখের ভাব দ্বারা রাগ প্রকাশ
Fructiferous, *a.* ফলজনক, ফলোৎপাদক
Fructify, *v. a.* সফল-কৃ, ফলবান-কৃ, উর্ব্বরা-কৃ [দন
Fructification, *s.* উর্ব্বর করণ, ফলোৎপা
Frugal, *a.* পরিমিত ব্যয়ী, অল্প খরচী
Frugality, *s.* পরিমিত ব্যয়, সামঞ্জস্য, আয় অনুসারে ব্যয় করণ
Frugally, *ad.* পরিমিত ব্যয়রূপে
Fruit, *s. the product of a tree or plant*, বৃক্ষের ফল, ফল; *production*, উৎপত্তি; *the offspring of the womb*, সন্তান সন্ততি; *advantage*, লাভ; *consequence*, কর্ম্মের ফল
Fruitage, *s.* ফলসমূহ [ফলী
Fruitbearing, *pa.* ফলজনক, ফলোৎপাদক,
Fruiterer, *s.* ফলব্যবসায়ী
Fruitery, *s.* ফলাগার

Digitized by Google

Fruitful, *a.* ফলবান্, ফলবতী, ফলন্ত, উর্ব্বরা, বহুপ্রসূতি, বহুল
Fruitfully, *a.* বাহুল্যরূপে, সাফল্যে
Fruitfulness, *s.* বাহুল্য, ফলবত্তা, উর্ব্বরত্ব, বহুপ্রসূতিতা
Fruition, *s.* ভোগ, ফলভোগ, সুখভোগ
Fruitless, *a.* বন্ধ্যা, বাঁঝা, অফলা, বৃথা
Fruitlessly, *ad.* অনর্থকরূপে, বৃথা, নিষ্ফলে
Frumentacious, *a.* শস্য নির্ম্মিত
Frumenty, *s.* পরমান্ন, ক্ষীরসা [হীন
Frustraneous, *a.* মিথ্যা, অনর্থক, উপকার
Frustrate, *a.* নিরর্থক, নিষ্ফল, ব্যর্থ, পণ্ড
Frustrate, *v. a.* নিরাশ-কৃ, বৃথা-কৃ, নিষ্ফল-কৃ, মিথ্যা-কৃ, পরাজয়-কৃ [মিথ্যাকর
Frustration, *s.* নিরাশা, আশাভঙ্গ, ব্যর্থ,
Fry, *s.* মাচের পোনা; পশুর ঝাঁক; *a dish of things fried,* ভাজা মাৎসাদি
Fry, *v. a.* ভাজ, ভর্জ্জিত-কৃ
Fry, *v. n. to be roasted,* ভর্জ্জিত-হ; *to melt with heat,* গ্রীষ্মেতে গলিয়া-যা
Frying-*pan*, *s.* ভাজনাখোলা, স্বেদনী
Fuddle, *v. n.* মাতোয়াল-কৃ
Fuel, *s.* জ্বালানি কাষ্ঠ, জ্বলনীয় সমিধ, ইন্ধন; উজ্জ্বলবর্দ্ধক বস্তু
Fugitive, *a.* *unsteady,* অচিরস্থায়ি, অস্থায়ি; *flying,* পলানীয়া, পলাতক, উড়িয়া যাওনশীল
Fugitiveness, *s.* পলাতকতা, অস্থায়িত্ব, অস্থিরতা [ইত্যাদির মুগুর
Fulcrum, *s.* অবলম্ব, তমলি, খোঁটা, ঢেঁকি
Fulfil, *v. a. to fill,* পরিপূর্ণ-কৃ, সম্পূর্ণ-কৃ, ভর; *to fulfil a promise or order,* অঙ্গীকার বা আজ্ঞা প্রতিপালন-কৃ, সম্পন্ন-কৃ
Fulfil, *v. a.* ভরপূর, পরিপূর্ণ
Fulfraught, *a.* পরিপূর্ণ, ভরা
Fulgent, *a.* তেজস্বী, দীপ্তিমান, চকমক্যা;
Full, *a. replete,* পরিপূর্ণ, সম্পূর্ণ, ভরা; *fat,* পুষ্ট, মোটা; *large,* বৃহৎ; *complete,* পরিতৃপ্ত, তৃপ্ত; *strong,* শক্ত
Full, *s.* পূর্ণ সংখ্যা বা পরিমাণ [ঠাকে
Full, *adv.* সম্পূর্ণরূপে, প্রচুররূপে, ঠিক
Fullblown, Fullspread, *a.* সম্পূর্ণ, প্রস্ফুটিত, প্রফুল্ল
Full-bottomed, *a.* প্রশস্ত তালাবিশিষ্ট
Fuller, *s.* রজক, ধোপা
Fuller's-earth, *s.* ক্ষার মৃত্তিকাবিশেষ
Fullfed, *a.* হৃষ্টপুষ্ট, মাৎসাল, মোটা
Fullmoon, *s.* পূর্ণিমা, পূর্ণচন্দ্র
Fully, *ad.* সম্পূর্ণরূপে, নিতান্ত, প্রচুররূপে
Fulminant, *a.* বজ্রপাতবৎ শব্দকারক
Fulminate, *v.* গর্জ্জন-কৃ, বৃহন্নাদ-কৃ; *to issue censures,* অপরাধি ব্যক্তিরদের প্রতি অভিশাপ-দা
Fulmination, *s.* বৃহন্নাদ করণ, বজ্রপাতের ন্যায় শব্দ করণ, অভিশাপ দেওন
Fulness, *s. completeness,* পরিপূর্ণতা, সম্পূর্ণতা, পূর্ত্তি, প্রাচুর্য্য; *satiety,* তৃপ্তি; *plenty,* বাহুল্যতা, ধন [অনিষ্টকর
Fulsome, *a.* উগ্রগন্ধ, ঘৃণাজনক, ঘৃণার্হ,
Fumade, *s.* শুষ্ক মৎস্য
Fumble, *v. n.* আনাড়ি বা অপারগের ন্যায় কর্ম্ম-কৃ; *to play childishly,* ছেল্যামি-কৃ
Fumble, *v. a.* অপারগতারূপে কর্ম্ম-কৃ
Fume, *s. smoke,* ধূম, ধুঁয়া; *vapor,* বাষ্প; *rage,* রাগ, উগ্রতা
Fume, *v. n. to smoke,* ধূম-উঠ, ধুঁয়া-উঠ; *to vapor,* বাষ্প-উঠ; *to be in a rage,* রাগান্বিত-হ [-শুক
Fume, *v. a. to dry in the smoke,* ধুঁয়াতে
Fumid, *a.* ধূমময়, ধূমশালী, বাষ্পীয়
Fumigate, *v.* ধুঁয়া-দা, ধূপ-দা, সুগন্ধি ধূম-দা; *to medicate by vapor,* ভাবরা-দা
Fumigation, *s.* ধূপন, ধুনা দেওন, সেদ দেওন, ভাবরা দেওন
Fumingly, *ad.* অতি রাগপূর্ব্বক
Fumous, Fumy, *a.* ধূমজনক
Fun, *s.* পরিহাস, কৌতুক, সং, তামাসা
Function, *s. employment,* কর্ম্ম, কার্য্য, ক্রিয়া, পদ, কার্য্যভার; *trade,* ব্যবসায়; *power,* ক্ষমতা
Fund, *s.* পুঁজি, জমা টাকা, সংস্থান, মূলধন
Fundament, *s.* গুহ্য, পাছা, অধোদেশ, নিতম্ব [প্রধান
Fundamental, *a.* মূলীয়, মূলী, মূলীভূত,
Fundamentally, *ad.* আমূল, প্রথম, মূলাবধি [সৎকার
Funeral, *s.* অন্ত্যেষ্টি ক্রিয়া, সমাধি কর্ম্ম,
Funeral, *a.* অন্ত্যেষ্টি ক্রিয়া সম্বন্ধীয়, সৎকারে ব্যবহার্য্য

Digitized by Google

Funereal, *a.* সৎকার্য্যের যোগ্য, শোক বিশিষ্ট
Fungus, *s.* ছত্র, ছাতা, কোঁড়ক
Funnel, *s.* নালী, চুঙ্গী, খিলী, ফণ্ডিল
Funny, *a.* পরিহাসী, কৌতুকী, মস্করা
Fur, *s.* ঊর্ণা, লোম, পশম
Furbelow, *s.* স্ত্রীলোকের বস্ত্রের ঘাঘরা
Furbish, *v. a.* উজ্জ্বল-কৃ, জিলা-কৃ, মাজ
Furbisher, *s.* জিলাকর [প্ত, উন্মত্ত
Furious, *a.* প্রচণ্ড, ক্রোধান্বিত, রাগান্ধ, ক্ষি
Furiously, *ad.* প্রচণ্ডরূপে, উন্মত্ততারূপে
Furl, *v. a.* জড়া, গুটা, কোঁকড়া
Furlong, *s.* ন্যূনাধিক ৪৫০ হাত পরিমাণ
Furlough, *s.* অল্পকালের নিমিত্ত ছুটি
Furmenty, *s.* পরমান্ন, ক্ষীরসা
Furnace, *s.* হাপর, উনন, তুন্দুর, চুলা ; *distiller's furnace*, ভাটি
Furnish, *v. a.* যোগাও, নির্ব্বাহ-কৃ, সরবরাহ-কৃ, সাজাও [পকরণ
Furniture, *s.* ঘরের সামগ্রী, সরঞ্জাম, গৃহো
Furrier, *s.* পশম বা লোম ব্যবসায়ী
Furrow, *s.* লাঙ্গলের খাত বা সীতা, গর্ত ; *a wrinkle*, বার্দ্ধক্যপ্রযুক্ত কপালের খিতা
Furry, *a.* লোমবিশিষ্ট, লোমময়
Further, *ad.* আরো দূরে, অধিক দূরে ; *moreover*, অধিকন্তু
Further, *v. a.* অগ্রবর্ত্তি-কৃ, আনুকূল্য-কৃ, সাহায্য-কৃ, সহায়তা-কৃ
Furtherance, *s.* বর্দ্ধন, উন্নতি, সাহায্য
Furthermore, *ad.* অধিকন্তু, আরো, এতদ্ভিন্ন, অথ
Furthermost, *a.* সর্ব্বাপেক্ষা দূরস্থ
Fury, *s.* রাগ ক্রোধ, কোপ, উষ্মা, প্রচণ্ডতা,
Fuse, *v. a.* দ্রুব, গল, উত্তাপে দ্রুব-কৃ
Fuse, *v. n.* দ্রুব-হ
Fusee, *s.* কামানের পলিতা বিশিষ্ট ; —*of a watch*, ঘড়ীর কলবিশেষ
Fusible, *a.* গলনীয়, দ্রবণীয়, দ্রবার্হ্য
Fusil, *s.* এক প্রকার বন্দুক
Fusilier, *s.* উপরিউক্ত বন্দুকধারি সৈন্য
Fusion, *s.* গলান, দ্রুব করণ, দ্রবত্বাবস্থা
Fuss, *s.* ধুমধাম, গোলমাল, গণ্ডগোল
Fustiness, *s.* ভাপ্‌সা গন্ধ, ছাতাভাব
Fusty, *a.* দুর্গন্ধযুক্ত, ছাতলাময়, ছাতাপড়া
Futile, *a.* নিষ্ফল, অনর্থক, সামান্য
Futility, *s.* নিষ্ফলতা, অনর্থকতা
Future, *a.* ভবিষ্যৎ, ভাবি, আগামি
Future, Futurity, *s.* ভবিষ্যৎ কাল, পরকাল, পর লোক
Fuzz, *v. n.* পরমাণুর ন্যায় উড়িয়া-যা
Fy ! Fie ! *interj.* ধিক, ছ্যা, ছ্যাছ্যা, ছি, ছিছি

G

G, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার সপ্তম অক্ষর
Gabble, *v. n.* অস্পষ্ট বাক্য-কহ, বক্‌বক্ বা বড়বড়-কৃ [কৃ, বদ্‌বদ্
Gabble, *s.* পশুর ন্যায় অনর্থক শব্দ, বক্‌ব
Gabbler, *s.* অনর্থকবাদী, বকুনিয়া, বকা
Gabel, *s.* মাসুল, শুল্ক
Gabion, *s.* বিপক্ষেরদের আগমন নিবারণার্থ মাটি পোরা যে সকল ঝুড়ি স্থাপিত হয়
Gable, *s.* ঘরের চালু ছাত
Gad, *s.* ইস্পাতের থান
Gad, *v. n.* নিরর্থক পরিভ্রমণ-কৃ
Gadder, *s.* নিরর্থকরূপে পরিভ্রমণ করে যে
Gadfly, *s.* ডাঁশ, পশুদংশক মক্ষিকা
Gaff, *s.* বড় বর্সা, কাঁটা
Gag, *v. n.* মুখবন্ধ-কৃ, কেবল বাক্য রোধক মুখবন্ধ-কৃ [য়া যায়
Gag, *s.* বাক্য রোধার্থে যে দ্রব্য মুখে দেও
Gage, *s.* *a pledge*, বন্ধক, পণ, কোটি ; *a measure*, মাপের কাটি, পরিমাপক কাটি
Gaggle, *v. n.* হংসের ন্যায় রব-কৃ
Gaily, *ad.* আহ্লাদপূর্ব্বক, রসিকতারূপে, সানন্দে [ফায়দা
Gain, *s.* উপার্জন, প্রাপ্তি, লাভ, কিফায়েৎ,
Gain, *v. a.* *to obtain*, প্রাপ্ত-হ, উপার্জন-কৃ, লাভ-কৃ ; *to win*, জয়ী-হ ; *to reach*, পঁহুছ ; *to gain over*, সপক্ষ-কৃ ; *to gain on*, আক্রমণ-কৃ
Gain, *v. n.* ধনী-হ
Gainer, *s.* লাভকর, উপার্জক, জয়ী
Gainful, *a.* লাভজনক, প্রাপ্তিজনক, ধনোৎপাদক, কিফায়েতী
Gainsay, *v. a.* বিতণ্ডা-কৃ, প্রতিবাদ-কৃ, অস্বীকার-কৃ, অপহ্নব-কৃ [শত্রু
Gainsayer, *s.* বিতণ্ডক, প্রতিবাদক ; বিপক্ষ,
Gairish, *a.* প্রফুল্ল, রঙ্গাল, চিত্রবিচিত্র

Digitized by Google

Gala, *s.* জাঁকজমক, উৎসব [মূলবিশেষ
Galangal, *s.* ভূমিচাঁপা, চন্দ্রমূল, ঔষধের
Galaxy, *s.* মন্দাকিনী, আকাশগঙ্গা
Galbanum, *s.* বরীজা, সুগন্ধিবিশেষ
Gale, *s.* প্রবল বায়ু, ঝড়
Gall, *s. the bile,* পিত্ত; *any thing very bitter,* অতি তিক্ত বস্তু; *anger,* রাগ, দ্বেষ
Gall, *v. a. to hurt,* ঘর্ষণেতে ক্ষত-কৃ; *to harrass,* ত্যক্ত-কৃ, ক্লেশ-দা
Gall, *v. n.* উত্ত্যক্ত-হ
Gallant, *a.* সাহসী, বীর, প্রতাপান্বিত
Gallant, *s.* রসিক বা প্রতাপান্বিত ব্যক্তি; *a whoremaster,* চেমনা, জার, উপপতি
Gallantly, *ad.* সাহসপূর্ব্বক, প্রতাপপূর্ব্বক
Gallantry, *s.* বীরত্ব, প্রতাপ; *lewdness,* জারকি, স্ত্রীপরতা
Gallbladder, *s.* পিত্তকোষ
Gallery, *s.* বারাণ্ডা, চাঁদনী, বালাখানা
Galley, *s.* ক্ষুদ্র জাহাজবিশেষ, যাহাতে অপরাধি ব্যক্তিরদের দণ্ড হয়
Galleyslave, *s.* পূর্ব্বোক্ত জাহাজের বন্দুয়ান
Gallicism, *s.* ফ্রান্স দেশীয়, ভাষার রীতি
Gallipot, *s.* ঔষধাদি রাখণার্থ ডিবিয়া
Gallon, *s.* দ্রব দ্রব্যের পরিমাণ, প্রায় সাড়ে তিন সের [গতি-কৃ, লাফিয়া-যা
Gallop, *v. n.* প্লুতগতি-কৃ, আস্কন্দিত
Gallop, *s.* অশ্বের প্লুতগতি
Galloper, *s.* দ্রুতগামি অশ্ব বা অশ্বারূঢ়
Galloway, *s.* কনকাই টাটুর ন্যায় অশ্ব
Gallows, *s.* ফাঁসির কাষ্ঠ
Galvanism, *s.* বিশেষ ধাতু দ্রব্যের সংস্পর্শের দ্বারা বিদ্যুতীয় শক্তি প্রকাশ
Gamble, *v. n.* জুয়াখেলা-কৃ
Gambler, *s.* দ্যূতক্রীড়ক, জুয়াচোর, জুয়ারি
Gambol, *s.* লম্ফ, লম্ফঝম্প, কুন্দন
Gambol, *v. n.* লম্ফ-দা, কুঁদ, নৃত্য-কৃ
Game, *s. sport,* দ্যূত ক্রীড়া, জুয়া খেলা, বাজি; *jest,* কৌতুক, ঠাট্টা, মস্করাম; *field sports,* সিকার; *animals pursued in the field,* সিকারোপযুক্ত পশুপক্ষ্যাদি [-কৃ
Game, *v. n.* ক্রীড়া-কৃ, কৌতুক-কৃ, জুয়াচুরি
Gamecock, *s.* বাজির কুক্কুর, লড়াক মুরগ
Gamekeeper, *s.* সিকারীয় পশুপক্ষ্যাদির প্রতিপালক
Gamesome, *a.* ক্রীড়াকর, রসিক, খেলার
Gamester, *s.* জুয়ারি, জুয়াখেলক, জুয়াচোর, পাশক্রীড়ক
Gaming, *s.* জুয়াখেলা
Gammon, *s.* শূকরের শুষ্ক লোণা মাংস
Gamut, *s.* সঙ্গীত শাস্ত্র সা রি গা মা ইত্যাদি
Gander, *s.* হংস, রাজহংস
Gang, *s.* দল, সম্প্রদায়, কেবল দুষ্টলোকের বিষয়ে ব্যবহার্য্য
Gangrene, *s.* মাংসের গলন, পচন, সড়ন
Gangrenous, *a.* পচা, গলা, সড়া
Gangway, *s.* জাহাজের আরোহণীয় স্থান
Gantlet, *s.* অশ্বারূঢ় সৈন্যেরদের লৌহনির্ম্মিত বৃহৎ দস্তানা
Gaol, *s.* কারাগার, জেহেলখানা
Gaol-delivery, *s.* অপরাধিরদের বিচার করিয়া কারাগার শূন্য করণ
Gaoler, *s.* কারাগারের অধ্যক্ষ [ছেঁদা
Gap, *s.* ফাইট, ফাটন, ফাক, ফুকর, ছিদ্র,
Gape, *v. n. to yawn,* জৃম্ভা-কৃ, হাঁই-তোল; *to gape for,* অতি যাচ্ঞা-কৃ; *to open,* খোল; *to stare with wonder,* চাহিয়া-থাক
Garb, *s.* পরিচ্ছদ, বেশ, পোশাক, আকৃতি
Garbage, *s.* অন্ত্র, নাড়িভুঁড়ী, আঁতড়ী
Garble, *v. a.* ফেরেবি করিয়া লিপির বিপরীতার্থ প্রকাশ-কৃ
Garden, *s.* বাগান, উদ্যান, উপবন, বাগিচা, শাকসবজির উৎপত্তি স্থান
Garden, *v. n.* উদ্যান-কৃ, বাগান-কৃ
Gardener, *s.* মালী, উদ্যানপালক
Gardening, *s.* উদ্যান কর্ম্ম, বাগিচা করণ
Gargarism, Gargle, *s.* কুলকুচা করণার্থ দ্রব ঔষধ
Gargle, *v. a.* কুলকুচা-কৃ
Garish, *a.* সুন্দর, জাঁকাল [মালা
Garland, *s.* পুষ্পহার, স্রক্, মালা, ফুলের
Garlic, *s.* রসুন, লসুন [কাপড়, পোশাক
Garment, *s.* পরিচ্ছদ, বস্ত্র, পরিধেয়, বেশ,
Garner, *s.* গোলা, শস্যাগার
Garner, *v. a.* গোলাযাত-কৃ, শস্য সঞ্চয়-কৃ
Garnet, *s.* রক্তবর্ণ মণিবিশেষ
Garnish, *s.* শোভা, সজ্জা, বেশভূষা
Garnish, *v. a.* শোভিত-কৃ, সাজা, পরিষ্কৃত-কৃ
Garniture, *s.* Garnish, দেখ

Digitized by Google

Garret, *s.* গৃহের সর্ব্বোপরিস্থ কুঠরী
Garrison, *s.* *a fortified place,* কিল্লা, দুর্গ; *soldiers placed in it,* কিল্লা বা দুর্গের মধ্যে নিযুক্ত সৈন্য
Garrison, *v. a.* গড়বন্দি-কৃ
Garrulity, *s.* বাচালতা, বকামি, বড়বড়্যামি
Garrulous, *a.* বাচাল, বহুভাষী, গপ্প্যা, বড় বড়্যা
Garter, *s.* মোজা বাঁধা ফিতা, পটি; ইঙ্গলণ্ড দেশে প্রধান উপাধিবিশিষ্ট লোকের দের চিহ্ন
Gas, *s.* গাস, বাষ্প, উদ্ভাব
Gasconade, *s.* গর্ব্ব, বড়াই; দেমাগি ব্যক্তি
Gasconade, *v. n.* গর্ব্ব-কৃ, অহঙ্কার-কৃ
Gasometer, *s.* যে মহাযন্ত্রে গাস প্রস্তুত হয়
Gaseous, *a.* গাস, গাসযুক্ত, বাষ্পবিশিষ্ট
Gash, *s.* গভীর ক্ষত, গহেরা ঘা
Gasp, *s.* দীর্ঘ শ্বাস, হাঁপানি
Gasp, *v. n.* হাঁপা, দীর্ঘ শ্বাস-কৃ
Gate, *s.* পুরদ্বার, নগরাদি প্রবেশের দ্বার
Gate-way, *s.* ফটক, বাহিরের দ্বার
Gather, *v. a.* *to collect,* একত্র-কৃ, সংগ্রহ-কৃ, আদায়-কৃ, সঞ্চয়-কৃ, জমা-কৃ; *to glean,* কুড়িয়া-ল; *to know by inference,* অনুভব-কৃ; *to pucker,* কোঁচকা
Gather, *v. n.* *to thicken,* ঘনীভূত-হ; *to assemble,* একত্র-হ
Gatherer, *s.* সংগ্রহকারক, সঞ্চয়কর্ত্তা
Gathering, *s.* সংগ্রহ, সঞ্চয়, স্তূপ; *a boil,* স্ফোটক, ফোড়া
Gaude, Gaudery, *s.* বেশভূষা, অলঙ্কার
Gaudily, *ad.* জাঁকজমক রূপে, জাঁকালরূপে
Gaudiness, *s.* জাঁকজমক, ভড়ক, চটক, রঙ চঙ [ওয়ালা
Gaudy, *a.* রঙ্গিলা, ফুলফুল্যা, জাঁকজমক
Gauge, *v. a,* দ্রব দ্রব্যের পরিমাণ-কৃ
Gauge, *s.* দ্রব দ্রব্যের পরিমাণ, কূৎ
Gauger, *s.* পরিমাপক, যে ব্যক্তি পিপা প্রভৃতির মাপ বা কূৎ করে
Gaunt, *a.* কৃশ, ক্ষীণ, দুর্বল, রোগা, পাতলা
Gauntlet, *s.* যোদ্ধারদের লৌহময় দস্তানা
Gauze, *s.* ঝিলিমিলি কাপড়, কপর্ধুল
Gawky, *a.* বোকা, নির্বোধ ব্যক্তি, আনাড়ী, বেঅকুব [লা, ঝলাবর
Gay, *a.* হৃষ্ট, প্রফুল্ল চিত্ত, পুলকিত, রঙ্গি
Gayety, or Gaiety, *s.* হর্ষ, হৃষ্টতা, প্রফুল্লতা, আমোদ, রঙ্গিলাম
Gayly, *ad.* প্রফুল্লতারূপে, আনন্দরূপে, জাকজমকরূপে [পাত-কৃ
Gaze, *v. n.* চাহিয়া-থাক, তাকা, স্থির দৃষ্টি
Gazette, *s.* সমাচার পত্র
Gazetteer, *s.* সমাচার পত্রলেখক; *a topographical work,* দেশ বিদেশীয় বিবরণ পূর্ণ গ্রন্থ [কিয়া থাকে
Gazingstock, *s.* যাহার প্রতি লোকেরা তা
Gear, or Geer, *s.* সজ্জা, সাজ, সওয়াজিমা, ঘরের সামগ্রী
Geese, *s.* রাজহংসের বহুবচন
Gelatinous, *a.* আটাবৎ, চট্‌চট্যা [ড়া-কৃ
Geld, *v. a.* মুষ্কচ্ছেদন-কৃ, খাসি-কৃ, দাম
Gelder, *s.* মুষ্কচ্ছেদক
Gelding, *s.* ছিন্নমুষ্ক ঘোড়া, দামড়া
Gelid, *a.* অতি শীত
Gelly, *s.* জেলি, আটার ন্যায় বস্তু
Gem, *s.* রত্ন, মণি, প্রবাল, নিধি; *a bud,* কলিকা, কুঁড়ি, মুকুল
Gemini, *s.* মিথুন রাশি
Gender, *s.* লিঙ্গ
Gender, *v. a.* উৎপন্ন-কৃ, জন্মাও
Genealogical, *a.* বংশাবলি বিষয়ক
Genealogist, *s.* কুলাচার্য্য, ঘটক, কুলজ্ঞ
Genealogy, *s.* কুলজি, বংশোপাখ্যান
General, *a.* *common,* সাধারণ, সচরাচর; *public,* সরকারী; *extensive,* সর্ব্বত্র ব্যপ্ত
General, *s.* সৈন্যাধ্যক্ষ
Generalissimo, *s.* সৈন্যাধিপত্যাধিপতি
Generality, *s.* সাধারণত্ব, সচরাচরত্ব; *the main body,* অধিকাংশ
Generalship, *s.* সৈন্যাধ্যক্ষের নৈপুণ্যতা
Generally, *ad.* সামান্যতঃ, সাধারণরূপে, অধিকাংশে, প্রায় সমুদায়ে
Generate, *v. a.* জন্ম-দা, উৎপন্ন-কৃ, জন্মাও, উৎপাদন-কৃ, জীবন-দা
Generated, *pa.* জনিত, উৎপাদিত
Generation, *s.* *the act of begetting,* জন্ম দেওন বা করণ; *a race,* বংশ, কুল, গোষ্ঠী; *a single succession,* এক পুরুষ সমকালীন ব্যক্তি সমূহ; *an age,* কাল
Generative, *a.* উপার্জনক্ষম, উৎপাদন শক্তিবিশিষ্ট; উর্ব্বরা

Digitized by Google

Generical, *a.* বর্গ সম্বন্ধীয়, বর্গীয়, সাধারণ
Generous, *a. well born,* সৎকুলোদ্ভব; *magnanimous,* মহাত্মা; *liberal,* দানশীল, বদান্য; *vigorous,* তেজাল
Generosity, *s.* মহাত্মতা, বদান্যতা, দানশৌণ্ডতা
Generously, *ad.* মাহাত্ম্যরূপে, দানশীলতারূপে
Genesis, *s.* বাইবেলের আদি পুস্তক
Genial, *a. producing,* উৎপাদনশীল, জননশীল; *natural,* স্বাভাবিক
Genially, *ad.* স্বভাবতঃ; *cheerfully,* সজীবে, পরিতুষ্টরূপে, সানন্দে
Geniculated, *a.* গ্রন্থিবিশিষ্ট, গেঁটো, গাঁটিয়
Genitals, *s.* বংশোৎপাদক অঙ্গ, পুরুষাঙ্গ
Genitive, *a.* ষষ্ঠী বিভক্ত্যন্ত, সম্বন্ধ কারক
Genius, *s. a man of superior faculties,* স্বভাবতঃ অতি গুণশীল ব্যক্তি; *mental power,* মানসিক গুণ, স্বাভাবিক ধর্ম্ম বা বুদ্ধি, মেধা; *nature,* স্বভাব
Genteel, *a.* শিষ্ট, সুশীল, সভ্য
Genteelly, *ad.* সুশীলতারূপে, সভ্যতারূপে, ভব্যতারূপে
Genteelness, *s.* সুশীলতা, শিষ্টতা, ভব্যতা
Gentile, *s.* য়িহুদীয়ব্যতিরেকে অন্যান্য জাতীয়
Gentility, *s. good extraction,* সৎকুলোৎপত্তি; *elegance of behaviour,* সভ্যতা, শিষ্টতা, সুশীলতা
Gentle, *a. well born,* সৎকুলোদ্ভব; *soft, mild,* কোমল, নম্র, মৃদু, শিষ্ট, শান্ত
Gentleman, *s.* ভদ্র লোক, সম্ভ্রান্ত ব্যক্তি
Gentlemanlike, *a.* শিষ্টাচারবৎ, ভদ্র বা সম্ভ্রান্ত ব্যক্তির ন্যায়
Gentleness, *s.* সুশীলতা, কোমলতা, মৃদুতা, নম্রতা, শিষ্টতা
Gentlewoman, *s.* ভদ্র বা সম্ভ্রান্ত বা কুলীন ব্যক্তির স্ত্রী
Gently, *ad. tenderly,* স্নেহপূর্ব্বক, দয়াপূর্ব্বক, নম্রতাপূর্ব্বক; *without violence,* বিনা বলে, ধীরে, আস্তে, ক্রমে২
Gentoo, *s.* ইউরোপীয়েরদের মধ্যে ব্যবহৃত ভারতবর্ষীয় ব্যক্তিরদের প্রাচীন নাম
Gentry, *s.* মর্য্যাদাবন্ত, বর্গীয় লোক, কুলীনসমূহ
Genuine, *a.* প্রকৃত, অকৃত্রিম, নির্ভাঁজ, সত্য, শুদ্ধ
Genus, *s.* গণ, জাতি, বর্গ, বর্ণ
Genuflection, *s.* পাতিত জানু হইয়া বা হাঁটু গাড়িয়া আরাধনা করণ
Genuineness, *s.* প্রকৃততা, অকৃত্রিমতা, ভাঁজরাহিত্য, সত্যতা
Geographer, *s.* ভূগোল বিদ্যাজ্ঞ, ভূগোলবেত্তা
Geographical, *a.* ভূগোল বিদ্যাসম্বন্ধীয়
Geography, *s.* ভূগোল বিদ্যা
Geology, *s.* মৃত্তিকার গুণ বা জাতি বা উৎপত্তি নির্ণায়ক শাস্ত্র
Geomancer, *s.* এক প্রকার গণক বা দৈবজ্ঞ
Geomancy, *s.* এক প্রকার গণনা বা দৈবজ্ঞতা
Geometer, Geometrician, *s.* ক্ষেত্র পরিমাপক শাস্ত্রজ্ঞ
Geometrical, *a.* ক্ষেত্র বিদ্যা সম্বন্ধীয়
Geometrically, *ad.* ক্ষেত্র বিদ্যা সম্বন্ধীয়রূপে
Geometry, *s.* ক্ষেত্র পরিমাপক বিদ্যা, বাহুল্যতা প্রাশস্ত্য বৃহত্ত্ব নিরূপণীয় বিদ্যা
Georgics, *s.* কৃষিবিদ্যা বিষয়ক কবিতা
German, *s.* জর্ম্মণি দেশীয় লোক
Germ, *s.* অঙ্কুর, ফিকড়ি
Germinate, *v. n.* অঙ্কুরিত-হ, উদ্ভিদ্-হ, কুঁড়ি বা মুকুল বাহির-হ
Germination, *s.* কুঁড়ি বাহির হওন, মুকুলিত হওন, কলান
Gerund, *s.* চতুর্থ্যন্ত পদ
Gest, *s.* তামাসা, কৌতুক, গদি, ভেক, সং
Gestation, *s.* গর্ভধারণ
Gesticulate, *v. n.* তামাসা-কৃ, ভ্রূকুটি-কৃ, রঙ্গভঙ্গ-কৃ
Gesticulation, *s.* তামাসা করণ, মস্করাম, রঙ্গভঙ্গ
Gesture, *s.* অঙ্গভঙ্গ, শরীরের গতি
Get, *v. a. to procure,* পা, প্রাপ, প্রাপ্ত-হ; *to beget,* জন্মাও; *to gain,* লাভ-কৃ; *to learn,* শিক্ষা-কৃ, অভ্যাস-কৃ; *to induce,* লওয়াও, প্রবৃত্তি-জন্মাও; *to remove,* স্থানান্তর-হও, যাও; *to get off,* রক্ষা-পা
Get, *v. n. to arrive,* কোন স্থানে কোন অবস্থায় বা কোন বিষয়ে পরিশ্রম দ্বারা পঁহুছ বা প্রাপ্ত-হ; *to get over,* পার-হ, উত্তীর্ণ-হ; *to get up,* উঠ
Gewgaw, *s.* খেলনা, তুচ্ছনীয় বা সামান্য দ্রব্য
Ghastliness, *s.* ভয়ঙ্করতা, বিকট মূর্ত্তি, মৃত ব্যক্তির তুল্য ভাব
Ghastly, *a.* ভূতের ন্যায়, বিকট বর্ণ, ভয়ানক, মরার ন্যায়

Digitized by Google

Gherkin, *s.* ক্ষুদ্র ক্ষিরা বা শসা

Ghost, *s.* ভূত, প্রেত, আত্মা, অপদেবতা; *to give up the ghost,* মর, ঈশ্বরের নিকট জীবাত্মা অর্পণ-কৃ [য়, পারমার্থিক

Ghastly, *a.* ভৌতিক, ভূতবৎ, আত্মা সম্বন্ধী

Giant, *s.* বৃহৎ কায় ব্যক্তি, প্রকাণ্ড শরীরী, রাক্ষস, অসুর [চরী

Giantess, *s.* বৃহৎ কায়া-স্ত্রী, রাক্ষসী, নিশা

Giantlike, Giantly, *a.* বৃহৎ কায়, রাক্ষসবৎ, অসুরের ন্যায় [পিচাল

Gibberish, *a.* নিরর্থক বাক্য, বকাবকি,

Gibbet, *s.* ফাঁসি কাষ্ঠ

Gibbet, *v. a.* ফাঁসি-দা, ফাঁসি কাষ্ঠে-লটকা

Gibbous, *a.* স্ফীত, কূর্ম্ম পৃষ্ঠাকার

Gibe, *s.* ঠাট্টা, ঠেষ্টা, কটুকাটব্য, গঞ্জি

Gibe, *v. a.* ঠাট্টা-কৃ, বিদ্রূপ-কৃ

Giblets, *s.* হংসপ্রভৃতির যে অঙ্গ কবাব করণের পূর্ব্বে কাটা যায়

Giddily, *ad.* চাঞ্চল্যরূপে, মস্তক ঘূর্ণন পূর্ব্বক, অস্থৈর্য্য রূপে

Giddiness, *s.* গাত্রপাক, মাথাঘোরা, অস্থিরতা, ভ্রমি, চাঞ্চল্য

Giddy, *a.* ভ্রমি রোগবিশিষ্ট, মাথাঘূর্ণা রোগী, চঞ্চল, অস্থির

Giddy-*brained*, *a.* মিশ্চিন্ত, অসাবধান

Giddy-*headed*, *a.* নির্বোধ, নিশ্চিন্ত, অস্থিরেচক

Gift, *s. a thing bestowed,* দান, দত্ত দ্রব্য, উৎসর্গ দ্রব্য, খয়রাৎ, বখশিস্; *faculties,* মনের ক্ষমতা বা গুণ; *a bribe,* ঘুষ

Gifted, *a.* গুণাঢ্য, গুণান্বিত, পারগ

Gig, *s.* এক ঘোড়ার গাড়িবিশেষ [হৎ

Gigantic, *a.* বৃহৎ কায়, প্রকাণ্ড শরীর, বৃ

Giggle, *v. n.* খিলখিল-কৃ, হাঁস, ঈষৎহাঁস

Gild, *v. a. to overlay with gold,* স্বর্ণমণ্ডিত-কৃ, মণ্ড; *to adorn,* ভূষিত-কৃ, অলঙ্কৃত-কৃ; *to brighten,* চাকচক্য-কৃ

Gilder, *s.* স্বর্ণে মণ্ডিতকারী

Gilding, *s.* স্বর্ণে মণ্ডন, সোণালি কর্ম্ম

Gill, *s.* পরিমাণবিশেষ

Gills, *s.* মৎস্যের কানকা, ফুলকা

Gilt, *the part. of to Gild,* স্বর্ণমণ্ডিত

Gimcrack, *s.* সামান্য বা তুচ্ছ শিল্প কর্ম্ম

Gimlet, *s.* বর্ম্মা, কাষ্ঠ ছিদ্র করণীয় অস্ত্র, তুরপণ

Gin, *s. liquor,* জিন সরাপ; *a snare,* জাল, ফাঁদ, জাল

Ginger, *s.* আর্দ্রক, আদা

Gingerly, *a.* সতর্কতাপূর্ব্বক, সাবধানে

Gingerbread, *s.* আদা ও চিনি ও ময়দাতে প্রস্তুত পিষ্টকাদি

Gingival, *a.* দন্তের মাড়ি সম্বন্ধীয়

Gingle, *v. n.* টুনটুন্ বা ঝিন্‌ঝিন্ শব্দ-কৃ, কর্কশ শব্দ-কৃ

Gingle, *s.* ঝুন্‌ঝুন্ শব্দ, কর্কশ শব্দ

Gipsy, *s.* ইউরোপে যাহারা দেশ বিদেশ ভ্রমণ করিয়া কাকচরিত্রজ্ঞ ব্যবসায় করে

Girandole, *s.* বাতীর ঝাড়, বেলওয়ারী ঝাড়, শাখাবিশিষ্ট দীপাধার [বন্ধন-কৃ

Gird, *v. a.* সসজ্জ-কৃ, সাজ-বাঁধ, লপটা,

Gird, *v. n.* ঠাট্টা-কৃ, পরিহাস-কৃ

Girdle, *s.* কটিবন্ধ, পটুকা, কোমরবন্ধ

Girl, *s.* কন্যা, কুমারী, বালিকা, মেয়্যা, ছুকরী [চঞ্চলা

Girlish, *a.* কন্যাবৎ, বালিকার উপযুক্ত,

Girt, Girth, *s.* ঘোড়ার পেটি, পাট্টা

Give, *v. a. to bestow,* দা, দান-কৃ, বিতরণ-কৃ, প্রদান-কৃ, দিয়া-ফেল; *to utter,* উক্ত-কৃ; *to shew,* দর্শা; *to resign,* অর্পণ-কৃ, ত্যাগ-কৃ; *give away,* দা, হস্তান্তর-কৃ; *giveaback,* ফিরিয়া-দা; *give over,* সমর্পণ-কৃ, পরিত্যাগ-কৃ; নির্ভরসা-কৃ; *give out,* প্রকাশ-কৃ; *give up,* ত্যাগ-কৃ, সমর্পণ-কৃ; মন-লাগা; *give off,* ক্ষান্ত-হ

Give, *v. n.* প্রবেশ-কৃ, চড়াউ-কৃ; নরম-কৃ, গলিয়া-যা

Giver, *s.* দাতা, দায়ক, বিতরণকর্ত্তা

Gives, *s.* পায়ের বেড়ি

Gizzard, *s.* পক্ষির গিলা বা পিলা

Glacis, *s.* কিল্লার বাহিরে ঢালুকৃত ভূমি

Glacial, *a.* বরফবৎ, জমাট, হিমের ন্যায় জড়ীভূত [তুষ্টিকর

Glad, *a.* আনন্দিত, আহ্লাদিত, তুষ্ট, হৃষ্ট;

Glad, Gladden, *v. a.* তুষ, আনন্দিত-কৃ, হৃষ্ট-কৃ, আহ্লাদিত-কৃ

Gladiator, *s.* অস্ত্রক্রীড়ক, মল্লযোদ্ধা, বেতন পাইয়া যুদ্ধকারী

Gladly, *ad.* আনন্দিতরূপে, হৃষ্টতাপূর্ব্বক, আনন্দে [তুষ্টি, হর্ষ, খুসি

Gladness, *s.* আনন্দ, আহ্লাদ, সন্তোষ,

Digitized by Google

Glair, *s.* আণ্ডারি সফেদা।
Glance, *s. a shoot of light,* দীপ্তির চমক; *a quick view,* কটাক্ষ, ঈষদ্ দৃষ্টি, ভুল
Glance, *v. n. to shoot a ray,* হঠাৎ দৃষ্টিতে চমক-হ; *to fly off obliquely,* বক্ররূপে উড়িয়া-যা; *to look at,* কটাক্ষ-কৃ, ভুল-দা; *to censure,* ব্যঙ্গ-কৃ
Glance, *v. a.* দ্রুতগতি-কৃ
Gland, *s.* মাংস গ্রন্থিবিশেষ [সরণ রোগ
Glanders, *s.* অশ্বের নাসিকা হইতে রস নিঃ
Glandulous, *a.* মাংসগ্রন্থি বিষয়ক
Glare, *v. n.* চাকচক্য-হ, ঝলক-হ; *to look fierce,* ভয়ানকরূপে-দেখ
Glare, *v. a.* চকমক্-কৃ
Glare, *s.* চকচক্যা, চকমক, অত্যন্ত তেজ
Glaring, *a.* চকচক্যা; *notorious,* সুস্পষ্ট, প্রসিদ্ধ, ঘোরতর
Glass, *s.* গ্লাস, কাঁচনির্মিত দ্রব্য; *a draught,* এক গ্লাসে যত ধরে; *a mirror,* আদর্শ, দর্পণ, আয়না, আর্শি; *a window glass,* পরকলা; *a glass bottle,* কাঁচপাত্র, শিশি
Glass, *v. a.* গ্লাস বা কাঁচে মণ্ডিত-কৃ
Glass, *a.* গ্লাসনির্মিত [যে
Glassblower, *s.* গ্লাস বা কাঁচ নির্মাণ করে
Glassfurnace, *s.* গ্লাস বা কাঁচ নির্মাণ কর্‌ণার্থ হাপর বা তুন্দুর
Glassgrinder, *s.* কাঁচ বা গ্লাস উজ্জ্বল বা জিল্লাকারক
Glasshouse, *s.* কাঁচ বা গ্লাস নির্মাণাগার বা কারখানা
Glassman, *s.* কাঁচ বা গ্লাস ব্যবসায়ী
Glassmetal, *s.* কাঁচ যে ধাতুতে নির্মিত হয়, দ্রব কাঁচ [স্থাম
Glasswork, *s.* কাঁচ বা গ্লাসের কর্ম্ম বা কর্ম্ম
Glassy, *a.* কাঁচ নির্মিত, কাঁচময়, কাঁচবৎ
Glave, *s.* চৌড়া তলওয়ার, বৃহৎ খড়্গ
Glaze, *v. a. to furnish a house with glass windows,* ঘরে আয়না বা শাসি-বসা; *to overlay with something shining,* কাঁচ মণ্ডিত-কৃ, রোগন-কৃ
Glazier, *s.* পরকলা নির্মাণকারক
Gleam, *s.* নম্পান, হঠাৎ দ্যুতি, রশ্মি [-হ
Gleam, *v. n.* অকস্মাৎ রশ্মিযুক্ত বা উজ্জ্বল
Gleaming, *a.* উজ্জ্বল, প্রদীপ্ত, চকচক্যা
Glean, *v. a.* উঞ্ছ, ক্ষেত্রস্থ শস্যাদি আহরণের পর অবশিষ্ট কুড়াইয়া-ল
Gleaner, *s.* উপরি উক্ত মতে শস্যাদি কুড়াইয়া লয় যে
Gleaning, *s.* উপরি উক্তমতে শস্যাদি কুড়ান, সংগ্রহ করণ
Glebe, *s.* ভূমি; পুরোহিতের বৃত্তি ভূমি
Glee, *s.* আনন্দ, হর্ষ, উল্লাস, আহ্লাদ
Gleet, *s.* প্রমেহ, ধাতুচালা
Glen, *s.* উপাত্যকা ভূমি, উভয় পর্ব্বতের মধ্য স্থান [ফরফরণীয়া
Glib, *a.* পিচ্ছল, পিছলা, চিক্কণ; *voluble,*
Glib, *v. a.* পুরুষাঙ্গ-ছিন্ন
Glibness, *s.* পিচ্ছলতা, চিক্কণাই
Glide, *v. n.* আস্তে২ বহ, ধীরে২ বহিয়া-যা, সর্পের ন্যায়-সর
Glimmer, *v. n.* ঈষদ্ উজ্জ্বল-হ, মিট্‌মিট্-কৃ
Glimmering, Glimmer, *s.* ঈষদ্ উজ্জ্বলতা, মিট্‌মিট্যা ভাব
Glimpse, *s.* ঈষদ্ উজ্জ্বলতা, মিটমিট্যা আলো; *a short view,* ঈষদ্ দৃষ্টি
Glisten, *v. a.* চিক্‌চিক্যা-হ, চকু উজ্জ্বল-হ
Glitter, *v. a.* উজ্জ্বল-হ, ধগ্‌ধগ-কৃ, ঝকমক্-কৃ [শোভা, তেজ
Glitter, Glittering, *s.* উজ্জ্বলতা, চাক্‌চক্য,
Gloat, *v. n.* কটাক্ষ-কৃ
Globated, Globed, *a.* গোলাকৃতি, বর্ত্তুলাকার
Globe, *s.* বর্ত্তুল, গোল বস্তু; *the terraqueous ball,* ভূগোল, ব্রহ্মাণ্ড
Globose, Globular, Globulous, *a.* গোলাকৃতি, বর্ত্তুলাকৃতি
Globosity, *s.* বর্ত্তুলাকারত্ব, গোলত্ব
Globule, *s.* গোলাকৃতি ক্ষুদ্র বিন্দু, পরমাণু
Glomerate, *v. a.* একত্র করিয়া বর্ত্তুলবৎ-কৃ
Gloom, *s. defect of light,* তিমির, তম, ঈষদ্ অন্ধকার; *heaviness of mind,* মনের অন্ধকার, নিরানন্দ, বিমর্ষতা
Gloominess, *s.* অন্ধকার, ঘোর, তিমির; *melancholy,* মন ভারি, অপ্রসন্নতা
Gloomily, *ad.* ঘোররূপে; বিষণ্ণরূপে
Gloomy, *a. obscure,* ঘোর, অন্ধকারময়; *heavy of heart,* নিরানন্দ, ভারিমনা
Glorification, *s.* ধন্যবাদ বা প্রশংসা করণ
Glorify, *v. a.* ধন্যবাদ-কৃ, প্রশংসা-কৃ,

Digitized by Google

সম্মান-কৃ, স্তবস্তুতি-কৃ; *to raise to glory in heaven,* স্বর্গ ধামে স্থিতি করাও
Glorious, *a.* প্রতাপান্বিত, শ্রীল, যশস্বী, প্রসিদ্ধ, শ্রীমান্
Gloriously, *ad.* প্রতাপান্বিতরূপে, মর্য্যাদা [পূর্ব্বক
Glory, *s. praise paid in adoration,* ধন্যবাদ; *honour,* মহিমা, ঐশ্বর্য্য, মাহাত্ম্য; *praise,* স্তবস্তুতি; *splendor,* শোভা, তেজ, প্রভা; *renown,* প্রতাপ, গৌরব; *pride,* অহঙ্কার
Glory, *v. n.* অহঙ্কার-কৃ, গর্ব্ব-কৃ
Gloss, *s.* আভা, কান্তি, রোগণ, জিলা; *comment,* টীকা, টিপ্পনী
Gloss, *v. a.* টীকা-কৃ, ব্যাখ্যা-কৃ
Gloss, *v. n.* দোষাচ্ছাদন-কৃ
Glossary, *s.* অচলিত শব্দের অভিধান
Glossy, *a.* কান্তিযুক্ত, চিক্কণ, উজ্জ্বল
Glove, *s.* দস্তানা, হাতা
Glover, *s.* হাতা বা দস্তানার ব্যবসায়ী
Glow, *v. to burn with vehement heat,* উত্তপ্ত-হ, ধগ২-কৃ; *to feel heat of body,* শরীরে উত্তাপ বোধ-কৃ; *to feel passion of mind,* মনে উত্তাপ বোধ-কৃ
Glow, *s.* উত্তাপ, ব্যগ্রতা, তেজ
Glowworm, *s.* জোনাকি পোকা
Gloze, *v. n.* খোসামোদ-কৃ, মিথ্যা প্রশংসা-কৃ
Gloze, *s.* খোসামোদ, মিথ্যা প্রশংসা
Glue, *s.* শিরিস্
Glue, *v. a.* শিরিসের দ্বারা যোড়া-দা
Glum, *a.* ম্লান, শোকাবিষ্ট, বক্রমুখ
Glut, *v. a.* গ্রাস-কৃ, গিল; *to cloy,* বিতৃষ্ণা-কৃ, তৃপ্ত-কৃ
Glut, *s.* আধিক্য, অতিরিক্ততা, প্রাচুর্য্য
Glutinous, *a.* আটার ন্যায় চট্‌চটা
Glutton, *s.* অপরিমিত ভোক্তা, পেটুক, উদরসর্ব্বস্ব [ব্যক্তি
Gluttonous, *a.* অতি ভোক্তা, উদরম্ভরি
Gluttony, *s.* পেটুকতা, অতি বুভুক্ষা
Gnar, Gnarl, *v. n.* গোঁজড়া, গর্জ্জা, খেঁকা
Gnash, *v.* দন্ত ঘর্ষণ-কৃ, দাঁত কিড়িমিড়ি-কৃ
Gnat, *s.* মশক, মশা
Gnaw, *v. a.* দাঁতদিয়া চিবা, কুটা; *to wear away,* ক্ষয়-কৃ, নাশ-কৃ
Gnomon, *s.* ছায়া ঘড়ীর কাঁটা
Gnomonics, *s.* ছায়া ঘড়ীর কাঁটা নির্ণয়করণের বিদ্যা
Go, *v. n. to move,* চল, গম, যাও, যাত্রা-কৃ; *to change,* পরিবর্ত্তন-কৃ; *to apply one's self,* মনোযোগ-কৃ; *to be about to do,* করিতে উদ্যত-হ; *to decline,* হ্রাস-হ, ক্ষয়-পা; *to escape,* পলায়ন-কৃ; *to be pregnant,* গর্ভবতী-হ; *to go about,* উদ্যোগ-কৃ; *to go aside,* ভুল, ভ্রান্তি-হ; *to go between,* মধ্যস্থ-হ; *to go by,* নিয়ম করিয়া মান; *to go on,* চল, গমন-কৃ; *to go over,* পক্ষান্তর-হ, প্রতিকূল-হ; *to go through,* সম্পন্ন-কৃ, শেষ-কৃ
Goad, *s.* অঙ্কুশ, ডাঙ্গস
Goad, *v. a.* অঙ্কুশ-মার, ডাঙ্গস মারিয়া চালাও
Goal, *s. a starting post,* ঘোড় দৌড়ের আরম্ভ স্থান; *final purpose,* অভিপ্রায়
Goat, *s. she goat,* ছাগী, পাঁঠী, বক্‌রী; *he goat,* অজ, ছাগ, বকরা, পাঁঠা
Goatherd, *s.* অজরক্ষক, ছাগল চরায় যে
Goatish, *a.* অজাবৎ, ছাগলের গন্ধযুক্ত, লম্পট [রাক্ষসের ন্যায়-খা
Gobble, *v. a.* শীঘ্র-খা, কেঁৎ করিয়া-গিল,
Goblet, *s.* পানপাত্র, বাটি, কটোরা
Goblin, *s.* অপদেবতা, রাত্রিচর, পিশাচ, ভূত, প্রেত [স্বয়ম্ভু, সর্ব্বস্রষ্টা
God, *s.* পরমাত্মা, পরমেশ্বর, পরম ব্রহ্ম,
Godchild, *s.* ধরম পুত্র বা পুত্রী
Goddaughter, *s.* ধরম্ কন্যা
Goddess, *s.* দেবী, দেবপত্নী, ঠাকুরাণী
Goddesslike, *a.* দেবীর ন্যায়, দেবীর তুল্য
Godfather, *s.* ধরম বাপ্
Godhead, *s.* ঈশ্বরত্ব, পরম ব্রহ্মত্ব [স্তিক
Godless, *a.* ঈশ্বরামানক, দুষ্ট, পাষণ্ড, না
Godlike, *a.* ঈশ্বরবৎ, ব্রহ্মবৎ, সর্ব্বোত্তম
Godliness, *s.* ধার্ম্মিকতা, ঈশ্বরপরায়ণতা, ঈশ্বরনিষ্ঠতা
Godly, *a.* ধার্ম্মিক, যাথার্থিক, ধর্ম্মপরায়ণ
Godmother, *s.* ধরম্ মা
Godson, *s.* ধরম্ বেটা
Goer, *s.* গন্তা, গমনকারক, যাত্রী
Goggle, *v. n.* কটাক্ষ-কৃ, বক্র দৃষ্টি-কৃ, টেরা দৃষ্টি-কৃ
Goggle, *s.* চসমাবিশেষ

Digitized by Google

Goggle-*eyed*, *a.* টেরা চক্ষুবিশিষ্ট
Going, *a.* চলন, গমন, প্রস্থান; *way of life*, আচারব্যবহার
Goitre, *s.* গলগণ্ড
Gold, *s.* স্বর্ণ, সুবর্ণ, হেম, কাঞ্চন, সোণা; *wealth*, ধন, অর্থ, সম্পত্তি [ণ করে যে
Goldbeater, *s.* স্বর্ণকার, সোণার পাত নির্ম্মা
Goldbound, *a.* স্বর্ণমণ্ডিত, স্বর্ণজড়িত
Golden, *a. made of gold*, স্বর্ণ নির্ম্মিত, সোণালি, স্বর্ণময়; *bright*, জেল্লা; *excellent*, উত্তম; *happy*, আহ্লাদজনক
Goldfinch, *s.* পক্ষিবিশেষ
Goldleaf, *s.* স্বর্ণের পত্র
Goldmohur, *s.* স্বর্ণমুদ্রা, বা মোহর
Goldsmith, *s.* স্বর্ণকার, সেকরা, সোণার
Gondola, *s.* বেনিস নগরীয় নৌকাবিশেষ
Gondolier, *s.* পূর্ব্বোক্ত নৌকার দাঁড়ী
Gone, *part. pret* গত, ব্যতীত, অতীত, ভূত; *lost*, হারা; *dead*, মরা
Gonorrhœa, *s.* প্রমেহ, ধাতু ক্ষরণ
Good, *a. excellent*, উত্তম, বিশিষ্ট, ভদ্র, ভাল; *proper*, উচিত, উপযুক্ত, যোগ্য; *uncorrupted*, অপচা, টাট্কা; *wholesome*, স্বাস্থ্যজনক; *complete*, সম্পূর্ণ; *skilful*, নিপুণ; *happy*, আহ্লাদিত; *honourable*, সম্ভ্রান্ত; *cheerful*, উল্লসিত; *elegant*, সুশ্রী; *rich*, ধনী [ণ
Good, *s.* ভাল বা উত্তম বস্তু, মাঙ্গল্য, কল্যা
Goodbreeding, *s.* শিষ্টাচারিতা, সভ্যতা
Good and evil, *s.* সদসৎ, ভদ্রাভদ্র
Good fortune, *s.* সৌভাগ্য
Good Friday, *s.* খ্রীষ্টের প্রায়শ্চিত্তরূপ ক্রুশে হত হওনের বার্ষিক শুক্রবার [ণ্য
Goodliness, *s.* সৌন্দর্য্য, রূপ, শোভা, লাব
Goodly, *a.* শুভ, সুন্দর, সুরূপ, উত্তম
Goodnatured, *a.* কোমলস্বভাবক, দয়াবান, সুশীল [জন্য, ভদ্রতা, উত্তমতা
Goodness, *s.* শিষ্টতা, সাধুতা, সদ্ভাব, সৌ
Goods, *s.* বাণিজ্য দ্রব্য, মাল, জিনিসপত্র, লওয়াজিমা
Goodwill, *s.* অনুগ্রহ, মেহেরবানি
Goose, *s.* রাজহংস, হংস; *a tailor's smoothing iron*, দরজির ইস্ত্রির যন্ত্রবিশেষ; *a simpleton*, আনাড়ি, অবোধ
Gooseberry, *s.* ইঙ্গলণ্ডীয় ফলবিশেষ

Gorbellied, *a.* ভুঁদিল, ভুঁড়া, ভুঁড়োদার
Gore, *s.* গাঢ় বা জমা রক্ত
Gore, *v. a.* গুতা, শৃঙ্গ দ্বারা বিঁধ
Gorge, *s.* গলা, কণ্ঠ
Gorge, *v. n.* গলায়২-খা, কণ্ঠাপর্য্যন্ত -খা [দার
Gorgeous, *a.* জাঁকাল, অতিসুন্দর, জেল্লা
Gorgeously, *ad.* জাঁকালরূপে, উত্তমরূপে
Gorgeousness, *s.* জাঁকজমক, ভড়ক, সৌন্দর্য্য [পায়
Gorget, *s.* যে অস্ত্রের দ্বারা গলা রক্ষা
Gormandize, *v. n.* উৎকট বা বহুভোজন -কৃ, রাক্ষসের ন্যায় ভোজন-কৃ
Gormandizer, *s.* বহুভোক্তা, পেটুক
Gory, *a.* রক্তময়, রক্তাক্ত
Gosling, *s.* রাজহংস শাবক [ধর্ম্ম শাস্ত্র
Gospel, *s.* মঙ্গল সমাচার, ঈশ্বর বিষয়ক
Gossamer, *s.* মাকড়সার জালের ন্যায় যে সূক্ষ্ম তন্তু আকাশে উড়ে
Gossip, *s.* গপ্প্যা, বক্বক্যা [গপ্পসপ্প-কৃ
Gossip, *v. n.* গপ্প-কৃ, অনর্থক বাক্য-কহ,
Gothick, *a.* পূর্ব্বকার অসভ্য গৎজাতীয়দের মতে বা অনুসারে; *rude*, অসভ্য, মূর্খ
Goths, *s.* পূর্ব্বকালীন গৎজাতীয় লোক
Govern, *v. a.* রাজ্য-কৃ, কর্তৃত্ব-কৃ, প্রভুত্ব -কৃ, শাসন-কৃ, বশ-কৃ, সরবরাহ-কৃ
Govern, *v. n.* প্রাধান্য-হ [আজ্ঞাবহ
Governable, *a.* সুশাস্য, শাসনীয়, দম্য,
Governance, *s.* কর্তৃত্ব, প্রভুত্ব, শাসন
Governess, *s.* কর্ত্রী, শাসনকারিণী, শিক্ষাদায়িকা
Government, *s.* রাজত্ব, কর্তৃত্ব, রাজকর্ম্ম, রাজশাসনের রীতি; *the supreme directors of public affairs*, রাজকীয় ব্যাপারের প্রধান কর্তারা
Governor, *s.* কর্ত্তা, শাসনকর্ত্তা, দেশাধিপ, প্রভু, মনিব; *tutor*, শিক্ষাদায়ক
Gouge, *s.* গোল বাঁটালিবিশেষ
Gourd, *s.* কদু, লাউ
Gourmand, *s.* পেটুক ব্যক্তি, উদরসর্ব্বস্ব
Gout, *s.* বাত রোগ
Gouty, *a.* বাত রোগগ্রস্ত, বেতো
Gown, *s.* ইউরোপীয়েরদের মধ্যে স্ত্রীলোকের উপরি বস্ত্র; আঙ্গরাখা, পেশওয়াজ

Digitized by Google

Grace, *s. favour,* অনুগ্রহ, দয়া, কৃপা; *favour of God,* ঈশ্বরের কৃপা বা ক্ষমা বা প্রসাদ; *pardon,* ক্ষমা; *natural excellence,* স্বাভাবিক গুণ; *beauty,* সৌন্দর্য্য, শোভা; *the title of a duke or archbishop,* ডুাক অথবা প্রধান ধর্মাধ্যক্ষের সম্ভ্রমসূচক উপাধি; *a short prayer,* ভোজনের পূর্ব্বাপর প্রার্থনা

Grace, *v. a. to adorn,* সজ্জান্বিত-কৃ, শ্রীযুক্ত-কৃ, সুশোভিত-কৃ; *to favour,* অনুগ্রহ-কৃ

Graceful, *a.* সুন্দর, মনোহর, উত্তম, সুশ্রীক, লাবণ্যযুক্ত

Gracefully, *ad.* সুশ্রীরূপে, সুন্দররূপে, ভদ্র লোকের ন্যায় [সুশ্রীযুক্তা

Gracefulness, *s.* উত্তমতা, সৌন্দর্য্য, লাবণ্য,

Graceless, *a.* ধর্মহীন, দুষ্ট, ভ্রষ্ট, দুরাচারী

Gracious, *a.* অনুগ্রাহক, কৃপালু, দয়ালু, ক্ষমাবান্, নম্র [দয়ারূপে

Graciously, *ad.* অনুগ্রহপূর্ব্বক, নম্রতারূপে,

Graciousness, *s.* কৃপালুতা, প্রসন্নতা, নম্রতাচরণ, শিষ্টাচার

Gradation, *s.* পরম্পরা, অনুক্রম, আনুপূর্ব্ব

Grade, *s.* ক্রম, সোপান, সিঁড়ি; পদ

Gradual, *a.* ক্রমিক, ক্রমাগত

Graduality, Graduation, *s.* ক্রমিকতা

Gradually, *ad.* ক্রমশঃ, ক্রমে২, পদে২

Graduate, *v. to dignify with a degree,* বিদ্যালয়ে উপাধি প্রাপ্ত-হ; *to mark with degrees,* ক্রমের অঙ্ক চিহ্নিত-কৃ

Graduate, *s.* বিদ্যালয়ে উপাধি প্রাপ্ত ব্যক্তি

Graft, *s.* বৃক্ষাদির কলম

Graft, *v. a.* কলম-বসা, কলম-লাগা

Grain, *s. corn,* শস্য, ধান্যইত্যাদি; *a minute particle,* অনু, কণা, কণিকা; *a very small weight,* অতি ক্ষুদ্র পরিমাণবিশেষ; *fibres of wood,* কাষ্ঠের আঁশ; *disposition,* স্বভাব, ধারা; *the heart,* অন্তঃকরণ

Gram, *s.* কলাই [ঘাস সম্বন্ধীয়

Gramineous, *a.* তৃণবৎ, তৃণময়, ঘাসুয়া,

Injustice, *s.* অবিচার, অধর্ম্ম, অন্যায়, অ
Ink, *s.* লিখনেরকালী, মসী, সেহাই
Inkhorn, Inkstand, *s.* মস্যাধার, কলমদান
Inky, *s.* কালীরং, কালীময়, মসীময়
Inkling, *s.* ইঙ্গিত; ইচ্ছা, বাসনা
Inland, *a.* সমুদ্র তীর হইতে দুরবর্ত্তি দেশ মধ্যস্থ; দেশী [ত-কৃ
Inlay, *v. a.* চিত্রবিচিত্র-কৃ, জড়া, বসা, খচি
Inlet, *s.* প্রবেশের পথ, খাড়ি, খাল
Inly, *ad.* অভ্যন্তরে, অন্তরে, ভিতরে
Inmate, *s.* সহবাসী, একান্নভোক্তা
Inmost, Innermost, *a.* অভ্যন্তরস্থ, সর্ব্বাপেক্ষা অন্তরবর্ত্তী
Inn, *s.* সরাই, উত্তরণীয় স্থান, ভেটেরাখানা
Innate, *a.* অন্তরবর্ত্তী, অন্তরজাত, স্বাভাবিক
Innavigable, *a.* নৌকা বা জাহাজের দ্বারা অগম্য
Inner, *a.* অন্তরস্থ, অন্তরবর্ত্তী, অন্তরীয়
Innholder, Innkeeper, *s.* সরাইরক্ষক, ভেটেরা
Innocence, Innocency, *s.* নির্দ্দোষিতা, অপাক, নিরপরাধ, শুদ্ধতা, নির্ম্মলতা; *simplicity of heart*, সারল্য, অকাপট্য
Innocent, *a.* নির্দ্দোষী, নিষ্পাপী, নিরপরাধী
Innocent, *s. one free from guilt*, নির্দ্দোষি ব্যক্তি; *an idiot*, স্বাভাবিক বুদ্ধিহীন
Innocently, *ad.* নির্দ্দোষিতাপূর্ব্বক, অনপরাধে, অকপটে
Innocuous, *a.* অহিংসুক, অনপকারক
Innovate, *v. a.* নূতন ধারা প্রকাশ-কৃ, নূতন রীতি স্থাপন-কৃ
Innovation, *s.* নূতন রীতি বা ধারা স্থাপন করণ, রীতি পরিবর্ত্তন
Innovater, *s.* নূতন ধারা প্রকাশক
Innoxious, *a.* অহিংসু, অনপকারী
Innuendo, *s.* ইঙ্গিত, সঙ্কেত বাক্য, ঠার
Innumerable, *a.* অগণ্য, অসংখ্য, [-দা
Inoculate, *v. a.* কলম-কৃ; বসন্তের টিকা
Inoculation, *s.* এক বৃক্ষের ফিকড়ি অন্য বৃক্ষে সংযোগ; বসন্তের টিকা দেওন
Inodorous, *a.* গন্ধরহিত, নির্গন্ধ, বাসহীন
Inoffensive, *a.* অনপকারক, অহিংসুক, নির্দ্দোষী, অখল, শিষ্ট [ভাবে
Inoffensively, *ad.* অহিংসাপূর্ব্বক, দোষা
Inopportune, *a.* অশুভকালীন, অসাময়িক
Inordinate, *a.* অপরিমিত, রীতির বহির্ভূত, বহুল, আত্যন্তিক
Inorganic, *a.* স্বাভাবিক শক্তিহীন
Inosculate, *v. n.* স্পর্শদ্বারা সংলগ্ন-কৃ, সংশ্লিষ্ট-কৃ
Inquest, *s.* বিচার, খুনের তজবীজ, সুরত হাল [ভাবনা
Inquietude, *s.* মনঃপীড়া, উদ্বেগ, ব্যাকুলতা,
Inquire, *v. n.* জিজ্ঞাসা-কৃ, প্রশ্ন-কৃ, অনুসন্ধান-কৃ, তত্ত্ব-লা
Inquire, *v. a.* জিজ্ঞাসা-কৃ
Inquirer, *s.* জিজ্ঞাসক, অন্বেষক, প্রশ্নকর্ত্তা
Inquiry, *s.* জিজ্ঞাসা, অনুসন্ধান, অন্বেষণ, তত্ত্ব করণ
Inquisition, *s.* দোষানুসন্ধান; *court for the detection of heresy*, রোমাণ কাতোলিকেরদের মধ্যে ভিন্ন মতাবলম্বিরদের বিচার ও দণ্ড দেওনার্থ ব্যবস্থান
Inquisitive, *a.* জিজ্ঞাসু, অনুসন্ধানী, অনধিকারচর্চ্চী
Inquisitor, *s.* উপরি উক্ত Inquisition নামক বিচার স্থানের বিচারকর্ত্তা
Inroad, *s.* আক্রমণ, চড়াউ
Insalubrious, *a.* অস্বাস্থ্যজনক, পীড়াকর
Insane, *a.* উন্মত্ত, পাগল, বাতুল [লতা
Insaneness, Insanity, *s.* উন্মত্ততা, বাতু
Insatiable, Insatiate, *a.* অতর্পণীয়, বহ্বাশী, অত্যন্ত ভোক্তা
Inscribe, *v. a.* লিখ, প্রতিপালক ব্যক্তির

Digitized by Google

দের উদ্দেশে গ্রন্থের প্রথমে প্রশংসা লিখ [উপরে যে নাম লেখা থাকে
Inscription, *s.* শিরোনামা, কোন দ্রব্যের
Inscrutable, *a.* অনুপলভ্য, অবিজ্ঞেয়, অননুসন্ধানীয়
Insculp, *v. a.* খোদকারি কর্ম্ম-কৃ, খোদ
Insculpture, *s.* খোদকারি করা দ্রব্য
Insect, *s.* কীট, কৃমি, পোকা
Insecure, *a.* সঙ্কটাপন্ন, সভয়, আপদীয়, অস্বচ্ছন্দ [দশা, দায়
Insecurity, *s.* সঙ্কট, ভয়, আপদ, অস্বচ্ছ
Insensate, *a.* মুর্খ, অবোধ, অজ্ঞান
Insensibility, *s.* স্তব্ধতা, জড়তা, অস্পন্দন, মুর্চ্ছাবস্থা, অচৈতন্য
Insensible, *a. imperceptible,* নিস্পন্দ, মুর্চ্ছাপন্ন, অচেতন, বোধশূন্য; *gradual,* ক্রমিক
Insensibly, *ad.* অজ্ঞাতাভাবপূর্ব্বক, ক্রমে২
Inseparable, *a.* অবিযোজ্য, অবিচ্ছেদ্য, অভেদ্য, যাহা পৃথক্ হইতে পারে না
Inseparably, *ad.* অভেদ্যরূপে
Insert, *v. a.* অন্যের সহিত লিখ বা যুক্ত-কৃ, শামিল-কৃ, ভুক্ত-কৃ
Insertion, *s.* অন্যের মধ্যে স্থাপন, শামিল করণ, ভুক্ত করণ, লিখিয়া রাখণ
Inside, *s.* মধ্য ভাগ, ভিতর, অন্তর, অভ্যন্তর
Insidious, *a.* খল, কুটিল, ধুর্ত্ত, প্রবঞ্চক, ফাঁদে ফেলিবার চেষ্টা করে যে
Insidiously, *ad.* ধুর্ত্ততাপূর্ব্বক, ছলপূর্ব্বক কাতে২ [ঠগামি
Insidiousness, *s.* ধুর্ত্ততা, খলতা, শঠতা,
Insight, *s.* দৃষ্টি, অবলোকন, মর্ম্মজ্ঞান
Insignia, *s.* সম্ভ্রান্ত পদের চিহ্ন [নীচতা
Insignificance, *s.* অনর্থকতা, ক্ষুদ্রতা, তুচ্ছ
Insignificant, *a.* অনর্থক, খুজরা, তুচ্ছ, ক্ষুদ্র, ক্ষুদিয়া [অনৃজু
Insincere, *a.* কুটিল, অসরল, খল, ভণ্ড,
Insincerity, *s.* অসারল্য, খলতা, কৌটিল্য, ভণ্ডতা
Insinuate, *v. a. to push into favor,* কৌশলে অনুগ্রহ চেষ্টা-কৃ; *to hint,* ইঙ্গিত-কৃ; *to instil,* কৌশলক্রমে কাহারো মনে প্রবেশ-কৃ
Insinuate, *v. n.* ছলে কৌশলে কাহারো অনুগ্রহ প্রাপ্ত-হ, ইঙ্গিতদ্বারা বুঝা
Insinuation, *s.* বাক্ কৌশলে বশী করণ, ফুসলান, ঠার
Insipid, *a.* নীরস, পানসিয়া, বিস্বাদু; *wanting spirit,* নিস্তেজ
Insipidity, Insipidness, *s.* বিস্বাদুতা, নীরসতা, পানসিয়াভাব, নিস্তেজ
Insist, *v. n.* জেদ-কৃ, পণ-কৃ, আপনার কথা বলবৎ-রাখ [ছলে-ধৃ, ফুসলা
Insnare, *v. a.* ফাঁদে-ফেল, জালে বদ্ধ-কৃ,
Insobriety, *s.* মত্ততা, মাতলামি
Insociable, *a.* অনালাপ্য, অসম্ভাষ্য
Insolence, *s.* চপলতা, প্রাগল্ভ্য, দম্ভ, পরের প্রতি অবহেলা
Insolent, *a.* দাম্ভিক, চপল, গর্ব্বী, প্রগল্ভ, উচক্কা, মাথালাড়া [পূর্ব্বক
Insolent, *ad.* প্রাগল্ভ্যরূপে, দাম্ভিকতা
Insolvable, *a.* অপরিষ্কার্য্য, অব্যাখ্যানীয়
Insoluble, *a.* অদ্রবণীয়, অগলনীয়
Insolvency, *s.* দেউল্যামি, ঋণ পরিশোধনে অক্ষমতা
Insolvent, *a.* ঋণ পরিশোধাক্ষম, দেউলিয়া
Insomuch, *ad.* অতএব, এতাবৎ, এই পর্য্যন্ত
Inspect, *v. a.* নিরীক্ষণ-কৃ, পরীক্ষা-কৃ, যাচাই-কৃ, তখিদ্-কৃ [তহকিক
Inspection, *s.* আবেক্ষণ, পরীক্ষা, যাচন,
Inspector, *s.* পরীক্ষক, আবেক্ষণকারী, যাচনদার, তহকিককারক
Inspiration, *s.* নিঃশ্বাস ছাড়ন; *divine infusion into the mind,* দৈবজ্ঞান
Inspire, *v. a. to breathe into,* নিঃশ্বাস-ছাড়; *to infuse into the mind,* মনে নিবেশ-কৃ; *to animate by divine infusion,* দৈবযোগের দ্বারা জ্ঞান-দা
Inspired, *a.* দৈব জ্ঞান বিশিষ্ট
Inspirit, *v. a.* সজীব-কৃ, সাহস-দা
Inspissate, *v. a.* ঘনীভূত-কৃ, গাঢ়-কৃ, আওটা [আওটান
Inspissation, *s.* ঘনীভূত করণ, গাঢ় করণ,
Instability, *s.* অস্থৈর্য্য, চাঞ্চল্য
Instable, *a.* অস্থির, চঞ্চল, অস্থায়ি
Install, *v. a.* পদার্পণ-কৃ, পদস্থ-কৃ, অভিষেক-কৃ
Installation, *s.* পদার্পণ, অভিষেক করণ
Instalment, *s.* পদাভিষেক করণ; — *of money,* টাকার কিস্তি

Digitized by Google

Instance, *s. importunity*, যাচ্ঞা, ব্যগ্রতা, প্রার্থনা ; *example*, উদাহরণ, দৃষ্টান্ত ; *occurrence*, ঘটনা ; *in this instance*, এই স্থলে
Instance, *v. n.* উদাহরণ-দা, দৃষ্টান্ত-দা
Instant, *a.* সাম্প্রতিক ; ব্যগ্র, ব্যস্ত, উত্তেজনাকারী
Instant, *s.* ক্ষণকাল, মাত্র, ক্ষণ, নিমিষ, লহমা ; *this instant*, এই ক্ষণে ; *that instant*, তৎক্ষণে
Instantaneous, *a.* তৎক্ষণবর্ত্তী, বিলম্ব মাত্র না করিয়া
Instantly, Instantaneously, *ad.* এই মাত্রে, সেই মাত্রে, সদ্যঃ, আপাততঃ, খাড়া২
Instate, *v. a.* নিযুক্ত-কৃ, পদার্পণ-কৃ
Instauration, *s.* নষ্টোদ্ধার, পুনঃসংস্থাপন
Instead, *ad.* পরিবর্ত্তে, স্থানে, স্থলে, বিনিময়ে
Insteep, *v. a.* ভিজা, চুবা, জলসিক্ত-কৃ
Instep, *s.* পাদের উপরি ভাগ, গোচ, প্রপদ
Instigate, *v. a.* মন্দ কর্ম্মে প্রবৃত্তি-জন্মা, দুষ্কর্ম্মে লওয়া, কুমন্ত্রণা-দা [মন্ত্রণা
Instigation, *s.* কুকর্ম্মে প্রবৃত্তি জন্মান, কু
Instigator, *s.* কুমন্ত্রী, দুষ্কর্ম্মে লওয়ায় বা প্রবৃত্তি জন্মায় যে
Instill, *v. a.* বিন্দু২-ঝর ; *to infuse into the mind*, অদৃশ্যরূপে মনে প্রবেশ-কৃ
Instillation, *s.* ফোটা২ পড় ; আস্তে২ মনের মধ্যে প্রবেশ করণ
Instinct, *s.* স্বাভাবিক জ্ঞান, বিনাঅভ্যাস বা যুক্তিতে প্রবৃত্তি, পশুবুদ্ধি
Instinctive, *s.* স্বাভাবিক, পশুধর্ম্মক, পশুবৎ জ্ঞানসূচক, প্রকৃতিসিদ্ধ
Instinctively, *ad.* স্বভাবপূর্ব্বক, প্রকৃতিবলে
Institute, *v. a.* স্থাপন-কৃ, নিযুক্ত-কৃ, নিয়োগ-কৃ, মোকরর-কৃ
Institute, *s.* আইন, ব্যবস্থা, রাজাজ্ঞা ; *precept*, বিধি, নিয়ম
Institution, *s. establishment*, সংস্থাপন, নিয়োগ করণ ; *positive law*, আইন, ব্যবস্থা, বিধান
Institutor, *s.* সংস্থাপক, স্থাপনকারী
Instruct, *v. a.* উপদেশ-কৃ, শিক্ষা-দা, অধ্যাপনা-কৃ, আদেশ-কৃ
Instruction, *s.* অধ্যাপনা, উপদেশ, শিক্ষা, জ্ঞানদান ; *precepts*, বিধান, আদেশ, আজ্ঞা
Instructive, *a.* উপদেশকারী, জ্ঞানবর্দ্ধক
Instructor, *s.* শিক্ষক, উপদেশক, অধ্যাপক
Instrument, *s. a tool*, অস্ত্র, হেতিয়ার, যন্ত্র ; *a musical instrument*, বাদ্য যন্ত্র ; *a writing*, নিয়ম পত্র, পাট্টা ; *an agent*, কর্ম্মকারক ; *means*, কারণ, নিমিত্ত
Instrumental, *a.* প্রযোজক, সাধ্যসাধক, কারক ; *instrumental music*, যন্ত্রোৎপন্ন বাদ্য
Insubordinate, *a.* আজ্ঞানধীন, অবশ, অবাধ্য [তা
Insubordination, *s.* আজ্ঞানধীনতা, অবাধ্য
Insufferable, *a.* অসহ্য, অসহনীয়, ঘৃণ্য
Insufficiency, *s.* অপ্রচুরতা, অসুসার, অনির্ব্বাহ, অপ্রতুলতা
Insufficient, *a.* অপ্রচুর, অকুলান, অপর্য্যাপ্ত [রূপে
Insufficiently, *ad.* অপ্রচুররূপে, অপ্রতুল
Insular, Insulary, *a.* উপদ্বীপস্থ, উপদ্বীপ সম্বন্ধীয়
Insulated, *a.* অসংযুক্ত, অসংলগ্ন, পৃথক্
Insult, *s.* অপমান, অমর্য্যাদা, তিরস্কার, অবজ্ঞা [তিরস্কার-কৃ, অবজ্ঞা-কৃ
Insult, *v. a.* অপমান-কৃ, অমর্য্যাদা-কৃ,
Insuperable, *a.* অতরণীয়, অজেয়, অসাধ্য
Insuperability, *s.* অতরণীয়তা, অজেয়তা, অসাধ্যতা
Insupportable, *a.* অসহ্য, অসহনীয়, প্রচণ্ড
Insupportably, *ad.* অসহ্যরূপে, প্রচণ্ডরূপে
Insurance, *s.* বিমা, ক্ষতিপূরণের বন্দোবস্ত
Insure, *v. a.* বিমা-কৃ, ক্ষতিপূরণের বন্দোবস্ত-কৃ
Insurmountable, *a.* অনিবার্য্য, অজেয়
Insurrection, *s.* গণ্ডগোল, রাজদ্রোহ, রাজদ্রোহজনক হঙ্গাম
Intactible, *a.* স্পর্শের দ্বারা অবোধ্য
Integer, *s.* গোটা, সমুদায়, আস্ত
Integral, *a.* সমস্ত, সমুদায়, অটুট, তাবৎ
Integrity, *s.* সৌজন্য, সাধুতা, নিষ্কলঙ্কতা, সারল্য ; *intireness*, অখণ্ডতা, সম্পূর্ণতা
Integument, *s.* ত্বক্, বল্কল, খোসা, ছাল
Intellect, *s.* বুদ্ধি, চিত্ত, জ্ঞান, মান, সম্বিৎ, প্রতিভা

Digitized by Google

Intellective, *a.* বোধক্ষম, বিবেচ্য
Intellectual, *a.* বুদ্ধি সম্বন্ধীয়, মানসিক, জ্ঞানীয়, বুদ্ধিবিশিষ্ট
Intelligence, *s.* *information*, সম্বাদ, সমাচার, খবর ; *understanding*, বুদ্ধি, জ্ঞান, বিজ্ঞতা, সংস্কার
Intelligent, *a.* বিজ্ঞ, প্রজ্ঞ, বুদ্ধিমান, জ্ঞানী
Intelligible, *a.* সুস্পষ্ট, অনায়াসে বোধ্য
Intelligibly, *ad.* সুস্পষ্টরূপে
Intemperance, *s.* অপরিমিতাচার, অধৈর্য্য; অতি পান, অতি ভোজন
Intemperate, *a.* অপরিমিতাচারী, পেটুক, মাতাল ; *passionate*, রাগাল [ষম্য
Intemperature, *s.* অপরিমিতাচারিত্ব, বৈ
Intend, *v. a.* মনস্থ-কৃ, কল্পনা-কৃ, ঠাহর, বাসনা-কৃ, অভিপ্রায়-কৃ
Intendant, *s.* রাজকর্ম্মের রক্ষণাবেক্ষণকারী, দেওয়ান [কঠিন
Intense, *a.* একটানা, অতিশয়, অত্যন্ত, উগ্র,
Intensely, *ad.* আতিশয্যরূপে আত্যন্তিকরূপে [ত্যন্তিকতা, উগ্রতা
Intenseness, Intensity, *s.* আতিশয্য, আ
Intent, Intention, *s.* মানস, অভিপ্রায়, বাসনা, তাৎপর্য্য, ভাব
Intent, *a.* মনোনিবিষ্ট, সচেষ্ট, কায়মনোবাক্যে চেষ্টক [য়া কৃত, জ্ঞাতসারে
Intentional, *a.* জ্ঞানপূর্ব্বক, জানিয়া শুনি
Intently, *ad.* কায়মনো বাক্যপূর্ব্বক [গাঢ়
Inter, *v. a.* সমাধি-কৃ, কবর-দা প্রোথ,
Intercalary *month*, *s.* মলমাস, অধিমাস
Intercalation, *s.* মাসের দিন বৃদ্ধি করণ, বৎসরের মাস বৃদ্ধি করণ -কৃ
Intercede, *v. a.* মধ্যস্থ-হ, পরার্থ প্রার্থনা
Intercept, *v. a.* পথে-ধৃ, বদ্ধ-কৃ, আটক-কৃ, গতিরোধ-কৃ [রুদ্ধ করণ
Interception, *s.* গতিরোধ, আটক করণ,
Intercession, *s.* মধ্যস্থালি, পরার্থ প্রার্থনা বা উপাসনা
Intercessor, *s.* মধ্যস্থ, পরার্থ প্রার্থক বা উপাসক [-কৃ, গাঁথা
Interchain, Interlink, *v. a.* শৃঙ্খলে বদ্ধ
Interchange, *v. a.* পরিবর্ত্ত-কৃ, বিনিময়-কৃ, মার্জ্জা-কৃ, আদান প্রদান-কৃ
Interchange, *s.* বিনিময়, পরিবর্ত্ত, মার্জ্জা, আদান প্রদান

Interchangeable, *a.* পরিবর্ত্তনীয়
Intercolumniation, *s.* স্তম্ভদ্বয়ের মধ্যবর্ত্তি শূন্য স্থান [গতায়াত, গতিবিধি, সংসর্গ
Intercourse, *s.* সম্ভাষ, যাতায়াত, আলাপ,
Intercurrent, *a.* মধ্য প্রবহণশীল [-কৃ
Interdict, *v. a.* নিষেধ-কৃ, বারণ-কৃ, মানা
Interdict, *s.* নিষেধ, নিবারণ [করণ, মানা
Interdiction, *s.* নিষেধ করণ, নিবারণ
Interdictory, *a.* নিষেধক, বারণকারী
Interest, *v. a.* লিপ্ত-কৃ, সম্পর্ক-রাখ, লাভালাভের অংশী-হ
Interest, *v. n.* মুগ্ধ-হ, আপন-হ
Interest, *s.* *advantage*, লাভালাভ, ক্ষতি বৃদ্ধি, স্বার্থ ; *share*, অংশ ; *usury*, সুদ, মুনফা, লভ্য, উপস্বত্ব
Interesting, *pa.* মনোহর
Interfere, *v. n.* হাত-দা, হাত-লাগা, মধ্যস্থ-হ, প্রবর্ত্ত-হ [মধ্যস্থালি
Interference, *s.* পরের কর্ম্মে হাত দেওন,
Interjacent, *a.* উভয়ের মধ্যবর্ত্তী, মধ্যস্থিত
Interjection, *s.* মধ্যে নিক্ষেপ করণ ; বিস্ময় বা খেদ বোধক অব্যয় শব্দ, যথা আহা
Interim, in the, ইতোমধ্যে, ইত্যবসরে, এই সময়ে
Interior, *a.* অভ্যন্তর, মধ্যবর্ত্তী, আন্তরিক
Interlace, *v. a.* জড়া
Interlard, *v. a.* মধ্যে২-রাখ, মধ্যে-আন
Interleave, *v. a.* উভয় পৃষ্ঠের মধ্যে শাদা কাগজ-দা
Interline, *v. a.* দুই পঁক্তির মধ্যে-লিখ
Interlineation, Interlining, *s.* উভয় পঁক্তির মধ্যে অশুদ্ধ শোধনার্থ লিখন, মধ্যে লিখন
Interlocution, *s.* পরস্পর কথোপকথন, উত্তর প্রত্যুত্তর [ত্তরকারক
Interlocutor, *s.* কথোপকথক, উত্তর প্রত্যু
Interlocutory, *a.* নিষ্পত্তি হওনের পূর্ব্বে হয় যাহা, কথোপকথন সম্বন্ধীয়
Interlope, *v. n.* পরাধিকার চর্চ্চা-কৃ, অনধিকার বাণিজ্যে হাত-দা
Interloper, *s.* অনধিকার বাণিজ্যকারক, অনধিকার চর্চ্চক
Interlunar, *a.* চন্দ্রের অদৃশ্য কাল সম্বন্ধীয়
Interlude, *s.* যাত্রার অভ্যন্তর কৌতুক বা খেলা

Digitized by Google

Intermarriage, *s.* পরিবর্ত্ত বিবাহ, দুই কুলের পরস্পর বিবাহ, আদান প্রদান
Intermarry, *v. a.* উপরি উক্ত মতে বিবাহ -কৃ [চর্চ্চা-কৃ, ঘাঁটা
Intermeddle, *v. n.* হাত-দা, পরাধিকার
Intermedial, **Intermediate**, *a.* মধ্যস্থিত, মধ্যবর্ত্তী [সমাধি
Interment, *s.* কবর দেওন, মাটি দেওন,
Interminable, *a.* অশেষ, অসীম, অনন্ত
Intermingle, *v. a.* মিশ্রিত-কৃ, মিলান-কৃ, ভাঁজাল-দা [কিঞ্চিৎ কাল অবসর
Intermission, *s.* বিরতি, বিরাম, বিশ্রাম,
Intermissive, **Intermittent**, *a.* পালা জ্বরাদি বিরক্ত, পালাযুক্ত [নিবৃত্তি-কৃ
Intermit, *v. a.* কিঞ্চিৎকাল বিরতি-হ বা
Intermit, *v. n.* মধ্যে২ জ্বরের উপশম-হ
Intermix, *v. a.* মিশ্রিত-কৃ, মিশা, সঙ্কলন-কৃ
Intermixture, *s.* মিশ্র হওন, সংযুব, মিশা গণ্ডগোল [নের মধ্যবর্ত্তী
Intermundane, *a.* দুই মণ্ডলের বা দুই ভুব
Internal, *a.* অভ্যন্তর, অন্তরস্থ, অন্তরবর্ত্তী; *real*, প্রকৃত; *domestic*, দেশীয়
Internally, *ad.* অভ্যন্তরে, অন্তরে, ভিতরে, মনের মধ্যে [উকীল
Internuncio, *s.* উভয় পক্ষের মধ্যে দূত বা
Interpolate, *v. a.* লেখার মধ্যে ভাঁজ-দা, গ্রন্থের মধ্যে কৃত্রিম-কৃ
Interpolation, *s.* লেখার ভাঁজ, লেখাতে কৃত্রিম বা কল্পিত করণ [বা ধোঁকাকারক
Interpolator, *s.* লেখার মধ্যে ভাঁজলেখক
Interposition, *s.* মধ্যস্থতা, মধ্যবর্ত্তিতা, পরার্থ চেষ্টা বা উপাসনা [-কৃ,
Interpose, *v. a.* পরার্থ চেষ্টা বা উপাসনা মধ্যবর্ত্তী-হ আড়ে-পড় [মাঝের-কৃ
Interpret, *v. a.* তর্জ্জমা-কৃ, ব্যাখ্যা-কৃ, ভা
Interpretation, *s.* তর্জ্জমা করণ, অনুবাদ, ব্যাখ্যা, অর্থ, মানে
Interpreter, *s.* তর্জ্জমাকারক, দোভাষী, অর্থকারক, ব্যাখ্যাকারক
Interregnum, **Interreign**, *s.* রাজ্যের অরাজক কাল বা আমল
Interrogate, *v. n.* প্রশ্ন-কৃ, জিজ্ঞাসা-কৃ, পুছ
Interrogate, *v. a.* প্রশ্ন দ্বারা বিচার-কৃ
Interrogation, *s.* প্রশ্ন, জিজ্ঞাসা; *the note*, [?] জিজ্ঞাসার চিহ্ন, যথা [?]

Interrogative, *s.* জিজ্ঞাসার্থক; *interrogative pronoun*, প্রশ্নকারি সর্ব্বনাম শব্দ
Interrogatory, *s.* জিজ্ঞাসা, প্রশ্ন
Interrupt, *v. a.* বাধা-কৃ, ব্যাঘাত-কৃ, প্রতিবন্ধ-কৃ ভগ্ন-কৃ,
Interruption, *s.* ব্যাহতি, ভঙ্গ, ব্যাঘাত, প্রতিবন্ধ [বিভাগ-কৃ
Intersect, *v. a.* মধ্যে ছেদন-কৃ, মধ্যে-কাট,
Intersperse, *v. a.* ছড়া, বিস্তীর্ণ-কৃ, ইতস্ততো নিক্ষিপ্ত-কৃ
Interstice, *s.* মধ্যস্থল, ফাক, ছিদ্র
Intertexture, *s.* বুনট দ্রব্য, বুননে মিশ্রিত করণ [একত্র-কৃ, জড়া
Intertwine, **Intertwist**, *v. a.* পাক দিয়া
Interval, *s.* অভ্যন্তর কাল, অভ্যন্তর স্থান, ফাক, অন্তর, বিচ্ছেদ, বিরাম
Intervene, *v. n.* উভয় দ্রব্য বা ব্যক্তির মধ্যে -আগম, ব্যবহিত-হ [ওকালতি
Intervention, *s.* মধ্যস্থ হওন, ব্যবধান,
Interview, *s.* সাক্ষাৎ, সন্দর্শন, দেখাশুনা, মোলাকাৎ [ভিত-কৃ
Intervolve, *v. a.* এক বস্তু অন্য বস্তুতে জ
Interweave, *v. a.* এক দ্রব্য অন্যের সহিত -বুন, বুনট করিয়া-যোড়
Intestate, *a.* দানপত্র না করিয়া মরে যে
Intestine, *a.* অন্তরবর্ত্তী, আন্তরিক, ভিতরস্থ, শরীরস্থ
Intestines, *s.* অন্ত্র, আঁতড়ি, নাড়ীভুঁড়ি
Inthral, *v. a.* দাস-কৃ, অধীন-কৃ
Inthralment, *s.* দাসত্ব, অধীনতা, গোলামী
Inthrone, *v. a.* সিংহাসনে স্থাপন-কৃ
Intimacy, *s.* অন্তরঙ্গতা, আত্মীয়তা, মিত্রতা, জানাশুনা, প্রণয়
Intimate, *v. a.* ইশারা-কৃ, সঙ্কেত দ্বারা জ্ঞাপন-কৃ, অবগত-কৃ
Intimate, *a. inmost*, অভ্যন্তর, অন্তরবর্ত্তী; *near*, নিকট, সন্নিহিত; *familiar*, আত্মীয়, প্রণয়ী, অন্তরঙ্গ
Intimately, *ad.* আত্মীয়তারূপে, নৈকট্যভাবে [কি
Intimation, *s.* ইশারা, ইঙ্গিত, ঠার, বাক্যে
Intimidate, *v. a.* ভীত-কৃ, ভয়-দর্শা
Intire, *a.* Entire, শব্দ দেখ
Into, *prep.* প্রবেশ বোধক অব্যয় শব্দ, যথা মধ্যে, ভিতরে ইত্যাদি

Digitized by Google

Intolerable, *a.* অসহ্য, অসহনীয়, প্রচণ্ড, পীড়াকর
Intolerably, *ad.* অসহ্যরূপে, উৎকটরূপে
Intolerant, *a.* অসহনশীল, অসহিষ্ণু, পরের ধর্ম্ম বা মতদ্বেষী [গোর-দা
Intomb, Inurn, *v. a.* সমাধি-দা, কবর-দা,
Intonation, *s.* বজ্রপাতের ন্যায় শব্দ করণ; উচ্চারণের ধারা
Intort, *v. a.* পাক-দা, নিজড়া, মোচড়া [-কৃ
Intoxicate, *v. a.* মত্ত-কৃ, বিহ্বল-কৃ, মাতাল
Intoxication, *s.* মত্ততা, বিহ্বলতা, মাতলামি
Intractable, *a.* অবাধ্য, অদম্য, এক গুঁয়া
Intractably, *ad.* অবাধ্যরূপে, ঢেঁটামরূপে
Intransitive, *a. in gram.* অকর্ম্মক ক্রিয়া পদ [অন্য ধাতু হইতে পারে না
Intransmutable, *a.* যে ধাতুর পরিবর্ত্তে
Intreat, *v. a.* অনুনয়বিনয়-কৃ; *entreat* শব্দ দেখ [দ্বারা বেষ্টন-কৃ
Intrench, *v. a.* বেষ্টন-কৃ, খাঁই বা গড়ের
Intrench, *v. n.* কাড়িয়া-ল, অপহরণ-কৃ
Intrenchment, *s.* মূর্চা বা গড়খাই, মূর্চাবন্দি, গড়বন্দি [বীর্য্যবান্
Intrepid, *a.* নির্ভয়, শূর, সাহসী, বিক্রান্ত,
Intrepidity, *s.* শূরতা, সাহস, বীরত্ব, বিক্রম
Intrepidly, *ad.* সাহসপূর্ব্বক, বিক্রান্তরূপে
Intricacy, *s.* ঘনঘাট, পেঁচ, বাগড়া, উদ্বেগ
Intricate, *a.* ঘনঘাটিয়া, পেঁচাও, পাকপাড়া, বাগড়াটিয়া, ঘোর
Intrigue, *s.* তন্ত্রতা, ফন্দি, শঠকটর, ধূর্ত্ততা
Intrigue, *v. a.* কুমন্ত্রণা-কৃ, ছলনা-কৃ, ফন্দি -কৃ [স্বাভাবিক, সত্য
Intrinsic, Intrinsical, *a.* আন্তরিক, প্রকৃত,
Introduce, *v. a.* প্রবেশ-করাও, সাক্ষাৎ করিয়া-দা, প্রভুর মধ্যে উপস্থিত-করাও
Introduction, *s. the act of ushering in,* প্রবেশ করাণ, সাক্ষাৎ করাণ; *preface,* ভূমিকা, মঙ্গলাচরণ; *bringing on a topic,* উত্থাপন, প্রস্তাব, প্রসঙ্গ
Introductive, Introductory, *a.* পূর্ব্ববর্ত্তী, প্রাথমিক, প্রস্তাব ঘটিত
Intrude, *v. a.* অনুমতি ব্যতিরেকে আগমন বা প্রবেশ-কৃ, পরাধিকারে হাত-দা
Intrude, *v. n.* বিনানুমতিতে উপস্থিত-হ
Intruder, *s.* যে ব্যক্তি অনাহূত বা অনানুমতিপূর্ব্বক কাহারো সম্মুখে যায়

Intrusion, *s.* বিনানুমতিতে উপস্থিত হওন
Intrust, *v. a.* বিশ্বাসপূর্ব্বক সমর্পণ-কৃ, গচ্ছা, জিম্মা-কৃ
Intuition, *s.* উৎপন্ন মতি, স্বাভাবিক আশু উপস্থিত জ্ঞান [জ্ঞান সম্বন্ধীয়
Intuitive, *a.* স্বাভাবিক আশু উপস্থিত
Intumescence, *s.* শোথ, রোগ, স্ফীত বা ফুলাভাব
Intwine, *v. a.* পাকা, মোচড়ান-কৃ, জপটা, জড়া [-পড়
Invade, *v. a.* আক্রমণ-কৃ, চড়াও-কৃ, উপরে
Invader, *s.* আক্রামক, চড়াওকারী
Invalid, *a.* অবলবৎ, অকর্ম্মার্হ, লঘু
Invalid, *s.* পীড়িত ব্যক্তি, বলহীন, রোগ দ্বারা অকর্ম্মণ্য ব্যক্তি
Invalidate, *v. a.* বলহীন-কৃ, দুর্ব্বল-কৃ, অগ্রাহ্য-কৃ [ক্ষমতা
Invalidity, *s.* বলরাহিত্য, অকর্ম্মণ্যতা, অ
Invaluable, *a.* বহুমূল্য, অমূল্য, অদ্ভুত
Invariable, *a.* নিয়ত, অটল, স্থির, অপরিবর্ত্তনীয় [সর্ব্বদা
Invariably, *ad.* নিত্যং, একভাবে, সতত,
Invasion, *s.* চড়াও করণ, আক্রমণ
Invasive, *a.* চড়াওকারক
Invective, *s.* দুর্ব্বাক্য, দুর্নাম, কটুবাক্য, কটুবাদ, তিরস্কার
Invectively, *ad.* দুর্ব্বাক্যরূপে, অপবাদরূপে
Inveigh, *v. a.* অপবাদ-কৃ, দুর্ব্বাক্য-কৃ, কটু -কহ, গ্লানি-কৃ
Inveigle, *v. a.* প্রতারণা-কৃ, ফুসলাইয়া বা ভুলাইয়া কোন কর্ম্মে প্রবর্ত্ত-কৃ [দিয়া
Inveigler, *s.* প্রতারক, ভোগাদায়ী, ফুসলা
Invent, *v. a. to produce something not made before,* যাহা পূর্ব্বে ছিল না তাহার সৃষ্টি-কৃ, রচ্না; *to forge,* কৃত্রিম-কৃ, আরোপিত-কর; *to feign,* পরিকল্পনা-কৃ
Invention, *s.* পূর্ব্ব অভূত বিষয়ের সৃষ্টি করণ, সৃষ্টি; *forgery,* কৃত্রিম কর্ম্ম, আরোপিত বাক্য
Inventive, *a.* নূতন সৃষ্টি করণে দক্ষ
Inventor, *s.* কল্পনা কর্ত্তা, নির্ম্মাতা, রচনা কর্ত্তা
Inventory, *s.* তালিকা, ফিরিস্তি
Inverse, *a.* বিপরীত, উল্টা, নীচউপর
Inversely, *ad.* বিপরীতে, উল্টাভাবে

Digitized by Google

Inversion, *s.* ব্যতিক্রম, উল্টাভাব, বৈপরীত্য [রীত্য-কৃ
Invert, *v. a.* ব্যতিক্রম-কৃ, উল্টা-কৃ, বৈপ
Invertedly, *ad.* উল্টাভাবে, ব্যতিক্রমরূপে
Invest, *v. a.* সজ্জিত-কৃ; *to place in possession*, পদে নিযুক্ত-কৃ; *to adorn*, অলঙ্কারে ভূষিত-কৃ; *to enclose*, ঘের, বেষ্টন-কৃ [বিবেচনীয়, মীমাংস্য
Investigable, *a.* আলোচনীয়, বিচারণীয়,
Investigate, *v. a.* আলোচনা-কৃ, তত্ত্বানুসন্ধান-কৃ, মীমাংসা-কৃ, বিচার-কৃ
Investigation, *s.* আলোচনা, তত্ত্বানুসন্ধান, বিচার, বিতর্ক [রক, আমীন
Investigator, *s.* বিতর্ককারক, বিচারকা
Investiture, *s.* অধিকার দেওন, ক্ষমতা প্রদান করণ; — *of a brahmun*, উপনয়ন
Investment, *s.* পরিচ্ছদ, বস্ত্র; এক খেপের বাণিজ্য দ্রব্য
Inveteracy, *s.* বহুকাল স্থায়িত্ব, স্থিরীকৃত ভাব, দুষ্টতা, শক্ততা
Inveterate, *a.* চিরকালীন, বহুকালীন, অধিক কাল স্থায়িপ্রযুক্ত শক্ত [দ্বেষজনক
Invidious, *a.* দ্বেষী, মাৎসর্য্যশীল, খল;
Invidiousness, *s.* দ্বেষজনকতা.
Invidiously, *ad.* দ্বেষপূর্ব্বক, মাৎসর্য্যরূপে, দ্বেষভাবে [পুষ্ট-কৃ
Invigorate, *v. a.* তেজস্কর-কৃ, সবল-কৃ,
Invigoration, *s.* তেজস্কর করণ, সবল করণ
Invincible, *a.* অজেয়, অদম্য
Invincibly, *ad.* অজেয়রূপে, অদম্যরূপে
Inviolability, *s.* অলঙ্ঘনীয়তা
Inviolable, *a.* অলঙ্ঘনীয়, অভঞ্জনীয়, অনাশ্য, অমোঘ [অব্যক্ত
Inviolate, *a.* অলঙ্ঘিত, অভগ্ন, স্থির; গুপ্ত,
Invisibility, *s.* অদৃশ্যত্ব, দৃষ্টিগোচর রাহিত্য
Invisible, *a.* অদৃশ্য, অনালোক্য, অচাক্ষুষ্য
Invisibly, *ad.* অদৃশ্যরূপে
Invitation, *s.* নিমন্ত্রণ, আহ্বান, আমন্ত্রণ
Invite, *v.* নিমন্ত্রণ-কৃ, আমন্ত্রণ-কৃ, আহ্বান-কৃ, ডাকা, লোভ-দর্শা
Inviter, *s.* নিমন্ত্রক, আহ্বানকর্ত্তা
Invitingly, *ad.* মনোহররূপে
Inundate, *v. n.* জলাপ্লাবন-কৃ, জলাকীর্ণ-কৃ, জল মগ্ন-কৃ, ছয়লাপ-কৃ
Inundation, *s.* জলাপ্লাবন, জলমগ্ন, বন্যা, ছয়লাপ [ধন-কৃ, যাচ্ঞা-কৃ
Invocate, **Invoke**, *v. a.* প্রার্থনা-কৃ, সম্বো
Invocation, *s.* প্রার্থনা, সম্বোধন, কামনা
Invoice, *s.* তালিকা, মালের তালিকা, প্রেরিত দ্রব্যের চালান
Involve, *v. a.* *to inwrap*, জড়িত-কৃ, মড়; *to comprize*, লিপ্ত-কৃ, শামিল-কৃ, গ্রস্ত-কৃ; *to entangle*, ফাঁদে-ফেল, জড়িয়া-লাগা
Involuntarily, *ad.* অনিচ্ছাপূর্ব্বক, অগত্যা
Involuntary, *a.* অনিচ্ছিত, অপর্য্যাপ্ত, অপ্রয়াসিত [পাক, ঝনঝাট
Involution, *s.* জড় করণ, গুটাওন, পেঁচ,
Inure, *v. a.* অভ্যাস-কৃ, আলোচনা-কৃ, পুনঃ২করণেতে পটু-হ [চনা
Inurement, *s.* অভ্যাস, সংস্কার, আলো
Inurn, *v. a.* সমাধি-কৃ, মাটি-দা
Inutile, *a.* অকর্ম্মণ্য, অনর্থক, বৃথা, পণ্ড
Inutility, *s.* ব্যর্থতা, অনর্থকতা, অনুপযোগ
Invulnerable, *a.* অনাঘাতীয়, অভেদ্য
Inward, **Inwardly**, *ad.* অভ্যন্তরে, অন্তরে, ভিতরে
Inward, *a.* আন্তরিক, অন্তর্বর্ত্তী, অভ্যন্তরস্থ
Inwardness, *s.* অভ্যন্তরতা, আন্তরিকতা
Inweave, *v. n.* বুননে মিশ্রিত-কৃ, বুননের দ্বারা একত্র-কৃ
Inwrap, *v. a.* *to involve*, জড়িত-কৃ, জড়া; *to perplex*, পেঁচে-ফেল, খটখট-কৃ [ভিত
Inwrought, *a.* চিত্রবিচিত্র কর্ম্মে ভূষিত, শো
Irascibility, *s.* ক্রোধ, উষ্মা
Irascible, *a.* ক্রোধান্বিত, উগ্র, রাগাল
Ire, *s.* ক্রোধ, রাগ, কোপ, উষ্মা, গোসা
Ireful, *a.* ক্রোধী, কোপান্বিত, রুষ্ট
Iris, *s.* ইন্দ্রধনু, শক্রধনু; — *of the eye*, চক্ষুর তারার উপরিস্থ রেখা
Irksome, *a.* ক্লান্তিজনক, ক্লেশজনক, ব্যামোহদায়ক
Iron, *s.* লৌহ, লোহা, কান্তি, অয়স্; *sulphate of iron*, শীতল; *red sulphate of iron*, ধাতুকা, শিল [শক্ত
Iron, *a.* লৌহজাত, লৌহনির্ম্মিত, লৌহবৎ,
Iron, *v. a.* কাপড়ের ইস্ত্রি-কৃ
Ironical, *a.* অবক্ষেপক, ব্যঙ্গ বা শ্লেষযুক্ত

Digitized by Google

Ironically, *ad.* অবক্ষেপপূর্ব্বক, শ্লেষ করিয়া

Ironmonger, *s.* লৌহ দ্রব্যাদির ব্যবসায়ী

Ironmould, *s.* বস্ত্রে লোহাটিয়া দাগ

Irony, *s.* অবক্ষেপ, শ্লেষ, ব্যঙ্গ

Irradiance, Irradiancy, *s.* দীপ্তি, দ্যুতি, উজ্জ্বল, আভা [-কৃ; জ্ঞানোজ্জ্বল-কৃ

Irradiate, *v. a.* উজ্জ্বল-কৃ, দীপ্তি-কৃ, তেজ

Irradiation, *s.* উজ্জ্বলতা, দীপ্তি, তেজ; জ্ঞানোদয়

Irrational, *a.* পশুবৎ, বুদ্ধিরহিত, অজ্ঞান, অনাড়ী; *contrary to reason,* অযুক্তিসিদ্ধ [তা

Irrationality, *s.* পশুবৎ, পশুত্ব, বুদ্ধিরাহি

Irrationally, *ad.* নির্ব্বোধরূপে, পশুবুদ্ধিতে

Irreclaimable, *a.* অশোধনীয়, যাহার নষ্টোদ্ধার হইতে পারে না

Irreconcilable, *a. not to be made consistent,* যাহার ঐক্য বা সঙ্গতি হইতে পারে না; *not to be appeased,* অনুপশম্য

Irrecoverable, *a.* পুনঃঅপ্রাপ্য, অনুদ্ধরণীয়, ফিরে পাইবার নহে যাহা [পায়ে

Irrecoverably, *ad.* অনুদ্ধরণীয়রূপে, নিরু

Irreducible, *a.* যাহার ন্যূন বা হ্রাস হইতে পারে না [হার্য্যতা, যুক্তিসিদ্ধতা

Irrefragability, *s.* অখণ্ডনীয়ত্ব, অপরি

Irrefragable, *a.* অখণ্ডনীয়, অটল, সুপ্রমাণ

Irrefragably, *ad.* অটলরূপে সুপ্রমাণরূপে

Irrefutable, *a.* অপরিহার্য্য, অখণ্ডনীয়

Irregular, *a.* অনিয়মিত, অব্যবস্থিত, অবিহিত, বেদাঁড়া, এলোমেলো; অসাধু

Irregularity, *s.* অনিয়মিততা, উৎক্রম, বিশৃঙ্খলতা, অবিহিতাচার [লো

Irregularly, *ad.* অনিয়মিতরূপে, এলোমে

Irregulate, *v. a.* অনিয়মিত-কৃ, বিষম-কৃ, বেদাঁড়া-কৃ

Irrelevant, *a.* অসম্পর্ক, অসঙ্গত, অনাহূত

Irreligion, *s.* অধর্ম্ম, নাস্তিকতা, পাপাচার, পাপ, পাষণ্ডতা ষণ্ড, পাপী

Irreligious, *a.* অধার্ম্মিক, অপুণ্যবান্, পা

Irreligiously, *ad.* অধার্ম্মিকতারূপে, নাস্তিকতারূপে [অনুপশম্য

Irremediable, *a.* অপ্রতিকার্য্য, নিরুপায়ী,

Irremissible, *a.* অমার্জনীয় [অচল, অটল

Irremoveable, *a.* অলঙ্ঘনীয়, অচালনীয়,

Irreparable, *a.* অশোধনীয়, অপ্রতিকার্য্য

Irreparably, *ad.* অপ্রতিকার্য্যরূপে

Irrepleviable, *a.* (*Law term,*) অমুক্তরণীয়

Irreprehensible, *a.* অনিন্দনীয়, অদূষ্য, নিষ্কলঙ্ক

Irreprehensibly, *ad.* অনিন্দিতরূপে

Irreproachable, *a.* অনিন্দনীয়, অদূষ্য, নিষ্কলঙ্ক, নিখুঁত [নিষ্কলঙ্ক

Irreproveable, *a.* অদূষণীয়, অনিন্দ্য,

Irresistible, *a.* অনিবার্য্য, অবারণীয়, আটকাইবার নহে যাহা, অতিপ্রবল

Irresistibility, *s.* অনিবার্য্যতা

Irresistibly, *ad.* অনিবার্য্যরূপে, অতিপ্রবলরূপে

Irresolute, *a.* অধৈর্য্য, অপ্রতিজ্ঞ, অদৃঢ়মনাঃ, চঞ্চলচিত্ত [ক্রমে

Irresolutely, *ad.* অপ্রতিজ্ঞাপূর্ব্বক, অধৈর্য্য

Irresolution, *s.* অপ্রতিজ্ঞা, মনের অধৈর্য্য, চাঞ্চল্য, নিঃসাহস

Irrespective, *a.* অসম্পর্কীয়, অনপেক্ষণীয়

Irresponsibility, *s.* বেজুঁকি, দায়রাহিত্য

Irretrievable, *a.* অপ্রতিকার্য্য, অনুদ্ধরণীয়, নিরুপায়

Irreverence, *s.* অনাদর, অপমান, অশ্রদ্ধা, অবজ্ঞা [অপমানকারী

Irreverent, *a.* অনাদরকারী, অবজ্ঞাকারী,

Irreverently, *ad.* অবজ্ঞারূপে, অনাদরপূর্ব্বক [থা হইতে পারেনা

Irreversible, *a.* অপরিবর্ত্তনীয়, যাহা অন্য

Irrevocable, *a.* অনিবর্ত্ত্য, অখণ্ড্য, যাহার অন্যথা হইতে পারে না

Irrevocably, *ad.* অটলরূপে, দৃঢ়মতে

Irrigate, *v. a.* আর্দ্র-কৃ, ক্ষেত্রে জল-দা, ভূমি-সিঁচ

Irrigation, *s.* জল সেচন, আর্দ্র করণ

Irritability, *s.* ক্রোধশীলতা, রাগান্বিততা, ক্ষেপামি [পা, রাগী

Irritable, *a.* অল্পে বা হঠাৎ রাগে যে, ক্ষে

Irritate, *v. a.* ক্ষেপা, কুপিত-কৃ, রাগান্বিত-কৃ, রাগা, চিড়া

Irritation, *s.* বিরক্ত করণ, ক্ষেপাণ; রাগ, বৈরক্তি [চড়াউ

Irruption, *s.* আক্রমণ, হঠাৎ আক্রমণ বা

Is, *he is,* ভূধাতুর বর্ত্তমান ক্রিয়া পদ, আছে, আছেন, হয়, হয়েন ইত্যাদি

Digitized by Google

Isinglass, *s.* বিশেষ মৎস্যের আঁতুড়ির দ্বারা নির্ম্মিত শিরিস্
Island, Isle, *s.* চতুর্দ্দিগে জলবেষ্টিত ভূমি, উপদ্বীপ, দ্বীপ, টাপু
Islander, *s.* দ্বীপনিবাসী
Isolated, *a.* ভিন্নীকৃত, পৃথক্কৃত, একাকী
Issue, *s.* *egress*, বহির্গমন; *consequence*; শেষ, চূড়ান্ত, ফলিতার্থ; — *in the body*, শরীরের রস নিঃসরণার্থ ছিদ্র; *progeny*, সন্তানসন্ততি
Issue, *v. a.* *to come out*, নির্গমন-কৃ, বাহির-হ; *to spring from*, সন্তানোৎপত্তি-হ; *to arise from*, উৎপন্ন-হ, উদ্ভব-হ
Issue, *v. n.* *to send out judicially*, আদালতের পরওয়ানার ন্যায় প্রেরণ-কৃ
Issueless, *a.* নিঃসন্তান, নির্ব্বংশ, আঁটকুড়া
Isthmus, *s.* ডমুরু মধ্য, দুই দ্বীপের মধ্যস্থিত সুঁড়ি পথ
It, *pron.* তৎ, তাহা, ইহা, উহা, ও
Italick, *a.* কোন কথা বিশেষ জ্ঞাপনার্থ যে বক্রভাবী অক্ষরে ছাপা হয় তাহা অর্থাৎ ইটালিক
Itch, *s.* কণ্ডুরোগ, কন্ডূ, চুলকানা, পাঁচড়া; *a constant teasing desire*, নিরন্তর বাঞ্ছা [*for*, নিয়ত বাসনা-কৃ
Itch, *v. a.* চুলকা, খুজলা, সড়সড়া; *to long*
Item, *ad.* দফে, পুনশ্চ, অপর
Item, *s.* নূতন দফা বা বিষয় বা দ্রব্য
Iterate, *v. a.* বারং-কথ
Iteration, *s.* পুনঃ২ কথন
Itinerant, *a.* ভ্রমণকারী, পর্য্যটক, পথিক
Itinerary, *s.* দেশ ভ্রমণের বৃত্তান্তপুস্তক
Itself, *pron.* স্বয়ং, ক্লীবলিঙ্গ প্রয়োগে স্বয়ং, আপনি
Ivory, *s.* কুম্ভ, হস্তিদন্ত, গজদন্ত
Ivy, *s.* লতাবৃক্ষবিশেষ

J

J, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার দশম অক্ষর
Jabber, *s.* বক্বক্-কৃ
Jabberer, *s.* বড়বড়্যা, বকা
Jacinth, *a.* মণিবিশেষ
Jack, *s.* *colours*, জাহাজের ক্ষুদ্র পতাকা; *a cup of waxed leather*, চর্ম্মময় পাত্র; *the name of an instrument*, দড়ি ইত্যাদি পাক দেওনের কল; *the male of animals*, পশ্বাদির পুং
Jackal, *s.* জম্বুক, শৃগাল, শিয়াল, শিয়ড়
Jackdaw, *s.* কাকবিশেষ
Jacket, *s.* আঙ্গরাখা, জামা
Jade, *s.* *a worthless horse*, নিস্তেজ, অকর্ম্মণ্য অশ্ব; *a worthless woman* দুষ্টা স্ত্রী; *a mineral*, মণিবিশেষ
Jade, *v. a.* শ্রান্ত-কৃ, ক্লান্ত-কৃ, অধিকে পথশ্রান্ত-কৃ : কুড়া-কাট
Jagg, *v. a.* খাঁজ-কাট, করাতের ন্যায় কাঁ
Jagged, *a.* (*as a saw*,) আবড়খাবড়, করাতের দন্তের ন্যায়
Jail, *s.* কারাগার, বন্দিশালা, জেহেলখানা
Jailer, *s.* কারাগাররক্ষক, বন্দিপাল, জেহেলরক্ষক
Jak, *s.* (*fruit*,) কাঁটাল, কণ্টকিফল
Jakes, *s.* সেতখানা, পায়খানা
Jalap, *s.* রেচক ঔষধবিশেষ
Jam, *s.* মোরব্বাবিশেষ
Jam, *v. a.* ঠাসিয়া-ভর, দুই দ্রব্যের মধ্যে রাখিয়া বদ্ধ-কৃ
Jamb, *s.* চৌকাঠের বাজু
Jangle, *v. a.* বাগ্যুদ্ধ-কৃ, ঝগড়া-কৃ
January, *s.* ইউরোপীয় শকের প্রথম মাস, জানুআরি মাস
Japan, *s.* রোগন কর্ম্ম, সোণার রঙ্গযুক্ত কর্ম্ম
Japan-earth, *s.* খদির, খয়ের, খর
Japanner, *s.* রোগন কর্ম্মকারক
Jar, *v. n.* *to strike irregularly*, ঝন্ ঝন্ করিয়া শব্দ-কৃ; *to clash*, অনৈক্য-হ, অমেল-হ; *to quarrel*, ঝগড়া-কৃ, বিবাদ করা-কৃ
Jar, *s.* *a rattling sound*, ঝন্ঝন্ শব্দ, কটু শব্দ; *discord*, অনৈক্য, ঝগড়া; *half opened*, অর্দ্ধ খোলা; *an earthen vessel*, মৃত্তিকা পাত্র [বিড়ম্ব
Jargon, *s.* অস্পষ্ট বাক্য, অপভাষা, বিড়
Jarring, *s.* ঝন্ ঝন্ শব্দকারী
Jasmine, or Jessamine, *s.* মল্লিকা চামেলি, পুষ্পবিশেষ
Jasmine, (*yellow*,) *s.* স্বর্ণযূথি
Jasper, *s.* মার্ব্বিলের মণিবিশেষ

Digitized by Google

Javelin, *s.* শল্য, শলাকা, শাং, বর্শি
Jaundice, *s.* নেবা, পাণ্ডুরোগ, কাঁওল রোগ
Jaundiced, *a.* পাণ্ডু বা কাঁওল রোগগ্রস্ত
Jaunt, *v. a.* ইতস্ততো ভ্রমণ-কৃ, ফিরিয়া -বেড়া
Jaunt, *s.* ভ্রমণ, যাত্রা, ফিরিয়া বেড়ান
Jaw, *s.* চুয়াল, চিবুক, কস্
Jay, *s.* পক্ষিবিশেষ [জারাশঙ্কিত
Jealous, *a.* দ্বেষকারক, দ্বেষী, সন্দিগ্ধ চিত্ত,
Jealousy, *s.* জারাশঙ্কা, ঈর্ষা, প্রেম বিষয়ে প্রতিযোগিতার উদ্বেগ, সন্দেহ
Jeer, *v.* বিদ্রূপ-কৃ, ঠাট্টা-কৃ, চিড়
Jehovah, *s.* এব্রি ভাষায় য়িহুহ অর্থাৎ পরমেশ্বর
Jejune, *a.* শূন্য, রসহীন, ক্ষুদ্র
Jejuneness, *s.* দরিদ্রতা, রসহীনতা, মনো রঞ্জনাভাব
Jelly, *s.* মোরব্বাবিশেষ
Jeopard, *v.* সঙ্কেতে-ফেল, দায়ে-ঠেক
Jeopardy, *s.* সঙ্কেত, দায়, বিপদ্‌সম্ভাবনা, দুর্গতি
Jerk, *s.* ঝিঁকা, ঝুঁক, হেঁচকা, হঠাৎ প্রক্ষেপ
Jerk, *v. a.* ঝিঁকা-মার, হেঁচকা-টান
Jerken, *s.* আঙ্গরাখাবিশেষ [ফতুই
Jest, Jesting, *s.* শ্লেষ, বিদ্রূপ, ঠাট্টা, গল্পি,
Jester, *s.* কৌতুকী, পরিহাসক, ভাঁড়, মস্করা
Jesuit, *s.* যেজুইট্ মতাবলম্বী
Jesus, *s.* য়িশু, জগতের ত্রাণকর্ত্তা
Jet, *s.* জলঝরণা; প্রস্তরবিশেষ
Jet, *v. a.* বাহির হইয়া-পড়, জল-ঝর
Jew, *s.* য়িহুদীয় লোক
Jewel, *s.* মণি, রত্ন, অলঙ্কার, প্রবাল
Jeweller, *s.* মণিহারী, স্বর্ণবণিক্, রত্নজীবী, মণিবিক্রেতা
Jew's harp, *s.* মোচঙ্গা
Jig, *s.* নৃত্যবিশেষ, গীতবিশেষ
Jilt, *s.* প্রতারিকা স্ত্রী, যে স্ত্রী পুরুষকে আ শ্বাস দিয়া পরে ত্যজে
Jilt, *v. a.* উপরি উক্ত মতে প্রতারণা-কৃ
Jingle, *s.* ঝন্‌ঝন্ বা ঠন্‌ঠন্ শব্দ, ঝাঁজের শব্দ
Jingle, *v. a.* ঝনঝন্ শব্দ-কৃ
Job, *s.* টুমটাম, ঠিকা কর্ম্ম, নিষ্প্রয়োজনীয় অথচ লোভনীয় কর্ম্ম [টুমটাম্-কৃ
Job, *v. a.* ক্রয় বিক্রয়-কৃ, ঠিকা কর্ম্ম-কৃ,
Jobwork, *s.* ঠিকা কর্ম্ম
Jobber, *s.* দালাল [ঠগ
Jockey, *s.* অশ্বব্যবসায়ী; চাবুক সওয়ার;
Jocose, Jocular, *a.* রসিক, কৌতুকী, মস্করা
Jocoseness, Jocularity, *s.* রসিকতা, মস্ক রাম, পরিহাস, ঠাট্টা
Jocosely, *ad.* মস্করামরূপে, পরিহাসপূর্ব্বক
Jocund, *a.* আহ্লাদী, সুখী, নিশ্চিন্ত, প্রফুল্ল চিত্ত
Jocundly, *ad.* আহ্লাদপূর্ব্বক, প্রফুল্লচিত্তে
Jog, Joggle, *v. a.* ধাক্কা-দা, ঠেল, নাড়, ঠেস্-মার
Jog on, *v. n.* ধীরে২-চল
Jogger, *s.* ধীরে২ চলে যে [শ্লেষ-কৃ, লাগা
Join, *v. a.* যোগ-কৃ, মিলা, যুড়িয়া-দা, সং
Joiner, *s.* সূত্রধর, ছুতার
Joinery, *s.* সূত্রধরের কর্ম্ম
Joint, *s.* *union of bones*, সন্ধি, অস্থির সন্ধি, গ্রন্থি, গাঁইট; *a joint of meat*, খাদ্যার্থ হত পশুর এক অঙ্গ; *out of joint*, সন্ধি ভগ্ন; কর্ম্মের বিশৃঙ্খলতা
Joint, *v. a.* *to form into joints*, গাঁইট বদ্ধ -কৃ; *to divide a joint*, গাঁইট পৃথক্-কৃ
Joint, *a.* সাধারণ, অবণ্টন, ভাগের, সম উত্তরাধিকারী; *combined*, সংযুক্ত, সম্মি লিত
Jointed, *a.* গ্রন্থিযুক্ত, গাঁইটবিশিষ্ট
Jointly, *ad.* যুক্তরূপে, একত্র, মিলেযুলে
Jointress, *s.* অংশিনী, যৌতুক বিশিষ্টা স্ত্রী
Jointure, *s.* বিবাহসময়ে স্ত্রীকে যে ধন দে ওয়া যায়, স্ত্রীধন, যৌতুক [ঠাট্টা-কৃ
Joke, *v. n.* বিদ্রূপ-কৃ, পরিহাস-কৃ, গল্পি-কৃ,
Joke, *s.* গল্পি, তামাসা, বিদ্রূপ, ঠাট্টা
Joker, *s.* কৌতুকী, পরিহাসক, মস্করা, ভাঁড়
Jollily, *ad.* আমোদপূর্ব্বক, সকৌতুকে, সা নন্দে [নন্দ
Jollity, *s.* রসিকতা, কৌতুক, আমোদ, আ
Jolly, *a.* কৌতুকী, রসিক, প্রফুল্ল
Jolly-boat, *s.* জাহাজের ডিঙ্গা
Jolt, *v.* নাড়া চাড়া, হেলা, এদিগে ওদিগে নাড়া [-গম
Jostle, *v. a.* ঠেলাঠেলি-কৃ, ধাক্কা মারিয়া
Jot, *s.* বিন্দু, অণু, তিল, মাত্র
Jovial, *a.* কৌতুকী, রসিক, প্রফুল্ল
Jovially, *ad.* কৌতুকরূপে, প্রফুল্লচিত্তে

Digitized by Google

Jovialness, *s.* রসিকতা, আমোদ, হর্ষ
Journal, *s.* রোজনামা; দিন২ বা সময়ে২ প্রকাশিত সম্বাদ পত্র
Journalist, *s.* সম্বাদপত্র সম্পাদক
Journey, *s.* যাত্রা, দেশপর্য্যটন
Journey, *v. n.* যাত্রা-কৃ, দেশভ্রমণ-কৃ [কর
Journeyman, *s.* ঠিকা কর্ম্মকারক বা কারি
Joust, *v. n.* কৌতুকার্থ অস্ত্র দ্বারা যুদ্ধ-কৃ
Joy, *s.* আমোদ, উল্লাস, হর্ষ, আনন্দ, তুষ্টি
Joy, *v. a.* আনন্দ-কৃ, আমোদ-কৃ, সুখভোগ -কৃ
Joy, *v. n.* আনন্দিত-হ, উল্লসিত-হ
Joyful, *a.* আনন্দযুক্ত, উল্লসিত, হৃষ্ট, তুষ্ট
Joyfully, *ad.* সানন্দে, আহ্লাদপূর্ব্বক, হৃষ্ট চিত্তে [সন্তোষ
Joyfulness, *s.* উল্লাস, আহ্লাদ, আনন্দ
Joyless, *a.* নিরানন্দ, ক্ষুব্ধ, অহৃষ্ট, অতুষ্ট
Joyous, *a.* আনন্দিত, রসিক, আনন্দজনক
Jubilant, *a.* জয়ধ্বনিকারী, জয়গায়ক
Jubilation, *s.* জয়গান, জয়ধ্বনি করণ
Jubilee, *s.* মহোৎসব, আমোদ সময়
Judaism, *s.* য়িহুদীয়েরদের ধর্ম্মের রীতি
Judaize, *v. n.* য়িহুদীয়েরদের মতাবলম্বী-হ
Judge, *s.* বিচারকর্ত্তা, প্রাড্বিবাক, জজ, কাজি, বিবেচক, বিষয়জ্ঞ
Judge, *v. a.* বিচার-কৃ, নিষ্পত্তি-কৃ, তজবীজ-কৃ; *to discern,* বিবেচনা-কৃ
Judge, *v. n.* দণ্ডাজ্ঞা-কৃ
Judgment, *s. the power of discerning,* ইতরবিশেষ বিবেচনা করণ ক্ষমতা; *decision,* নিষ্পত্তি, আজ্ঞা; *opinion,* অভিপ্রায়, মত; *condemnation,* দণ্ডাজ্ঞা; *divine visitation,* ঈশ্বরকর্ত্তৃক দণ্ড; *discernment,* বোধ, বিবেচনা
Judgment-*hall,* *s.* বিচার স্থান, আদালত
Judgment-*seat,* *s.* বিচারাসন [লত
Judicatory, *s.* ব্যবস্থান, বিচারশালা, আদা
Judicature, *s.* বিচারকরণের ক্ষমতা বা অধিকার; ব্যবস্থান
Judicial, Judiciary, *a.* ব্যবস্থানুযায়ি, ব্যবস্থেয়; আদালত বিষয়ক
Judicially, *ad.* বিচারপূর্ব্বক, ব্যবস্থাক্রমে
Judicious, *a.* প্রজ্ঞ, বিজ্ঞ, সুবিবেচক, বিবেচনাসিদ্ধ [ক্রমে
Judiciously, *ad.* বিবেচনাপূর্ব্বক, বিজ্ঞতা

Jug, *s.* জলপাত্রবিশেষ, কলসি, ঘট, ভাঁড়
Juggle, *v. n.* ইন্দ্রজাল-কৃ, ভেলকি-কৃ, ভোজবিদ্যার ব্যবহার-কৃ
Juggle, *s.* ঐন্দ্রজালিক বিদ্যা, ভেলকি, প্রতারণা, ভোজবাজি [ঠগ
Juggler, *s.* ভেলকি বা বাজিকর, প্রতারক,
Juggling, *pa.* ইন্দ্রজালিক, প্রতারণাকারী
Jugulate, *v. a.* গ্রীবাচ্ছেদন-কৃ, গলা কাটিয়া-মার
Juice, *s.* শরীরের বা বৃক্ষের রস
Juiceless, *a.* নীরস, রসরহিত, শুষ্ক
Juiciness, *s.* রসালতা, রসপূর্ণতা
Juicy, *a.* রসাল, রসময়, রসযুক্ত
Julap, *s.* রেচক ঔষধবিশেষ, জোলাপ
July, *s.* ইঙ্গলণ্ডীয় শকের সপ্তম মাস, জুলাইমাস [খচর
Jumart, *s.* ষণ্ড হইতে ঘোটকীর গর্ব্ভজাত
Jumble, *v. a.* মিশালগোলাল-কৃ, গোলমাল -কৃ, গবরগণ্ডি-কৃ [ডিঙ্গ
Jump, *v. n.* উল্লম্ফ-কৃ, লাফা, ঝম্প-দা কুঁদ,
Jump, *s.* উল্লম্ফ, লাফ, ঝম্প, কুন্দন, ডিঙ্গন
Junction, *s.* যোড়, মিল, সঙ্গম, সন্ধি
Juncture, *s.* সন্ধি, সংযোগ, যোড়; *point of time,* বিশেষ কাল বা সময় [মাস
June, *s.* ইঙ্গলণ্ডীয় শকের ষষ্ঠ মাস, জুন
Junior, *a.* অনুজ, অন্ত্যজ, কনিষ্ঠ, ছোট
Juniper, *s.* বৃক্ষবিশেষ
Junk, *s. a Chinese ship,* চীন দেশীয় ক্ষুদ্র জাহাজ; *old ropes,* পুরাতন হামার, কিতনি
Junket, *s.* গুপ্ত ভোজ, বনভোজ
Junto, *s.* গুপ্ত সমাজ, কুমন্ত্রণার সভা, কুচক্র
Jupiter, *s.* বৃহস্পতি গ্রহ [ব্যবহৃত
Juridical, *a.* ব্যবস্থা সম্বন্ধীয়, আদালতে
Juridically, *ad.* ব্যবস্থাক্রমে, আইনের দাঁড়া অনুসারে [এক্তিয়ার, মোতালক
Jurisconsult, *s.* ব্যবস্থাদায়ক
Jurisdiction, *s.* ব্যাপ্য, অধিকার, এলাকা,
Jurisprudence, *s.* ধর্ম্মশাস্ত্র, স্মৃতি
Jurist, *s.* ব্যবস্থাজ্ঞ, ধর্ম্ম শাস্ত্রবেত্তা
Juror, Juryman, *s.* জুরির অন্তঃপাতী
Jury, *s.* মোকদ্দমা নিষ্পত্তি করণার্থ ন্যূনাধিক যে বার জন জুরি নিযুক্ত হয়
Jurymast, *s.* যুদ্ধ বা ঝড়ে ভগ্ন মাস্তুলের পরিবর্ত্তে ক্ষুদ্র মাস্তুল

Digitized by Google

Just, *a. upright,* যথার্থ, প্রকৃত; *exact,* ঠিক, খারা; *virtuous,* সাধু, ধার্ম্মিক; *rightful,* ন্যায্য, ওয়াজিবি; *complete,* সম্পূর্ণ [প্রায়, কেবল
Just, *ad. exactly,* ঠিক, প্রকৃতরূপে; *barely,*
Justice, *s.* ন্যায্য, যাথার্থ্য, ধর্ম্ম, সুবিচার; *a judge,* বিচারকর্ত্তা
Justiceship, *s.* বিচারকর্ত্তার পদ বা কর্ম্ম
Justiciary, *s.* বিচারকর্ত্তা, জজ
Justifiable, *a.* যথার্থ করণার্হ, ন্যায্য, হেতুবিশিষ্ট [রূপে
Justifiably, *ad.* ন্যায্যরূপে, যথার্থ করণ
Justification, *s.* দোষ খণ্ডন, নির্দোষ করণ, পাপ মোচন, মুক্তি; *defence,* প্রতিবাদ, উত্তর, হেতুবাদ
Justifier, *s.* নির্দোষিকারক
Justify, *v. a.* যথার্থ সাব্যস্ত-কৃ, নির্দোষি-কৃ, পাপ মোচন-কৃ, দোষ মার্জন-কৃ [-কৃ
Justle, *v. n.* ধাক্কাধাক্কি-কৃ, ঠেলাঠেলি
Justle, *v. a.* ধাক্কা-মার, ঠেল
Justly, *ad.* যথার্থরূপে, ন্যায়পূর্ব্বক, ধর্ম্মতঃ, উচিতমতে [ধার্ম্মিকতা
Justness, *s.* যাথার্থ্য, ন্যায্যতা, সত্যতা,
Jut, *v. n.* ঢেঁকের ন্যায় বাহির-হ [তরুণ
Juvenile, *a.* যুবকালীন, যৌবনবিশিষ্ট,
Juvenility, *s.* যুবত্ব, যৌবন [সম্পর্ক
Juxta-position, *s.* নিকটানিকটি, নৈকট্য

K

K, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার একাদশ অক্ষর
Kalendar, *s.* পঞ্জিকা, পাঁজি
Kali, *s.* ক্ষার, ভস্ম [য় আকার
Kim, Kimbo, *a.* বক্র, বাঁকা, খিলানের ন্যা
Kaw, *v. a.* কাকা শব্দ-কৃ, কাকের রব-কৃ
Kaw, *s.* কাক রব, কাকা করণ
Keck, *v. n.* ঢেকুর-তুল, উকি-উঠ, নাড়ী ওচল পাচল-কৃ
Kedger, *s.* ক্ষুদ্র নঙ্গর
Keel, *s.* নৌকার মের দণ্ড, পাণীতরাস্
Keelhale, *v. a.* নাবিকেরদের ব্যবহারানুসারে দোষি ব্যক্তিকে দণ্ড-দা
Keen, *a. sharp,* প্রখর, তীব্র, তীক্ষ্ণ, ধারাল; *piercing,* বিদ্ধকারী; *vehement,* উগ্র, কঠিন
Keenly, *ad.* তীক্ষ্ণতারূপে, ব্যগ্রতারূপে, মর্ম্মভেদপূর্ব্বক [তা
Keenness, *s.* তীক্ষ্ণতা, উগ্রতা, তীব্রতা, শক্ত
Keep, *v. a. to retain,* রাখ, ধর; *to protect,* রক্ষা-কৃ; *to take care of,* প্রতিপালন-কৃ, পোষ; *to restrain,* আটকা; *to keep silence,* চুপ-মার; *to solemnize at any time,* পবিত্র জ্ঞান করিয়া-মান; *to remain in,* থাক; *to keep back,* ছাপাইয়া-রাখ; *to keep in,* থাম, কসিয়া-রাখ; *to keep off,* দূরে-রাখ; *to keep up,* বজায়-রাখ; *to keep under,* দমন করিয়া-রাখ
Keep, *v. n. to remain,* অবস্থিতি-হ; *to last,* টেঁক; *to dwell,* বাস-কৃ; *to be fresh,* টাট্কা-থাক
Keeper, *s.* রক্ষক, প্রতিপালক
Keep, Keeping, *s.* রক্ষা, আশ্রয়, প্রতিপালন
Keg, or Kag, *s.* ক্ষুদ্র পিপা
Kelp, *s.* সমুদ্রীয় বৃক্ষের ভস্ম
Ken, *v. n.* দূর হইতে-দেখ, জান, দৃষ্টি-কৃ
Kernel, *s.* শাস, ফলের শস্য, মগজ, বিচি
Ketch, *s.* দুই মাস্তুলবিশিষ্ট জাহাজ [শেষ
Kettle, *s.* হাঁড়ি, জল উষ্ণ করণের পাত্র বি
Kettledrum, *s.* ঢক্কা, টিকারা, নাগারা
Key, *s. an instrument to fasten or open locks,* চাবি, কুঁজি, কাটি, ছোড়ান; *explanation of any thing difficult,* অস্পষ্ট বিষয়ের ব্যাখ্যা; *that part of an instrument on which the fingers are placed,* বাদ্য যন্ত্রের যে স্থানের উপর অঙ্গুলি পড়ে
Keyhole, *s.* চাবি প্রবেশের ছিদ্র
Keystone, *s.* খিলানের মধ্যস্থ প্রস্তর
Kibe, *s.* পাদস্ফোট [-মার
Kick, *v. a.* লাথি-মার, পদাঘাত-কৃ, চাঁইট
Kick, *v. n.* রাগেতে পা-ছোড়
Kick, *s.* পদাঘাত, লাথি, চাঁইট
Kicking, *s.* পদাঘাত করণ, লাথি মারণ
Kid, *s.* ছাগলের বাচ্চা, অজশাবক, হালও য়ান
Kid, *v. a.* ছাগী প্রসব-হ
Kidnap, *v. a.* বালক বা মনুষ্য চুরি-কৃ
Kidnapper, *s.* বালক বা মনুষ্য চুরি করে যে
Kidney-*bean,* *s.* শিম্‌বিশেষ

Digitized by Google

Kidney, *s.* কোষ্ঠ, মেরুগ্রন্থি, মেট্যে, গিলা; *sort,* (ব্যঙ্গোক্তিতে) প্রকার, রকম, জাতীয় বুঝায় [পা
Kilderkin, *s.* প্রায় ৬১ সের ধারি ক্ষুদ্র পি
Kill, *v. a.* হত্যা-কৃ, বধ-কৃ, খুন-কৃ, নষ্ট-কৃ, মারিয়া-ফেল
Killer, *s.* বধ বা হত্যাকারী, খুনী, ঘাতক
Kiln, *s.* ভাটি; *brick kiln,* পাঁজা; *potter's kiln,* পোয়ান [রঙ্গ, এক বংশজাত
Kin, *s.* জ্ঞাতি বা আত্মীয়বর্গ, কুটুম্ব, অন্ত
Kind, *a.* অনুগ্রাহক, দয়ালু, কৃপালু, প্রসন্ন, সুশীল, অনুকূল, দাতা
Kind, *s.* জাতিত্ব, বংশ, কুল; *nature,* স্বভাব; *sort,* রকম, প্রকার, রূপ, তরো
Kindle, *v. a. to set on fire,* জ্বলা, অগ্নি-ধরা; *to enflame the passions,* রাগান্বিত-কৃ, রোষাল-কৃ
Kindle, *v. n.* অগ্নি-লাগা, জ্বলিয়া-উঠ
Kindly, *ad.* কৃপাপূর্ব্বক, দয়ালুরূপে, প্রসন্নরূপে, কোমলরূপে
Kindly, *a.* নম্র, কোমল, নরম, দয়াশীল; *congenial,* সমধর্ম্মক
Kindness, *s.* প্রসাদ, অনুগ্রহ, দয়া, কৃপা, সৌজন্য, দাতৃত্ব [সম্বন্ধ
Kindred, *s.* আত্মীয়তা, কুটুম্বতা, জ্ঞাতিত্ব,
Kindred, *a.* জ্ঞাতিতুল্য, সগোত্র, কুটুম্ব
Kine, *s. the plural of cow,* বহুবচন প্রয়োগে গোসমূহ [নরেন্দ্র, বাদশাহ
King, *s.* রাজা, নরাধিপ, ভূপতি, নৃপ,
Kingcraft, *s.* রাজত্ব কর্ম্মের ফিকির
Kingdom, *s.* রাজ্য, রাজ অধিকার, মুলুক
Kingfisher, *s.* মাচরাঙ্গা পক্ষী
Kingly, Kinglike, *a.* রাজাবৎ, রাজার ন্যায়, রাজসদৃশ, রাজোপযুক্ত
King's bench, *s.* ইঙ্গলণ্ড দেশে প্রধান আদালতের নাম
King's evil, *s.* গণ্ডমালা রোগ
Kingship, *s.* রাজতা, নৃপতিত্ব
Kinsfolk, *s.* জ্ঞাতি, কুটুম্ব, ভাইবন্ধু
Kinsman, *s.* কুটুম্ব, জ্ঞাতি, স্বজন, এক কুলজ
Kinswoman, *s.* কুটুম্বিনী, জ্ঞাতি স্ত্রী
Kirk, *s.* স্কটলণ্ড দেশীয় গির্জা ঘরের নাম
Kiss, *v. a.* চুম্বন-কৃ, চুমা-দা, ঈষৎ স্পর্শ-কৃ, স্নেহ-কৃ
Kiss, *s.* চুম্বন, চুম্বা, চুম্বা

Kit, *s.* ক্ষুদ্র সারঙ্গী [খানা
Kitchen, *s.* রন্ধনশালা, পাকশালা, বাবুর্চি
Kitchen-*garden, s.* তরকারির বাগান
Kitchen-*maid, s.* পাচিকা, রাঁধুনি, মেয়্যা বাবুর্চি
Kite, *s.* চিলপক্ষী, আতায়ি; *paper kite,* কাগজের ঘুড়ি বা ভাঁস
Kitten, *s.* বিড়ালের ছানা
Kitten, *v. n.* বিড়াল প্রসব-হ
Klick, *v. n.* ঘড়ীর ন্যায় কিক্কি শব্দ-কৃ
Klicking, *s.* ঘড়ীরযন্ত্রের শব্দ, কিক্কি শব্দ
Knab, *v. a.* কামড়া, দন্তাঘাত-কৃ
Knack, *s.* অভ্যাস, দক্ষতা, পারগতা; *a toy,* ক্ষুদ্র খেলানা
Knap, *s.* স্ফীতভাব, স্ফীতি, ফুলা; বস্ত্রের উপরি নালীসূত্র
Knap, *v. a.* দংশন-কৃ, কামড়া
Knapsack, *s.* সৈন্যেরদের গমন কালীন পিটবোচ্কা
Knare, Knur, Knurle, *s.* শক্ত গাঁইট
Knave, *s.* প্রবঞ্চক, খল, শঠ, জুয়াচোর
Knavery, *s.* প্রতারণা, শঠতা, চাতুরী, কাপট্য [শঠ
Knavish, *a.* প্রতারণাকারী, ধূর্ত্ত, দুষ্ট, খল,
Knavishly, *ad.* শঠতাক্রমে, ধূর্ত্ততারূপে
Knead, *v. a.* চট্কা, মাখা, দলা, প্রাবড়া প্রায় রুটি প্রস্তুত করণ বিষয়ে ব্যবহার্য্য
Kneading-*trough, s.* কেটুয়া, ছানিবার পাত্র
Knee, *s.* জানু, হাঁটু, আঁটু
Kneedeep, *a.* হাঁটুপর্য্যন্ত, এক হাঁটু
Kneel, *v. n.* হাঁটু-গাড়
Kneepan, *s.* মালই চাকি, জানুফল
Knell, *s.* সমাধি দেওন সময়ে ঘন্টার ধ্বনি
Knife, *s.* ছুরিকা, ছুরী, ছোরা; *fish knife,* বটি [শেষ
Knight, *s.* যোদ্ধৃ কুলীনেরদের উপাধি বি
Knight, *v. a.* যোদ্ধৃ কুলীনের উপাধি-দা
Knighterrant, *s.* কোন বিশেষ বৃহৎ কর্ম্মের অন্বেষণে যে অশ্বারূঢ় দেশ পর্য্যটন করে [লীনের খ্যাতি বা পদ
Knighthood, *s.* যোদ্ধৃ কৌলীন্য, যোদ্ধৃ কু
Knightly, *s.* যোদ্ধৃ কুলীনের উপযুক্ত
Knit, *v. n.* বুন, বিনা তাঁতে-বুন; *to join,* বাঁন্ধ, যোড়

Digitized by Google

Knitter, *s.* বুননিয়া, বুনে যে [শলাকা
Knitting-needle, *s.* বুনিবার সুচ বা ক্ষুদ্র
Knob, *s.* বৃক্ষের গ্রন্থি বা গাঁইট, উচ্চাঙ্গ
Knobbed, Knobby, *a.* গ্রন্থিযুক্ত, গেঁটো, কঠিন, শক্ত [প্রতা-মার
Knock, *v. n.* আঘাত-কৃ, লাগ, ঘা-মার,
Knock, *v. a.* ভিতরে প্রবেশার্থ কপাটে ঘা মার; *to knock under,* অধীনত্ব স্বীকার-কৃ; *to knock down,* ধাক্কা মারিয়া ভূমিষ্ঠ-কৃ
Knock, *s.* ঘা, আঘাত, চোট, মারি, ঠোকর
Knocker, *s.* কপাটে ঘা মারিবার ঝোলা অস্ত্র
Knoll, *v. a.* সমাধি দেওন সময়ে ঘন্টা-বাজা
Knot, *s. a tie,* গ্রন্থি, গাঁইট, গিরা; *bond of union,* সম্বন্ধ; *difficulty,* পেচ, মুস্কিল; *confederacy,* সমাজ
Knot, *v. a.* গাঁইট বা গিরা-দা; *to perplex,* পেঁচা; *to unite,* যোড়-কৃ, যোড়া-লাগা, জড়িত-কৃ
Knot, *v. n.* বৃক্ষেতে গাঁইট-জন্মা
Knotted, Knotty, *a.* গাঁইটময়, গেঁটো
Know, *v. a.* জ্ঞাত-হ, অবগত-হ, বুঝ, জান, চিন
Know, *v. n.* অবগত-হ, ওয়াকিফ-হ
Knowing, *a.* বিজ্ঞ, প্রবীণ, জ্ঞানী, চতুর
Knowingly, *ad.* বিজ্ঞতারূপে, চতুরতারূপে জানিয়া শুনিয়া
Knowledge, *s.* জ্ঞান, বোধ, উপলব্ধি, বিদ্যা, বুদ্ধি, ধী, সম্বিৎ, পটুতা
Known, *a.* জ্ঞাত, অবগত, প্রসিদ্ধ
Knubble, *v. a.* অঙ্গুলির গ্রন্থির দ্বারা মার
Knuckle, *s.* অঙ্গুলির গ্রন্থি
Knuckle, *v. a.* নম্র-হ, পরাভব স্বীকার-কৃ

L

L, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার দ্বাদশ অক্ষর
La! *interj.* চমৎকার বোধক শব্দ যথা দেখ, দৃষ্টি কর, একি
Labefy, *v. a.* ক্ষীণ-কৃ, দুর্বল-কৃ, কৃশ-কৃ
Label, *s.* কোন দ্রব্যের উপর চিহ্নার্থ যাহা লেখা থাকে; চিরকুট
Labial, *a.* ওষ্ঠ বর্ণ, ওষ্ঠ্য, ওষ্ঠদ্বারা উচ্চারিত
Laboratory, *s.* কিমিয় বিদ্যানেরদের কারখানা
Laborious, *a.* পরিশ্রমী, কর্মশীল, উদ্যোগী, প্রয়াসী; *toilsome,* ক্লান্তিকর, দুষ্কর
Laboriously, *ad.* পরিশ্রমপূর্ব্বক, আয়াসপূর্ব্বক, ক্লেশরূপে
Laboriousness, *s.* পরিশ্রম, কাঠিন্য
Labour, *s. pains,* শ্রম, পরিশ্রম, ক্লেশ, আয়াস; *work done,* কর্ম, কার্য্য; *child-birth,* প্রসব যাতনা
Labour, *v. n. to toil,* শ্রম-কৃ, পরিশ্রম-কৃ, আয়াস-কৃ, উদ্যোগ-কৃ; *to do work,* কর্ম নির্ব্বাহ-কৃ; *to be in childbirth,* প্রসব বেদনা-হ
Labour, *v. a. to work at,* কর্ম-কৃ; *to beat,* প্রহার-কৃ [মজুর, কুলি
Labourer, *s.* কর্মকারী, উদ্যোগি ব্যক্তি,
Labouring, *a.* উদ্যোগকারী, পরিশ্রমী
Labyrinth, *s.* লটখট্ বা ঘুরণীয় স্থান বা পথ, ফেরাও স্থান [আলতা
Lac, *s.* জতু, লাক্ষা, লা, জৌ, গালা, অলক্তক,
Lace, *s.* জরি, গোটা, বাদল, সুতার ফিতা; *a cord,* রজ্জু, ফিতার দড়ি
Lace, *v. a.* জরি বা গোটা বা ফিতা-লাগা; *to fasten with a string,* ফিতার দড়ি দিয়া বন্ধ-কৃ [আঁচড়ানের যোগ্য
Lacerable, *a.* বিদারণীয়, চিরিবার যোগ্য,
Lacerate, *v. a.* বিদীর্ণ-কৃ, চির, আঁচড়
Laceration, *s.* বিদীর্ণ করণ, চিরণ, আঁচড়ন, চের, আঁচড়
Lachrymal, *a.* অশ্রু উৎপাদক
Lachrymal sac, *s.* অশ্রুকোষ
Lachrymal duct, *s.* অশ্রুগতির ছিদ্র [পূর্ণ
Lachrymary, *a.* অশ্রুবিশিষ্ট, চক্ষুর জলে
Lack, *v. a.* অভাব-হ, অকুলান-হ, কম-হ
Lack, *v. n.* বর্জ্জিত-হ, হীন-হ
Lack, *s.* অভাব, ন্যূনতা, অপ্রতুল, প্রয়োজন
Lackbrain, *s.* নির্বোধ ব্যক্তি, অজ্ঞান
Lacker, *s.* রোগণের লেপ্য দ্রব্যবিশেষ
Lacker, *v. a.* রোগণে লিপ্ত-কৃ
Lackey, *s.* দাস, ভৃত্য, চাকর
Lackey, *v. a.* চাকর, দাস, চাকরের ন্যায় সেবা-কৃ, খিদমৎগারি-কৃ
Laconic, *s.* অল্প, হ্রস্ব, স্থূল, দুই টপ্পা, অল্প কথায় অনেকার্থ

Digitized by Google

Laconically, *ad.* সংক্ষেপরূপে, চুম্বকমতে
Laconism, *s.* সংক্ষেপ কথা, চুম্বক কথা, সার উক্তি
Lactary, *a.* দুগ্ধবৎ
Lactary, *s.* গোপগৃহ [করাণ
Lactation, *s.* দুগ্ধপান করণ, স্তন্য দুগ্ধ পান
Lacteal, *s.* দুগ্ধ বা সার রস প্রবাহক নাড়ী
Lacteal, Lacteous, *a.* দুগ্ধবিশিষ্ট, দুগ্ধ বা সার রস প্রবাহক
Lactescent, Lactific, *a.* দুগ্ধজনক
Lad, *s.* বালক, ছোক্‌রা, অর্ব্বাচীন, ছেল্যে, পোগণ্ড
Ladder, *s.* সিঁড়ি, সোপান, মই
Lade, *v. a. to load,* বোঝাই-কৃ, ভর; *to throw out,* বাহির করিয়া-ফেল
Lading, *s.* বোঝাই, বোঝা, ভার
Ladle, *s.* হাতা, বড় চামচ্যা, দর্ব্বী, উখড়ি
Lady, *s.* মান্যা স্ত্রী, ঠাকুরাণী, বিবি, বেগম, সম্ভ্রান্তা স্ত্রীর উপাধিবিশেষ
Ladybird, Ladycow, *s.* কীটবিশেষ
Ladyday, *s.* মার্চ মাসের ২৫ তারিখ
Ladylike, *a.* কোমল, সুন্দর, ধীর, নম্র, শিষ্টা স্ত্রীর উচিত
Ladyship, *s.* ঠাকুরাণীর পদবী, ঠাকুরাণীত্ব
Lag, *v. n.* পিছে-পড়, বিলম্ব-কৃ, গৌণ-কৃ, ঢিলা-কৃ [লোক সম্বন্ধীয়
Laical, *a.* ধর্ম্মপদস্থ ব্যক্তি বিনা বিষয়ি
Lair, *s.* বন্য পশুর বাসা
Laird, *s.* স্কটলণ্ড দেশীয় জমীদারের নাম
Laity, *s.* ধর্ম্ম কর্ম্মে নিযুক্ত ব্যক্তি ভিন্ন সামান্য লোক [রক্তবর্ণ
Lake, *s.* হ্রদ, সরোবর, জলাশয়; *a colour,*
Lamb, *s.* মেষশাবক, ভেড়ার বাচ্চা
Lambent, *a.* খেলা করিয়া বেড়ায় যে
Lambkin, *s.* ক্ষুদ্র মেষশাবক [মল
Lamblike, *a.* মেষ শাবকবৎ, মৃদু, নম্র, কো
Lame, *a.* খোঁড়া, পঙ্গু, নেঙড়া; *unsatisfactory,* অসন্তোষজনক
Lame, *v. a.* খোড়া-কৃ, নেঙড়া-কৃ, নেঙচা-কৃ
Lamely, *ad.* পঙ্গুতারূপে, নেঙচারূপে, খোঁড়ামতে; অসন্তোষকররূপে
Lameness, *s.* খঞ্জতা, পঙ্গুতা, নেঙড়াম; *weakness,* দৌর্ব্বল্য
Lament, *v. a.* বিলাপ-কৃ, রোদন-কৃ, শোক-কৃ, খেদ-কৃ, কাঁদ

Lamentable, *a.* বিলপনীয়, শোকজনক, ক্রন্দনীয়
Lamentably, *ad.* বিলপনীয়রূপে, অনুশোচনাপূর্ব্বক, খিদ্যমানভাবরূপে
Lamentation, *s.* বিলাপ, আক্ষেপ, রোদন, খেদোক্তি, শোকোক্তি, কাঁদাকাটি, হাহাকার [কারক, হাহাকারকর্ত্তা
Lamenter, *s.* বিলাপ বা ক্রন্দন বা শোক
Lamina, *s.* পাতলা ছাল বা পাতা
Laminated, *a.* মণ্ডিত, কলাইকরা, পাতকরা
Lammas, *s.* আগষ্ট মাসের প্রথম তারিখ
Lamp, *s.* প্রদীপ, দীপ, চেরাগ, প্রদীম, পদীম [কালী
Lampblack, *s.* ঝুলকালী, ভূষাকালী, তেল
Lampoon, *s.* অপবাদ কথা, ঠাট্টা কথা, শ্লেষ, নিন্দা [অপবাদ বা ঠাট্টা-কৃ
Lampoon, *v. a.* নামোল্লেখপূর্ব্বক গ্লানি বা
Lampooner, *s.* নামোল্লেখপূর্ব্বক অপমান বা বিদ্রূপ বা, ঠাট্টাকারক
Lamprey, *s.* বাইন মৎস্যবিশেষ
Lance, *s.* বর্শা, বল্লম, ভেলা, নেজা
Lancet, *v. a. to pierce,* বর্শা নিক্ষেপ-কৃ; *to cut in order to a cure,* উপশমার্থ অস্ত্র চিকিৎসা-কৃ, বেলকার-কৃ
Lancet, *s.* বেলকার, রক্ত কাড়নার্থ অস্ত্র
Land, *s. region,* দেশ, প্রদেশ, রাজ্য; *earth,* ভূমি, ভূ, মৃত্তিকা; *an estate,* জমীদারী; *a people,* দেশীয় লোক; *on land,* ডেজায়; *to go by land,* স্থলপথে গম
Land, *v. a.* ডেজায়-উত্তর, কিনারায়-উঠ, নাম, উল
Land, *v. n.* ডেঙ্গায় উত্তীর্ণ-হ [শিষ্ট
Landed, *a.* ভূম্যধিকারী, স্থাবর সম্পত্তিবি
Landflood, *s.* জলপ্লাবন, বন্যা, হয়জলাপ
Landforces, *s.* যে সৈন্যেরা ভূমিতে থাকিয়া যুদ্ধ করে
Landgrave, *s.* জর্ম্মণি দেশে ভূম্যধিপতি
Landholder, *s.* ভূম্যধিকারী, জমীদার, তালুকদার [টি, কুল, উত্তরণীয় স্থান
Landing, Landing-place, *s.* ভিড়িবার স্থা
Landjobber, *s.* ভূমির দালাল
Landlady, *s. a lady who lets houses of her own,* যে স্ত্রী আপনার ঘর ভাড়া দেয়; *the mistress of an inn,* সরাইর কর্ত্রী

Digitized by Google

Landlocked, *a.* ভূমির দ্বারা বদ্ধ বা রুদ্ধ
Landlord, *s. own,* বাটী বা ভূমির স্বামী, ভূম্যধিকারী; *one who lets houses of his own,* আপনার বাটী ভাড়া দেয় যে; *the master of an inn,* শরাই কর্ত্তা [চিহ্ন
Landmark, *s.* ভূমির সরহদ্দ বা সীমার
Landscape, *s.* বিশেষ কোন স্থান বা প্রদেশের নকশা; দৃষ্টিগোচর ভূমি স্থল
Landtax, *s.* ভূমির খাজনা; বাটীর ভাড়া
Landwaiter, *s.* আমদানীর ঘাটের মাসুল চৌকিদার
Lane, *s.* ঘুঁজি পথ, গলি বা ক্ষুদ্র পথ
Language, *s.* মনুষ্যের ভাষা, দেশীয় কথা, বোলি; *style,* কথার ধারা [নিস্তেজ
Languid, *a.* অবসন্ন, ক্লান্ত, দুর্ব্বল, ক্ষীণ,
Languidness, *s.* অবসন্নতা, দৌর্ব্বল্য, ক্ষীণতা, তেজোরাহিত্য
Languish, *v. n.* অবসন্ন-হ, ক্লান্ত-হ, ম্লান-হ, দুর্ব্বল-হ, নিস্তেজ-হ, অপ্রফুল্ল-হ
Languishingly, *ad.* দৌর্ব্বল্যরূপে, ম্লানিরূপে, নিস্তেজে
Languishment, *s.* দৌর্ব্বল্য, ক্ষীণতা, ক্ষয়
Languor, *s.* ক্লান্তি, অবসন্নতা, ক্ষীণতা, দৌর্ব্বল্য, তেজোহ্রাস, কাহিলী [লা
Lank, *a.* অস্ফুন্দিল, ঢিলা, কৃশ, ক্ষীণ, পাত
Lankness, *s.* কৃশতা, ক্ষীণতা, অপুষ্টতা
Lantern, *s.* কাঁচ পাত্রে আবৃত দীপাধারবিশেষ, ফানুস, লান্টন
Lap, *v. a. to twist round,* জড়া, জড়িয়া-বাঁধ, বেষ্টিত-কৃ, আবৃত-কৃ; *to lick up like a dog,* কুক্কুরের ন্যায় পান-কৃ, চাট
Lap, *v. n. to be spread over any thing,* কোন দ্রব্যের চতুর্দিগে জড়িত-হ; *to feed by licking up,* কুক্কুরের ন্যায় চাটিয়া-খা
Lapdog, *s.* স্ত্রীলোকেরা যে ক্ষুদ্র কুক্কুরকে ক্রোড়ে করিয়া আদর করে
Lapel, *s.* জামা বা কুর্ত্তির পট্টি
Lapful, *s.* এক কোলে যত ধরে, কাঁক্ ভরা
Lapidary, *s.* মণি বা বহুমূল্য প্রস্তর পরিষ্কারক, মণিহারী
Lapideous, *a.* প্রস্তরবৎ [ত হওন
Lapidescence, *s.* প্রস্তরের জমাট, প্রস্তরীভূ
Lapidific, *a.* প্রস্তরকারী, প্রস্তরজনক
Lapidist, *s.* মণি বা প্রস্তর ব্যবসায়ী [যে
Lapper, *s.* জড়ায় যে; চক্‌চক্ করিয়া খায়
Lappet, *s.* টুপির ঝোলা ভাগ
Lapse, *s. a flow,* ঝরণ, সরণ, বহিয়া-যাওন; *petty error,* চুক্, ত্রুটি, ভুল; *the lapse of time,* কালের গতি; *transfer of right from one to another,* কোন বিষয়ের অধিকার হস্তান্তর হওন
Lapse, *v. n. to glide slowly,* বহিয়া-যা; *to commit a fault,* ত্রুটি-কৃ, চুক্-কৃ, *to pass as a right,* অধিকার লুপ্ত-হ; *to lose the proper time,* উপযুক্ত সময়ে বহিয়া-যা; *to fall from perfection,* ধর্ম্ম ভ্রষ্ট-হ, ধর্ম্মচ্যুত-হ
Lapwing, *s.* টিটিভ, টিটির পক্ষী
Larboard, *s.* জাহাজের বামপার্শ্ব [ড়ামি
Larceny, *s.* ক্ষুদ্র চুরি, পাতি চুরি, হাত ছেঁচ
Larch, *s.* বৃক্ষবিশেষ
Lard, *s.* শূকরের চরবি, বসা
Lard, *v. a. to fatten,* পুষ্ট-কৃ, বসাযুক্ত-কৃ; *to mix with some thing else to improve it,* উত্তম করণার্থ দ্রব্যান্তর মিশ্রিত-কৃ
Larder, *s.* যে কুঠরীতে মাংস রাখা যায় বা লবণাক্ত করা যায়
Large, *a. big,* বিশাল, বড়, বৃহৎ, স্থূল; *wide,* প্রশস্ত, চওড়া; *abundant,* বহুল, বিস্তর, অনেক; *at large,* মুক্তি, খালাস; বাহুল্যরূপে [স্তরূপে, যথেষ্টরূপে
Largely, *ad.* বাহুল্যরূপে, বৃহৎরূপে, প্রশ
Largeness, *s.* বৃহত্ত্ব, বিপুলতা, বাহুল্য, প্রাশস্ত্য, বিস্তীর্ণতা, ওসার
Largess, *s.* পারিতোষিক, দান, বখ্‌শিস্
Lark, *s.* ভরত পক্ষী
Larva, *s.* কীটশাবক
Larum, *s.* শঙ্কাসূচক ধ্বনি; বিপদ্‌কালে শব্দকারি যন্ত্রবিশেষ
Lascar, *s.* এতদ্দেশীয় মল্লা বা খালাসি
Lascivious, *a.* কামী, কামুক, লম্পট, লোচ্চা, লটুয়া
Lasciviously, *ad.* লম্পটতারূপে, লোচ্চামিরূপে [লোচ্চামি
Lasciviousness, *s.* লাম্পট্য, কামুকতা,
Lash, *s.* কোড়া; কোড়ার আঘাত, কশাঘাত, চাবুকের ডগ
Lash, *v. a. to beat,* কোড়া-মার, কশাঘাত

Digitized by Google

Our, *pron. pos.* আমারদের, আমারদিগের, অস্মদীয়
Ourselves, *pron. recip.* আমরা, আপনারা, স্বয়ং, মোরা [য়া-দা
Oust, *v. a.* বহিষ্কৃত-কৃ, অপদস্থ-কৃ, ছাড়িয়া-দা
Out, *ad. not within,* ভিতরে নহে, বাহিরে ; *not at home,* বাহ্যে, ঘরের বাহিরে ; *not in office,* পদচ্যুত ; *to the end,* শেষ

Digitized by Google

পর্য্যন্ত; *loudly*, উচ্চস্বরে; *in an error*, ভ্রমে
Out, *interj.* দূর, বাহির, তফাৎ
Out of, *prep. from*, হইতে; *out of season*, অকালে; *out of doors*, ঘরের বাহিরে; *out of your way*, তোমার পথের বাহিরে; *out of character*, স্বভাবের বিপরীতে; *out of hearing*, কর্ণের অগোচরে; *out of hand*, এইক্ষণে
Outact, *v. a.* অতিরিক্ত-কৃ, অন্যাপেক্ষা অধিক-হ
Outbalance, *v. a.* পরিমাণে অধিক-হ
Outbid, *v. a.* অন্যাপেক্ষা অধিক মূল্য-ডাক
Outbound, *a.* দেশান্তরে গমনোদ্যত
Outbrave, *v. a.* অধিক জাঁক বা সাহসে পরাজয়-কৃ [জয়-কৃ
Outbrazen, *v. a.* নির্লজ্জাপূর্ব্বক অন্যকে
Outbreak, *s.* বাহির হওন; ব্রণ, ফুস্‌কুড়ি
Outcast, *s.* ত্যক্ত বা পতিত ব্যক্তি, চণ্ডাল, জাতিভ্রষ্ট
Outcraft, *v. a.* অধিক ধূর্ত্ততা বা চাতুরী প্রকাশ-কৃ [*auction*, নীলাম
Outcry, *s.* চীৎকার, কলরব, গোল, সোর;
Outdo, *v. a.* অন্য হইতে অধিক-হ, অধিক শ্রেষ্ঠ-হ
Outer, *a.* বহিস্থ, বাহ্য, বাহিরের
Outermost, *a.* সর্ব্ববহিস্থ, সকলের বাহিরে
Outgate, *s.* বহির্দ্বার, বাহিরের দ্বার
Outgo, *v. a.* অতিক্রম-কৃ, অন্য হইতে আগে-যা [-হ
Outgrow, *v. a.* অধিক-বাড়, অধিক বর্দ্ধিত
Outguard, *s.* বাহিরের থানা বা চৌকি
Outhouse, *s.* ঘরের বহিস্থ কুঠরীপ্রভৃতি
Outknave, *v. a.* অন্যাপেক্ষা অধিক ধূর্ত্ততা প্রকাশ-কৃ [চলিত
Outlandish, *a.* বিদেশীয়, অন্য দেশীয়; অ
Outlast, *v. a.* অধিক কাল-টেঁক
Outlaw, *s.* যে চোর ডাকাইত প্রভৃতি অপরাধিরা সর্ব্ব বিষয়ে অব্যবহার্য্য
Outlawry, *s.* দস্যু প্রভৃতিকে অব্যবহার্য্য করণের আজ্ঞা [খাল
Outlet, *s.* মোহানা, নির্গমনের পথ, নালা,
Outline, *s.* চিত্রের পূর্ব্বাঙ্ক, অবয়বের চাঁচ, নক্সা, পাণ্ডুলেখ্য

Outlive, *v. a.* অন্য হইতে অধিক কাল বাঁচিয়া-থাক [বাহ্য
Outlying, *pa. a.* পথের বহির্ভূত, শৃঙ্খলার
Outmarch, *v. a.* অন্যকে পাছে ফেলিয়া-চল
Outmeasure, *v. a.* পরিমাণে অধিক-হ
Outmost, *a.* অতি বহিস্থ, সর্ব্বাপেক্ষা দূরস্থ
Outnumber, *v. a.* সংখ্যাতে অধিক বা বেশী-হ
Outpour, *v. a.* স্রোতের ন্যায়-ঢাল
Outpost, *s.* সৈন্যেরদের বাহিরে চৌকি
Outprize, *v. a.* নিরূপিত মূল্যের অধিক-হ
Outrage, *s.* দৌরাত্ম্য, অতিক্রম, অত্যাচার, উপদ্রব
Outrage, *v. a.* দৌরাত্ম্য-কৃ, উৎপাত-কৃ, অত্যাচার-কৃ
Outrageous, *a.* উপদ্রবী, অত্যাচারী, অন্যায়ী; *excessive*, অত্যন্ত, অতিশয়, আত্যন্তিক [রূপে
Outrageously, *ad.* অতিক্রম বা অত্যাচার
Outrageousness, *s.* অতিক্রম, উপদ্রব
Outre, *a.* অধিক, অসম্ভব, অসঙ্গত
Outreach, *v. a.* গমনে অতিক্রম-কৃ
Outride, *v. a.* অশ্বারোহণে অন্যকে ফেলিয়া-যা [রূপে
Outright, *ad.* এইক্ষণে, এইমাত্র; সম্পূর্ণ
Outroar, *v. a.* অন্যাপেক্ষা অধিক চেঁচাও
Outroot, *v. a.* সমূলোৎপাটন-কৃ, উচ্ছিন্ন-কৃ, উন্মূলন-কৃ [-ফেল
Outrun, *v. a.* দ্রুত গমনে অন্যকে পশ্চাৎ
Outsail, *v. a.* নৌকা বা জাহাজ যাওনে অন্যকে পাছে-ফেল
Outset, *s.* আরম্ভ, আরম্ভ সময়
Outsel, *v. a.* অন্যাপেক্ষা অধিক মূল্যে বিক্রয়-কৃ [উজ্জ্বল-হ
Outshine, *v. a.* অন্যাপেক্ষা অধিক
Outshoot, *v. a.* অন্যাপেক্ষা অধিক দূরে গুলি প্রক্ষেপ-কৃ
Outside, *s.* *surface*, বহির্ভাগ, উপরের দিগ, বহির্দ্দিগ; *extreme part*, অন্তর; *outward appearance*, বহির্দর্শন
Outsit, *v. a.* অতিরিক্ত কাল-বস
Outskirts, *s.* শহরতলি, নগরের বাহ্য
Outsleep, *v. a.* অতিরিক্ত নিদ্রা-কৃ
Outspread, *v. a.* বিস্তীর্ণ-কৃ, ব্যাপ্ত-কৃ, ছড়া

Digitized by Google

Outstare, *v. a.* স্থির দৃষ্টিতে কোন ব্যক্তির প্রতি অবলোকন করিয়া লজ্জিত-কৃ
Outstretch, *v. a.* বিস্তীর্ণ-কৃ, লম্বা-কৃ, টানিয়া বড়-কৃ
Outstrip, *v. a.* গমনে বা ধাবনে অন্যকে পশ্চাৎ-ফেল [কে জয়-কৃ
Outswear, *v. a.* অধিক শপথ দ্বারা অন্য
Outtalk, *v. a.* অধিক কথা কহনে অন্যকে পরাস্ত-কৃ [-হ
Outvie, *v. a.* অন্যাপেক্ষা সরস বা শ্রেষ্ঠ
Outvote, *v. a.* অধিক লোকের সম্মতি প্রাপ্ত হওয়াতে জয়ী-হ
Outwalk, *v. a.* গমনে অন্যকে পশ্চাৎ-ফেল
Outwall, *s.* বাহিরের প্রাচীর
Outward, *a. external,* বাহ্য, বাহির ; *visible,* দৃশ্য হয় যাহা ; *carnal,* শারীরিক
Outward, *ad.* বহির্দিগে, বাহিরে, বিদেশে
Outwardly, *ad.* মৌখিকে, বাহ্যরূপে, দৃশ্য ভাবে
Outwards, *ad.* বহির্দিগে, বাহিরে
Outwear, *v. a.* কষ্টে কালযাপন-কৃ
Outweigh, *v. a.* পরিমাণে গুরুতর-হ
Outwit, *v. a.* ফাকি দিয়া অন্যকে পরাজয়-কৃ
Outworks, *s.* দুর্গের বহিরঙ্গ
Outworn, *pa.* বার্দ্ধক্য বা ব্যবহার করণ প্রযুক্ত জীর্ণ
Owe, *v. a.* ঋণী-হ, দেনাদার-হ, ধার ; *to be the cause of,* কোন বিষয়ের কারণ-হ
Owl, Owlet, *s.* পেচক, পেচা, উলূক, নিশাচর
Own, *pron.* স্বীয়, স্বকীয়, আপনার, নিজের
Own, *v. a. to acknowledge,* স্বীকার-কৃ ; *to possess,* প্রাপ্ত-হ, অধিকারী-হ ; *to confess,* কবুল-কৃ
Owner, *s.* স্বামী, অধিকারী, প্রভু, মালিক
Ownership, *s.* স্বত্ব, স্বামিত্ব, অধিকার, মালিকী
Ox, *s. pl.* Oxen, বলীবর্দ্দ, দামড়া, বলদ
Oxycrate, Oxymel, *s.* সির্কা ও জলমিশ্রিত পেয় দ্রব্য
Oxygen, *s.* অম্লজান, আক্সিজন
Oyer, *v. n.* শ্রবণ-কৃ,
Oyes, *v.* শ্রবণ-কর, শুন
Oyster, *s.* কস্তূরা

P

P, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার ষোড়শ অক্ষর
Pabular, Pabulous, *a.* আহার বা ভক্ষ্য সম্বন্ধীয়
Pabulum, *s.* আহার
Pace, *s. step,* এক পদ, পদ বিক্ষেপ, কদম ; *gait,* গতি, চাইল ; *a measure,* পরিমাণ বিশেষ ; *to keep pace with,* তুল্য২ গমন-কৃ
Pace, *v. n.* ধীরে২ গমন-কৃ
Pace, *v. a.* পদ দ্বারা মাপ
Pacific, *a.* মৃদু, শান্ত, শান্তিকর, বিবাদ ভঞ্জক [সন্ধি, মেল
Pacification, *s.* সন্ধি করণ, শান্তি করণ,
Pacificator, *s.* মধ্যস্থ, সন্ধি বা শান্তিকারক, বিবাদভঞ্জক
Pacific-*ocean*, *s.* প্রশান্ত সাগর
Pacifier, *s.* মধ্যস্থ, মেলকারক [সুস্থির-কৃ
Pacify, *v. a.* শান্ত-কৃ, থামা, ঠাণ্ডা-কৃ,
Pack, *s. a bundle,* গাঁটরি, গাঁইট, বোচ্‌কা, বস্তা, পুলিন্দা, মোট ; *a due number of cards,* এক যোড়া তাস ; *a number of hounds hunting together,* যত কুকুর একত্র সিকার করে ; *a pack of rogues,* দস্যুর দল
Pack, *v. a.* গাঁইট বন্দি-কৃ, বস্তাবন্দি-কৃ, মোট-বাঁধ ; *to send in a hurry,* শীঘ্র প্রেরণ-কৃ ; *to unite picked persons in a bad design,* মন্দাভিপ্রায়ে লোক বাচিয়া একত্র-কৃ [মোট
Package, *s.* গাঁইট, বোচ্‌কা, পুলিন্দা,
Packcloth, *s.* গাইট বন্ধনী কাপড়
Packer, *s.* গাঁইট বা মোট বন্ধকারী
Packet, *s. a mail of letters,* ডাকের পুলিন্দা ; *a swift ship which bears letters,* ডাকের পত্র বাহক শীঘ্রগামি জাহাজ ; *a small bundle,* ক্ষুদ্র মোট বা পুলিন্দা
Packhorse, *s.* ভারবাহক অশ্ব
Packsaddle, *s.* পালান, ভার বহনীয় পশুর পৃষ্ঠের গদি
Packthread, *s.* গাঁইট বন্ধনার্থ দড়ি [বন্ধ
Pact, Paction, *s.* নিয়ম, নির্দ্ধারণ, বন্দো
Pad, *s. a foot path,* গলি, ক্ষুদ্র পথ ; *a*

Digitized by Google

robber, চোর; *an easy paced horse*, ধীরগামি অশ্ব; *a low soft saddle*, অশ্ব পৃষ্ঠের গদি
Pad, *v. n.* মন্দ২ গতি-কৃ, বাট্পাড়ি-কৃ
Paddle, *v. n.* বটিয়া-বাহ; জলক্রীড়া-কৃ
Paddle, *s.* বটিয়া, ক্ষুদ্র দাঁড়, কেরওয়াল
Paddock, *s.* বড় বেঙ্গ; *an enclosure*, জন্তু থাকনার্থ বেষ্টিত স্থান, খোঁয়াড়ি
Paddy, *s.* ধান্য, ধান
Padlock, *s.* তালা, কুলুপ
Pæan, *s.* জয়ধ্বনি, জয়সূচক গান
Pagan, Painim, *s.* দেবপূজক, দেবার্চ্চক
Paganism, *s.* দেবপূজকের মত বা ধর্ম্ম
Page, *s. one side of the leaf of a book*, পৃষ্ঠ, পাত, পেজ; *a young boy attending on the great*, ভাগ্যবন্ত লোকেরদের ছোকরা চাকর
Page, *v. n.* পত্রাঙ্ক-কৃ, পৃষ্ঠে চিহ্ন-দা
Pageant, *s.* সমারোহ, ঘটা, জাঁকজমক
Pageant, *a.* জাঁকাল, আড়ম্বরী
Pageantry, *s.* জাঁকজমক, আড়ম্বর
Pagod, *s.* দেবমূর্ত্তি, প্রতিমা
Pagoda, *s.* দেবালয়
Pail, *s.* কাষ্ঠপাত্র, কেঠুয়া, বাল্তি
Pain, *s. punishment*, দণ্ড; *uneasiness*, বেদনা, ব্যথা, ক্লেশ, দুঃখ; *anxiety*, উদ্বিগ্ন; *pains*, শ্রম, পরিশ্রম; *pains of childbirth*, প্রসব বেদনা
Pain, *v. a.* দুঃখ-দা, ব্যথা-কৃ, বেদনা-কৃ, পীড়া-দা, যন্ত্রণা-দা
Painful, *a.* পীড়াজনক, দুঃখদায়ক, ক্লেশ [দায়ক
Painfully, *a.* ব্যথারূপে, দুঃখপূর্ব্বক, বেদনাপূর্ব্বক; পরিশ্রমপূর্ব্বক
Painfulness, *s.* পীড়া, ব্যথা, যাতনা, দুঃখ, জ্বালা
Painless, *a.* নিষ্পীড়, অব্যথিত, বেদনা [রহিত
Painstaker, *s.* পরিশ্রমি ব্যক্তি, কর্ম্মঠ, আয়াসকারী
Paint, *s.* রং, বর্ণ
Paint, *v. a. to represent by colors*, চিত্র-কৃ; *to describe*, বর্ণনা-কৃ, বিবরণ-কৃ; *to cover with colour*, কোন রং-দা
Paint, *v. n.* গালে রং-মাখ
Painter, *s.* চিত্রকর, পটুয়া, রঙ্গরেজ [ছবি
Painting, *s.* চিত্রবিদ্যা, চিত্র; *a picture*,
Pair, *s.* যোড়া, জমক, যুগ্ম; *a man and wife*, স্ত্রী পুরুষ, দম্পতী; *a couple*, যুড়ি, এক জাতীয় দুই
Pair, *v. a.* যুগ্ম-কৃ, যোড়-দা, যোগ-কৃ, মৈ [থুন-কৃ
Palace, *s.* রাজবাটী, রাজগৃহ
Palanquin, *s.* পাল্কি, নাল্কি, মেয়ানা, বুচা, যান, বাহন
Palatable, *a.* সুস্বাদু, সুরস, রুচির
Palate, *s.* মুখের তালু, তালুয়া; *taste*, স্বাদ, তার
Palatic, *a.* তালু সম্বন্ধীয়
Palaver, *s.* মিথ্যা বকাবকি
Pale, *a.* মলিন, ম্লান, ফিঁকা, পিঙ্গলবর্ণ, পাণ্ডু
Pale, *s. railing*, খুঁটি, গরাদিয়া; *any district*, প্রদেশ
Pale, *v. a.* গরাদিয়ার দ্বারা বেষ্টন-কৃ
Palefaced, *a.* মলিন মুখ বা ম্লান বদন বিশিষ্ট
Paleous, *a.* খোসাযুক্ত, সতুষ [বৈবর্ণ্য
Paleness, *s.* মুখের মালিন্য, পাণ্ডাসবর্ণ,
Palette, *s.* চিত্রকরের রঙ্গের পাত্র [ঘোড়া
Palfrey, *s.* বিবি লোকের উপযুক্ত ক্ষুদ্র
Palisade, Palisado, *s.* গরাদিয়া, কাঠগড়া, বেড়ার খুঁটি
Palish, *a.* ঈষৎ পিঙ্গল বর্ণ, ম্লানবৎ
Pall, *s.* শবাচ্ছাদন; *archbishop's mantle*, ধর্ম্মাধ্যক্ষের ব্যবহৃত জামা
Pall, *v. a. to make insipid*, পান্সিয়া-হ, বিস্বাদু-হ; *to weaken*, দুর্ব্বল-কৃ, ক্ষীণ-কৃ
Pallet, *s.* কদর্য্য শয্যা, মন্দ বিছানা
Palliate, *v. a.* দোষাচ্ছাদন-কৃ, দোষ লঘু-কৃ, ওজর-কৃ; উপশম-কৃ
Palliation, *s.* দোষাচ্ছাদন, দোষ লঘু করণ, ওজর করণ, উপশম
Palliative, *a.* দোষ লঘুকারক, দোষাবরণ কারী, উপশমকারক
Pallid, *a.* ম্লান, মলিন, বিবর্ণ, ফিঁকা, নিস্তেজ
Pallmall, *s.* দাণ্ডাগুলি খেলাবিশেষ
Palm tree, *s. a tree*, নারিকেল জাতীয় বৃক্ষের সাধারণ নাম; *victory*, জয়; *the inner part of the hand*, হাতের তালু
Palm, *v. a.* মুষ্টিতে গোপন-কৃ; ঠগা, প্রবঞ্চনা-কৃ
Palmer, *s.* যাত্রী
Palmetto, *s.* তালগাছবিশেষ

Digitized by Google

Palmipede, *a.* হংসের ন্যায় পদবিশিষ্ট
Palmistry, *s.* সামুদ্রিক বিদ্যা, হাত দেখিয়া ভাবি কথন বিদ্যা
Palmy, *a.* ভালজনক; *happy*, শুভ, সুখী
Palpable, *a. perceptible by the touch*, স্পর্শের দ্বারা অনুভবনীয়; *plain*, স্পষ্ট, প্রত্যক্ষ, প্রকাশ [প্রকাশরূপে
Palpably, *ad.* স্পষ্টরূপে, প্রত্যক্ষরূপে,
Palpitate, *v. a.* কাঁপ, থর২-কৃ, ধুক্২-কৃ
Palpitation, *s.* কাঁপনি, থরথরাণি, ধুক্২ করণ
Palsied, *a.* পক্ষাঘাতী, অর্দ্ধাঙ্গ রোগগ্রস্ত, অবশাঙ্গ [ঙ্গতা
Palsy, *s.* পক্ষাঘাত, অর্দ্ধাঙ্গ রোগ, অবশা
Palter, *v. n.* ঠগা, ছল-কৃ
Paltry, *a.* ক্ষুদ্র, নীচ, অধম, কুৎসিত, হেয়
Paltriness, *s.* কুৎসিতত্তা, অধমতা
Pamper, *v. a.* অতিরিক্ত ভোজন-কৃ, দেহ পুষ্ট-কৃ
Pamphlet, *s.* টাকা ক্ষুদ্র বহী [লেখক
Pamphleteer, *s.* উপরি উক্ত প্রকার বহী
Pan, *s. a small vessel*, কড়াই, পাত্র; *the part of the gun which holds the powder*, বন্দুকের রঞ্জক ঘর; *any thing hollow*, খোলবিশিষ্ট বস্তু
Panacea, *s.* সর্ব্বরোগ নাশক ঔষধ
Pancake, *s.* পিষ্টক, আস্কিয়া পিটা
Pandect, *s.* কোন শাস্ত্রের বিশেষতঃ স্মৃতি শাস্ত্রের তাবৎবৃত্তান্ত [সভাস্থান
Pandemonium, *s.* নরক, দুষ্টাত্মারদের
Pandemic, *a.* সর্ব্বলোক ঘটিত
Pander, *s.* কোটনা, ভেড়ুয়া
Pandiculation, *s.* পালা জ্বরের আরম্ভে বা নিবৃত্তি সময়ে কম্প
Pane, *s.* চারিকোণা পরকলা
Panegyric, *s.* কীর্ত্তিবর্ণনা, স্তব, স্তোত্র, গোঁড়ামি
Panegyrical, *a.* স্তবকারী, প্রশংসক
Panegyrist, *s.* ভাট, স্তাবক, স্তুতিপাঠক
Panel, *s.* কপাটের খোপ; *jury roll*, যে ফর্দ্দে জুরিরদের নাম লেখা থাকে
Pang, *s.* যন্ত্রণা, যাতনা, হঠাৎ বেদনা, শূল
Panic, *s.* হঠাৎ বা বিনা কারণে ভয়, আতঙ্কা, ত্রাস [বা আসন
Pannel, *s.* পশু পৃষ্ঠের অপকৃষ্ট প্যালান্
Pannier, *s.* পশু পৃষ্ঠের গোঁয়ারা বা ঝোড়া
Panoply, *s.* পাদ অবধি মস্তক পর্য্যন্ত এক যোড়া শস্ত্র [নিশ্বাস-ফেল
Pant, *v. n.* হাঁপা, ঢোঁকা, থর২-কৃ, কষ্টে
Pantaloon, *s.* পাজামা, ইজার [মন্দির
Pantheon, *s.* রোম নগরস্থ দেব সমূহের
Panther, *s.* ব্যাঘ্রবিশেষ, চিতা বাঘ
Pantler, *s.* রাজগৃহে যাহার জিম্মায় রুটি থাকে
Pantomine, *s.* সংকর্ত্তা, সং, ভাঁড়, মস্করা
Pantry, *s.* বোতোলখানা
Pap, *s.* স্তনাগ্র, স্তনের বোঁট; *food for children*, বালকেরদের ভক্ষণার্থ নরম অন্ন
Papa, *s.* স্নেহোক্তিতে পিতা, বাপ, বাপা
Papacy, *s.* রোমীয় প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ
Papal, *a.* উপরি উক্ত ধর্ম্মাধ্যক্ষের পদ সম্বন্ধীয় [*pers*, দলিল দস্তাবেজ
Paper, *s.* কাগজ, লিখিবার পত্র; *pa-*
Papermaker, *s.* কাগজি, কাগজনির্ম্মাতা
Papermill, *s.* কাগজের কল
Papilio, *s.* পদ্মাবর্ত্তী, প্রজাপতি
Papillary, Papillous, *a.* স্তনাকৃতি
Papist, *s.* রোমান কাতোলিক মতাবলম্বী
Papistical, *a.* রোমান কাতোলিকেরদের মত সম্বন্ধীয়
Pappy, *a.* কোমল, নরম [তা
Par, *s.* তুল্যতা, সমানতা, সমতা, তুল্যমূল্য
Parable, *s.* উপদেশার্থক বাক্য, দৃষ্টান্ত, উপমা
Parabolical, *a.* দৃষ্টান্ত বা উপমা সম্বলিত
Parabolically, *ad.* দৃষ্টান্তরূপে, উপমা পূর্ব্বক [বক্র
Paracentrical, *a.* গোলাকৃতি হইতে কিঞ্চিৎ
Paraclete, *s.* সান্ত্বনাকারক, মধ্যস্থ
Parade, *s.* সৈন্যেরদের কাওয়াজের স্থান; *shew*, ঘটনা, সমারোহ, ধুমধাম
Parade, *v. a.* সমারোহ-কৃ, ধুমধাম-কৃ, জাঁক জমক-কৃ
Paradigm, *s.* ক্রিয়াপদের রূপ
Paradise, *s.* স্বর্গ, সুখস্থান, বৈকুণ্ঠ, দেব লোক
Paradisiacal, *a.* স্বর্গীয়, স্বর্গতুল্য
Paradox, *s.* অসম্ভব কথা, কথনে অসম্ভব বুঝাইয়া বিবেচনাতে সিদ্ধ হয় যে কথা

Digitized by Google

Paradoxical, *a.* পূর্ব্বোক্ত কথার ভাব সম্বন্ধীয় [বা ব্যক্তি, আদর্শ, নমুনা
Paragon, *s.* অতি উত্তম বা অদ্বিতীয় বস্তু
Paragraph, *s.* কথার পরিচ্ছদ, প্রকরণ, বাক্যের অঙ্গ
Parallax, *s.* পৃথিবী হইতে সূর্য্যাদি গ্রহ দর্শন করিলে দৃষ্ট স্থান ও প্রকৃত স্থানের মধ্যে যে বৈলক্ষণ্য তাহা
Parallel, *s. a continuous line equidistant from another continuous line,* সম সরল রেখা, যে রেখা অন্য রেখা হইতে প্রথম অবধি শেষ পর্য্যন্ত সমান অন্তর থাকে; *resemblance,* তুল্যতা, অনুরূপ
Parallel, *a.* সম সরল, অবক্র, সোজা, বরা বর সমান
Parallelism, *s.* সম সরলতা [ক্ষেত্র
Parallelogram, *s.* চতুষ্কোণ, সম দ্বিভুজ
Paralogism, Paralogy, *s.* অসিদ্ধ যুক্তি, সদোষ বিতর্ক
Paralysis, *s.* অবশাঙ্গ রোগ, পক্ষাঘাত
Paralytic, *a.* অবশাঙ্গ, পক্ষাঘাতী, অর্দ্ধাঙ্গ রোগগ্রস্ত [অঙ্গাবশ-কৃ
Paralyze, *v. a.* পক্ষাঘাতি ব্যক্তির ন্যায়
Paramount, *a.* প্রধান, বড়, মহান্, শ্রেষ্ঠ
Paramount, *s.* শ্রেষ্ঠ ব্যক্তি
Paramour, *s.* জার, উপপতি, নাং, প্রেমনা; উপপত্নী, প্রেমনী
Parapet, *s.* বুকপর্য্যন্ত প্রাচীর
Paraphernalia, *s.* স্ত্রীধন, যৌতুক
Paraphrase, *s.* টীকা, টিপ্পনী, ব্যাখ্যা
Paraphrase, *v. n.* আলগারূপে টিপ্পনী-কৃ বা অর্থ-কৃ
Paraphrast, *s.* বহু ব্যাখ্যাকারক
Paraphrastical, *a.* টিপ্পনীর ন্যায়, বহু ব্যাখ্যাবিশিষ্ট [মাণ প্রায় তিন ক্রোশ
Parasang, *s.* পারস দেশের পূর্ব্বকার পরি
Parasite, *s.* স্তাবক, চাটুবাদী, খোসামোদী
Parasitical, *a.* খোসামুদে, চাটুবাদী, স্তুতি কারক
Parasol, Parapluye, *s.* ছত্র, ক্ষুদ্র, আতপত্র
Parboil, *v. a.* অর্দ্ধসিদ্ধ-কৃ, অর্দ্ধপাক-কৃ
Parcel, *s. a small bundle,* ক্ষুদ্র পুলিন্দা, পুঁটলি, গাঁটরি; *a part of the whole,* ভাগ, অংশ; *a number or quantity,* কতক, কতকগুলা
Parcel, *v. a.* অংশাংশ-কৃ, ভাগ-কৃ, বন্টন -কৃ
Parcenary, *s.* সাধারণ অধিকার [যুক্ত-কৃ
Parch, *v. a.* ভাজা, ঝলসা, খরা; *to dry,*
Parch, *v. n.* আধপোড়া-হ [পার্চমেন্ট
Parchment, *s.* লিখনার্থ পরিষ্কৃত চর্ম্ম,
Pard, Pardale, *s.* চিতা বাঘ
Pardon, *s.* ক্ষমা, মার্জনা, বিমোচন, দণ্ড হইতে মুক্তি, মাফ
Pardon, *v. a.* ক্ষমা-কৃ, দোষমার্জন-কৃ, দণ্ড বিমোচন-কৃ, মাফ-কৃ [নীয়
Pardonable, *a.* ক্ষমণীয়, ক্ষমাযোগ্য, মার্জ্জ
Pardonably, *ad.* মার্জনীয়স্বরূপে
Pare, *v. a.* নখাদি-কাট, ছাট, আগাগো ড়া কাটিয়া ছোট-কৃ [ঔষধ
Paregoric, or Paragoric, *a.* স্নিগ্ধকারি
Parent, *s.* পিতা বা মাতা, জনক বা জননী, মা বাপ
Parentage, *s.* জন্ম, বংশ, গোত্র, কুল
Parental, *a.* পিতা মাতা সম্বন্ধীয়, পিতা মাতার উপযুক্ত
Parenthesis, *s.* অপ্রধান বাক্য জ্ঞাপনার্থ তাহার উভয়পার্শ্বে যে অর্দ্ধচন্দ্রাকৃতি রে খা দেওয়া যায়, যথা ( )
Parenticide, *s.* পিতৃ মাতৃ হত্যা [অস্ত্র
Parer, *s.* ছোলে বা ছাটে যে; ছাটনের
Parhelion, *s.* কৃত্রিম সূর্য্য, সূর্য্যাভাস
Parietal, *a.* প্রাচীর বা ভিত্তি সম্বন্ধীয়
Paring, *s.* ছাল, খোসা, ছিলকা
Parish, *s.* ইঙ্গলণ্ড দেশে পৌরোহিত্যের এলাকা; প্রদেশ, পাড়া
Parishioner, *s.* পূর্ব্বোক্ত পাড়া বা প্রদেশ বা গ্রাম বাসী [রিস নগর নিবাসী
Parisian, *s.* ফ্রান্স দেশীয় রাজধানী পা
Parisyllabical, *a.* তুল্য বর্ণ বা স্বর বিশিষ্ট
Parity, *v. a.* তুল্যতা, সমতা, সাদৃশ্য
Park, *s.* উদ্যান, উপবন, মৃগালয়
Parley, or Parle, *s.* কথোপকথন, সন্ধির মৌখিক প্রসঙ্গ
Parley, *v. n.* কথোপকথন-কৃ, বাক্যের দ্বারা সন্ধি করণার্থ চেষ্টা-পা
Parliament, *s.* পার্লিমেন্ট, ইঙ্গলণ্ড দেশের সর্ব্ব কর্ত্তৃত্বকারি সভা
Parliamentary, *a.* পার্লিমেন্ট সম্বন্ধীয়, পার্লিমেন্টের রীত্যনুসারে

Digitized by Google

Parlour, *s.* সভার দালান, বৈঠকখানা
Parochial, *a.* ইঙ্গলণ্ড দেশের নানাপল্লী সম্বন্ধীয়
Parody, *s.* প্রকৃত লিখনের ন্যায় লিখিয়া অভিপ্রায় পরিবর্ত্তন করণ
Parody, *v. a.* পূর্ব্বোক্ত মতে রচনা-কৃ
Parole, *s.* বাক্ প্রতিজ্ঞা, শত্রুর হস্তগত হইয়া কোন ব্যক্তি মুক্ত হওনার্থ দেশ হইতে গমন করিব না বলিয়া যে প্রতিজ্ঞা করে
Paronymous, *a.* অন্য বাক্যের তুল্য
Paroquet, *s.* শুক, তোতা পক্ষী [শয্যা
Paroxysm, *s.* রোগের উপসর্গ বা আর্ত্তি
Parricidal, *a.* পিতৃহত্যাকারী [ঘাতী
Parricide, *s.* পিতৃহত্যা; পিতৃহন্তা, পিতৃ
Parrot, *s.* শুক, তোতা, টিয়া, কাজলা
Parry, *v. n.* আঘাতঅবরোধ-কৃ, চোট হইতে রক্ষা-পা
Parse, *v. a.* ব্যাকরণানুসারে পদ-সাধ বা অন্বয় নিরূপণ-কৃ [কসা, ব্যয়কুণ্ঠ
Parsimonious, *a.* কৃপণ, কাপ্টিয়া, হাত
Parsimoniously, *ad.* কার্পণ্যরূপে, হাত কসারূপে
Parsimony, *s.* কার্পণ্য, কৃপণতা, ব্যয়কুণ্ঠতা
Parsley, *s.* রন্ধনে ব্যবহৃত শাক
Parsnip, *s.* ভক্ষণীয় মূলবিশেষ
Parson, *s.* যাজক, পুরোহিত, উপদেশক
Parsonage, *s.* যাজকত্ব, পৌরোহিত্য
Part, *s. something less than the whole,* ক্রিয়দংশ, খণ্ড, অবয়ব, অঙ্গ; *share,* অংশ, ভাগ, হিস্যা; *party,* পক্ষ; *particular office,* এলাকা; *duty,* কর্ত্তব্য কর্ম্ম; *parts,* ভিন্ন দেশ; *for the most part,* প্রায়
Part, *v. a. to share,* অংশ-কৃ, ভাগ-কৃ, বণ্টন-কৃ; *to separate,* পৃথক্-কৃ, তফাৎ-কৃ; *to break in pieces,* খণ্ড-কৃ
Part, *v. n. to be separated,* পৃথক্-হ, বিভিন্ন-হ; *to quit each other,* পরস্পর ছাড়িয়া-যা; *to take farewell,* বিদায়-লং; *to part with,* ত্যজ, ত্যাগ-কৃ [-হ
Partake, *v. n.* অংশী-হ, ভাগী-হ, সম্ভোগী
Partaker, *s.* অংশী, ভাগী, হিস্যাদার
Parterre, *s.* গৃহের সম্মুখবর্ত্তি ভূমি; পুষ্পোদ্যান

Partial, *a. inclined to favour one side,* পক্ষপাতী মুখাপেক্ষী, গণতাকারী; *not general,* অসাধারণ, অসার্ব্বত্রিক
Partiality, *s.* পক্ষপাত, মুখাপেক্ষা, গণতা
Partialize, *v. a.* পক্ষপাত-কৃ
Partially, *ad.* পক্ষপাত বা মুখাপেক্ষা পূর্ব্বক; একাংশে, অসম্পূর্ণরূপে
Participant, *a.* অংশী, ভাগী
Participate, *v. n.* অংশী-হ, সম্ভোগী-হ, ভাগী-হ
Participation, *s.* সহভোগ, সম্ভোগ [-পদ
Participle, *s.* কৃদন্ত বা অসমাপক ক্রিয়া
Particle, *s.* অণু, পরমাণু, কণা, ক্ষুদ্র বস্তু; *a word not varied by inflection,* অব্যয় শব্দ
Particular, *a. not general,* অসাধারণ, বিশেষ; *individual,* স্বতন্ত্র, পৃথক; *intimate,* অন্তরঙ্গ
Particular, *s.* বিশেষ বিষয়
Particulars, *s.* বিবরণ, বেওরা
Particularity, *s.* বিশেষ, প্রভেদ
Particularize, *v. a.* বিশেষ করিয়া-কথ, বিস্তার করিয়া-কহ
Particularly, *ad.* বিশেষতঃ, বিশেষরূপে
Partizan, *s.* পক্ষপাতী, দলভুক্ত ব্যক্তি
Partition, *s.* বিভাগ করণ; বিভাগ, অংশ, বণ্টন; *that by which any thing is separated,* পর্দা, যবনিকা [কতক
Partly, *ad.* একভাগে, কিছু, একাংশে,
Partner, *s.* অংশী, ভাগী, সঙ্গী সরিক
Partnership, *s.* অংশিত্ব, অংশাংশি, ভাগাভাগি
Partridge, *s.* তিতির পক্ষী
Parts, *s.* গুণ, বুদ্ধি, ক্ষমতা
Parturient, *a.* প্রসবকারিণী, উৎপাদিকা
Parturition, *s.* প্রসব, প্রসব করণ
Party, *s. a faction,* দল, সম্প্রদায়, সমাজ; *one of two litigants,* মোকদ্দমার বাদী বা প্রতিবাদী; *side,* পক্ষ, দিগ, তরফ; *a select assembly,* বিশেষ ব্যক্তিরদের সমাগম; *a particular person,* বিশেষ ব্যক্তি, জন; *detachment of soldiers,* সৈন্যের ক্ষুদ্র দল
Party-coloured, *a.* বিচিত্র, নানারঙ্গী
Paschal, *a.* য়িহুদীয়েরদের বিশেষ পর্ব্ব

Digitized by Google

Pasquin, Pasquinade, *s.* অপবাদ বা ঠাট্টা সূচক কবিতা

Pass, *v. n. to go,* গম, পার-হ, উত্তীর্ণ-হ; *to vanish,* বহিয়া-যা, অতীত-হ, অন্তর্ধান-হ; *to be at an end,* শেষ-হ; *to be enacted,* আইনরূপে স্থাপিত-হ; *to become current,* চলন-হ; *to occur,* ঘট, হ; *to pass sentence,* দণ্ডাজ্ঞা-কৃ; *to pass away,* চলিয়া-যা

Pass, *v. a. to go through,* ভেদ করিয়া-চল; *to spend,* কালযাপন-কৃ; *to strain,* ছাঁক; *to pronounce,* কহ; *to neglect,* চুক, ছাড়িয়া-যা; *to transcend,* উত্তম বা সরস-হ; *to impose on,* ফাকি-দা, ভোগা-দা; *to pass by,* দোষ মার্জন-কৃ; *to pass over,* ছাড়িয়া-যা, ভুলিয়া-যা

Pass, *s. a narrow entrance,* কম চৌড়া পথ; *a permission to go or come,* গমনাগমনের পরওয়ানা, দস্তক; *a passage,* পথ; *a push,* অস্ত্রাঘাত, ধাক্কানি; *a condition,* দশা, অবস্থা

Passable, *a.* গমনীয়, তরণীয়, গন্তব্য, চলন

Passade, Passado, *s.* ধাক্কা, ঠেস্

Passage, *s. act of passing,* গমন করণ, চলন; *journey,* যাত্রা; *way,* পথ, গলি, সুঁড়ি পথ; *incident,* ঘটনা; *single place in a book,* গ্রন্থের এক স্থল [চড়নদার

Passenger, *s.* পথিক, যাত্রী, আরোহী,

Passible, *a.* ভোগ্য, সুখদুঃখ ভোগক্ষম

Passing, *pa. a.* প্রধান, অত্যুত্তম, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট

Passing-*bell*, *s.* মৃত্যুকালীন ঘন্টাধ্বনি

Passion, *s. emotion of the mind,* ভোগ, সুখ, দুঃখ; *anger,* রাগ, ক্রোধ; *zeal,* উত্তেজনা, ব্যগ্রতা; *love,* প্রেম, স্নেহ; *desire,* ইচ্ছা, অভিলাষ; *suffering,* দুঃখ ভোগ

Passion *week*, *s.* খ্রীষ্টের পুনরুত্থান দিবসের পূর্ব্ব সপ্তাহ [গরম

Passionate, *a.* রাগী, ক্রোধী, উষ্মান্বিত,

Passionately, *ad.* অনুরাগপূর্ব্বক, অতি ব্যগ্রতাপূর্ব্বক

Passive, *a.* ভোগী, সহনশীল; *unresisting,* অপ্রতিকূল, অনিবারক, অনুনয়ী; *submissive,* নম্র, সুবশ

Passiveness, *s.* ভোগ্যতা, সহ্যতা, সহিষ্ণুতা

Passover, *s.* পেশাখ পর্ব্ব, য়িহুদীয়েরদের পর্ব্ববিশেষ [রি দস্তক

Passport, *s.* ছাড়চিঠী, পরওয়ানা, রাহাদা

Past, *pa. a. gone,* অবর্ত্তমান, অতীত, গত, ভূত, কৃত; *undergone,* সহা গিয়াছে যাহা

Past, *prep.* গত কালে, অতীত কালে

Paste, *s.* লেই, মণ্ড, কাই, কলপ, মাড়

Pasteboard, *s.* বহী বন্ধনার্থ কিতনির জমাট বা মলাট, পিস্‌বোর্ড

Pastern, *s.* অশ্বের গোড়ারির উপরি ভাগ

Pastime, *s.* কৌতুক, ক্রীড়া, খেলা, পরিহাস

Pastor, *s. a shepherd,* মেষরক্ষক, রাখাল; *a clergyman,* পুরোহিত, ধর্ম্মোপদেশক

Pastoral, *a.* রাখাল বিষয়ক; পৌরোহিত্য কর্ম্ম সম্বন্ধীয়

Pastoral, *s.* রাখাল সম্বন্ধীয় গীত [ইত্যাদি

Pastry, *s.* পিষ্টক, লুচি, কচুরি, ফুলরি

Pastry-*cook*, *s.* হালুইকর, মিঠাইকর, পিষ্টকাদি প্রস্তুত করে যে

Pasturable, *a.* পশু চরণ যোগ্য [চরাণ

Pasturage, *s.* চরাণি মাঠ, চরাণি; পশ্বাদি

Pasture, *s. food,* চরাণি, আহার; *ground on which cattle graze,* চরাণির মাঠ

Pasty, *s.* পিষ্টকবিশেষ

Pat, *a.* উপযুক্ত, ঠিক, যোগ্য

Pat, *s.* থাবড়া, ঠোক্‌না

Pat, *v. a.* থাবড়া বা ঠোকনা-মার [-দা

Patch, *v. a.* তালি-দা, যোড়-দা, পরতালি

Patch, *s.* পরতালি, যোড়, তালি

Patchwork, *s.* যোড়া বা তালির কর্ম্ম

Pate, *s.* মস্তক, মাথা, শির

Patefaction, *s.* খোলন, অনাবরণ

Patent, *a.* প্রকাশিত, সকলের পাঠ্য, প্রচারিত [পত্র

Patent, *s.* সনন্দবিশেষ, বিশেষ অধিকার

Patentee, *s.* উপরি উক্ত প্রকার সনন্দ দেওয়া গিয়াছে যাহাকে

Paternal, *a. fatherly,* পিতৃবৎ, পিতার উপযুক্ত; *hereditary,* পৈতৃক

Paternity, *s.* পৈতৃকত্ব, পিতার ধর্ম্ম বা অধিকার

Paternoster, *s.* প্রভুর প্রার্থনা [রাহা

Path, Pathway, *s.* পথ, পন্থা, মার্গ, রাস্তা,

Digitized by Google

Pathetic, Pathetical, *a.* করুণাজনক, চিত্তাকর্ষক, মর্ম্মভেদক
Pathetically, *ad.* করুণাজনকস্বরূপে
Pathless, *a.* দুর্গম, পথরহিত, চলা যায় না যে স্থানে [থির লক্ষণবেত্তা
Pathologist, *s.* রোগ নিরূপণকারক, ব্যা
Pathology, *s.* রোগ নিরূপণীয় বিদ্যা
Pathos, *s.* করুণারস, উত্তাপ, চিত্তাকর্ষক বাক্য [শীলতা
Patience, *s.* ধৈর্য্য, সহিষ্ণুতা, তিতিক্ষা, ক্ষমা
Patient, *a.* সহিষ্ণু, তিতিক্ষু, ধৈর্য্যশীল, ক্ষমাপন্ন, স্থির
Patient, *s.* পীড়িত ব্যক্তি, রোগগ্রস্ত ব্যক্তি
Patiently, *ad.* ধৈর্য্যাবলম্বনে, সহিষ্ণুতারূপে
Patriarch, *s.* গোত্রজনক, গোষ্ঠীর প্রধান ব্যক্তি, মহা ধর্ম্মাধ্যক্ষ
Patriarchal, *a.* গোষ্ঠীপতি সম্বন্ধীয়
Patriarchate, *s.* মহা ধর্ম্মাধ্যক্ষের অধিকার
Patrician, *a.* কুলীন, প্রধান, শ্রেষ্ঠ
Patrician, *s.* কুলীন বা মর্য্যাদাবন্ত ব্যক্তি
Patrimonial, *a.* পৈতৃক
Patrimony, *s.* পৈতৃক ধন, পৈতৃক অধিকার
Patriot, *s.* স্বদেশানুরাগী, স্বদেশহিতৈষী
Patriotic, *a.* স্বদেশানুরাগবিশিষ্ট, স্বদেশপালক
Patriotism, *s.* স্বদেশানুরাগ, স্বদেশের হিত চেষ্টা [ভ্রমণ করে যে
Patrol, *s.* চৌকির থানায় তদারক করণার্থ
Patrol, *v. a.* চৌকির থানায় তদারক করণার্থ ভ্রমণ-কৃ, গের্দোয়ারি-কৃ
Patron, *s.* প্রতিপালক, রক্ষক, উপকারক, মুরব্বি [মুরব্বিগিরি
Patronage, *s.* প্রতিপালকতা, আশ্রয় দান,
Patronal, *a.* প্রতিপালনকারী, সহকারী
Patroness, *s.* প্রতিপালিকা, রক্ষিকা
Patronize, *v. a.* প্রতিপালন-কৃ, রক্ষা-কৃ, সহকারিতা-কৃ, মুরব্বিগিরি-কৃ
Patronymic, *s.* গোত্রজনকের নাম, গোত্রের নাম বা উপাধি
Patten, *s.* কাষ্ঠপাদুকা, খড়ম
Patter, *v. n.* চড়রচড়র শব্দ-কৃ, শিলা বৃষ্টির ন্যায় শব্দ-কৃ
Pattern, *s.* নিদর্শন, নমুনা, আদর্শ
Paucity, *s.* অল্পতা, ন্যূনতা, কমতি
Pave, *v. a.* মেজ্যায় শান পাতর-বসাও

Pavement, *s.* পাকা মেজ্যা, পাতর বা ইষ্টকের মেজ্যা
Paver, or Pavier, *s.* মেজ্যাতে শান পাতর বসায় যে
Pavillion, *s.* তাম্বু, ডেরা, অল্প কালের নিমিত্ত বাস স্থান
Paunch, *s.* ভুঁড়ি, পেট, উদর, অন্তর্দেশ
Pauper, *s.* যোত্রহীন দরিদ্র, কাঙ্গাল, গরিব, ফকির
Pauperism, *s.* দরিদ্রতা, কাঙ্গালপনা
Pause, *s.* বিরাম, স্থিতি, নিবৃত্তি, ছেদ
Pause, *v. n.* বিরাম-কৃ, বিচ্ছেদ-কৃ, স্থিতি-কৃ
Paw, *s.* পশ্বাদির থাবা
Paw, *v. a.* এলোমেলোরূপে হাঁট, থাবা-মার; ফুসলা
Pawn, *v. a.* বন্ধক-দা, বন্ধক-রাখ
Pawnbroker, *s.* বন্ধকি মহাজন, বন্ধক রাখিয়া টাকা দেয় যে
Pay, *s.* বেতন, মাহিয়ানা, পারিতোষিক
Pay, *v. a.* পরিশোধ-কৃ; শোধ-দা; *to reward,* পারিতোষিক-দা; *to beat,* প্রহার-কৃ
Payable, *a.* শোধনীয়, দাতব্য, দেয়
Pay-day, *s.* বেতন বিতরণের দিন [যে
Pay-master, *s.* বক্সি, বেতন বিতরণ করে
Payment, *s.* পরিশোধ করণ; পরিশোধ, দান; পুরস্কার
Pay-*office*, *s.* বক্সিখানা
Pea, *s. pl.* Pease, মটর, কলাই
Peace, *s. respite from war,* যুদ্ধনিবৃত্তি, শান্তি, সন্ধি; *rest,* কুশল, আরাম, বিশ্রাম; *reconciliation,* মেল
Peace! *interj.* স্থির হও, চুপ্ কর, চুপ্, ইত্যাদি অব্যয় শব্দ
Peaceable, *a. free from war,* যুদ্ধবর্জ্জিত, শান্ত, সুস্থির; *not violent,* নির্বিরোধ, শিষ্ট
Peaceableness, *s.* সুস্থিরতা, শান্তি, কুশল
Peaceably, *ad.* শান্তিরূপে, নির্বিরোধে, সুস্থিরে
Peaceful, *a.* শান্ত, সুস্থির, নির্বিরোধ, কোমল, মৃদু [নিরুৎপাতে
Peacefully, *ad.* সুস্থিররূপে, অবিরোধে,
Peace-*offering*, *s.* প্রায়শ্চিত্ত, শান্তিসূচক নৈবেদ্য

Digitized by Google

Peach, *s.* পিচ ফল
Peach, *v. a.* অপবাদ-দা, অভিযোগ-কৃ
Peachick, *s.* ময়ূরশাবক
Peacock, *s.* ময়ূর, মেঘনাদানুলাসী
Peahen, *s.* ময়ূরী, বর্হিণী
Peak, *s.* চূড়া, পর্ব্বতের শৃঙ্গ, অগ্রভাগ, শিখা [বৃহৎ শব্দ
Peal, *s.* বৃহন্নাদ, বজ্রাঘাত বা ঘণ্টার ন্যায়
Pear, *s.* ফলবিশেষ
Pearl, *s.* মুক্তা, মতি, মৌক্তিক
Pearly, *a.* মুক্তার ন্যায়, মুক্তাবৎ
Peasant, *s.* কৃষীবল, কৃষক, কৃষাণ, চাসা গেঁয়ে, চাসা [গেঁয়েরা
Peasantry, *s.* কৃষাণ, প্রজাবর্গ, গ্রাম্যলোক,
Pease, or Peas, *s.* মটর কলাই ইত্যাদির বহুত্ব
Pease-*cod*, *s.* মটরের খোসা বা ছাল
Pease-*split*, *s.* ডাল [কাঁকর
Pebble, Pebblestone, *s.* নুড়ি, ক্ষুদ্র প্রস্তর,
Pebbly, *a.* নুড়িময়, কাঁকরভরা [বনা
Peccability, *s.* অঘনীয়, পাপকরণের সত্তা
Peccable, *a.* অঘনীয়, পাপ সম্ভাবনীয়
Peccadillo, *s.* ক্ষুদ্র অপরাধ, লঘুদোষ, চুক
Peccancy, *s.* অপরাধ বা পাপের স্বভাব
Peccant, *a.* অপরাধী, দোষী, পাপী, মন্দ, নষ্ট [স্বীকার
Peccavi, ঘাইট করিয়াছি বলিয়া অপরাধ
Peck, *v. a.* ঠোকর-মার, খুঁট, টুক, চঞ্চুর দ্বারা আহার-ল
Pecker, *s.* ঠোকর মারে যে; *woodpecker*, কাঠঠোকরা [ন্যায়
Pectinated, *a.* কঙ্কতিকাকৃতি, চিরুণির
Pectoral, *a.* বক্ষস্থিত, বক্ষসম্বন্ধীয়
Peculate, *v. n.* সরকারী তহবিল-ভাঙ্গ বা হাত-মার [হাত মারণ
Peculation, *s.* সরকারী তহবিল ভাঙ্গন বা
Peculiar, *a. appropriate*, নিজের, আপনার; *singular*, বিশেষ; অচলন, অপূর্ব্ব
Peculiar, *s.* নিজ সম্পত্তি
Peculiarity, *s.* বিশেষ স্বাভাবিক গুণ, অসাধারণ ভাব
Peculiarly, *ad.* বিশেষতঃ, বিশেষরূপে
Pecuniary, *a.* অর্থ সম্বন্ধীয়, ধন ঘটিত
Ped, *s.* পশুর ক্ষুদ্র পালান বা পৃষ্ঠের গদি
Pedagogue, *s.* শিক্ষা গুরু, শিশুকে পাঠ করায় যে
Pedal, *s.* পদ বা চরণ সম্বন্ধীয় [মধ্যস্থ চুঙ্গী
Pedals, *s.* অর্গল নামক বৃহৎ বাদ্য যন্ত্রের
Pedant, *s.* অল্প বিদ্যায় অতিদর্পি ব্যক্তি
Pedantic, *a.* বিদ্যাভিমানী, পাণ্ডিত্যাভিমানী [মিথ্যা অহঙ্কার
Pedantry, *s.* পাণ্ডিত্যাভিমান, স্ববিদ্যার
Peddle, *v. n.* অগণ্য বিষয়ে ব্যস্ত-হ [মান
Pederero, Paterero, *s.* জাহাজি ক্ষুদ্র কা
Pedestal, *s.* মূর্ত্তি বা স্তম্ভের মুল ভাগ বা খুর্সি
Pedestrial, Pedestrious, *a.* পদব্রাজক, পদব্রজী, পদগামী [করে যে
Pedestrian, *s.* পদগামী, পদব্রজে গমন
Pedicle, *s.* ফলের বোঁটা বা বৃন্ত
Pedicular, Pediculous, *a.* উকুনে পূর্ণ, উকুনময় [গোষ্ঠী
Pedigree, *s.* কুলজি, বংশাবলি, কুল, গোত্র,
Pediment, *s.* গৃহের উপরে সম্মুখ ভাগে শোভার্থে যে ত্রিকোণাকার গাঁথা যায়
Pedler, *s.* পাইকেড়, ফড়িয়া
Pedlery, *s.* পাইকেড়ী দ্রব্য
Pedling, *s.* ফড়িয়ামি, ক্ষুদ্র ব্যবসায়
Peel, *v. a.* ছাল-তোল, খোসা-ছাড়াও; *to rob*, লুঠ-কৃ
Peel, *s.* খোসা, ছাল, ত্বক, ছিলকা
Peep, *v. n. to make the first appearance*, উদয়-হ, প্রথম দেখা-দা; *to look slily*, উকি-মার
Peep, *s.* প্রথম উদয়, উকিঝুকি, উকি
Peephole, Peepinghole, *s.* চোরা ছিদ্র, উকি মারণের ছিদ্র
Peer, *s. an equal*, তুল্য ব্যক্তি, সাথী; *a nobleman*, কুলীন, সদ্বংশজ
Peer, *v. n. to come just in sight*, উদয়-হ; *to look narrowly*, দৃষ্টি গোচর-কৃ, উকি ঝুকি-মার [পদ
Peerage, *s.* কুলীনত্ব, কৌলীন্য, কুলীনের
Peeress, *s.* কুলীনপত্নী, কুলীনা
Peerless, *a.* সর্ব্বশ্রেষ্ঠ, নিরুপম [তীয়তা
Peerlessness, *s.* অনুপমতা, অতুল্যতা, অদ্বি
Peevish, *a.* ক্ষণক্ষণরাগী, ছিল্লি, চিড়চিড়িয়া, খিটখিটিয়া, উগ্র
Peevishly, *ad.* চিড়চিড়ারূপে, উগ্রতাপূর্ব্বক

Digitized by Google

Peevishness, *s.* ছিল্লাম, চিড়চিড়াম খেঁকানি
Peg, *s.* গোঁজ, খোঁটা, মেক, খিল, কীলক
Peg, *v. a.* খিল-মার, গোজ-পোত
Pelf, *s.* অধর্ম্মের ধন
Pelican, *s.* পানিভেলা পক্ষী, গগণভেলা, পক্ষিবিশেষ
Pelisse, *s.* বিবি লোকের পরিচ্ছদবিশেষ
Pellet, *s.* গুলি, বর্তুল, বাঁটুল
Pellicle, *s.* সূক্ষ্ম ত্বক্, ছানি, ঝিল্লি
Pellmell, *ad.* গোলমালে, এলোমেলোরূপে
Pellucid, *a.* উজ্জ্বল, নির্ম্মল, স্বচ্ছ, সাপ্
Pellucidness, *s.* নির্ম্মলতা, উজ্জ্বলতা
Pelt, *s.* চর্ম্ম, ত্বক্, ছাল [ছোড়
Pelt, *v. a.* নিক্ষেপ-কৃ, প্রক্ষেপ দ্বারা-মার,
Pelting, *pa. a.* প্রস্তর ক্ষেপণ, ডেলা মারণ
Peltmonger, *s.* চর্ম্ম ব্যবসায়ী, চামড়াওয়ালা [তলপেট
Pelvis, *s.* বস্তিদেশ, উদরের অধোভাগ,
Pen, *s.* লেখনী, কলম; *a feather*, পক্ষ, পালক; *a coop*, খোপ, খাঁচা
Pen, *v. a. to coop up*, খোপবন্দি-কৃ, খোঁয়াড়ে-রাখ; *to write*, লিখ
Penal, *a.* দণ্ডকারী, দণ্ডদায়ক
Penalty, *s.* দণ্ড, সাজা, শাস্তি, গুনাহগারি, জরিমানা [তপস্যা, ব্রত
Penance, *s.* পাপ ক্ষয়ার্থ ক্লেশসাধ্য কর্ম্ম,
Pence, *s.* ইঙ্গলণ্ডীয় এক পেনি অর্থাৎ দুই পয়সার বহুবচন
Pencil, *s.* তুলি, তুলিকা; *a black lead pen*, এক প্রকার সীসার লেখনী অর্থাৎ পেনসিল
Pendent, *s. a jewel in the ear*, কর্ণাভরণ, কর্ণফুল, ঝুমকা, কুণ্ডল; *a small flag*, ক্ষুদ্র পতাকা [ঝুলিত
Pendent, Pendulous, *s.* লুণ্ঠমান, ঝোলা,
Pending, *a.* অনিষ্পত্তি, মুলতবি
Pendulous, *a.* দোলায়মান
Pendulum, *s.* যে ভারি বস্তু এমত লটকান যায় যে দোলায়মান হয়
Penetrable, *a.* প্রবেশনীয়, ভেদ্য, গম্য
Penetrant, *a.* প্রবেশক্ষম, সূক্ষ্ম
Penetrate, *v. a.* প্রবেশ-কৃ, বিঁধ, ভিদ, ঢুক, মর্ম্ম ভেদ-কৃ; *to understand*, বুঝ, উপলব্ধি-কৃ
Penetration, *s.* প্রবেশ করণ, ভেদন; *sagacity*, সূক্ষ্ম বুদ্ধি, তীক্ষ্ণ বুদ্ধি, প্রখর বুদ্ধি
Penetrative, *a.* ভেদকারী, তীক্ষ্ণ বিবেচক
Penguin, *s.* সমুদ্রচর পক্ষিবিশেষ
Peninsula, *s.* প্রায় দ্বীপ, যে দ্বীপ প্রায় সমুদ্রের জলে বেষ্টিত
Penitence, *s.* অনুশোচনা, পশ্চাত্তাপ, খেদ
Penitent, *a.* অনুতাপী, অনুশোচী, বিমর্ষ, খিদ্যমান
Penitent, *s.* পাপার্থ পশ্চাত্তাপি ব্যক্তি
Penitential, *a.* অনুতাপকারী, পশ্চাত্তাপকারী [শ্চিত্তের পদ্ধতি
Penitential, *s.* পাপ কর্ম্মের উচিত প্রায়
Penitentiary, *s.* যে স্থানে অপরাধি ব্যক্তিরা বদ্ধ থাকে, এক প্রকার কারাগার
Penknife, *s.* ছুরি, চাকু, কলমতরাস
Penman, *s. one who writes a good hand*, উত্তম অক্ষরলেখক; *an author*, গ্রন্থকর্তা, গ্রন্থরচক [নের বিদ্যা
Penmanship, *s.* উত্তম প্রকার অক্ষর লিখ
Pennated, *a.* পক্ষবিশিষ্ট, ডেনাযুক্ত
Penniless, *a.* নির্ধন, দরিদ্র, যোত্রহীন, কাঙ্গাল [দুই পয়সা
Penny, *s.* ইঙ্গলণ্ড দেশের মুদ্রাবিশেষ, প্রায়
Pennyweight, *s.* পরিমাণবিশেষ, চব্বিশ রত্তি পরিমাণ
Pennywise, *a.* কৃপণবিশেষ, অনেক ব্যয় করিয়া অল্প লাভ করে যে
Pennyworth, *s.* সুমূল্য, সস্তা
Pensile, *a.* লম্বমান, ঝোলা, ঝুলিত [স্যন
Pension, *s.* বৃত্তি, মুসাহেরা, কুমৃড়িয়া, পেন
Pensionary, *a.* বৃত্তিভোগী
Pensioner, *s.* বৃত্তিভোগি ব্যক্তি
Pensive, *a.* ম্লান, বিমর্ষ, বিষণ্ণ, চিন্তিত, ভাবিত [উৎকণ্ঠা
Pensiveness, *s.* ম্লানি, উদ্বেগ, বিষাদ, চিন্তা,
Pentachord, *s.* পঞ্চতারের বাদ্য যন্ত্র, পাঁচ তারা
Pentaedrous, *a.* পাঁচ পলিয়া, পঞ্চভুজ
Pentagon, *s.* পঞ্চাস্র, পঞ্চকোণ, পঞ্চভুজ মূর্ত্তি
Pentagonal, *a.* পঞ্চাস্র, পঞ্চ কোণবিশিষ্ট, পঞ্চ ভুজ [শ্লোক
Pentameter, *s.* পঞ্চপদি বা পঞ্চ চরণের
Pentangular, *a.* পঞ্চাস্র, পঞ্চ কোণবিশিষ্ট

Digitized by Google

Pentateuch, *s.* মোশাহ রচিত পঞ্চ গ্রন্থ
Pentecost, *s.* য়িহুদীয়েরদের পর্ব্ববিশেষ
Pentecostal, *a.* উপরি উক্ত পর্ব্ব সম্বন্ধীয়
Penthouse, *s.* এক চালার ন্যায় ঘর, ঝুপড়ি, পরচালা
Penultimate, *a.* অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণ
Penumbra, *s.* চন্দ্রসূর্য্যাদির গ্রহণকালীন অপূর্ণ গ্রাস
Penurious, *a.* ব্যয়কুণ্ঠ, কৃপণ, কাপ্‌টিয়া
Penuriousness, *s.* ব্যয়কুণ্ঠতা, কার্পণ্য, কাপ্‌ট্যাম [পনা, নির্ধনতা
Penury, *s.* দরিদ্রতা, দীনহীনতা, কাঙ্গাল
Peon, *s.* পেয়াদা
People, *s. a nation*, দেশীয় লোক; *the community, not the nobles*, অকুলীন, ইতর লোক; *men*, লোক, মনুষ্য
People, *v. a.* নগর বা দেশ-বসা, বসতি-কৃ
Pepastic, *s.* পাচক ঔষধ
Pepper, *s. black pepper*, কাল মরিচ, গোল মরিচ; *long pepper*, পিপুল, পিপ্পলী; *red pepper*, গাছ মরিচ
Peppercorn, *s.* অতি ক্ষুদ্র বা তুচ্ছনীয় দ্রব্য
Peppermint, *s.* পদিনা বৃক্ষ, পদিনার রস
Peptic, *a.* জারক, পাচক
Peradventure, *ad.* হইতে পারে, কিজানি, দৈবাৎ [ভ্রমণ-কৃ
Perambulate, *v. a.* পর্য্যটন-কৃ, বেড়াও,
Perambulation, *s.* দেশ পর্য্যটন, ভ্রমণ, দিগদর্শন
Perceivable, *a.* বোধ্য, বোধগম্য, উপলভ্য
Perceive, *v. a.* বোধ-কৃ, জ্ঞান-কৃ, দৃষ্টি-কৃ, বুঝ, জান
Perceptibility, *s.* দৃশ্যতা, বোধগম্যতা, গোচরত্ব [লভ্য
Perceptible, *a.* বোধ্য, ইন্দ্রিয়গোচরে উপ
Perception, *s.* উপলব্ধি, দৃষ্টি, বোধ, জ্ঞান, প্রতীতি
Perceptive, *a.* বোধনক্ষম, উপলব্ধীয়
Perch, *s.* পক্ষির দাঁড়, আড়বাড়ি; *a measure*, ভূমি মাপনের পরিমাণবিশেষ
Perch, *v. a.* দাঁড় বা আড়বাড়িতে-বস
Perchance, *ad.* হইতে পারে, কি জানি
Percipient, *a.* অনুমানকারক, বোধ করণ ক্ষম [-কৃ
Percolate, *v. a.* ছাক, ছাকিয়া পরিষ্কার
Percolation, *s.* ছাকন
Percuss, *v. a.* ঠেস্-মার, আঘাত-কৃ, লাগ
Percussion, *s.* মারণ, ধাক্কা, ঠেস্, আঘাত, ঘা [ক্ষম
Percutient, *a.* আঘাতকারী, ধাক্কা মারণ
Perdition, *s.* বিনাশ, সর্ব্বনাশ, উচ্ছেদ; *loss of the soul*, পর কালে অনন্ত দুঃখ ভোগ
Perdu, *a.* গুতে, আবডালে, ঘাঁতি মারিয়া
Peregrinate, *v. n.* দেশ বিদেশে পর্য্যটন-কৃ [পর্য্যটন
Peregrination, *s.* দেশ বিদেশে ভ্রমণ,
Peregrine, *a.* বিদেশীয়, ভিন্ন দেশীয়
Peremptorily, *ad.* নিশ্চয়রূপে, অবশ্য, নিতান্ত, খামখা [রোদ্ধার
Peremptory, *a.* নিশ্চয়, অনিবার্য্য, সা
Perennial, *a.* চিরকালীন, নিত্য, চিরজীবী
Perennity, *s.* চিরজীবিতা, অক্ষয়ণীয়তা
Perfect, *a. complete*, সম্পূর্ণ, পূর্ণ, সমাপ্ত, সম্পন্ন; *blameless*, নির্দোষ, শুদ্ধ, নিখুঁত
Perfect, *v. a.* সমাপ্তি-কৃ, সম্পাদন-কৃ, সাঙ্গ-কৃ; *to instruct*, পরিপক্করূপে শিক্ষা-দা [মাপ্তি; ঔৎকর্ষ, সংস্কার
Perfection, *s.* পরিপক্কতা, সম্পূর্ণতা, স
Perfective, *a.* পরিপূর্ণকারী, পরিপাক জনক, সংস্কারক [সর্ব্বতোভাবে
Perfectly, *ad.* সম্পূর্ণরূপে, পরিপক্করূপে,
Perfectness, *s.* সম্পূর্ণতা, শুদ্ধতা, ঔৎকর্ষ
Perfidious, *a.* বিশ্বাসঘাতী, অবিশ্বাসী, প্রবঞ্চক [প্রবঞ্চকতারূপে
Perfidiously, *ad.* বিশ্বাসঘাতকতারূপে,
Perfidiousness, Perfidy, *s.* প্রবঞ্চকতা, বিশ্বাসঘাত, অবিশ্বস্ততা [ছিদ্র-কৃ
Perforate, *v. a.* বিদ্ধ-কৃ, বেধ-কৃ, ভেদ-কৃ,
Perforation, *s.* ছিদ্র করণ, ফোঁড়ন; ছিদ্র, ভেদ, বিঁধ, রন্ধ্র
Perforce, *ad.* বল দ্বারা, জোরেতে, বলাৎকারে [পর্য্যবসান-কৃ
Perform, *v. a.* নির্ব্বাহ-কৃ, কৃ, সম্পাদন-কৃ,
Perform, *v. n.* কোন কর্ম্মে কৃতকার্য্য-হ
Performance, *s.* কর্ম্ম করণ, সাধন, কার্য্য, ক্রিয়া, নির্ব্বাহ
Performer, *s.* কর্ম্মকারক, নির্ব্বাহক, সাধক
Perfricate, *v. n.* মর্দ্দন-কৃ, মাখ্
Perfume, *s.* সুগন্ধি দ্রব্য, সৌরভ, আতর
Perfume, *v. a.* সুগন্ধি-কৃ, সুবাস-কৃ

Digitized by Google

Perfumer, *s.* সুগন্ধি দ্রব্য ব্যবসায়ী, গন্ধ বণিক্
Perfunctory, *a.* অসাবধানতা, গাফিলী
Perfuse, *v. a.* লিপ্ত-কৃ, লেপ, ব্যাপ
Perhaps, *ad.* হইতে পারে, কি জানি, বুঝি, কদাচিৎ
Pericardium, *s.* হৃৎ কোষ
Pericranium, *s.* কপালের ত্বক্ বা চর্ম্ম
Perigee, Perigeum, *s.* গমনেতে গ্রহেরা যে স্থানে সর্ব্বাপেক্ষা পৃথিবীর মধ্যস্থলের নিকটবর্ত্তী হন
Perihelium, *s.* গমনেতে যে স্থানে গ্রহেরা সর্ব্বাপেক্ষা সূর্য্যের নিকটবর্ত্তী হন
Peril, *s.* আশঙ্কা, সঙ্কট, ভয়, বিপত্তি, ঝুঁকি; *do it on your peril*, ইহা করিলে দায়ে ঠেকিবা [দায় আছে যাহাতে
Perilous, *a.* সঙ্কটাপন্ন, সভয়, আপদ্‌যুক্ত,
Perimeter, *s.* কোন বস্তুর বাহিরের রেখা
Period, *s. circuit*, সময়ের চক্র, কাল চক্র; *time in which any thing is performed*, নিয়মিত কাল, যুগ, সময়; *the end*, শেষ, অন্ত; *a complete sentence*, সম্পূর্ণ বাক্য; *a stop*, বাক্যের শেষ বোধক যে বিন্দু দেওয়া যায়
Periodical, *a.* নিরূপিত কালীন
Periodically, *ad.* নিরূপিত কালক্রমে, সাময়িকরূপে
Periphery, *s.* পরিধি, চক্রের বেড়
Periphrasis, *s.* কোন বিষয়ে বাহুল্যরূপে উক্তি করণ বা কহন, কোন বিষয়ে ফিরিয়া ঘুরিয়া কহন
Perish, *v. n.* মর, বিনাশ-হ, উচ্ছিন্ন-হ, নষ্ট-হ, লোপ-পা; *to decay*, ক্ষয় প্রাপ্ত-হ
Perishable, *a.* নশ্বর, নাশ্য, ক্ষয়ণীয়, অনিত্য, অস্থায়ী
Perjure, *v. n.* মিথ্যা শপথ-কৃ
Perjure, Perjurer, *s.* মিথ্যা শপথকারক
Perjury, *s.* মিথ্যা শপথ, মিথ্যা দিব্য
Periwig, *s.* পরচুলা, টুপি, উপকেশ
Periwinkle, *s.* শম্বুকবিশেষ [-নাড়
Perk, *v. a.* প্রগল্ভতা প্রকাশ করণার্থ মাথা
Permanence, Permansion, *s.* স্থায়িত্ব, নিত্যতা, অবস্থিতি, টেঁকাও
Permanent, *a.* চিরস্থায়ী, স্থির, নিত্য, অক্ষয়
Permanently, *ad.* চির কালের নিমিত্তে, নিত্যতারূপে
Permeable, *a.* ভেদনীয়, মধ্যেদিয়া গমনীয়
Permiscible, *a.* মিশ্রণীয়
Permissible, *a.* অনুমতি দেওনের যোগ্য, অভ্যনুজ্ঞেয় [আদেশ, আজ্ঞা
Permission, *s.* অনুমতি, সম্মতি, অভ্যনুজ্ঞা,
Permissive, *a.* অনুমতিদায়ক, আজ্ঞাকারক [অনিবারণ-কৃ
Permit, *v. a.* অনুমতি-দা, সম্মতি-দা,
Permit, *s.* ছাড়চিঠী, পরওয়ানা, রওয়ানা, দস্তক [বদল
Permutation, *s.* বিনিময়, পরিবর্ত্ত, অদল
Pernicious, *a.* ক্ষতিকারক, অপকারী, নাশক, হানিকর, দুষ্ট
Perniciously, *ad.* অপকারপূর্ব্বক, বৈগুণ্যপূর্ব্বক [বাক্য
Peroration, *s.* বক্তৃতার শেষ, বা সমাপক
Perpendicular, *a.* ঋজু, খাড়া, উচ্চ [রেখা
Perpendicular, *s.* ঋজু রেখা, খাড়া টানা
Perpendicularly, *ad.* ঋজু রেখারূপে [-কৃ
Perpetrate, *v. a.* কৃ, অপরাধ-কৃ, দুষ্কর্ম্ম
Perpetration, *s.* করণ, অপরাধ করণ, দুষ্কর্ম্ম করণ [সর্ব্বদা
Perpetual, *a.* অনবরত, নিত্য, নিয়ত, সতত,
Perpetually, *ad.* অনবরত, নিত্য, সততরূপে, সর্ব্বদা [রত-কৃ, সদা সর্ব্বদা-কৃ
Perpetuate, *v. a.* নিত্য-কৃ, নিয়ত-কৃ, অনব
Perpetuation, *s.* নিত্য করণ
Perpetuity, *s.* অনিবৃত্তি, নিত্যতা, চিরকালীনত্ব, স্থিরত্ব [-কৃ, পেঁচে-ফেল, ঘবরা
Perplex, *v. a.* উদ্বিগ্ন-কৃ, সন্দিগ্ধ-কৃ, বিরক্ত
Perplexed, *pa. a.* উদ্বিগ্ন, ব্যগ্র, বিমনাঃ, পেঁচাল, ঘবরা
Perplexity, *s.* উদ্বেগ, ঝন্‌ঝাট, পেঁচ, ব্যস্ততা, ঘবরাণি [রি লাভ
Perquisite, *s.* রসুম, দস্তুরি, বেতনের উপ
Perry, *s.* মদিরাবিশেষ
Persecute, *v. a.* তাড়না-কৃ, পীড়া-দা, নিগ্রহ-কৃ; আত্যন্তিকরূপে যাচ্ঞা-কৃ
Persecution, *s.* তাড়না, নিগ্রহ, দুঃখ, ক্লেশ, বিদ্বেষ; উচ্চাটন [ক্লেশদায়ী
Persecutor, *s.* তাড়নাকর্ত্তা, নিগ্রহকারী,
Perseverance, *s.* অবিরত উদ্যোগ, নিরন্তর চেষ্টা, কোন কর্ম্মে ধৈর্য্যাবলম্বন

Digitized by Google

Persevere, *v. a.* অনবরত যত্নবান্-হ, নিত্য প্রয়াস-কৃ, ধৈর্য্য-হ

Persian, *a.* পারসীয়, পারস দেশের

Persist, *v. n.* অনবরত যত্ন-কৃ, অনিবৃত্ত-হ, দৃঢ়-হ [গুঁয়ামি

Persistance, *s.* দৃঢ়ত্ব, স্থৈর্য্য ; ঠেঁটামি, এক

Person, *s. individual man or woman,* ব্যক্তি, জন, লোক, কেহ, কোন লোক, মনুষ্য ; *exterior appearance,* আকার, রূপ, ডৌল, মূর্ত্তি ; *character,* বেশ, সং ; *nominative or agent,* ব্যাকরণ শাস্ত্রোক্ত কর্ত্তা পদ

Personable, *a.* সুন্দর, সুরূপ, সুশ্রী

Personage, *s.* সম্ভ্রান্ত লোক, ভাগ্যবান্ ব্যক্তি, মহল্লোক

Personal, *a. belonging to men or women,* বিশেষ ব্যক্তি বা লোক বিষয়ক ; *proper to him or her,* আপনার, স্বকীয়, নিজ ; *exterior,* দৈহিক, বাহ্য ; *personal property,* অস্থাবর ধন [মান বা গ্লানি বাক্য

Personality, *s.* ব্যক্তিত্ব, আত্মিত্ব ; অপ

Personally, *ad.* নিজে, স্বয়ং, আপনি

Personate, *v. a.* অনুরূপ-হ, বেশ-ধৃ, ছদ্ম বেশ-কৃ, আপনাকে অন্য বলিয়া-জানাও

Personation, *s.* আপনাকে অন্য বলিয়া জানাওন [বস্তুকে প্রাণিরূপ-করণ

Personification, *s.* মনুষ্যরূপ করণ, অপ্রাণি

Personify, *v. a.* মনুষ্যরূপ-কৃ, অপ্রাণি বস্তুকে প্রাণিরূপ-কৃ

Perspective, *a.* দৃষ্টি বিদ্যাসম্বন্ধীয়

Perspective, *s. a glass,* দৃষ্টির যন্ত্র, দুরবিন ; *the science by which things are arranged in a picture as they are in nature,* যে বিদ্যাতে বস্তুর দূরত্ব নৈকট্য ছবিতে অঙ্কিত হয় ; *view,* দর্শন

Perspicacious, *a.* সূক্ষ্ম জ্ঞানী, তীক্ষ্ণ বুদ্ধিমান্ [তীব্র বুদ্ধি

Perspicacity, *s.* সূক্ষ্ম জ্ঞানিত্ব, তীক্ষ্ণ বা

Perspicuity, *s.* স্পষ্টতা, পরিষ্কৃততা, কাঁচবৎ নির্ম্মলতা ; অনায়াসে বোধগম্যতা

Perspicuous, *a.* স্পষ্ট, পরিষ্কার, পরকলাবৎ সুবোধনীয়

Perspicuously, *ad.* সুস্পষ্টরূপে, পরিষ্কাররূপে

Perspicuousness, *s.* স্পষ্টতা, পরিষ্কৃততা

Perspirable, *a.* স্বেদনীয়, ঘর্ম্ম হইতে পারে যাহার

Perspiration, *s.* ঘর্ম্ম, ঘাম, স্বেদ [-সুব

Perspire, *v. n.* ঘাম, ঘর্ম্ম নির্গত-হ, স্বেদ

Persuade, *v. a.* প্ররোচনা-কৃ, প্রবোধ-দা, লওয়াও, পরামর্শ দ্বারা সম্মত-করা

Persuasible, *a.* প্ররোচনীয়, প্রবোধনীয়, যাহাকে লওয়ান যায়

Persuasion, *s.* প্ররোচনা, প্রবোধ করণ, প্রবৃত্তি জন্মান ; *opinion,* দৃঢ় বোধ, অভিপ্রায়

Persuasive, *a.* প্ররোচক, প্রবৃত্তিজনক

Pert, *a.* বাচাল, বাবদূক, চালাক, ঠেঁটা, ক্ষিপ্র [সম্পর্কীয়-হ, বিষয়ক-হ

Pertain, *v. n.* অর্হ, সম্বন্ধবিশিষ্ট-হ,

Pertinacious, *a.* স্বেচ্ছাচারী, স্থিরপ্রতিজ্ঞ, ঠেঁটা, একগুঁয়া

Pertinaciously, *ad.* একগুঁয়ামিরূপে, ঠেঁটামিরূপে [ঠেঁটামি

Pertinacity, *s.* একগুঁয়ামি, স্বেচ্ছাচারিতা,

Pertinence, *s.* উপযুক্ততা, প্রকৃততা, ঔচিত্য, সঙ্গতা

Pertinent, *a.* উচিত, উপযুক্ত, যোগ্য, সঙ্গত

Pertly, *ad.* বাচালরূপে, ঠেঁটামরূপে, অশিষ্টতারূপে

Pertness, *s.* বাচালতা, ঠেঁটামি, প্রাগল্ভ্য

Perturb, Perturbate, *v. a.* ব্যাকুল-কৃ, উদ্বিগ্ন-কৃ, ভাবনাযুক্ত-কৃ, অস্থির-কৃ

Perturbation, *s.* ব্যাকুলতা, উদ্বেগ, চিত্তোদ্বেগম, অস্থৈর্য্য

Perturbed, *a.* ব্যাকুল, উদ্বিগ্ন, অস্থিরচিত্ত

Pertusion, *s.* ছিদ্র করণ, ভেদ করণ ; গর্ত্ত

Pervade, *v. a.* প্রবেশ-কৃ, সাঁধ, ব্যাপ, ব্যাপ্ত-কৃ, দেশময়-হ

Pervasion, *s.* প্রবিষ্ট হওন, ব্যাপন, ব্যাপ্তি

Perverse, *a.* বিপথগামী, ঠেঁটা, একগুঁয়া, অবশ [পূর্ব্বক

Perversely, *ad.* ঠেঁটামিরূপে, একগুঁয়ামি

Perverseness, *s.* বিপথগামিতা, একগুঁয়ামি, ঠেঁটামি, চিড়চিড়্যামি

Perversion, *s.* বিপথ গমন, বিগড়ন, উলটিয়া-যাওন, নষ্ট করণ

Perversity, *s.* ঠেঁটামি, একগুঁয়ামি

Pervert, *v. a.* বিপরীত-কৃ, উলটাইয়া-দা, বিগড়, নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ

Digitized by Google

Pervertible, *a.* বিগড়নীয়, যাহা উল্টা বা নষ্ট হইতে পারে

Pervicacious, *a.* স্বেচ্ছাচারী, অতি ঠেঁটা

Pervious, *a.* প্রবেশনীয়, ভেদনীয়, ছেদনীয়

Peruke, *s.* পরচুলা, কল্পিত চুলের টুপি

Perusal, *s.* পাঠ করণ, পড়ন, পাঠ

Peruse, *v. n.* পাঠ-কৃ, পড়, স্থির দৃষ্টি-কৃ

Pest, *s.* মারী, মারক; *any thing mischievous,* কোন অনিষ্ট বিষয়

Pester, *v. a.* অনিষ্ট-কৃ, বিরক্ত-কৃ, ক্লেশ-দা, উৎপাত-কৃ

Pesthouse, *s.* মারীগ্রস্তেরদের চিকিৎসালয়

Pestiferous, *a.* সাংঘাতিক, স্পর্শাক্রামক, ধ্বংসক

Pestilence, *s.* মহামারী, মারক, সাংঘাতিক স্পর্শাক্রামক রোগ [সক, অতিদুষ্ট

Pestilent, *a.* সাংঘাতিক, মারীজনক, ধ্বংস

Pestilential, *a.* মারীজনক, স্পর্শাক্রামক, সংহারক [মুষল, ঢেঁকি

Pestle, *s.* হামামদিস্তার বাঁট, ঘোটনা,

Pet, *s. a slight passion,* ঈষদ্ রাগ, চিত্ত বাদ; *a fondling,* প্রিয়পাত্র, স্নেহপাত্র

Petal, *s.* পুষ্পের পত্র বা দল, পাকড়ি

Petit, *a.* ক্ষুদ্র, ছোট

Petition, *s. verbal petition,* প্রার্থনা, বিনীতি, নিবেদন; *written petition,* নিবেদন পত্র, আরজি, দরখাস্ত

Petition, *v. a.* নিবেদন-কৃ, প্রার্থনা-কৃ, বিনীতি-কৃ, আরজি বা দরখাস্ত-দা

Petitioner, *s.* যাচক, নিবেদনকারক, প্রার্থনাকারক, ভিক্ষুক

Petrifaction, *s.* প্রস্তর হওন, প্রস্তর করণ, কাষ্ঠাদি দ্রব্যের প্রস্তরবৎ হওন

Petrify, *v. a.* কোন দ্রব্যকে কালক্রমে পাত্তর-কৃ; *to make callous,* কঠিন মনা-কৃ [বন্দুক

Petronal, *s.* অশ্বারূঢ় সৈন্যেরদের ক্ষুদ্র

Petticoat, *s.* স্ত্রীলোকেরদের পরিধেয় বস্ত্র, ঘাঘরা, হালকা, সায়া

Pettifogger, *s.* অতি তুচ্ছনীয় বিষয়ে ওকালতী কর্ম্ম করে যে

Pettish, *a.* খিট্‌খিটা, চিড়্‌চিড়া, আশু-রাগী [উগ্রতা

Pettishness, *s.* খিট্‌খিটাম, চিড়চিড়াম,

Petty, *a.* ক্ষুদ্র, ছোট, নিকৃষ্ট, তুচ্ছ, পাজি

Petulance, *s.* খিটখিটাম, মগরাই, ঠেঁটামি [প্রগল্ভ

Petulant, *a.* চিড়চিড়া, খিটখিটা, ঠেঁটা,

Pew, *s.* ধর্ম্মালয়ে পৃথক্ উপবেশনার্থ আসন

Pewet, *s.* টিটিভ, টিটির পক্ষী

Pewter, *s.* সীসা ও রঙ্গ মিশ্রিত ধাতু

Pewterer, *s.* উপরি উক্ত ধাতুর ব্যবসায়ী

Phaeton, *s.* দুই ঘোড়ার গাড়িবিশেষ

Phalax, *s.* সৈন্যের ব্যূহ, সৈন্যের দল

Phantasm, *s.* খেয়াল, কল্পিত দর্শন, অপছায়া [দর্শন

Phantom, *s.* ভূত, অপছায়া, ভ্রমাত্মক

Pharisaical, *a.* খল ধার্ম্মিক, মৌখিক ধার্ম্মিক, ভণ্ডতপস্বী

Pharmacology, *s.* ঔষধীয় দ্রব্যের জ্ঞান

Pharmacopeia, *s.* ঔষধের গুণ জ্ঞাপক গ্রন্থ

Pharmacopolist, *s.* ঔষধ প্রস্তুত বা বিক্রয় কারক

Pharmacy, *s.* ঔষধ প্রস্তুত করণ বিদ্যা

Phases, *s.* চন্দ্র কলার বৃদ্ধি বা হ্রাস দর্শন

Pheasant, *s.* সুন্দর পক্ষবিশিষ্ট পক্ষী

Phenix, *s.* কল্পিত পক্ষিবিশেষ, যে পক্ষী অগ্নিতে প্রাণ ত্যাগ করিয়া ভস্ম হইতে পুনর্জ্জন্মিয়া-উঠে [অসম্ভব ব্যাপার

Phenomenon, *s.* অদ্ভুত দর্শন, অপূর্ব্ব

Phial, *s.* ঔষধ রাখিবার ক্ষুদ্র শিশি

Philanthropy, *s.* সর্ব্বোপকার, সকলের মঙ্গল চেষ্টা, সর্ব্বহিতৈষিতা

Philanthropist, *s.* সর্ব্ব মঙ্গল চেষ্টাকারী, সর্ব্ব হিতৈষি ব্যক্তি

Philippic, *s.* তিরস্কারক বচন, অপবাদ সূচক কথা, অনুযোগ

Philologer, Philologist, *s.* ব্যাকরণ বা শব্দ শাস্ত্রবেত্তা [সম্বন্ধীয়

Philological, *a.* ব্যাকরণ ঘটিত, শব্দ শাস্ত্র

Philology, *s.* ব্যাকরণ বিদ্যা, শব্দ বিবেচনা ও নির্ণয় বিদ্যা [শেষ

Philomel, Philomela, *a.* সুস্বর পক্ষিবি

Philosopher, *s.* পণ্ডিত, জ্ঞানী, বিজ্ঞ, বহুদর্শী, তার্কিক

Philosopher's-stone, *s.* স্পর্শ পাত্তর

Philosophical, *a.* তর্ক বিদ্যা সম্বন্ধীয়, বিদ্যা সম্বন্ধীয়; *abstemious,* অল্পাহারী

Digitized by Google

Philosophically, *ad.* পাণ্ডিত্যপূর্ব্বক
Philosophy, *s.* বিশ্বজ্ঞান, দর্শন শাস্ত্রজ্ঞান, পাণ্ডিত্য, বিদ্যা
Philter, *s.* কামজনক ঔষধ, মায়া, গুণ
Phiz, *s.* কৌতুকীয় ভাষায় মুখ, বদন
Phlebotomise, *v. a.* রক্ত মোক্ষণ-কৃ, রক্ত কাড়া
Phlebotomy, *s.* রক্ত মোক্ষণ
Phlegm, *s.* শ্লেষ্ম, কফ, গয়ার
Phlegmatic, *a.* শ্লেষ্মবিশিষ্ট, কফবিশিষ্ট; *cold, dull,* নিস্তেজ, শীতল, কাম ক্রোধাদি বিহীন
Phlegmon, *s.* জ্বালাকারি স্ফীতি
Phleme, *s.* পশ্বাদির রক্ত মোক্ষণার্থ অস্ত্র
Phlogistic, *a.* জ্বলনশীল, জ্বলনীয়, তাপ জনক, উষ্ণ
Phlogiston, *s.* অতি জ্বলনীয় কিমিয় রস; কোন বস্তুর জ্বলনশীল অংশ
Phosphorus, *s.* শুক্র, যে কিমিয় বস্তু বায়ু সহকারে জ্বলনশীল হয়
Phrase, *s. a mode of speech peculiar to a language,* কোন ভাষার বিশেষ ধারা বা রীতি; *an expression,* বাক্য
Phraseology, *s.* বাক্যের রীতি বা ধারা, কথার বিন্যাস
Phrenetic, *a.* ক্ষিপ্ত, বাতুল, উন্মত্ত, পাগল
Phrenetic, *s.* ক্ষিপ্ততা, বাতুলতা
Phrensy, *s.* উন্মত্ততা, ক্ষিপ্ততা, বাতুলতা
Phthisic, Phthisis, *s.* ক্ষয় রোগ
Phthisical, *a.* ক্ষয় রোগ সম্বন্ধীয়
Physic, *s.* বৈদ্যক বা চিকিৎসা বিদ্যা; *a medicine,* ঔষধ, ভেষজ; জোলাপ
Physical, *a. relating to nature,* প্রকৃতি সম্বন্ধীয়, স্বাভাবিক সর্ব্ব দ্রব্যের তত্ত্বজ্ঞান বিষয়ক; *pertaining to medical science,* চিকিৎসা বিদ্যা সম্বন্ধীয়; *medicinal,* ঔষধীয়
Physician, *s.* চিকিৎসক, বৈদ্য
Physics, *s.* সর্ব্ব পদার্থ বিষয়ক বিদ্যা
Physiognomist, *s.* মুখের ভাব দেখিয়া স্বভাব নির্ণয়কারি ব্যক্তি
Physiognomy, *s.* মুখের ভাব দেখিয়া স্বভাব নিশ্চয় করণের বিদ্যা
Physiological, *a.* পদার্থের তত্ত্বজ্ঞান সম্বন্ধীয়
Physiology, *s.* দ্রব্যের তত্ত্বজ্ঞান, সর্ব্ব পদার্থের স্বাভাবিক গুণ জ্ঞান
Phytivorous, *a.* বন্যভোক্তা, বৃক্ষাশী
Phytology, *s.* চারা বা বৃক্ষ বিষয়ক বিদ্যা
Piacular, *a.* প্রায়শ্চিত্তকারী, পাপনাশক; মহাপরাধী
Pianoforte, *s.* বাদ্যবিশেষ
Piaster, *s.* ইউরোপের মুদ্রা বিশেষ, আড়াই [টাকা
Piazza, *s.* বারাণ্ডা, চাঁদনি
Pica, *s.* ছাপার অক্ষরবিশেষ [বোম্বেটিয়া
Picaroon, *s.* লুঠিয়ারা, দস্যু, ডাকাইৎ,
Pick, *v. a. to choose,* মনোনীত-কৃ, চুন, বাচিয়া-ল; *to take up,* কুড়িয়া-ল, উঠা, চুনিয়া-ল; *to pick teeth,* দাঁত-খুঁট; *to clean,* পরিষ্কার-কৃ; *to pick,* চঞ্চু-মার, ঠোকরা; *to rob,* চুরি-কৃ, অপহরণ-কৃ, গাঁইট-কাট; *to open a lock,* তালা-ভাঙ্গ
Pick, *v. n.* ধীরে২-খা
Pick, Pickaxe, *s.* খাঁতি, গাঁত, খননীয় অস্ত্র
Picked, or Piked, *a.* তীব্র, তীক্ষ্ণ, হুলযুক্ত
Picket, *s.* সৈন্য ছাউনির বাহিরের চৌকি
Pickle, *s.* আচার, কাসুন্দি
Pickle, *v. a.* আচার-কৃ, কাসুন্দি-তুল, মাংস ফল ইত্যাদি সলবণ জলেতে প্রস্তুত-কৃ
Picklock, *s.* তালা ভাঙ্গিবার অস্ত্র; তালা ভাঙ্গনিয়া ব্যক্তি [চোর, হাতছেঁচড়
Pickpocket, Pickpurse, *s.* গাঁইট কাটা
Pickthank, *s.* অনধিকার চর্চ্চক, খোসামুদে
Picktooth, *s.* খেলাল, দন্তশোধনী, দন্তখুঁটনী
Pictorial, *a.* চিত্রিত, চিত্রকরের লিখিত
Picture, *s.* চিত্র, ছবি, পট, অনুরূপ, নক্শা, তসবীর
Picture, *v. a.* চিত্র-কৃ, ছবি-তোল
Piddle, *v. n.* ধীরে২ ভক্ষণ-কৃ, খুঁটিয়া-খা; *to trifle,* ভারি বিষয় ত্যাগ করিয়া ক্ষুদ্র বিষয়ে প্রবর্ত্ত-হ
Piddler, *s.* অল্প ভোক্তা, খুঁটিয়া খায় যে
Pie, *s.* মাংস বা অন্য দ্রব্য পূরিত পিষ্টক বিশেষ; *printer's pie,* ছাপার কর্ম্মে মিশ্রিত অক্ষর [রঙ্গী
Piebald, *a.* চিত্রবিচিত্র, নানাবর্ণযুক্ত, বহু
Piece, *s. a part,* টুকরা, খণ্ড, থান, খান, ফর্দ, ভাগ; *a picture,* ছবি; *a patch,* তালি, যোড়; *a composition,* লিখন,

Digitized by Google

রচনা; *a gun*, আগ্নেয়াস্ত্র; *a piece*, প্রত্যেক, একএক; *of a piece with*, সদৃশ, তুল্য
Piece, *v. a.* তালি-দা, যোড়-দা
Piece, *v. n.* সংলগ্ন-হ, মিলিত-হ
Piecemeal, *a.* পৃথক্, খণ্ড২
Piecemeal, *ad.* খণ্ড২, টুকি২
Pied, *a.* চিত্রবিচিত্র, নানারঙ্গী
Pier, *s.* যে স্তম্ভের উপরে খিলান গাঁথা যায়, থাম, পিল্পা
Pierce, *v. a.* ভেদ-কৃ, বিদীর্ণ-কৃ, প্রবেশ-কৃ, বিঁধ, ফুঁড়; ব্যাকুল-কৃ, চিত্ত-বিঁধ
Pierce, *v. n.* প্রবিষ্ট-হ; ব্যাকুল-হ
Piercer, *s.* ছিদ্রকারি অস্ত্র, বর্ম্ম, হুল
Piercing, *a.* তীক্ষ্ণ, ভেদক, মর্ম্মভেদক
Piercingly, *ad.* মর্ম্ম ভেদপূর্ব্বক, ধারাল রূপে [*to parents*, পিতৃমাতৃ ভক্তি
Piety, *s.* ধর্ম্ম, ঈশ্বরনিষ্ঠা, সাধুতা; *piety*
Pig, *s.* *a young hog*, শূকরশাবক; *a mass of metal*, অপেটা ধাতুপিণ্ড
Pig, *v. n.* শূকরী প্রসব-হ
Pigeon, *s.* কপোত, কবুতর, পায়রা
Pigeon-*livered*, *a.* অসাহসী, ভীরু, নরম, কোমল
Piggin, *s.* ক্ষুদ্র কাষ্ঠ পাত্রবিশেষ
Pigment, *s.* রং, বর্ণ, রোগন
Pigmy, *s.* খর্ব্ব, বামন, বেঁটো, বাউনিয়া
Pignoration, *s.* বন্ধক দেওন, বন্ধক রাখণ, গচ্ছিত করণ
Pigtail, *s.* কেশের বেণি
Pike, *s.* *a fish*, মৎস্যবিশেষ; *a lance*, বর্শা, বল্লম [দার
Pikeman, *s.* বর্শাদার, বর্শিধারী, বল্লম বর
Pikestaff, *s.* বর্শার দণ্ড, বল্লমের বাঁট
Pilaster, *s.* যে ক্ষুদ্র চতুষ্কোণাকৃতি স্তম্ভ দেওয়ালের গায় গাঁথা যায়
Pilcher, *s.* *furred gown*, পশম ভরা এক প্রকার উড়নি বস্ত্র; *a fish*, মৎস্যবিশেষ
Pile, *s.* *a piece of wood driven into the ground*, বড় খোঁটা; *a heap*, রাশি, স্তূপ, কাঁড়ি, ঢেরি; *an edifice*, অট্টালিকা, গৃহ; *a hair*, লোম, *the head of an arrow*, তীরের মাথা বা ফলি; *a funeral pile*, চিতা
Pile, *v. a.* স্তূপ-কৃ, রাশি-কৃ, কাঁড়ি-কৃ
Piles, *s.* অর্শো রোগ
Pilfer, *v. a.* চুরি-কৃ, অপহরণ-কৃ, হাত-মার
Pilferer, *s.* পাতিচোর, অপহারক
Pilgrim, *s.* তীর্থযাত্রী, যাত্রিক
Pilgrimage, *s.* তীর্থ গমন, যাত্রা
Pill, *s.* ঔষধের বটিকা, গুলি, বড়ি; অরুচিকর কোন বস্তু
Pillage, *s.* অপহরণ, লুঠ, ডাকাইতি
Pillage, *v. a.* লুঠ-কৃ, অপহরণ-কৃ, ডাকাইতি-কৃ
Pillar, *s.* স্তম্ভ, থাম, পিল্পা
Pillared, *a.* স্তম্ভবিশিষ্ট, স্তম্ভাকৃতি
Pillion, *s.* অশ্বোপরি স্ত্রীলোকেরদের বসিবার গদি [চক্রাকার হাঁড়ি
Pillory, *s.* অপরাধিরদের দণ্ড দেওনার্থ
Pillow, *s.* বালিশ, উপধান, তকিয়া, গির্দা
Pillowcase, Pillowbear, *s.* বালিশের ওয়াড় বা খোল
Pilosity, *s.* লোমশত্ব [দর্শক
Pilot, *s.* আড়কাটি, কাণ্ডারি, জাহাজের পথ
Pilotage, *s.* আড়কাটি বা কাণ্ডারির বেতন
Pimento, *s.* এক প্রকার মশলা, কালামরিচ, গোল মরিচ
Pimp, *s.* কোটনা, ভেড়ুয়া, মনুয়া
Pimp, *v. n.* কোটনামি-কৃ
Pimping, *a.* ক্ষুদ্র, ছোট, পুঁটে, পাতি
Pimple, *s.* ব্রণ, ফুস্কুড়ি, বিস্ফোটক
Pin, *s.* আলপিন; *any thing inconsiderable*, অতি তুচ্ছ কোন বিষয়; *a bolt*, গোঁজ, খিল, প্রেগ, শঙ্কু; *a linch pin*, খিল
Pin, *v. a.* খিল বা গোঁজ, বা প্রেকের দ্বারা বদ্ধ-কৃ
Pincers, *s.* সাঁড়াশি, মোচনা, চিম্‌টা
Pinch, *v. a.* *to squeeze*, চিম্‌ট, নখাঘাত-কৃ, খামচা, টিপ; *to oppress*, দুঃখ-দা, পীড়িত-কৃ
Pinch, *v. n.* *to be puzzling*, ব্যতিব্যস্ত-হ; *to be frugal*, কষ্টে ব্যয়-কৃ
Pinch, *s.* *a squeeze*, চিম্‌টি, খামচান, টিপন; *oppression*, অন্যায়াচরণ; *at a pinch*, দুঃখ বা কষ্টের সময়ে
Pinchbeck, *s.* সোহাগা [গুঁজি
Pincushion, *s.* আলপিন, বদ্ধ করণার্থ ক্ষুদ্র
Pine, *s.* দেবদারু বৃক্ষ
Pine, *v. a.* শুকিয়া-যা, কৃশ-হ, ক্ষয়-পা

Digitized by Google

Pine, *v. n.* দুঃখে বা শোকে ম্লান-হ
Pineapple, *s.* আনারস [হ্রাস
Pinefold, *s.* পশু বদ্ধ রাখণের স্থান, খোঁ
Pinery, *s.* আনারসের ক্ষেত্র
Pinion, *s. a wing,* পক্ষির ডেনা, পাখা; *tooth of a small wheel,* ক্ষুদ্র চাকার দাঁত; *fetters for the arms,* হাতকড়ি [-বাঁধ
Pinion, *v. a.* ডেনা বদ্ধ-কৃ; হাতকড়ি দিয়া
Pink, *s.* পুষ্পবিশেষ; পাটল বর্ণ; *any thing very excellent,* সর্ব্বোৎকৃষ্ট দ্রব্য
Pinmoney, *s.* স্ত্রীধন, স্ত্রীকে ব্যয়ার্থ স্বামী যে টাকা দেন
Pinnace, *s.* পিনিস নামক ক্ষুদ্র জাহাজ বা নৌকা [সর্ব্বাপেক্ষা উচ্চস্থান
Pinnacle, *s.* অট্টালিকার চূড়া, শৃঙ্গ,
Pint, *s.* দ্রব দ্রব্যের পরিমাণে প্রায় আধ সের
Pioneer, *s.* সৈন্যেরদের গমনার্থ অগ্রে গিয়া পথ প্রস্তুত করে যে [সাধু
Pious, *a.* ঈশ্বরপরায়ণ, ধর্ম্মিষ্ঠ, ধার্ম্মিক,
Piously, *ad.* ধার্ম্মিকতারূপে, ধর্ম্মিষ্ঠতা পূর্ব্বক [ফোটা
Pip, *s.* মুরগীর রোগবিশেষ; তাসের
Pipe, *s. a tube,* চুঙ্গি, নল, প্রণালী; *a smoking pipe,* তামাকু খাইবার যন্ত্র, হুঁকা; *a musical instrument,* বংশী, বাঁশী; *two hogsheads,* পিপা, মদিরাধারবিশেষ
Pipe, *v. a.* বংশীধ্বনি-কৃ, বাঁশী-বাজা
Piper, *s.* বংশীবাদক, বাঁশীওয়ালা
Piping, *a.* দুর্ব্বল, ক্ষীণ, কাহিল; *hot,* উষ্ণ, তপ্ত, গরম
Pipkin, *s.* ক্ষুদ্র মৃৎপাত্রবিশেষ
Piquant, *a.* তীক্ষ্ণ, ঝাল, কড়ুয়া, তেজাল
Pique, *s.* বৈরক্তি, দ্বেষ, ঈষৎ ক্রোধ
Pique, *v. a.* বিরক্ত-কৃ, দ্বেষ-কৃ, ক্ষেপ, চিড়া; *to value one's self,* আত্মশ্লাঘা-কৃ
Piquet, *s.* তাস ক্রীড়াবিশেষ
Piracy, *s.* সমুদ্রোপরি ডাকাইতি, বোম্বেটিয়াগিরি [টিয়া
Pirate, *s.* সমুদ্রোপরিস্থ ডাকাইত, বোম্বে
Piratical, *a.* বোম্বেটিয়া সম্বন্ধীয়
Piscatory, *a.* মৎস্য সম্বন্ধীয়, মৎস্য বিষয়ক
Pisces, *s.* মীনরাশি
Piscivorous, *a.* মৎস্যজীবী, মৎস্যাহারী, মৎস্যভুক

Pish, *interj.* অবজ্ঞাসুচক অব্যয় শব্দ, ইস্, ইঃ ছিঃ ইত্যাদি
Pismire, *s.* পিপীলিকা, পিপড়া
Piss, *v. a.* প্রস্রাব-কৃ, মুত
Piss, *s.* প্রস্রাব, মূত্র
Pistachio, *s.* পিস্তা বাদাম
Pistol, *s.* ছোট বন্দুক, পিস্তল
Pistol, *v. a.* পিস্তলের দ্বারা-মার
Pistole, *s.* মুদ্রাবিশেষ, সিক্কা ৬।০ তুল্য
Piston, *s.* বাষ্পীয় কলের চুঙ্গির দাণ্ডা
Pit, *s.* গর্ত্ত, গহ্বর, কুণ্ড; *the grave,* কবর; *any hollow part of the body,* শরীরের মধ্যে খোলযুক্ত স্থান; *the body of a theatre,* নাট্য শালার মধ্য স্থান
Pitapat, *s.* থর্‌থরি, ছটফটি
Pitch, *s. the resin of the pine,* ধুনা, আল্ কাতরা; *degree,* সীমা, ক্রম, পরিমাণ
Pitch, *v. a. to plant,* স্থাপন-কৃ, রাখ, বসাও; *to cast forward,* অধোভাবে নিক্ষেপ-কৃ; *to smear with pitch,* ধুনা লিপ্ত-কৃ
Pitcher, *s.* কলস্, ঘটী, ঘড়া, গাড়ু
Pitchfork, *s.* পাদির উপরে শস্যাদি প্রক্ষেপণার্থ যন্ত্রবিশেষ
Pitchy, *a. smeared with pitch,* ধুনা লিপ্ত; *dark,* অন্ধকার,কাল, ঘোর
Pitcoal, *s.* পাতরীয় বা আকরীয় কয়লা
Piteous, *a. sorrowful,* শোকান্বিত; *compassionate,* দয়াশীল; *wretched,* দুঃখের বিষয়
Piteously, *ad.* করুণা জন্মায় যেরূপে
Pitfal, *s.* আবৃত গর্ত্ত, চোরা গর্ত্ত
Pith, *s.* বৃক্ষের মজ্জা, মাইজ, সার; *energy,* বল, তেজ; *weight,* গুরুত্ব, ভারিত্ব
Pithiness, *s.* বল, তেজ, জোর
Pithless, *a.* নিস্তেজ, ক্ষীণ, অসার
Pithy, *a.* সারাল, মজ্জাল; *forcibly,* তেজাল, শক্ত, প্রবল [ময়
Pitiable, *a.* কৃপা বা দয়ার যোগ্য, বিষণ্ণ
Pitiful, *a. moving compassion,* করুণাজনক; *compassionate,* দয়াবান্, কৃপালু; *paltry,* অধম, ইতর, পাজি
Pitifully, *ad.* দয়ানুরূপে; অধমরূপে, কুৎসিতরূপে
Pitiless, *a.* কৃপারহিত, নিষ্ঠুর, নির্দ্দয়, ক্রূর

Digitized by Google

Pit-saw, *s.* বৃহৎ করাত্ [অত্যল্প
Pittance, *s.* যৎকিঞ্চিৎ বেতন, ক্ষুদ্রাংশ,
Pity, *s.* অনুকম্পা, কৃপা, করুণা, দয়া, মায়া
Pity, *v. a.* কৃপা-কৃ, দয়া-কৃ, অনুকম্পা-কৃ, পরের দুঃখে খেদিত-হ, অন্যের দুঃখে দুঃখিত-হ [দাঁড়ি
Pivot, *s.* অক্ষাগ্র কীলক, আল, নিক্তির
Placable, *a.* সন্তোষণীয়, সান্ত্বনীয়, উপশম্য, ক্ষমাশীল
Placability, *s.* উপাস্যতা, সন্তোষণীয়ত্ব
Placard, Placart, *s.* ইশতেহার পত্র, ঘোষণা পত্র
Place, *s.* *a portion of space,* স্থান, স্থল, জায়গা, ভূমিখণ্ড, মোকাম, পুর; *rank,* শ্রেণী; *a residence,* বাসস্থান; *office,* পদ, কর্ম্ম, হুদ্দা; *give place,* স্থান-দা
Place, *v. a.* রাখ, অর্পণ-কৃ, স্থাপন-কৃ, নিযুক্ত-কৃ, বসা
Placeman, *s.* পদধারী [ক্রুদ্ধ
Placid, *a.* সৌম্য, শান্ত, মৃদু, কোমল, অ
Placidity, *s.* শান্ততা, মৃদুতা, নম্রতা, কোমলতা, সৌম্যতা
Placit, *s.* আজ্ঞা, হুকুম, ডিক্রী
Plagiarism, *s.* পরের লিখন হইতে কিঞ্চিৎ গ্রহণ করিয়া আপনার লিখন বলিয়া প্রকাশ করণ
Plagiary, *s.* উপরি উক্ত দোষকারক
Plague, *s.* *pestilence,* মহামারী, মারক; *any thing troublesome,* বিরক্ত জন্মায় যাহা, বালাই
Plague, *v. a.* মারী রোগগ্রস্ত-কৃ; *to tease,* বিরক্ত-কৃ, দুঃখ-দা, হয়রান্-কৃ
Plaguily, *ad.* বৈরক্তিপূর্ব্বক
Plaguy, *a.* দুঃখদ, ক্লেশদায়ক
Plain, *a.* *level,* সমভূমি, সমান, বরাবর, চৌরস; *simple,* সরল, সোজা; *without ornament,* অলঙ্কারহীন; *mere,* মাত্র, কেবল; *clear,* স্পষ্ট, প্রত্যক্ষ; *sincere,* অকপট, অচতুর, খারা
Plain, *s.* মাঠ, ময়দান
Plain, *v. a.* সমান-কৃ, বরাবর-কৃ
Plain, Plainly, *ad.* *sincerely,* সরলতারূপে; *in earnest,* নিতান্ত; *evidently,* স্পষ্টরূপে [স্য
Plain *dealing,* *s.* অকাপট্য, সারল্য, ঔদা

Plainness, *s.* *want of ornament,* অলঙ্কারাভাব; *clearness,* স্পষ্টতা; *simplicity,* সারল্য, অকাপট্য
Plaint, *s.* *a complaint in court,* নালিস পত্র; *lamentation,* ক্রন্দন, বিলাপ, খেদোক্তি
Plaintiff, *s.* ফরিয়াদী, দাবিদার [সূচক
Plaintive, *a.* বিলাপক, শোকজনক, খেদ
Plainwork, *s.* সূচের সাদা কর্ম্ম
Plait, *v. a.* ভাঁজ-কৃ, চুনট-কৃ, কোঁচা
Plait, *s.* ভাঁজ, চুনট, কাপড়ের কোঁকড়া
Plan, *s.* কল্প, কল্পনা, বাম্‌কি, ডৌল, নমুনা, আদর্শ, নক্শা
Plan, *v. a.* কল্পনা-কৃ, সৃষ্টি-কৃ, নক্শা-কৃ
Plane, *s.* সমভূমি, সমানত্ব; কাষ্ঠ সমান করণার্থ সূত্রধরের অস্ত্র, রেঁদা
Plane, *v. a.* সমান-কৃ, রেঁদা-কৃ
Planet, *s.* গ্রহ
Planetary, *a.* গ্রহ সম্বন্ধীয়, গ্রহ বিষয়ক
Planetstruck, *a.* গ্রহবৈগুণ্য হইয়াছে যাহার [শা
Planisphere, *s.* গ্রহাদি চক্রের চিত্র বা নক্
Plank, *s.* তক্তা, পাটা
Plank, *v. a.* তক্তা-মার্
Plant, *v. a.* *to set in the ground,* রোপণ-কৃ, পোঁত, বপ; *to fix,* স্থাপন-কৃ; *to plant a garden,* বৃক্ষেতে উদ্যান শোভিত-কৃ; *to plant a colony,* বিদেশে বসতি-কৃ; *to plant a gun,* তোপ-পাত
Plant, *s.* বৃক্ষ, গাছ, চারা, লতা
Plantain, *s.* কদলী, রম্ভা, কলা, মোচা
Plantation, *s.* *a place planted,* বৃক্ষাদিতে আকীর্ণ স্থান, উদ্যান, বাগান, ক্ষেত্র; *a colony,* ভিন্নদেশে বসতি করণ; *establishment,* সংস্থাপন [পূর্ণ
Planted, *a.* স্থাপিত, রোপিত, বসতিতে
Planter, *s.* বৃক্ষাদিরোপক, কৃষক
Plash, *s.* ডোবা, গোড়িয়া, ক্ষুদ্র জলাশয়
Plashy, *a.* জলুয়া, জোল বা ডোবাময়
Plasm, *s.* ছাঁচ
Plaster, *s.* চূণকাম, বালিচুন; *a salve,* প্রলেপ, মলম [-বসা
Plaster, *v. a.* চূণকাম-কৃ; প্রলেপ-দা, মলম
Plasterer, *s.* চূণকাম করে যে; মৃত্তিকাতে মূর্ত্তি নির্ম্মাণ কর্ত্তা

Digitized by Google

Plastic, *a.* সাকার করণক্ষম, সৃষ্টিকর
Plat, *s.* ক্ষুদ্র এক খণ্ড ভূমি
Plat, *v. a.* গাঁথ, বুন
Plate, *s.* বাসন, পাত্র, থাল, তৈজস পাত্র; *silver plate*, রূপার বাসন
Plate, *v. a.* মণ্ডিত-কৃ, মড়, পতর-মার
Plated, *a.* স্বর্ণ রৌপ্যমণ্ডিত
Platen, *s.* ছাপাযন্ত্রের ছাপ্‌পাটা
Platform, *s.* মঞ্চ, মাচান, চবুতরা; *a plan*, পাণ্ডুলেখ্য
Platina, *s.* প্লাটিনা নামক ধাতুবিশেষ
Platonic, *a.* প্লেটোনামক গ্রীক পণ্ডিতের মতাবলম্বী; শুদ্ধ, নিষ্কাম
Platoon, *s.* সৈন্যের ক্ষুদ্র দল
Platter, *s.* কাঠুয়া, কাষ্ঠ বা মৃৎ পাত্র, থাল
Plaudit, *s.* শ্লাঘা, প্রশংসা, ধন্যবাদ
Plausibility, *s.* সম্ভবনীয়তা, প্রমাণাভাস
Plausible, *a.* সম্ভবনীয়, বাহিরে সুদৃশ্য, যাহা গ্রহণ যোগ্য বোধ হয়
Plausibly, *ad.* সম্ভবনীয়তারূপে, সুদৃশ্যতারূপে
Plausive, *a.* প্রশংসাকারী
Play, *v. n. to sport*, ক্রীড়া-কৃ, খেলা-কৃ, কৌতুক-কৃ, লীলা-কৃ; *to trifle*, পরিহাস-কৃ; *to game*, জুয়া-খেল; *to play an instrument*, বাদ্য-বাজা; *to personate a drama*, সং-সাজ
Play, *v. a.* চালা; বাদ্য-বাজা; সং সাজিয়া তামাসা-কৃ
Play, *s. sport*, ক্রীড়া, খেলা, কৌতুক, লীলা, তামাসা; *a drama*, সং, ভেক্, নাটক; *game*, জুয়া খেলা; *action*, ক্রিয়া, কর্ম্ম
Player, *s.* ক্রীড়ক, খেলুড়ে; *an actor*, সংওয়ালা, যাত্রাকারক; *a gamester*, জুয়া খেলক [ব্যক্তি
Playfellow, *s.* সহক্রীড়ক, সঙ্গী বা সাথী
Playful, *a.* কুতুহল, রসিক, ক্রীড়ক, খেলার
Playfulness, *s.* ক্রীড়কতা, মস্করাম
Playhouse, *s.* নাট্যমন্দির, সংদর্শনার্থ গৃহ, নাচঘর
Playmate, *s.* সহক্রীড়ক, খেলিয়া
Plaything, *s.* খেলনা, ক্রীড়ার বস্তু
Plea, *s. allegation*, হেতুবাদ, প্রত্যবস্কন্দন; *an excuse*, ওজর
Plead, *v. n.* আদালতে উত্তর প্রত্যুত্তর-কৃ, সওয়াল জওয়াব-কৃ; সামান্যতঃ কোন পক্ষ হইয়া হেতু-দর্শা
Plead, *v. a.* উত্তর-কৃ, ওজর-কৃ
Pleadable, *a.* সওয়াল জওয়াব করণের যোগ্য, হেতু বলিয়া বক্তব্য
Pleader, *s.* উত্তর প্রত্যুত্তরকারক, উকীল
Pleading, *s.* উত্তর প্রত্যুত্তর করণ, সওয়াল জওয়াব করণ
Pleasant, *a. delightful*, মনোরম্য, সুন্দর, চারু, ভদ্র; *cheerful*, প্রফুল্লচিত্ত; *gay*, রসিক, হৃদ্য, আমোদী
Pleasantly, *ad.* মনোহরতারূপে, রসিকতারূপে, সানন্দে, সুন্দররূপে
Pleasantness, *s.* আনন্দ, মনোহরতা, সৌন্দর্য্যতা
Pleasantry, *s.* কৌতুক, রসিকতা, পরিহাস
Please, *v. a.* তুষ্ট-কৃ, সন্তুষ্ট-কৃ, সন্তোষ-জন্মা, খুসি-কৃ
Please, *v. n.* সন্তুষ্ট-হ; মনোনীত-কৃ
Pleased, *a.* সন্তুষ্ট, আহ্লাদিত, খুসি, প্রসন্ন
Pleasing, *a.* সন্তোষজনক, মনোহর, তুষ্টিকর, সুন্দর
Pleasingly, *ad.* তুষ্টিরূপে, মনোহরতারূপে, উত্তমরূপে [সন্তোষকারী
Pleasurable, *a.* মনোহর, আনন্দজনক,
Pleasure, *s.* সুখ, তুষ্টি, অনুরঞ্জন, সুখবোধ, সন্তোষ, আনন্দ, হর্ষ, কৌতুক
Plebeian, *a.* অকুলীন, নীচ, ইতর, পামর
Plebeian, *s.* ইতর নীচ বা সাধারণ লোক, পামর
Pledge, *s.* বন্ধক, আধি, গচ্ছিত ধন [-দা
Pledge, *v. a.* বন্ধক-দা, আধি-দা, জামিন
Pleiads, Pleiades, *s.* সপ্তর্ষি
Plenarily, *ad.* পরিপূর্ণরূপে, সম্পূর্ণরূপে
Plenary, *a.* পূরা, পূর্ণ, সম্পূর্ণ, শুদ্ধ
Plenilunary, *a.* পূর্ণচন্দ্র সম্বন্ধীয় [ক্ষমতা
Plenipotence, *s.* সম্পূর্ণ শক্তি পরাক্রম বা
Plenipotent, *a.* সম্পূর্ণ ক্ষমতাবিশিষ্ট
Plenipotentiary, *s.* সম্পূর্ণ ক্ষমতাপন্ন রাজদূত বা উকীল [বলম্বী
Plenist, *s.* সর্ব্ব স্থান বস্তুতে পূর্ণ এতন্মতা
Plenitude, *s.* বাহুল্য, প্রাচুর্য্য, পরিপূর্ণতা
Plenteous, *a.* বহুল, বিস্তর, যথেষ্ট
Plentiful, *a.* প্রচুর, বহুল, অনেক, বিস্তর, অতিরিক্ত, যথেষ্ট, অতিশয়

Digitized by Google

Plentifully, Plenteously, *ad.* বাহুল্যরূপে, প্রাচুর্য্যরূপে
Plenty, *s.* বাহুল্য, প্রাচুর্য্য, যথেষ্টতা, সম্পূর্ণতা [বাহুল্য
Pleonasm, *s.* প্রয়োজনাতিরিক্ত বাক্যের
Plethora, Plethory, *s.* রক্তাদির বাহুল্য বা আতিশয্য
Plethoric, *a.* অতিরিক্ত পুষ্ট
Pleurisy, *s.* পার্শ্বশূলবিশেষ
Pleuritic, *a.* পার্শ্বশূলগ্রস্ত
Pliable, *a.* নমনীয়, নমনশীল, নম্র, মৃদু
Pliableness, *s.* নমনীয়তা, নমনশীলতা, নম্রতা
Pliant, *a.* নম্য, নমনীয়, কোমল, নরম
Plight, *s. condition,* দশা, গতি, অবস্থা, হাল; *pledge,* বন্ধক
Plight, *v. a.* বন্ধক-দা, আধি-কৃ, গচ্ছিত-কৃ, জামিন-দা [গাঁথনি
Plinth, *s.* বুনিয়াদের উপর মেজ্যা পর্য্যন্ত
Plod, *v. a.* পরিশ্রম-কৃ, অভিনিবেশপূর্ব্বক অধ্যয়ন-কৃ
Plodder, *s.* আনাড়ী অথচ পরিশ্রমি ব্যক্তি
Plodding, *s.* অতি পরিশ্রম
Plodding, *a.* মন্দ বুদ্ধিমান অথচ পরিশ্রমী
Plot, *s. a piece of ground,* এক খণ্ড ভূমি; *a conspiracy,* ষড়যন্ত্র, কুমন্ত্রণা; *a contrivance,* কল্পনা, ছল, সাজোস [না-কৃ
Plot, *v. n.* ষড়যন্ত্র-কৃ, কুমন্ত্রণা-কৃ, মন্দ কল্প
Plot, *v. a.* কুমন্ত্রণা-কৃ
Plover, *s.* টিটির পক্ষী
Plough, *s.* লাঙ্গল, হাল, চাস
Plough, *v. a.* লাঙ্গল-দা, হাল দিয়া-চস
Ploughbeam, *s.* লাঙ্গলের ঈষ [চাসা, হলী
Ploughman, *s.* কৃষক, লাঙ্গলীয়া, কৃষীবল,
Ploughshare, *s.* লাঙ্গলের ফাল
Pluck, *s.* হেঁচ্কা মারণ; পশুর আঁতড়ি
Pluck, *v. a.* উৎপাটন-কৃ, তুল, উপড়া, হেঁচ্কা-টান, ফাড়, চির; *to pluck up heart,* সাহসিক-হ
Plug, *s.* ছিপি, গুঁজি, মেক্, চিপলা
Plug, *v. a.* ছিপি-দা
Plum, *s.* ফলবিশেষ, কুল ফল
Plumage, *s.* পক্ষির পক্ষ, পালক, পাখনা
Plumb, *s.* ওলন, সালসূত [দ্বারা সমান-কৃ
Plumb, *v. a.* ওলন সুতা ধরিয়া-মাপ, ওলনের
Plumber, *s.* সীসার কর্ম্ম কর্ত্তা
Plume, *s. feather,* পাখনা, পালক, শিখা, পক্ষ; *feather worn as ornament,* পালক বিশিষ্ট শিরোভূষণ; *token of honour,* সম্ভ্রমসূচক চিহ্ন
Plume, *v. a. to pick feathers,* পালক ছাড়িয়া সোজা-কৃ; *to strip of feathers,* পালক উপড়িয়া-ফেল; *to adorn with plumes,* শিখার দ্বারা শোভিত-কৃ; *to pride one's self,* গর্ব্বিত-হ, আত্মশ্লাঘা-কৃ
Plummet, *s.* ওলন, ওলনদড়ির সীসক পিণ্ড
Plump, *a.* পুষ্ট, মোটা, হৃষ্টপুষ্ট, পীবর, স্থূলকায়
Plump, *v. a.* হৃষ্টপুষ্ট-হ
Plump, *v. n.* প্রস্তরবৎ জলে-পড়
Plumpness, *s.* পুষ্টতা, পীবরভাব, মোটাই, সুগঠন [প্রস্তুত মিঠাই
Plumpudding, *s.* কিস্মিস্ দুগ্ধ ইত্যাদিতে
Plumy, Plumigerous, *a.* পক্ষময়, পালক বিশিষ্ট
Plunder, *s.* লুঠ, লুঠিতদ্রব্য, যুদ্ধলব্ধ দ্রব্য
Plunder, *v. a.* লুঠ-কৃ, অপহরণ-কৃ, ডাকাইতি-কৃ
Plunderer, *s.* অপহারক, লুটেরা, ডাকাইত
Plunge, *v. a. to put suddenly under the water,* অবগাহন-কৃ, ডুব, মজ, মগ্ন-কৃ; *to hurry into any distress,* হঠাৎ কোন দুঃখ বা আপদে-ফেল
Plunge, *s.* ডুব, অবগাহন [মাত্র
Plural, *a.* একের অধিক, অনেক; বহুবচ
Pluralist, *s.* একের অধিক বৃত্তিভোগি পুরোহিত
Plurality, *s.* একাধিক্যতা, বহুত্ব, অনেকত্ব
Pluvial, Pluvious, *a.* বৃষ্টি বিষয়ক, বৃষ্টি বিশিষ্ট
Ply, *v. a. to work closely,* অতি পরিশ্রম-কৃ; *to solicit importunately,* অতিশয় যাচ্ঞা-কৃ; *to bend,* নত-কৃ
Ply, *v. n.* কর্ম্ম-কৃ; দ্রুতগামী-হ
Ply, *s.* বক্রতা; *fold,* তহ, তাঁজ
Pneumatic, *a.* বায়ুবিষয়ক, বায়ুসম্বন্ধীয়
Pneumatics, *s.* বায়ুনিরূপণীয় বিদ্যা
Poach, *v. a. to boil slightly,* অর্দ্ধসিদ্ধ-কৃ; *to plunder by stealth,* গোপনে চুরি-কৃ
Poacher, *s.* সিকারি পশ্বাদি চুরি করে যে

Digitized by Google

Pock, *s.* বসন্ত রোগের ব্রণ, গুটি
Pocket, *s.* থলি, জেব, বগলি
Pocket, *v. a.* থলিতে বা জেবে-রাখ [স্তক
Pocket-book, *s.* টুকিয়া রাখিবার ক্ষুদ্র পু
Pocket-glass, *s.* জেবে রাখণের উপযুক্ত দর্পণ
Pockhole, *s.* বসন্ত রোগের চিহ্ন বা দাগ
Pod, *s.* শিম্বী মটর বীজ ইত্যাদির খোসা
Poem, *s.* কাব্য, কবিতা, পদ্য
Poesy, *s.* কাব্য বিদ্যা; কবিতা
Poet, *s.* কবি, কাব্যকর্ত্তা
Poetaster, *s.* কুকবি, অধম কবি
Poetess, Poetress, *s.* কাব্যকারিণী
Poetical, Poetic, *a.* কাব্যীয়, পদ্য, কাব্য সম্বন্ধীয় [লক্ষণানুসারে
Poetically, *ad.* পদ্যচ্ছন্দরূপে, কাবিতার
Poetry, *s.* কবিতা, কাব্য, কাব্য রচনা
Poignancy, *s.* তীক্ষ্ণতা, কটুতা, অতি জ্বালা
Poignant, *a.* তীক্ষ্ণ, কটু, তীব্র, ঝাল, তেজাল; *severe,* কঠিন
Point, *s. sharp end,* ডগা, অগ্রভাগ, হুল, আগ; *promontory,* টেক; *an indivisible part of space,* অতি সূক্ষ্ম স্থান; *a moment,* অতি সূক্ষ্ম কাল, লহমা; *state,* দশা, অবস্থা; *a stop,* পঁক্তি; *aim,* অভিপ্রায়, লক্ষ্য বিষয়
Point, *v. a. to sharpen,* তীক্ষ্ণ-কৃ, হুলযুক্ত-কৃ; *to direct towards an object,* দর্শা, লক্ষ্য-কৃ
Point, *v. n.* অঙ্গুলির দ্বারা দর্শা; *to distinguish by stops,* কথার মধ্যে বিন্দু বা চিহ্ন-দা
Pointed, *pa. a.* তীক্ষ্ণ, তীব্র, হুলযুক্ত
Pointer, *s.* প্রদর্শক; কুক্কুরবিশেষ
Pointless, *a.* অতীক্ষ্ণ, হুলরহিত, নিস্তেজ, ভোঁতা
Poison, *s.* বিষ, গরল, ক্ষার, কালকূট
Poison, *v. a.* বিষাক্ত-কৃ, বিষের দ্বারা প্রাণ নাশ-কৃ, নষ্ট-কৃ
Poisonous, *a.* বিষাল, বিষযুক্ত, বিষঘটিত
Poize, *s. weight,* ভার, ওজন; *balance,* সম পরিমাণ, তৌল
Poize, *v. a.* ওজন-কৃ, সম পরিমাণ-রাখ, তৌল-কৃ, পরীক্ষা-কৃ
Poke, *s.* ক্ষুদ্র থলি
Poke, *v. a.* অন্ধকারে অন্বেষণ-কৃ, হাতড়া; ভোঁতা
Poker, *s.* অগ্নি উস্কাইবার লৌহ শলাকা
Polar, *a.* ধ্রুব সম্বন্ধীয়, কেন্দ্র সম্বন্ধীয়, কেন্দ্রের নিকটবর্ত্তী, কেন্দ্র বিষয়ক
Polarity, *s.* কেন্দ্রাভিমুখ্য
Pole, *s. the extremity of the axis of the earth,* কেন্দ্র, সুমেরু, মেরু; *a long staff,* কাষ্ঠের দণ্ড, আসা, সোটা; *a measuring instrument,* পরিমাপক কাষ্ঠ
Poleaxe, *s.* টাঙ্গি, কুঠার
Polecat, *s.* খাটাসের ন্যায় পশুবিশেষ, গন্ধগকুলা [বিশিষ্ট
Polemic, *a.* বাদানুবাদী, বাগবিরোধ
Polemic, *s.* বাগবিতণ্ডক, তর্ককারী
Pole-*star, s.* ধ্রুবতারা, উত্তর কেন্দ্রের নিকটবর্ত্তি তারা
Police, *s.* নগর রক্ষার্থ শাসন, কোতোয়ালি, পোলিশ [নীতি
Policy, *s.* রাজনীতি; গতি, বুদ্ধি, কৌশল,
Polish, *s. artificial gloss,* উজ্জ্বলতা, জেলা, সৌন্দর্য্য; *elegance of manners,* শিষ্টাচারিত্র, সভ্যতা
Polish, *v. a.* ঘষ, মার্জ, পরিষ্কার-কৃ, চিক্কণ-কৃ; *to make elegant of manners,* সভ্য-কৃ, শিষ্ট-কৃ
Polisher, *s.* মার্জক, জেলাকর, সিকলকর
Polite, *a.* শিষ্টাচারী, সভ্য, ভব্য, শিষ্ট
Politeness, *s.* শিষ্টাচার, সভ্যতা, ভব্যতা, সৌজন্য
Politic, Political, *a.* রাজনীতি বিষয়ক; *prudent, artful,* জ্ঞানী, চতুর, কৌশলী
Politically, *ad.* রাজনীতি সম্বন্ধীয়
Politician, *s.* রাজনীতিজ্ঞ, রাজগতিজ্ঞ
Politics, *s.* রাজনীতি, রাজশাসনীয় বিদ্যা
Poll, *s.* মস্তক গণনা
Poll, *v. a. to lop the top of trees,* বৃক্ষের মাথা-ছাট; *to mow,* শস্য-কাট; *to take a list of persons,* সম্মত অসম্মত ব্যক্তিরদের নামের ফর্দ-লিখ; *to enter one's name in the list,* ঐ ফর্দে আপনার নাম-লিখ
Pollard, *s.* মুড়া বা ছাটা বৃক্ষ
Pollute, *v. a.* অপবিত্র-কৃ, ভ্রষ্ট-কৃ, নষ্ট-কৃ, বিগড়, সকলঙ্ক-কৃ

Digitized by Google

Polluted, *a.* অপবিত্র, অশুদ্ধ, ভ্রষ্ট, নষ্ট
Polluter, *s.* অপবিত্র বা অশুদ্ধকারক
Pollution, *s.* অশুদ্ধ করণ, অশুদ্ধতা, অপবিত্রতা, ভ্রষ্টতা [ব্যক্তি
Poltroon, *s.* কাপুরুষ, ভীরু ব্যক্তি, দুষ্ট
Polyacoustic, *a.* ধ্বনি বা শব্দ বৃদ্ধিকারক
Polycarpous, *a.* বহু ফলোৎপাদক
Polyedrous, *a.* বহু অস্রবিশিষ্ট [বিবাহ
Polygamy, *s.* বহুভার্য্যা গ্রহণ, অনেক
Polyglot, *a.* যে গ্রন্থে অনেক ভাষা আছে
Polygon, *s.* বহু অস্রবিশিষ্ট বস্তু
Polygonal, *a.* বহু অস্রবিশিষ্ট
Polygram, *s.* অনেক রেখা বা পলবিশিষ্ট বস্তু [খন বিদ্যা
Polygraphy, *s.* অব্যক্ত অঙ্কের দ্বারা লি
Polyphonism, *s.* শব্দ বা ধ্বনির বাহুল্য
Polypus, *s.* নাকরা বা নাসারোগ; *a fish*, সমুদ্রীয় জন্তুবিশেষ [স্বরযুক্ত বাক্য
Polysyllable, *s.* অনেক অক্ষর বা অনেক
Polytheism, *s.* বহু দেবার্চ্চনা, অনেকেশ্বর মানন [তার উপাসক
Polytheist, *s.* বহু দেবার্চ্চক, অনেক দেব
Pomade, Pomatum, *s.* চুলে দেওনের সুগন্ধি প্রলেপ
Pomegranate, *s.* দাড়িম ফল, ডালিম
Pommel, *s.* গোলাকার দ্রব্য; *the pommel of a saddle*, ঘোড়ার জিনের উন্নত ভাগ
Pommel, *v. a.* প্রহার-কৃ, মার, পিট, কুট
Pomp, *s.* প্রাগল্ভ্য, ঐশ্বর্য্য, জাঁকজমক, ভড়ক, ঠাটঠমক
Pomposity, *s.* দাম্ভিকতা, ভড়ক, বড়াই
Pompous, *a.* প্রগল্ভ, জাঁকাল, আত্মাভিমানী, ভড়কী
Pompously, *ad.* প্রাগল্ভ্যরূপে, জাঁকজমক বা ভড়ক করিয়া [তলাও
Pond, *s.* পুষ্করিণী, পুকুর, জলাশয়, খাত,
Ponder, *v. a.* বিবেচনা-কৃ, ভাব, চিন্তা-কৃ
Ponder, *v. n.* ধ্যান-কৃ [তৌলযোগ্য
Ponderable, *a.* পরিমেয়, ওজনের উপযুক্ত,
Ponderosity, *s.* গুরুত্ব, ভারিত্ব, ভার
Ponderous, *a.* ভারি, গুরু, অতিবৃহৎ; *important*, আবশ্যক
Ponderously, *ad.* গুরুত্বরূপে
Ponderousness, *s.* গুরুত্ব, ভারিত্ব, ভার
Poniard, *s.* কাটারি, ছোরা, ক্ষুদ্র তলওয়ার
Pontage, *s.* সাঁকোর পারাণি
Pontiff, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ, রোমাণ কাতোলিকেরদের প্রধান ধর্ম্মাধ্যক্ষ
Pontifical, *a.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ সম্বন্ধীয়
Pontificate, *s.* রোমাণ কাতোলিকেরদের প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ বা অধিকার
Ponton, *s.* নৌকার সাঁকো, অনেক নৌকা সংযোগে যে সাঁকো হয়
Pony, *s.* ক্ষুদ্র ঘোড়া, টাটু ঘোড়া
Pool, *s.* পুষ্করিণী, পুকুর, ক্ষুদ্র জলাশয়
Poop, *s.* জাহাজের পশ্চাদ্ভাগ
Poor, *a. not rich*, দরিদ্র, নির্ধন; *paltry*, পাজি, অধম, নীচ; *not good*, নিকৃষ্ট; *lean*, ক্ষীণ; *barren*, অনুর্ব্বর; *without spirit*, নিস্তেজ, নিঃসাহস; *the poor*, কাঙ্গালিসমূহ
Poorly, *ad. without wealth*, দরিদ্ররূপে, ক্ষীণরূপে; *meanly*, নীচরূপে
Poorly, *a.* অসুস্থ
Pop, *s.* চটপট্ শব্দ, হঠাৎ শব্দ
Pop, *v. n.* দড় দড় করিয়া গমন বা প্রবেশ-কৃ [করিয়া-দা
Pop, *v. a.* হঠাৎ ভিতরে আন বা বাহির
Pope, *s.* রোমাণ কাতোলিকেরদের প্রধান ধর্ম্মাধ্যক্ষ [বা অধিকার
Popedom, *s.* উপরি উক্ত ধর্ম্মাধ্যক্ষের পদ
Popery, Papistry, *s.* রোমাণ কাতোলিকেরদের ধর্ম্মের মত
Popgun, Potgun, *s.* বালকেরদের ক্রীড়ার্থ বন্দুক বা পটকা
Popinjay, *s.* শুক পক্ষী, ফুল্লারবিন্দ
Popish, *a.* রোমাণ কাতোলিকেরদের মত সম্বন্ধীয়
Poplar, *s.* বৃক্ষবিশেষ
Poppy, *s.* পোস্ত বৃক্ষ
Populace, *s.* ইতর বা সামান্য লোকসমূহ
Popular, *a.* সর্ব্বপ্রিয়, সর্ব্বলোক সম্মত; *prevailing*, সচরাচর, সর্ব্বত্র চলন
Popularity, *s.* সর্ব্বপ্রিয়ত্ব, সর্ব্বগ্রাহ্যত্ব
Popularly, *ad.* সর্ব্বগ্রাহ্যরূপে [বসতি-কৃ
Populate, *v. n.* লোকবৃদ্ধি-কৃ, লোক-জন্মা;
Population, *s.* রাজ্যের লোকসমুদায়, লোকসংখ্যা বিষয়ে দেশের অবস্থা
Populous, *a.* বহুপ্রজ, বহু লোকবিশিষ্ট
Porcelain, *s.* চীন দেশের অত্যুত্তম পাত্রাদি

Digitized by Google

Porch, *s.* বারাণ্ডা, প্রবেশ দ্বারের চাঁদনি
Porcupine, *s.* শল্লকী, শজারু
Pore, *v. n.* মনোযোগ বা মনোনিবেশ পূর্ব্বক-দেখ
Pores, *s.* লোমকূপ, রোমের ছিদ্র, ছিদ্র
Pork, *s.* শূকর বা বরাহমাংস
Porker, Porkling, *s.* শূকরশাবক
Porosity, *s.* সূক্ষ্ম ছিদ্রময়ত্ব, লোমকূপ বিশিষ্টতা
Porous, Pory, *a.* বহু ছিদ্রবিশিষ্ট, ঝাঁজরা, লোমকূপময়
Porphyry, *s.* প্রস্তরবিশেষ
Porpoise, Porpus, *s.* শুশুক, শিশুমার
Porrige, *s.* মাংসের ঝোল বা ভোজনবিশেষ
Porringer, *s.* ঝোলের বাটী; পাত্র, আধার
Port, *s. a harbour,* বন্দর, কোল; *a gate,* দ্বার; *the opening for the gun in a ship,* জাহাজের যে ছিদ্র দ্বারা বন্দুকের মুখ বাহির করা যায়; *air, mein,* গতি, চাইল; *wine,* মদিরাবিশেষ
Portable, *a.* সুবহনীয়, লঘু, হাল্কা
Portage, *s.* বহনের বেতন, বহনি
Portal, *s.* দ্বার, ফটক
Portcullis, *s.* নগর দ্বারের যে কাষ্ঠময় সাঁকো তোলা বা নামান যাইতে পারে
Porte, *s.* তুরুক দেশীয় সভা
Portend, *v. n.* ভাবি লক্ষণ-দর্শা, ভাবি বিষয় জ্ঞাত-কৃ [ভাবি চিহ্ন
Portent, *s.* অমঙ্গলের লক্ষণ, উপদ্রবের
Portentous, *a.* ভাবি অশুভ বা কুলক্ষণসূচক, অমঙ্গলজ্ঞাপক
Porter, *s. one in charge of a gate,* দরওয়ান, দ্বারী, দ্বারপাল; *a bearer,* বাহক, বেহারা, মুটিয়া; *a kind of beer,* এক প্রকার বীর সরাপ
Porterage, *s.* মুটিয়া বা বাহকের বেতন
Port-folio, *s.* যে খাপের মধ্যে কাগজ পত্র রাখা যায়
Porthole, *s.* জাহাজের উপর পার্শ্বস্থ যে ছিদ্র দ্বারা কামান ছুটান যায়
Portico, *s.* বারাণ্ডা
Portion, *s. a part,* অংশ, ভাগ; *an allotment,* বণ্টন দ্বারা নির্দ্দিষ্ট অংশ; *inheritance of a child,* পুত্রের পৈতৃক অধিকার; *a wife's fortune,* যৌতুক
Portion, *v. a.* বণ্টন-কৃ, অংশ-কৃ, ভাগ-কৃ যৌতুক দান-কৃ
Portliness, *s.* গম্ভীর চাইল, ভারি চাইল
Portly, *a.* উত্তম চাইলবিশিষ্ট, স্থূলকায়
Portmanteau, *s.* পথিকের বস্ত্র রাখিবার ঝাঁপি বা পেটরা
Portrait, *s.* ছবি, মূর্ত্তির ছবি, তসবির [-কৃ
Portray, *v. a.* চিত্র-কৃ, ছবি-তুল, অনুরূপ
Portress, *s.* দ্বারপালিকা
Pose, *v. a.* নিরুত্তর-কৃ, অবাক্-কৃ, স্তব্ধ-কৃ
Position, *s.* স্থিতি, স্থান, অবস্থান; *principal,* মূল শব্দ
Positive, *a. absolute,* নিশ্চিত, নিতান্ত; *dogmatical,* আত্ম মত বিষয়ে অভিমানী; *certain,* স্থির
Positively, *ad.* নিশ্চয়রূপে, নিতান্ত
Posse, *s.* অস্ত্রধারি লোকসমূহ
Possess, *v. a. to have as an owner,* অধিকার-কৃ, দখল-কৃ, ভোগ-কৃ; *to obtain,* প্রাপ্, পা; *to fill,* পূর্ণ-কৃ
Possession, *s.* অধিকার, প্রাপ্তি, ভোগদখল, স্বামিত্ব; *possessions,* সম্পত্তি
Possessive, *a.* অধিকারী, দখলীকার; *in grammar,* ব্যাকরণে সম্বন্ধবাচক শব্দ
Possessor, *s.* অধিকারী, ভোক্তা, স্বামী, অধিপতি
Posset, *s.* মদ্যমিশ্রিত দুগ্ধ
Possibility, *s.* সাধ্যতা, পারকতা, সম্ভাব
Possible, *a.* সম্ভবনীয়, সাধ্য, শক্য, হইতে পারে যাহা [জানি
Possibly, *ad.* সম্ভবে, হইতে পারে, কি
Post, *s. a hasty messenger,* পত্রাদির জলদ বাহক; *the public carriage of letters,* সরকারী ডাক; *military station,* সৈন্যের আড্ডা; *office,* পদ, কার্য্য; *an erect piece of timber,* কাষ্ঠময় স্তম্ভ, খুঁটি; *place,* স্থান
Post, *v. a.* অতি বেগে গমন-কৃ
Post, *v. n.* স্থাপন-কৃ; অপমান জন্য স্তম্ভোপরি কাহারো নাম স্থাপন-কৃ
Postage, *s.* ডাক মাসুল
Postboy, *s.* ধাউড়িয়া
Postchaise, *s.* ভাড়াটিয়া গাড়ি [-লিখ
Postdate, *v. a.* প্রকৃত কালের পূর্ব্বের কাল
Postdiluvian, *a.* জলপ্লাবনের পর জীবী

Digitized by Google

Posterior, *a.* পশ্চাদ্বর্ত্তী, পরে, পিছে
Posteriority, *s.* পশ্চাদ্ভাব, উত্তর কালীনত্ব
Posteriors, *s.* পশ্চাদ্দেশ, পাছা, নিতম্ব
Posterity, *s* পুত্রপৌত্রাদি, সন্তানসন্ততি, বংশ
Postern, *s.* ক্ষুদ্র ফটক, খিড়কি দ্বার
Postexistence, *s.* পরকালীনত্ব [অরায়
Posthaste, *s.* দৌড়ঝাঁপ, দৌড়াদৌড়ি,
Posthumous, *a.* কোন ব্যক্তির মৃত্যুর পর কৃত বা প্রকাশিত
Postillion, *s.* সারথি, গাড়োয়ান
Post-*meridian*, *a.* অপরাহ্নিক, বৈকালীন
Postpone, *v. a.* বিলম্ব-কৃ, স্থগিত-কৃ, মুলতবী-রাখ
Postscript, *s.* ক্রোড়পত্র, পত্রাদি লিখন সমাপনের পর পুনশ্চ লিখন
Postulate, *s.* মুল সূত্র, প্রমাণ ব্যতিরেকে যে কোন পদ ধারণ হয়
Postulate, *v. a.* প্রমাণ ব্যতিরেকে কোন পদ গ্রহণ-কৃ
Postulation, *s.* বিনা প্রমাণে পদ ধারণ
Postulatum, *s.* অপ্রমাণে ধৃত পদ বা স্থান
Posture, *s. attitude*, অঙ্গের ভাব, অঙ্গ বিন্যাস; *state*, অবস্থা, গতিক, দশা
Posturemaster, *s.* অঙ্গবিন্যাস শিক্ষক
Posy, *s.* অঙ্গুরীয়ের উপরি খোদিত বাক্য; পুষ্পগুচ্ছ [আধার
Pot, *s.* স্থালী, পাত্র, হাঁড়ি, কলসী, ডেক,
Pot, *v. a.* কোন দ্রব্য পাত্রে পূরিয়া-রাখ; *to go to pot*, নষ্ট বা ভ্রষ্ট-হ [যোগ্য
Potable, Potulent, *a.* পেয়, পানীয়, পান
Potash, *s.* ক্ষার, বৃক্ষের ভস্মজ ক্ষার
Potation, *s.* পান, পান করণ, গিলন
Potatoe, *s.* আলু
Potbellied, *a.* তুন্দিল, ভুঁড়িয়া, লম্বোদর
Potcompanion, *s.* সহপায়ী, পানমিত্র
Potency, *s.* প্রতাপ, পরাক্রম, শক্তি, বল, সামর্থ্য
Potent, *a.* প্রতাপী, পরাক্রান্ত, বলবান্
Potentate, *s.* রাজাধিরাজ, সম্রাট, চক্রবর্ত্তী
Potential, *a.* পরাক্রান্ত, সামর্থ্য বা শক্তি বিশিষ্ট
Potently, *ad.* পরাক্রান্তরূপে, শক্তরূপে
Pother, *s.* গোল, হড়বড়ি, হুড়ামুড়ি
Potherb, *s.* শাক, সবুজি

Potion, *s.* ঔষধের মাত্রা বা এককালে পান করা যায় যাহা
Potlid, *s.* হাঁড়ির ঢাকনি, শরা
Potsherd, *s.* খোলা, খাবরা, ঠিকরি
Potter, *s.* কুম্ভকার, কুলাল, কুমোর
Potter's ore, Pottern ore, *s.* কুমোরের পোঁচ মাটি বা বোল
Potter's wheel, *s.* কুলালচক্র [কর্ম্ম
Pottery, *s.* কুমোরের কর্ম্ম স্থান; কুমোরের
Pottle, *s.* দ্রব্য পরিমাণে প্রায় দুই সের
Potvaliant, *a.* মদ্যপানে বলী, মত্ততা প্রযুক্ত সাহসী
Pouch, *s.* ক্ষুদ্র থলিয়া, ঝুলি, থালি
Poverty, *s.* দরিদ্রতা, নির্ধনতা, দীনহীনতা, কাঙ্গালপনা
Poult, Pout, *s.* কুক্কুটশাবক
Poulterer, *s.* কুক্কুট হংসইত্যাদি ব্যবসায়ি ব্যক্তি [পটি
Poultice, *s.* পাচক প্রলেপ, পাকজনক
Poultry, *s.* গৃহপালিত হংস কুক্কুট ইত্যাদি পক্ষী [গুঁড়া
Pounce, *s.* পক্ষির থাবা; *a powder*, ধুনার
Pounce, *v. a.* ছিদ্র-কৃ, বিঁধ; *to seize with the talons*, ছোঁ-দা, থাবা-মার [থাকে
Pouncet-*box*, *s.* যে ডিবিয়াতে সুগন্ধি দ্রব্য
Pound, *s.* পরিমাণবিশেষ, আধ সের; *a pound sterling*, ইঙ্গলণ্ডীয় মুদ্রাবিশেষ ১০ টাকা মুল্য; *a pinfold*, খোঁয়াড়
Pound, *v. a. to beat with a pestle*, গুঁড়া-কৃ, কুট, চূর্ণ-কৃ; *to shut up*, খোঁয়াড়ে বদ্ধ করিয়া-রাখ
Poundage, *s.* দস্তুরি
Pour, *v. a.* ঢাল, অভিষেক-কৃ
Pour, *v. n.* বর্ষ, পড়িয়া-পড়, ঝর, হুড়মুড় করিয়া-পড় [প্রকাশ-কৃ
Pout, *v. n.* ঠোঁট-ফুলা, ওষ্ঠের দ্বারা রাগ
Powder, *v. n.* চূর্ণ-কৃ, গুঁড়া-কৃ; *to sprinkle as with dust*, ধুলা-ছড়া
Powder, *s. dust*, চূর্ণ, গুঁড়া, গুণ্ডিকা; *gunpowder*, বারুদ; *sweet dust for the hair*, কেশ সংস্কারার্থ সুগন্ধি চূর্ণ
Powderbox, *s.* কেশের নিমিত্ত সুগন্ধি চূর্ণের ডিবিয়া
Powderhorn, *s.* বারুদদান, বারুদের শিঙ্গা
Powder-*mill*, *s.* বারুদ প্রস্তুত করণের কল

Digitized by Google

Powdery, *a.* চূর্ণবৎ, ধূলিবৎ
Power, *s.* *authority,* ক্ষমতা, মহিমা, পরাক্রম ; *force of body,* শক্তি, বল, সামর্থ্য ; *faculty of mind,* মানসিক শক্তি, গুণ ; *force of an engine,* কলের শক্তি ; *government,* কর্তৃত্ব, রাজ্য, রাজপরাক্রম ; *sovereign,* রাজা ; *army,* সৈন্য
Powerful, *a.* ক্ষমতাপন্ন, পরাক্রান্ত, বলবান্, শক্তিমান্, প্রবল
Powerfully, *ad.* পরাক্রান্তরূপে, প্রাবল্যপূর্ব্বক, সামর্থ্যপূর্ব্বক [অক্ষম
Powerless, *a.* অপরাক্রান্ত, দুর্ব্বল, ক্ষীণ,
Pox, *s.* উপদংশ, বাও, গরমি ; *the small pox,* বসন্ত, মসুরিকা, গুটি
Practicability, *s.* সাধ্যতা, সুকরণীয়তা
Practicable, *a.* সাধ্য, সুকরণীয়, ভবনীয়, সম্ভব্য
Practical, *a.* কার্য্য বিষয়ক, ব্যবহার্য্য
Practically, *ad.* কর্ম্ম সম্বন্ধে, ব্যবহারতঃ
Practice, *s.* *customary use,* অনুষ্ঠান, অনুশীলন, অভ্যাস, সংস্কার, ব্যবহার ; *exercise of any profession,* ব্যবসায়
Practise, *v. n.* *to form a habit,* অভ্যাস-কৃ, ব্যবহার-কৃ ; *to use bad arts,* ধূর্ত্ততা-কৃ ; *to exercise a profession,* ব্যবসায়-কৃ
Practise, *v. a.* অভ্যাস-কৃ অনুশীলন-কৃ
Practitioner, *s.* ব্যবসায়ি ব্যক্তি
Præcognita, *s.* পূর্ব্বজ্ঞাত বিষয়সকল
Pragmatical, *a.* অননুমতিতে কর্ম্মে হাত দেয় যে, অনধিকার চর্চ্চক
Pragmatically, *ad.* অনধিকার চর্চ্চাপূর্ব্বক
Praise, *s.* প্রশংসা, স্তব, স্তুতি, ধন্যবাদ, যশ, সুখ্যাতি [ধন্যবাদ-কৃ
Praise, *v. a.* স্তব-কৃ, স্তুতি-কৃ, প্রশংসা-কৃ,
Praiseworthy, *a.* প্রশংস্য, স্তবের যোগ্য
Prance, *v. n.* বেগপূর্ব্বক উল্লম্ফ-দা, লাফ-পাড়্, কুঁদ [নি
Prank, *s.* ক্রীড়া, লম্ফ ঝম্প, ছেল্যামি, কুঁদ
Prate, *s.* বকাবকি, গপ্প, অনর্থক কথা
Prattle, Prate, *v. n.* বক্‌বক্-কৃ, বড়বড়-কৃ, অনর্থক গপ্প-কৃ
Pratter, Prater, *s.* অনর্থক বাক্যবাদী, গপ্পিয়া, বড়বড়িয়া
Pravity, *s.* দুষ্টতা, ভ্রষ্টতা, নষ্টামি
Prawn, *s.* চিঙ্গড়ি মৎস্য

Pray, *v. n.* *to make petitions to heaven,* আরাধনা-কৃ, ঈশ্বরের স্থানে প্রার্থনা-কৃ ; *entreat,* যাচ্ঞা-কৃ, নিবেদন-কৃ, মাঙ্গ
Pray, *v. a.* নিবেদন-কৃ
Prayer, *s.* *petition to heaven,* ঈশ্বরের প্রতি প্রার্থনা, আরাধনা, অর্চ্চনা ; *entreaty,* যাচ্ঞা, উপাসনা, নিবেদন, বিনীতি
Prayerbook, *s.* আরাধনার পুস্তক বা পদ্ধতি [শিক্ষা-দা
Preach, *v. a.* ধর্ম্মোপদেশ-কৃ, ঘোষণা-কৃ,
Preacher, *s.* ধর্ম্মোপদেশক, প্রচারক, শিক্ষক
Preamble, *s.* ভূমিকা, হেতুবাদ [বিশেষ
Prebend, *s.* প্রধান ধর্ম্মালয়ের বৃত্তি বা পদ
Prebendary, *s.* উপরি উক্ত বৃত্তিভোগী
Precarious, *a.* অনিশ্চয়, অনিত্য, দ্বিধাকম্প, ঠিকানা বা স্থৈর্য্য নাই যাহার
Precariously, *ad.* অনিশ্চয়রূপে, দ্বিধা বা সন্দেহরূপে [সূচনা, পূর্ব্বচিন্তা
Precaution, *s.* সাবধানতা, সতর্কতা, অগ্র
Precede, *v. a.* অগ্রসর-হ, অগ্রে২-যা, অগ্রগণ্য-হ, অগ্রবর্ত্তী-হ
Precedence, Precedency, *s.* অগ্রগণ্যতা, অগ্রবর্ত্তিতা, প্রাথমিকতা ; প্রাধান্য
Precedent, *a.* অগ্রগামী, অগ্রগন্তা, পূর্ব্বগত, পূর্ব্বগ [আদর্শ, দৃষ্টান্ত স্থল
Precedent, *s.* পূর্ব্বকৃত নিয়ম বা নিষ্পত্তি,
Preceding, *a.* অগ্রবর্ত্তী, অগ্রগত
Precentor, *s.* অগ্রগায়ক, প্রধান গায়ক
Precept, *s.* আদেশ, আজ্ঞা, হুকুম, বিধান, বিধি
Preceptial, *a.* আদেশযুক্ত, বিধিবিশিষ্ট
Preceptive, *a.* আজ্ঞাদায়ী, আদেশ বা বিধিকারী
Preceptor, *s.* উপদেশক, অধ্যাপক, শিক্ষক, গুরু, আচার্য্য [য়ক
Preceptory, *a.* শিক্ষাদাতা, উপদেশ বিষ
Preceptory, *s.* শিক্ষার স্থান
Precession, *s.* অগ্রগমন, অগ্রসর হওন
Precinct, *s.* সীমা, সীমান্তবর্ত্তি স্থান, সীমানা, সরহদ্দ, অঞ্চল [অকর্ম্মণ্য
Precious, *a.* বহুমূল্য, মহার্ঘ্য ; *worthless,*
Preciously, *ad.* অমূল্য বা বহু মূল্যরূপে ; ব্যঙ্গোক্তিতে হেয়রূপে

Digitized by Google

Preciousness, *s.* বহুমুল্যকতা, মুল্য, গুণ
Precious-stone, *s.* মণি, রত্ন, জহর
Precipice, *s.* ভৃগু, অত্যুচ্চ স্থান, পর্ব্বতের ধার বা শৃঙ্গ
Precipitance, Precipitancy, *s.* অতিত্বরা, উতলাপনা, তাড়াতাড়ি, হড়বড়িয়ামি
Precipitant, *a.* প্রমত্ত, উতলা, অবিবেকী
Precipitate, *v. a.* *to throw headlong,* ঘাড় মুচড়িয়া-ফেল, অধঃক্ষেপণ-কৃ; *to hurry,* তাড়াতাড়ি-কৃ, তাগাদা-কৃ
Precipitate, Precipitous, *a.* অপ্রবিধানী, প্রমত্ত, অবিবেকী
Precipitately, Precipitantly, *ad.* অতি ত্বরায়, অনবধানে, উতলারূপে
Precipitation, *s.* অধো নিক্ষেপণ; প্রমত্ততা অনবধানতা, অবিবেচনা, প্রমাদ
Precise, *a.* নিশ্চিত, ঠিক, যথার্থ, প্রকৃত
Precisely, *ad.* নিশ্চয়রূপে, ঠিকঠাকে, যথোচিত মতে
Preciseness, Precision, *s.* নিশ্চিতত্তা, প্রকৃততা, অবৈলক্ষণ্য, যথার্থতা
Precisive, *a.* নিশ্চায়ক
Preclude, *v. a.* বারণ-কৃ, নিষেধ-কৃ, অবরোধ-কৃ, বহিষ্কৃত-কৃ
Precocious, *a.* অকালে পক্কবুদ্ধি বিশিষ্ট
Precocity, *s.* অকালে পরিপক্কতা, অকালে বুদ্ধিমত্তা
Precogitate, *v. a.* পূর্ব্ব বিবেচনা-কৃ
Precogitation, *s.* পূর্ব্ব বিবেচনা, পূর্ব্ব চিন্তা, পূর্ব্ব জ্ঞান
Precognition, *s.* পূর্ব্বজ্ঞান, অগ্রসূচনা
Preconceit, *s.* পূর্ব্বকল্প
Preconceive, *v. a.* পূর্ব্বকল্প-কৃ, অগ্রবোধ-কৃ [অগ্রবোধ
Preconception, *s.* পূর্ব্বকৃত কল্প, পূর্ব্বমতি,
Preconceit, *v. a.* পূর্ব্বে স্থির-কৃ, পূর্ব্বে অবধারণ-কৃ
Precontract, *s.* পূর্ব্বে বন্দোবস্ত [দূত
Precursor, *s.* অগ্রগ, অগ্রগামী, অগ্রগন্তা,
Precursory, *a.* অগ্রগামী, প্রাথমিক, আদি
Predation, *s.* লুঠ করণ, অপহরণ
Predatory, *a.* অপহারক, লুঠকারী, লুঠ ব্যবসায়ী
Predecessor, *s.* পূর্ব্ব, পূর্ব্বাধিকারী, পূর্ব্ব পদস্থ, যে ব্যক্তি পূর্ব্বে কোন পদে ছিল
Predestinarian, Predestinator, *s.* অদৃষ্ট বাদী, সকলই দৈবাধীন এই মতাবলম্বী
Predestinate, *v. a.* পূর্ব্বনিরূপণ-কৃ, ভাগ্য নির্দ্ধারণ-কৃ
Predestination, *s.* পূর্ব্ব নিরূপণ, প্রাক্তন, অদৃষ্ট [-লিখ
Predestine, *v. a.* পূর্ব্ব নিরূপণ-কৃ, ললাটে
Predetermination, *s.* পূর্ব্ব নিশ্চয় করণ, পূর্ব্ব নিশ্চয় [বাক্য
Predicable, *s.* ন্যায় শাস্ত্রোক্ত নিশ্চিতার্থ
Predicable, *a.* বক্তব্য, নিশ্চয়রূপে কথনীয়
Predicament, *s.* অবস্থা, দশা, গতি, দায়
Predicate, *s.* নিশ্চিত উক্তি, স্থিরীকৃত বিষয়
Predicate, *v. a.* নিশ্চয়-কহ, অবধারণ-কৃ
Predication, *s.* নিশ্চয় কথন, অবধারণ
Predict, *v. a.* ভবিষ্যৎ-কথ, ভাবি-কহ, অগ্র জ্ঞাপন-কৃ
Prediction, *s.* ভবিষ্যদ্বাক্য, ভাবি কথা
Predictor, *s.* ভবিষ্যদ্বক্তা, ভাবিকথক
Predilection, *s.* পূর্ব্বানুরাগ, অগ্রে প্রবৃত্তি; পক্ষপাত
Predispose, *v. a.* পূর্ব্বে প্রবৃত্তি জন্মা, পূর্ব্বে মন স্থির-কৃ, পূর্ব্বে লওয়াও
Predisposition, *s.* পূর্ব্বস্বভাব, পূর্ব্বানুরাগ, পূর্ব্ব মনস্থ [কতা, প্রাদুর্ভাব
Predominance, *s.* প্রাধান্য, প্রাবল্য, ব্যাপ
Predominant, *a.* প্রধান, প্রবল, ব্যাপক, প্রাদুর্ভাবী [-হ, প্রাবল্য-হ
Predominate, *v. a.* প্রাদুর্ভাব-হ, প্রাধান্য
Pre-elect, *v. a.* পূর্ব্বে মনোনীত-কৃ
Pre-eminence, *s.* অগ্রগণ্যতা, প্রাধান্য, সর্ব্বশ্রেষ্ঠতা
Pre-eminent, *a.* সর্ব্বশ্রেষ্ঠ, অগ্রগণ্য, প্রধান
Pre-eminently, *ad.* অগ্রগণ্যতারূপে, প্রাধান্যরূপে, শ্রেষ্ঠরূপে [অধিকার
Pre-emption, *s.* অন্যের অগ্রে ক্রয় করণের
Pre-engage, *v. a.* পূর্ব্বে প্রবৃত্তি-কৃ, পূর্ব্বে বন্দোবস্ত-কৃ
Pre-engagement, *s.* পূর্ব্বে প্রবৃত্ত হওন, পূর্ব্ব নিয়ম, পূর্ব্ব বন্দোবস্ত
Preening, *s.* পক্ষ্যাদির পক্ষ ঝাড়ন বা ঠোঁটের দ্বারা পুঁছন [স্থাপন-কৃ
Pre-establish, *v. a.* পূর্ব্ব স্থির-কৃ, পূর্ব্ব
Pre-exist, *v. a.* পূর্ব্বজীবী-হ, পূর্ব্বে স্বত্ত্ববান্-হ

Digitized by Google

Pre-existence, *s.* পূর্ব্বজীবন, পূর্ব্বসত্তা, প্রাগ্ভোগ
Pre-existent, *a.* পূর্ব্বজীবী, পূর্ব্বে সত্তাবান্ প্রাগ্ভোগবিশিষ্ট
Preface, *s.* ভূমিকা, মঙ্গলাচরণ, আভাস
Preface, *v. a.* ভূমিকা-কৃ, ভূমিকা-লিখ, মঙ্গলাচরণ-কৃ [ষিক
Prefatory, *a.* ভূমিকা সম্বন্ধীয়, পারিভা
Prefect, *s.* অধ্যক্ষ, কর্ত্তা, শাসনকর্ত্তা
Prefecture, *s.* অধ্যক্ষতা, কর্ত্তৃত্ব
Prefer, *v. a. to regard more,* অধিক ভাল বাস; *to advance,* উন্নত-কৃ, বর্দ্ধিত-কৃ; *to bring forward,* প্রস্তাব-কৃ
Preferable, *a.* উত্তমতর, অন্যাপেক্ষা মনো নীতের যোগ্য
Preferably, *ad.* মনোনীত করণপূর্ব্বক, বরঞ্চ
Preference, *s.* অন্যাপেক্ষা ভাল বাসন বা মনোনীত করণ
Preferment, *s.* বৃদ্ধি, উন্নতি, উচ্চপদ
Prefiguration, *s.* দৃষ্টান্তের দ্বারা পূর্ব্বে জানান [পূর্ব্বে জ্ঞাত-কৃ বা দর্শা
Prefigure, *v. a.* দৃষ্টান্ত বা উপমার দ্বারা
Prefix, *v. a. to appoint before hand,* পূর্ব্ব নিযুক্ত-কৃ; *to put before,* পূর্ব্বে প্রয়োগ -কৃ বা-রাখ
Prefix, *s.* উপসর্গ
Preform, *v. a.* পূর্ব্বে-গঠ, পূর্ব্বে নির্ম্মাণ-কৃ
Pregnancy, *s. the state of being with young,* গর্ভধারণ, অন্তরাপত্যাবস্থা, পেট হওন; *fertility,* উর্ব্বরত্ব, ফলত্ব
Pregnant, *a. breeding,* গর্ভিণী, অন্তরা পত্যা; *fertile,* উর্ব্বর, ফলবান; *full,* পূর্ণ [চাকন
Pregustation, *s.* পূর্ব্বে আস্বাদন করণ,
Prejudge, *v. a.* পূর্ব্বে বিবেচনা-কৃ, পূর্ব্বে বিচার-কৃ, না শুনিয়া পূর্ব্বে দোষী-ঠাহর
Prejudicate, *a.* পূর্ব্বে বিবেচনা না করিয়া স্থিরীকৃত [করণ
Prejudication, *s.* বিবেচনা না করিয়া নিশ্চয়
Prejudice, *s.* বিবেচনার পূর্ব্বে স্থির করণ, পূর্ব্বে প্রবৃত্তি, পক্ষপাত
Prejudice, *v. a.* পক্ষপাত-কৃ, অন্যের প্রতি দ্বেষ-জন্মা; *to hurt,* ক্ষতি-কৃ, হানি-কৃ, মন্দ-কৃ [কর
Prejudicial, *a.* অপকারক, হিংসক, ক্ষতি
Prelacy, *s.* মহাধর্ম্মাধ্যক্ষের পদ
Prelate, *s.* মহাধর্ম্মাধ্যক্ষ
Prelatical, *a.* মহাধর্ম্মাধ্যক্ষ সম্বন্ধীয়
Prelection, *s.* অধ্যাপনা, উপদেশ, কোন বিদ্যার ঘোষণা [পারিভাষিক
Preliminary, *a.* অগ্রীয়, প্রাথমিক, পূর্ব্বীয়,
Prelude, *s.* বাদ্যোপক্রম; উপক্রম, আরম্ভ, পূর্ব্ববাক্য, পরিভাষা
Prelude, *v. n.* উপক্রম-কৃ, পূর্ব্বসূচনা-কৃ, ভূমিকা বাক্য-লিখ [আদ্য
Prelusive, *a.* পারিভাষিক, পূর্ব্বসূচনাকারী,
Premature, *a.* অকালে পক্ব, অকালে কৃত, অকালজ, অসাময়িক
Premeditate, *v. a.* পূর্ব্বধ্যান চিন্তা বা বিবে চনা-কৃ [বিবেচনা
Premeditation, *s.* পূর্ব্বে ধ্যান বা চিন্তা বা
Premier, *a.* প্রধান, শ্রেষ্ঠ, আদি
Premier, *s.* ইঙ্গলণ্ড দেশের রাজমন্ত্রিরদের অগ্রগণ্য
Premise, *v. a.* পূর্ব্বে ব্যাখ্যা বা প্রসঙ্গ-কৃ
Premises, *s. propositions,* পূর্ব্ব পক্ষ, উত্তর পক্ষ; *houses or land,* বাটী ভূমি ইত্যাদি
Premium, *s.* পারিতোষিক, পুরস্কার; *advance,* ধরাট, চোটা
Premonish, *v. a.* পূর্ব্বে চেতনা-দা, প্রত্যা দেশ-কৃ
Premonition, *s.* প্রত্যাদেশ, পূর্ব্বচেতনা
Premonitory, *a.* প্রত্যাদেশকারী, পূর্ব্বে চেতনাদায়ী
Prenominate, *v. a.* পূর্ব্বে নামাঙ্কিত-কৃ
Preoccupancy, *s.* পূর্ব্বে দখল করণ, পূর্ব্বা ধিকার [দখল-কৃ, পূর্ব্বে গ্রহণ-কৃ
Preoccupy, *v. a.* পূর্ব্বে অধিকার-কৃ, পূর্ব্বে
Preopinion, *s.* পূর্ব্বমতি, অনুমান, বোধ, জ্ঞান [নির্দ্ধারিত-কৃ
Preordain, *v. a.* পূর্ব্ব নিযুক্ত-কৃ, পূর্ব্বে
Preordinance, *s.* পূর্ব্ব নিয়োগ, পূর্ব্ব বিধান
Preparation, *s.* প্রস্তুত করণ, পূর্ব্বায়োজন করণ, পূর্ব্ব উদ্যোগ, সাজগোজ
Preparatory, Preparative, *a.* প্রস্তুতকারী, সংযোগকারী, পূর্ব্বোপায়ী
Prepare, *v. a. to fit for any thing,* প্রস্তুত -কৃ, পূর্ব্বায়োজন-কৃ, পূর্ব্বোদ্যোগ-কৃ; *to qualify,* কার্য্যের নিমিত্ত আপনাকে

Digitized by Google

প্রস্তুত-কৃ; *to make*, নির্ম্মাণ-কৃ, বানা, তৈয়ার-কৃ [গী-হ

Prepare, *v. n.* পূর্ব্বায়োজন-কৃ, পূর্ব্বোদ্যো

Prepense, Prepensed, *s.* পূর্ব্ব কল্পিত, পূর্ব্ব বিবেচিত

Preponderate, *v. a.* অধিক পরিমাণ বা ভারি-হ; *to exceed in influence*, প্রবল তর-হ

Preponderate, *v. a.* পরিমাণে গুরুতর-কৃ

Preponderance, *s.* ভারাধিক্য, প্রাবল্য

Preposition, *s.* উপসর্গ

Prepossess, *v. a.* অবিবেচিত কল্পনাতে অন্যের মন পূর্ণ-কৃ, অন্যকে পক্ষপাত -কৃ [করণ; পূর্ব্ব বোধ, পক্ষপাতিত্ব

Prepossession, *s.* বিবেচনার পূর্ব্বে নিশ্চয়

Preposterous, *a.* অসম্ভব, উল্টা, বিপরীত, অসঙ্গত [রূপে

Preposterously, *ad.* অসঙ্গত বা অসম্ভব

Prepotency, *s.* প্রাধান্য, প্রাবল্য [ত্বক

Prepuce, *s.* মেঢ়াগ্রত্বক, পুরুষাঙ্গের অগ্র

Prerequire, *v. a.* পূর্ব্বে দাওয়া-কৃ

Prerequisite, *a.* পূর্ব্বে যাহা আবশ্যক বা প্রয়োজনীয় হয়

Prerogative, *s.* রাজাদির বিশেষ প্রভাব ক্ষমতা অধিকার হক ইত্যাদি

Presage, Presagement, *s.* লক্ষণ, ভাবি শুভাশুভ বোধক লক্ষণ বা চিহ্ন

Presage, *v. a.* ভাবি চিন্তা-কৃ, ভাবি শুভা শুভ বিষয় লক্ষণ দ্বারা-দর্শা

Presbyter, *s.* যাজক, ধর্ম্মোপদেশকেরদের মধ্যে অগ্রগণ্য

Presbytery, *s.* বৃদ্ধ পুরোহিত বা সাধারণ ব্যক্তিরদের সমাজ [ভাবি বোধ

Prescience, *s.* ভবিষ্যৎ জ্ঞান, পূর্ব্ব বোধ,

Prescient, *a.* ভবিষ্যৎ জ্ঞানী, পূর্ব্ব জ্ঞাত

Prescribe, *v. a.* *to order*, আজ্ঞা-কৃ, হুকুম -দা, নিয়ম-কৃ; *to direct medically*, চিকিৎসার ব্যবস্থা-দা

Prescribe, *v. n.* *to influence by long custom*, বহুকাল অভ্যাসের দ্বারা প্রবৃত্তি -জন্মা; *to write medical directions*, চিকিৎসকের পেঁত্তা-লেখ

Prescript, *s.* *direction*, আজ্ঞা, আদেশ, বিধি; *medical order*, চিকিৎসকের ব্যবস্থা

Prescription, *s.* *custom continued till it has become law*, ব্যবহারের দ্বারা এমত রীতি বদ্ধ যে আইনের তুল্য বলবৎ হইয়াছে; *medical receipt*, চিকিৎসার পেঁত্তা [ব্যবহারিক

Prescriptive, *a.* ধারাবাহিক, চিরকালীন

Presence, *s.* *state of being present*, সাক্ষাৎ, সাক্ষাৎকার, উপস্থিত; *mien*, ভাব, চাইল, গতিক; *view of a superior*, হুজুর; *readiness at need*, উৎপন্নমতি

Present, *a.* *not absent*, উপস্থিত, সাক্ষাৎ, সম্মুখ; *not future*, বর্ত্তমান, এইক্ষণ; *not neglectful*, মনোযোগী, প্রসন্ন

Present, *s.* *a gift*, দান, পারিতোষিক, ভেট, দর্শনী, উপঢৌকন; *a letter of mandate*, রাজপত্র বা পরওয়ানা

Present, *v. a.* *to exhibit to view*, দর্শা, প্রকাশ-কৃ, সাক্ষাৎ-কৃ; *to give*, দান-কৃ; *to prefer to a benefice*, ধর্ম্ম বৃত্তিতে নি যুক্ত-কৃ; *to offer*, প্রস্তাব-কৃ

Present, for the, *ad.* সম্প্রতি

Presentable, *a.* উপঢৌকনরূপে যাহা দেওয়া যাইতে পারে

Presentation, *s.* দান করণ, দেওন, ধর্ম্ম বৃত্তিতে নিযুক্ত করণ

Presenter, *s.* উপঢৌকনদায়ক

Presentiment, *s.* পূর্ব্ব সূচনা, পূর্ব্ব বোধ, ভাবি বিষয়ের অনুমান

Presently, *ad.* অবিলম্বে, এইক্ষণে [বিষয়

Presentment, *s.* প্রস্তাব করণ, প্রস্তাবিত

Preservation, *s.* রক্ষা করণ, রক্ষণ, ত্রাণ, বাঁচন, নিস্তার [যাহাতে

Preservative, *a.* রক্ষাকারী, রক্ষা হয়

Preserve, *v. a.* *to save*, রক্ষা-কৃ, বাঁচা, নিস্তার-কৃ; *to season fruits*, আচার-কৃ, মোরব্বা-কৃ [করা ফলাদি

Preserve, *s.* মোরব্বা, চিনির রসে পাক

Preserver, *s.* রক্ষাকর্ত্তা, নিস্তারক

Preside, *v. n.* অধ্যক্ষ-হ, সভাপতি-হ, প্রধান-হ

Presidency, *s.* তত্ত্বাবধারণ, অধ্যক্ষতা; *the capital*, রাজধানী, সদর স্থান

President, *s.* প্রধান, সভাধ্যক্ষ, কর্ত্তা, অধিষ্ঠাতা, দলপতি

Press, *v. a.* *to squeeze*, চাপ, টিপ; *to dis-*

Digitized by Google

tress, দুঃখ-দা, ক্লেশ-দা ; *to constrain*, ধরিয়া কোন কর্ম্মে-লাগা ; *to urge*, উত্তেজনা-কৃ

Press, *v. n. to distress*, দুঃখিত-কৃ ; *to go forward with violence*, তাগাদা করিয়া গমন-কৃ ; *to crowd*, ঠেলাঠেলি-কৃ, ভিড়-কৃ

Press, *s. the instrument for squeezing*, ছাপ ; কল ; *a printing press*, ছাপার যন্ত্র, প্রেস ; *a crowd*, ভিড়, জনতা, ঠেলাঠেলি ; *a clothes press*, কাপড় রাখিবার আলমারি

Pressgang, *s.* যুদ্ধজাহাজের নিমিত্ত মনুষ্যকে বেগার ধরণের দল

Pressing, *pa. a.* উত্তেজনাকারী, অত্যাবশ্যকী, অবিলম্বসাধ্য [পূর্ব্বক

Pressingly, *ad.* বলাৎকারপূর্ব্বক, উত্তেজনা

Pressman, *s.* ফর্দ ছাপে যে ব্যক্তি

Pressmoney, *s.* যুদ্ধার্থে ধৃত ব্যক্তিরদিগকে যে বায়না দেওয়া যায়

Pressure, *s. force, weight*, বল, চাপ, ভার ; *oppression*, অন্যায়াচরণ ; *affliction*, দুঃখ ; *impression*, ছাপার চিহ্ন

Prest, *a.* প্রস্তুত

Prest, *p. a.* ধৃত

Presto, *s. in music*, শীঘ্র, দ্রুত, ঝটিতি

Presumable, *a.* অনুমেয়, অনুভবনীয়, সম্ভবনীয় [বেচনাতে

Presumably, *ad.* অনুভব পূর্ব্বক, বিনা বি

Presume, *v. n. to suppose*, অনুভব-কৃ, অনুমান-কৃ, উপলব্ধি-কৃ ; *to venture*, বিনানুমতিতে প্রবর্ত্ত-হ বা কর্ম্ম-কৃ

Presuming, *pa. a.* নির্ভয়, নির্লজ্জ, দুঃসাহসী, প্রগল্ভ

Presumption, **Presumptuousness**, *s. a supposition*, অনুমান, অনুভব ; *a strong probability*, অতি প্রবল সম্ভাবনা ; *arrogance*, অহঙ্কার, গর্ব্ব, গরিমা

Presumptive, *a.* অনুভূত, অনুমেয়, সম্ভাবিত ; প্রগল্ভ

Presumptuous, *a.* দুঃসাহসী, নির্ভয়, গর্ব্বী, ঠেঁটা [পূর্ব্বক

Presumptuously, *ad.* নির্ভয়ে, দুঃসাহস

Presuppose, *v. a.* পূর্ব্বে অনুমান-কৃ, আগে ঠাহর

Pretence, *s. a pretext*, অপদেশ, ছদ্মবেশ, ছল, বাহানা ; *assumption*, অমূলক অনুমান ; *a claim true or false*, দাওয়া

Pretend, *v. a. to make false appearances*, ছদ্মবেশ-কৃ, ছল-কৃ ; *to shew hypocritically*, কাল্পনিকতা-কৃ ; *to pretend to*, অনধিকার বিষয়ে দাওয়া-কৃ

Pretend, *v. n. to claim*, দাওয়া-কৃ

Pretender, *s.* দাওয়াদার, দাবিকর্ত্তা, অনধিকার চর্চ্চক

Pretention, *s.* অপদেশ, দাওয়া, মিথ্যা দাবি [ভূত কাল

Preterimperfect, *a. in grammar*, অদ্যতন

Preterit, *a. in grammar*, অতীত কাল, ভূত কাল

Preterlapsed, *s.* অতীত, গত

Pretermit, *v. a.* ছাড়িয়া-দা, ভুলিয়া-যা, উপেক্ষা-কৃ [করণ

Pretermission, *s.* ছাড়িয়া দেওন, উপেক্ষা

Preternatural, *a.* অদ্ভুত, আশ্চর্য্য, অপরূপ.

Preterperfect, *a.* শুদ্ধ ভূতকাল

Preterpluperfect, *a.* অনদ্যতন ভূতকাল

Pretext, *s.* অপদেশ, ছল, বাহানা, ফাকি

Preter, *s.* পূর্ব্বকালীন রোমাণেরদের মধ্যে বিচারকর্ত্তা [উত্তমরূপে

Prettily, *ad.* মনোহররূপে, সুন্দররূপে,

Prettiness, *s.* সৌন্দর্য্য, উত্তমতা, শোভা

Pretty, *a.* উত্তম, সুন্দর, মনোহর, সুতরা

Pretty, *ad.* কিছু, কতক, কিঞ্চিৎ, কিয়দংশ

Prevail, *v. a. to be in force*, ব্যবহৃত-হ, প্রবল-হ, চলিত-হ ; *to prevail against*, জয়-কৃ, প্রাধান্য-পা ; *to prevail over*, লওয়াও

Prevailing, *a.* ব্যবহৃত, চলিত, প্রধান

Prevalence, *s.* প্রাধান্য, প্রাবল্য, ব্যাপকতা, বলবত্তা [ব্যবহৃত

Prevalent, *a.* জয়ী, বলবান্, শ্রেষ্ঠ, চলিত,

Prevaricate, *v. n.* প্রবঞ্চনা-কৃ, উত্তরাভাস-কৃ, টালমটাল-কৃ

Prevarication, *s.* উত্তরাভাস, প্রতারণা, প্রবঞ্চনা, টালমটাল

Prevaricator, *s.* প্রবঞ্চক, প্রতারক, ভাঁড়াভাঁড়ি করে যে

Digitized by Google

Prevenient, *a.* অগ্রগামী, পূর্ব্বগামী, আটককারী

Prevent, *v. a.* নিবারণ-কৃ, আটক-কৃ, নিষেধ-কৃ, অবরোধ-কৃ [আটক

Prevention, *s.* নিবারণ, অবরোধ, ব্যাঘাত,

Preventive, *a.* প্রতিবাধক, নিষেধক

Previous, *a.* পূর্ব্ববর্ত্তী, অগ্রগত, পূর্ব্ব

Previously, *ad.* অগ্রে, পূর্ব্বে, আগে, প্রথমে [রাতে মন্ত্র বস্ত্র

Prey, *s.* লুঠ, অপহার, লুঠিত দ্রব্য; মৃগ

Prey, *v. a. to feed by violence*, বলপূর্ব্বক ধরিয়া-খা; *to plunder*, লুঠ-কৃ, লুঠ পাট-কৃ, অপহরণ-কৃ; *to waste*, ক্ষয়-কৃ

Price, *s. value*, মূল্য, দর, দাম, কিম্মৎ; *rate*, ভাও, নিরিখ; *reward*, পুরস্কার

Prick, *v. a. to pierce*, বিঁধ, খুঁচ, কাঁটা-মার; *to nominate by a mark*, দাগের দ্বারা নিযুক্ত-কৃ; *to impel*, উত্তেজনা-কৃ; *to pain*, দুঃখ-দা; *to make acid*, কটু-হ

Prick, *s.* ছিদ্র, বিঁধ; চিহ্ন

Prickle, *s.* কণ্টক, কাঁটা, হুল

Prickly, *a.* সকণ্টক, হুলবিশিষ্ট, কাঁটাযুক্ত

Prickly-*heat*, *s.* ঘামাচি, ঘর্ম্মকন্ডূ

Pride, *s. self-esteem*, অহঙ্কার, দর্প, অভিমান, গরিমা, আত্মশ্লাঘা; *ornament*, অলঙ্কার [-কৃ, দর্প-কৃ, দেমাগ-কৃ

Pride, *v. a.* আত্মশ্লাঘা-কৃ, অহঙ্কৃত-হ, গর্ব্ব

Priest, *s.* যাজক, পুরোহিত, ধর্ম্মশিক্ষক, পূজারি [ধূর্ত্ততা বা ফিকির

Priestcraft, *s.* যাজকেরদের প্রতারণা বা

Priestess, *s.* যাজিকা, পুরোহিতা স্ত্রী

Priesthood, *s.* যাজকপদ, যাজকতা, পৌরোহিত্য; যাজকসমূহ [বা ভোল

Priestliness, *s.* যাজকের রূপ আকার ভাব

Priestly, *a.* যাজকতুল্য; পৌরোহিত্য

Priestridden, *a.* যাজকপরায়ণ, যাজকের বশতাপন্ন, যাজকশাসিত

Prig, *s.* চেঁটা, ফুল্লারবিন্দ

Prim, *a.* পরিপাটী; জাঁকাল, ভড়কদার

Primacy, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ, প্রধান ধর্ম্মাধ্যক্ষতা

Primage, *s.* জাহাজের প্রধানাধ্যক্ষকে বেতনাতিরিক্ত, দ্রব্যের উপরে যে রসুম দেওয়া যায় [অগ্রে

Primarily, *ad.* প্রথমতঃ, প্রথমে, আদৌ,

Primary, *a.* আদি, প্রাথমিক, পূর্ব্ব, প্রধান, মুখ্য;

Primate, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষ

Primateship, *s.* প্রধান ধর্ম্মাধ্যক্ষের পদ।

Prime, *s. the dawn*, প্রত্যূষ, প্রাতঃকাল, ভোর, অরুণোদয়; *the best part*, উত্তমাংশ; *the spring of life*, যৌবনকাল, আয়ুর সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট কাল; *the beginning*, আরম্ভ, আরব্ধ

Prime, *a. early*, প্রাতঃকালের, তরুণ, নূতন; *first rate*, উত্তম, শ্রেষ্ঠ, প্রধান; *original*, প্রাথমিক, প্রথম, আসল

Prime, *v. a.* বন্দুক ঘরে বারুদ-দা; *to lay on the first coating of paint*, রঙের প্রথম পোঁচ-দা, আস্তর-লাগা

Prime-*cost*, *s.* আসল মূল্য, খরীদ দর

Primely, *ad.* প্রথমতঃ, উত্তমরূপে, শ্রেষ্ঠরূপে

Primer, *s.* বালকের শিক্ষার্থ প্রথম ক্ষুদ্র পুস্তক, বর্ণমালা

Primero, *s.* তাস খেলা [মৌলিক

Primeval, *a.* আদি কালীন, আদিভূত,

Primitive, *a.* অনর্ব্বাচীন, পূর্ব্বকালীন, আদিম, মূলীয়

Primitively, *ad.* আদৌ, প্রথমতঃ

Primness, *s.* ভড়ক, পারিপাট্য, জাঁকজমক

Primogenial, *a.* জ্যেষ্ঠ, প্রথমজাত, অগ্রজ; মূল সম্বন্ধীয়

Primogeniture, *s.* জ্যেষ্ঠত্ব, প্রথম জাতত্ব

Primordial, *a.* আদিবর্ত্তী, আদিজীবী, আদিম, মৌলিক

Primrose, *s.* পুষ্পবিশেষ

Prince, *s. a sovereign*, রাজা, ভূপাল, অধিপতি; *a king's son*, যুবরাজ, রাজপুত্র, রাজকুমার; *the chief of any body of men*, কোন দলের মধ্যে প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি

Princedom, *s.* রাজঅধিকার, অধিপতিত্ব

Princelike, *a.* রাজবৎ, রাজোপযুক্ত

Princely, *a.* রাজার ন্যায়, রাজোপযুক্ত, রাজ ধর্ম্মক, প্রতাপান্বিত

Princess, *s. a sovereign lady*, রাণী, রাজমহিষী; *the daughter of a king*, রাজপুত্রী, রাজকন্যা, রাজকুমারী

Principal, *a.* প্রধান, মুখ্য, শ্রেষ্ঠ, অগ্রগণ্য

Digitized by Google

Principal, *s. a chief,* প্রধান ব্যক্তি, শ্রেষ্ঠ ব্যক্তি, কর্ত্তা, চূড়ামণি; *a capital sum,* মূলধন
Principality, *s.* রাজঅধিকার, রাজত্ব; রাজকুমারের অধিকার [ষত্ত, সর্ব্বাগ্রে
Principally, *ad.* অধিকন্ত, প্রথমতঃ, বিশে
Principle, *s. constituent part,* উপাদান; *original cause,* বীজ, আদি কারণ; *fundamental truth,* মূল সূত্র; *tenet,* ধারা, রীতি, নীতি; *motive,* হেতু, অভিপ্রায়
Print, *s.* মুদ্রাঙ্ক, চিহ্ন
Print, *v. a.* মুদ্রাঙ্ক-কৃ, মুদ্রা-কৃ, ছাপ
Printer, *s.* ছাপাকর, মুদ্রাঙ্ককারক
Printing, *s.* ছাপা করণ, ছাপা
Printing *press, s.* ছাপাযন্ত্র, প্রেস
Printless, *a.* ছাপরহিত, অক্ষরহিত [মিক
Prior, *a.* পূর্ব্ববর্ত্তী, আদিম, আদ্য, প্রাথ
Prior, *s.* উদাসীনেরদের মধ্যে প্রধান, প্রধান সন্ন্যাসী, মঠাধ্যক্ষ [মঠাধ্যক্ষা
Prioress, *s.* উদাসীনেরদের মধ্যে প্রধানা,
Priority, *s.* প্রাথমিকতা, পুরোবর্ত্তিতা, প্রাধান্য [নেরদের মঠ
Priory, *s.* ধর্ম্মাচারিরদের আশ্রম, উদাসী
Prism, *s.* দৃষ্টি বিদ্যায় সমভুজ ও সম কোণ বিশিষ্ট, কাঁচবিশেষ
Prismatic, *a.* উপরি উক্ত কাঁচের আকৃতি
Prison, *s.* গারাগার, বন্দিশালা, জেহেল খানা, হরিণবাড়ী
Prisoner, *s. one confined in jail,* কারাবদ্ধ ব্যক্তি, বন্দুয়ান, কএদী; *a captive in war,* যুদ্ধে ধৃত ব্যক্তি; *one under arrest,* গ্রেপ্তার হইয়াছে যে [মূল
Pristine, *a.* পূর্ব্বকালীন, প্রথম, আদিম,
Prithee, *I pray thee,* এই কথার সঙ্কেত রচনা, অর্থাৎ মিনতি করি
Privacy, *s.* গোপন, অপ্রকাশ, অপ্রচ্ছন্নতা; *retirement,* নির্জন স্থান
Private, *a. secret,* গুপ্ত, প্রচ্ছন্ন, অপ্রকাশিত; *alone,* একাকী, নির্জন; *particular,* অসাধারণ, বিশেষ, স্বকীয়; *in private,* মফঃসলে
Privateer, *s.* যুদ্ধকালে সামান্য যে ব্যক্তি রাজ পরওয়ানা পাইয়া যুদ্ধজাহাজ প্রস্তুত করিয়া শত্রুরদের জাহাজ লুঠ করে
Privately, *ad.* গোপনে, অপ্রকাশরূপে, বিরাজমানে [*distress,* ক্লেশ, দুঃখ, কষ্ট
Privation, *s.* রাহিত্য, অভাব, হীনতা;
Privative, *a.* রাহিত্যকারী, হীনতাকারী
Privilege, *s.* বিশেষ স্বত্ত্ব, উপকার; *right not universal,* বিশেষ ক্ষমতা বা অধিকার
Privilege, *v. a.* বিশেষ ক্ষমতা বা অধিকারে ভূষিত-কৃ; *to exempt from censure,* অপবাদ হইতে মুক্ত-কৃ; *to exempt from taxes,* নিষ্কর-কৃ
Privily, *ad.* গুপ্তভাবে, অপ্রকাশে, অজ্ঞাতে
Privities, *s.* অধোদেশ, অস্থান, লজ্জাস্থ
Privity, *s.* জ্ঞাতসার, গোচর
Privy, *a. private,* নিজ; *secret,* গুপ্ত, অপ্রকাশিত; *conscious of,* জ্ঞাতসার, গোচর; *the Privy Council,* ইঙ্গলণ্ড দেশে রাজমন্ত্রিরদের সভা
Prize, *s. a reward gained by contest,* পারিতোষিক, প্রতিযোগিতার প্রাপ্ত পুরস্কার; *plunder,* শত্রুর স্থানে লুঠে প্রাপ্ত
Prize, *v. a. to rate,* মূল্য নিশ্চয়-কৃ, দর-ধরা; *to esteem,* বহুমূল্য জ্ঞান-কৃ [বনা
Probability, *s.* প্রামাণ্য, সম্ভবনীয়ত্ব, সম্ভা
Probable, *a.* প্রমেয়, সম্ভবনীয়, সঙ্গত, হইতে পারে যাহা [পারে
Probably, *ad.* অনুমানে, সম্ভবরূপে, হইতে
Probat, or Probate, *s.* দানপত্র প্রমাণ করণ [পরীক্ষা
Probation, *s. proof,* প্রমাণ; *trial,* পরখ,
Probationer, *s.* পরীক্ষাপাত্র; শিক্ষানবিস্
Probatum-est, *Lat.* সাব্যস্ত হইল
Probe, *s.* যে সূক্ষ্ম অস্ত্রের দ্বারা চিকিৎসক ক্ষতের পরীক্ষা করেন
Probe, *v. a.* উক্ত অস্ত্রের দ্বারা পরীক্ষা-কৃ
Probity, *s.* বিশ্বস্ততা, যাথার্থিকতা, সারল্য, সাধুতা
Problem, *s.* প্রশ্ন, নির্ধারণীয় সূত্রাদি
Problematical, *a.* অনিশ্চিত, সন্দিগ্ধ,
Proboscis, *s.* হস্তির শুণ্ড, শুঁড়
Procedure, *s.* কর্ম্ম করণের ধারা; কার্য্য, কর্ম্ম, রীতি, ব্যবহার
Proceed, *v. n. to go,* গম; *to advance,* অগ্রসর-হ, চল, উন্নতি প্রাপ্ত-হ; *to arise from,* জন্মা, উৎপন্ন-হ; *to transact,* কর্ম্ম-কৃ [কার্য্য

BODLEIANA BIBLIOTH.
Digitized by Google

Proceeding, *s.* কার্য্য করণ, ক্রিয়া, কর্ম্ম,
Proceedings at law, *s.* মোকদ্দমার শুনানি বা কার্য্য
Proceeds, *s.* উৎপত্তি, লাভ
Process, *s.* প্রবন্ধ, কর্ম্ম নির্ব্বাহ করণের রীতি বা ধারা; *in law*, আদালতের হুকুম বা নিয়ম [যাত্রা
Procession, *s.* ঘটা বা জাঁকজমক পূর্ব্বক
Proclaim, *v. a.* ঘোষণা-কৃ, প্রকাশ-কৃ, প্রচার-কৃ, ইশতেহার-দা, রটা
Proclamation, *s.* রাজ আজ্ঞার ঘোষণা, ঘোষণা, প্রকাশ, প্রচার
Proclivity, *s.* *tendency*, স্বাভাবিক প্রবৃত্তি; *readiness*, স্বাভাবিক ইচ্ছা [দেশাধ্যক্ষ
Proconsul, *s.* প্রাচীন রোমাণেরদের মধ্যে
Procrastinate, *v. a.* গতিক্রিয়া-কৃ, টালমটাল-কৃ, গড়িমসি-কৃ, ঢিলাম-কৃ
Procrastination, *s.* গতিক্রিয়া, টালমটাল, গড়িমসি, ঢিলাম [উপার্জক, জনক
Procreant, **Procreative**, *a.* উৎপাদক,
Procreate, *v. a.* জন্মা, উৎপাদন-কৃ
Procreation, *s.* উৎপাদন, জন্মান
Procreator, *s.* জনক, উৎপাদক, পিতা
Proctor, *s.* প্রতিনিধি; ধর্ম্ম সংক্রান্ত আদালতের উকীল
Proctorship, *s.* উপরি উক্ত উকীলের পদ
Procumbent, *a.* শয়িত, সুপ্ত, শোয়ান, অধো হেলিত
Procurable, *a.* প্রাপণীয়, প্রাপ্য, পাওয়া যায় যাহা [কর্ম্ম করে যে
Procurator, *s.* অন্যের প্রতিনিধি হইয়া
Procure, *v. a.* প্রাপ্ত-হ, পাও, প্রাপ, আনিয়া-দা, লাভ-কৃ, উপার্জন-কৃ
Procure, *v. n.* কোটনামি-কৃ
Procurer, *s.* প্রাপক; কোটনা, ভেড়ুয়া
Procuress, *s.* কুটনী, দূতী
Redouble, *v. a.* বারম্বার উদ্যোগ-কৃ, পুনঃ২ কহ
Redoubt, *s.* দুর্গের বাহিরে মুর্চা
Redoubtable, *a.* ভয়ানক, শঙ্কাজনক, দারুণ
Redound, *v. n.* ঠিকরিয়া ফিরিয়া আইস; *to conduce in the consequence,* কোন কারণ প্রযুক্ত উপযুক্ত-হ
Redress, *s.* প্রতিকার, উপায়, প্রতিফলদান, রক্ষা [প্রতিফল-দা
Redress, *v. a.* প্রতিকার-কৃ, উপায়-কৃ,
Reduce, *v. a. to lessen,* ন্যূন-কৃ, কম-কৃ, হ্রাস-কৃ; *to degrade,* অপমান-কৃ, খর্ব্ব-কৃ; *to subdue,* দমন-কৃ, শাসন-কৃ
Reducement, *s.* হ্রাস করণ, ন্যূন করণ
Reducible, *a.* হ্রাস করণীয়, যাহা কমান যাইতে পারে
Reduction, *s.* ন্যূন করণ, কম করণ, দমন করণ; অঙ্কশাস্ত্রে ভাগ করণ
Redundance, Redundancy, *s.* আধিক্য, বাহুল্য, আতিশয্য
Redundant, *a.* বহুল, আবশ্যকাপেক্ষা অধিক, অতিরিক্ত, জেয়াদা
Reduplicate, *v. a.* দ্বিগুণ-কৃ, দ্বিত্ব-কৃ
Reduplication, *s.* দ্বিগুণ করণ, দ্বিত্ব করণ
Re-echo, *v. n.* পুনঃপ্রতিধ্বনি-কৃ
Reed, *s. a plant,* নল, শর, খাগড়া; *a pipe,* বংশী, মুরলী; *an arrow,* বাণ
Reedify, *v. a.* পুনর্নির্ম্মাণ-কৃ [-জড়া
Reef, *v. a.* জাহাজের পালির এক ভাঁজ
Reek, *s.* বাষ্প, তাপ, ধুঁয়া, উত্তাপ
Reek, *v. n.* বাষ্প-উঠ [নাচবিশেষ
Reel, *s.* নাটাই, তাঁতির চরকি; *a dance,*
Reel, *v. n.* নাটা, জড়া, নাদি-কৃ [বোধ-হ
Reel, *v. a.* টলমল-কৃ, গমনেতে পড়ে এমত
Re-election, *s.* পুনর্মনোনীত করণ
Re-embark, *v. a.* পুনর্বার জাহাজে-উঠ
Re-enforce, *v. a.* নূতন সৈন্য বা নূতন সাহায্যের দ্বারা সবল-কৃ
Re-enforcement, *s.* নূতন বল, নূতন সৈন্যের সাহায্য
Re-enter, *v. a.* পুনঃ প্রবেশ-কৃ
Re-establish, *v. a.* পুনঃ স্থাপন-কৃ
Re-examine, *v. a.* পুনঃ পরীক্ষা-কৃ, পুনর্বিবেচনা-কৃ
Refection, *s.* জলপান, অল্পভোজন
Refectory, *s.* ভোজনশালা, ভোজনাগার
Refer, *v. a.* অন্যের প্রতি ভার-দা, অর্পণ-কৃ, সোপর্দ-কৃ
Refer, *v. n.* সম্পর্ক-রাখ, লাগ
Referable, *a.* অর্পণীয়, অর্পণযোগ্য
Reference, *s. relation,* সম্পর্ক, সম্বন্ধ; *dismission to another,* অর্পণ, সমর্পণ, সোপর্দ [পরিপাটী বা উত্তম-কৃ
Refine, *v. a.* নির্ম্মল-কৃ, পরিষ্কার-কৃ;
Refine, *v. n.* উত্তম-হ, শুদ্ধ-হ, সূক্ষ্ম-হ
Refinement, *s. art of refining,* শুদ্ধ করণ; *polish of manners,* শিষ্টতা, শুদ্ধতা, সূক্ষ্মতা; *affectation of improvement,* কপট বা দুষ্টতঃ শুদ্ধিতা [কারক
Refine, *s.* নির্ম্মলকারক, সংশোধক, শুদ্ধ
Refit, *v. a.* সারিয়া-দা মেরামৎ-কৃ
Reflect, *v. a. to throw back light,* প্রতিবিম্ব-কৃ; *to think,* চিন্তা-কৃ, অনুধাবন-কৃ, অনুসূচনা-কৃ; *to consider attentively,* অতি মনোযোগপূর্ব্বক বিবেচনা-কৃ; *to reproach,* ভৎসনা-দা, নিন্দা-কৃ
Reflection, *s. the art of throwing back,* প্রতিবিম্ব পতন; *thought,* চিন্তা, অনুধাবন, অনুসূচনা; *attentive consideration,* অতি মনোযোগপূর্ব্বক বিবেচনা; *reproach,* নিন্দা [সূচনাকারী
Reflective, *a.* প্রতিবিম্বপতনশীল; অনু
Reflector, *s.* অনুসূচক, অনুধাবক, বিবেচক
Reflex, *s.* প্রতিবিম্ব
Reflex, *a.* প্রতিবিম্বিত
Reflexibility, *s.* প্রতিবিম্ব হওন যোগ্যতা
Reflexible, *a.* প্রতিবিম্ব হওন যোগ্য
Reflow, *v. n.* পুনঃ প্রবহণ-কৃ
Refluent, *a.* পশ্চাৎ দিগে প্রবাহক
Reflux, *s.* ভাটা, জোয়ারের বিপরীত
Reform, *v. a.* শুধরা, ভদ্র-কৃ, দোষের পরিবর্ত্তে ভদ্র-কৃ
Reformation, Reform, *s.* দুষ্টতা ত্যাগ

Digitized by Google

পূর্ব্বক ভদ্র হওন, বিশেষতঃ রোমাণ কাতোলিকেরদের মত ত্যাগপূর্ব্বক আদ্য ও যথার্থ মত গ্রহণের নাম
Refract, *v. a.* কিরণের ঋজুগমন বক্র-কৃ
Refraction, *s.* কিরণের ঋজু রেখা বক্র করণ, বক্রগতি
Refractive, *a.* বক্র করণীয়
Refractoriness, *s.* একগুঁয়াম, ঠেঁটাম
Refractory, *a.* একগুঁয়া, ঠেঁটা, অদম্য
Refragable, *a.* খণ্ডনীয়, যাহা সাব্যস্ত হইতে পারে না
Refrain, *v. a.* না-কৃ, ক্ষান্ত-হ, নিবৃত্ত-হ, কর্ম্মে প্রবর্ত্ত না-হ [-কৃ, জুড়া
Refresh, *v. a.* সুস্থির-কৃ, বিশ্রাম-কৃ, ঠাণ্ডা
Refreshment, *s. relief after pain*, বিশ্রাম, জিরাণ, তৃপ্তি; *food*, আহারাদি, জলপান
Refrigerant, *a.* স্নিগ্ধকারী, শীতলকারী
Refrigerate, *v. a.* স্নিগ্ধ-কৃ, শীতল-কৃ, ঠাণ্ডা-কৃ
Refrigerative, *a.* শীতল বা স্নিগ্ধকারী
Refuge, *s.* আশ্রয়, রক্ষা, উপায়, রক্ষাস্থান
Refugee, *s.* শরণাগত, আশ্রিত ব্যক্তি
Refulgence, *s.* তেজ, দীপ্তি, উজ্জ্বলতা, প্রভা, দ্যুতি [ময়, দীপ্র
Refulgent, *a.* দীপ্তিমান্, উজ্জ্বল, তেজো
Refund, *v. n.* ফিরিয়া-দা, পুনর্দান-কৃ
Refusal, *s.* অস্বীকার, অসম্মতি, গরকবুল
Refuse, *v. a.* অস্বীকার-কৃ, অসম্মত-হ, না-দা
Refuse, *v. n.* গ্রহণ না-কৃ, অস্বীকার-কৃ
Refuse, *s.* উচ্ছিষ্ট, গাদ, সিটা, ময়লা
Refuser, *s.* অস্বীকর্ত্তা
Refutable, *a.* খণ্ডনীয়
Refutation, *s.* খণ্ডন, অন্যথা করণ
Refute, *v. a.* খণ্ডন-কৃ, প্রত্যাখ্যান-কৃ, দোষ-কাট
Regain, *v. a.* পুনঃপ্রাপ্ত-হ, ফিরে-পা
Regal, *a.* রাজকীয়, রাজ সম্বন্ধীয় [তৃপ্ত-কৃ
Regale, *v. a.* ভোজন করাও, পরিতুষ্ট-কৃ,
Regalia, *s.* রাজচিহ্ন
Regality, *s.* রাজত্ব, নৃপতিত্ব
Regard, *v. a. to observe*, দৃষ্টি-কৃ, দেখ; *to mind*, মনোযোগ-কৃ, অবধান-কৃ; *to respect*, আদর-কৃ, সম্মান-কৃ
Regard, *s. look*, দৃষ্টি; *attention*, মনোযোগ, অবধান; *respect*, আদর, সম্মান, সম্ভ্রম; *with regard to*, এই বিষয়ে
Regardful, *a.* মনোযোগী, সাবধান
Regardless, *a.* অমনোযোগী, অনবধানী, নিশ্চিন্ত
Regency, *s.* রাজপ্রতিনিধির শাসন
Regenerate, *v. a.* পুনর্জন্ম-দা, পুনর্ব্বার জন্মা, নূতন-কৃ স্বভাববিশিষ্ট
Regenerate, *a.* পুনর্জাত, দ্বিজ, নূতন
Regeneration, *s.* পুনর্জন্ম, কুস্বভাব ত্যাগ, ধর্ম্ম চেষ্টার উপক্রম
Regent, *s.* রাজপ্রতিনিধিরূপে রাজ্য করে যে [কর্ত্তৃত্বকারী
Regent, *a.* রাজপ্রতিনিধিরূপে শাসনকারী,
Regermination, *s.* পুনরঙ্কুরিত হওন
Regicide, *s.* রাজঘাতক, রাজহত্যা
Regimen, *s.* পথ্য, পীড়িত ব্যক্তির পথ্যা পথ্যের বিবেচনা
Regiment, *s.* সৈন্যদল, পল্টন
Regimental, *a.* পল্টন সম্বন্ধীয়
Regimentals, *s.* সৈন্যেরদের বিশেষ বস্ত্র অস্ত্র ইত্যাদি
Region, *s. tract of land*, প্রদেশ, চক্র, অঞ্চল; *part of the body*, শরীরের দেশ
Register, *s. a record*, সেরেস্তা, দপ্তর, খাতা, রেজিষ্টর; *the person who keeps it*, রেজিষ্টরী করে যে
Register, *v. a.* স্মরণার্থ লিখিয়া-রাখ, বহীতে বা খাতায়-লিখ, রেজিষ্টরী-কৃ
Registrar, *s.* লিখিয়া রাখে যে, রেজিষ্টরীকারক
Registry, *s.* লিখিয়া রাখণ, রেজিষ্টরী
Regnant, *a.* রাজত্বকারী, রাজপরাক্রমে ভূষিত, প্রধান, প্রবল
Regorge, *v. a. to vomit up*, উদ্গার-কৃ, বমি-কৃ; *to swallow*, পুনর্ব্বার গ্রাস-কৃ
Regress, *v. n.* ফিরিয়া-যা, পশ্চাৎ-হঠ
Regression, *s.* প্রত্যাগমন, ফিরিয়া যাওন
Regret, *v. n.* অনুতাপ-কৃ, পশ্চাত্তাপ-কৃ, খেদ-কৃ, উৎকণ্ঠিত-হ, দুঃখিত-হ
Regret, *s.* খেদ, অনুতাপ, অনুশোচন, উৎকণ্ঠা
Regular, *a.* ক্রমাগত, ধারাবৎ, নিয়মিত, রীতানুযায়ি
Regularity, *s.* নিয়ম, ধারা, প্রণালী, ক্রম

Digitized by Google

Regularly, *ad.* ক্রমশঃ নিয়মিতরূপে, একা দিক্রমে, একং করিয়া
Regulate, *v. a.* নিয়ম-কৃ, নিরূপণ-কৃ, ব্য বস্থা-কৃ, ধারাবৎ-কৃ
Regulation, *s.* নিয়ম করণ, নিয়ম, ব্যবস্থা, ধারা, বিধান, রীতি
Regulator, *s.* নিয়ামক, নিরূপক; কলের যে অংশের দ্বারা তাবদ্ব্যাপার নিয়মমতে চলে [তলায় বশে
Regulus, *s.* ধাতু গলাইলে যে সারাংশ
Regurgitate, *v. a.* পুন র্নিক্ষেপ-কৃ বা চাল
Rehear, *v. a.* ফের-শুন, পুনর্বিবেচনা-কৃ
Rehearsal, *s.* পাঠ, আবৃত্তি, পুনঃ আওড়ান; সাধারণের সম্মুখে আবৃত্তি করণের পূর্ব্বে গোপনে নিজে আবৃত্তি করণ
Rehearse, *v. a.* পুনঃ কহ; অভ্যাস-কৃ, অনু শীলন-কৃ; সকলের সম্মুখে পাঠের পূর্ব্বে নিজে পাঠ-কৃ
Reject, *v. a.* অগ্রাহ্য-কৃ, ত্যাগ-কৃ, হেয়-কৃ; *to dismiss*, বিদায়-কৃ
Rejection, *s.* ত্যাগ, হেয়জ্ঞান, বিসর্জন, অস্বীকার করণ
Reign, *s. sovereign authority*, রাজঅধি কার, রাজত্ব; *time of a king's government*, রাজ্যকাল, আমল; *prevalence*, প্রাদুর্ভাব; *influence*, ব্যাপকতা
Reign, *v. n.* রাজ্য-কৃ, অধিকার-কৃ; *to prevail*, প্রবল-হ, প্রাদুর্ভাব-হ
Reimbody, *v. n.* পুনর্ভুক্ত-কৃ, পুনর্যোগ-কৃ
Reimburse, *v. a.* পুনর্দান-কৃ, ক্ষতিপূরণ-কৃ, ফিরিয়া-দা
Rein, *s.* লাগাম, বাগডোর
Rein, *v. a.* লাগামের দ্বারা আটক-কৃ; *to control*, কর্ত্তৃত্ব-কৃ
Reins, *s.* মেট্যা, কটি, কোমর, কঙ্কাল
Reinsert, *v. a.* পুনর্বার বহীতে-লিখ
Reinstal, *v. a.* পুনঃ পদ অর্পণ-কৃ
Reinstate, *v. a.* পুনর্বার পদস্থ-কৃ বা দখল-দা
Reinvest, *v. a.* পুনর্নিযুক্ত-কৃ
Rejoice, *v. n.* আনন্দিত-হ, হৃষ্ট-হ, উল্লসিত -হ, খুসী-হ [সন্তুষ্ট-কৃ
Rejoice, *v. a.* আহ্লাদিত-কৃ, হৃষ্ট-কৃ,
Rejoin, *v. a.* পুনর্যোগ-কৃ; *to meet one again*, পুনর্বার সাক্ষাৎ-কৃ, পুনঃ-মিল

Rejoinder, *s.* পুনরুত্তর, প্রত্যুত্তর, হুন্দজও য়াব
Reiterate, *v. a.* বারম্বার কহ, পুনঃ২-কথ
Reiteration, *s.* পুনরুক্তি, বারম্বার কহন বা করণ
Rejudge, *v. a.* পুনর্বিচার-কৃ
Rekindle, *v. a.* পুনঃ প্রজ্বলিত-কৃ
Relapse, *v. n.* আরামের পর পুনঃ পীড়িত -হ, পুনর্বার পাপ বা অপকর্ম্মে-পড়
Relapse, *s.* পুনঃ পীড়া হওন, পুনঃ পাপা শ্রয়, পুনর্দুর্গতি
Relate, *v. a. to tell*, কথ, জ্ঞাত-কৃ; *to ally by kindred*, কুটুম্বিতা-হ
Relate, *v. n.* সম্পর্কীয় বা সম্বন্ধীয়-হ
Relation, *s. connexion*, সম্পর্ক, সম্বন্ধ; *kindred*, কুটুম্বিতা; *kinsman*, কুটুম্ব, জ্ঞাতি; *narrative*, বর্ণনা, বিবরণ
Relationship, *s.* কুটুম্বিতা, জ্ঞাতিত্ব
Relative, *s.* কুটুম্ব, জ্ঞাতি, আত্মীয়; *a pronoun*, সর্ব্বনামবিশেষ
Relative, *a.* সম্পর্কীয়, সম্বন্ধীয়, বিষয়ক
Relatively, *ad.* সম্বন্ধ বা সম্পর্ক ভাবে
Relax, *v. a. to slacken*, আলগা-কৃ, শিথিল -কৃ, ঢিলা-কৃ, খোল; *to make less severe*, কঠিনত্ব হ্রাস-কৃ
Relax, *v. n.* স্নিগ্ধ-হ, শীতল-হ [ঢিলা
Relax, Relaxed, *pa.* শিথিল, আলগা,
Relaxation, *s.* শৈথিল্য, ঢিলাম; বিরাম, বিশ্রাম [ডাক্
Relay, *s.* স্থানে২ ঘোড়া বসান, ঘোড়ার
Release, *v. a.* মুক্ত-কৃ, খালাস-কৃ, দাসত্ব বা ক্লেশ হইতে মোচন-কৃ
Release, *s.* মুক্তি, মোচন, খালাস; *acquittance*, মুক্তিপত্র, ছাড়চিঠী, ফারখৎ
Relent, *v. a.* কোমল স্বভাবী-হ, কৃপালু-হ, নরম হ, আর্দ্রচিত্ত-হ [কঠিন
Relentless, *a.* নির্দয়, কৃপাহীন, নিষ্ঠুর,
Relevancy, *s.* সম্পর্ক, সম্বন্ধ
Reliance, *s.* প্রত্যয়, বিশ্বাস, ভরসা, আশা, নির্ভর
Relics, *s.* অবশিষ্ট দ্রব্য; *the body deserted by the soul*, মৃত শরীর, শব; *something to keep up memory*, স্মরণার্থ চিহ্ন
Relict, *s.* বিধবা, রাঁড়
Relief, *s. alleviation*, উপশম, প্রতিকার,

Digitized by Google

ক্লেশাদিনিবৃত্তি, শান্তি; *aid,* উপকার, সহায়; *relief of a soldier,* পারাবদল

Relieve, *v. a. to ease,* উপশম-কৃ, শান্তি-কৃ, প্রতিকার-কৃ; *to succour,* সাহায্য-কৃ, সহায়তা-কৃ; *to relieve a soldier,* সিপাহীর পারা বদল-কৃ

Religion, *s.* ধর্ম্ম, মত, পরমার্থসাধন, ঈশ্বরারাধনাদি

Religionist, *s.* কোন ধর্ম্মাবলম্বী

Religious, *a.* ধর্ম্ম সম্বন্ধীয়; পারমার্থিক, ধর্ম্মনিষ্ঠা, ঈশ্বরপরায়ণ, সাধু

Religious *action,* দৈব কর্ম্ম; *religious observance,* ব্রত [ছাড়

Relinquish, *v. a.* ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ,

Relinquishment, *s.* পরিত্যাগ, ত্যাগ, ছাড়ন, বিরতি

Relish, *s. taste,* রসাস্বাদ, রস, রুচি; *liking,* অনুরাগ, সন্তোষ; *power of perceiving good,* শুদ্ধ বিষয়ে রুচিজননক্ষম

Relish, *v. a.* সুস্বাদু-কৃ, স্বাদু-জান, অনুরাগী-হ

Relish, *v. n.* স্বাদু বোধ-কৃ

Relucent, *a.* তেজোময়, উজ্জ্বল, নির্ম্মল

Reluctance, *s.* অসম্মতি, অনিচ্ছা, অস্পৃহা

Reluctant, *a.* অসম্মত, অনিচ্ছুক, নিস্পৃহ

Relume, Relumine, *v. a.* পুনঃ উজ্জ্বল-কৃ

Rely, *v. n.* বিশ্বাস-রাখ, নির্ভর-কৃ, ভরসা-রাখ, আশা-রাখ, প্রত্যয়-কৃ

Remain, *v. a.* থাক, স্থিতি-কৃ, রহ; অবশিষ্ট-থাক, বাকি-থাক

Remain, *v. n.* অপেক্ষা-কৃ [য়া

Remainder, *s.* অবশেষ, শেষ, উদ্বৃত্ত, বকে

Remains, *s.* অবশিষ্ট; শব, মৃত শরীর

Remand, *v. a.* পুনঃ প্রেরণ-কৃ, পুনরাহ্বান-কৃ [চিহ্ন

Remark, *s.* মন্তব্য বিষয়, খোক, টিপ্পনী,

Remark, *v. a.* দেখ, অবলোকন-কৃ; *to say,* কহ

Remarkable, *a.* আশ্চর্য্য, অপূর্ব্ব; মন্তব্য

Remarkably, *ad.* আশ্চর্য্যরূপে, অপূর্ব্বরূপে

Remediable, *a.* প্রতিকার্য্য, উপশম্য, চিকিৎসনীয় [অচিকিৎস্য

Remediless, *a.* অনুপায়ী, অপ্রতিকার্য্য,

Remedy, *s.* উপায়, প্রতিকার, ঔষধ, চারা

Remedy, *v. a.* উপায়-কৃ, প্রতিকার-কৃ, ঔষধ

Remember, *v. a.* মনে-রাখ, মনে-কর, স্মরণ-কৃ

Rememberer, *s.* স্মারক [উদ্বোধ

Remembrance, *s.* স্মরণ, স্মৃতি, মনে করণ,

Remembrancer, *s.* উদ্বোধক, স্মারক

Remigrate, *v. n.* প্রত্যাগমন-কৃ, আপন দেশে ফিরে-আইস

Remigration, *s.* স্বদেশে প্রত্যাগমন করণ

Remind, *v. a.* মনে করিয়া-দা, স্মরণ-করা

Reminiscence, *s.* স্মরণ, মনে হওন

Remiss, *a.* অমনোযোগী, শিথিল, ঢিলা, আলস্য

Remissible, *a.* ক্ষমনীয়, মোচনীয়

Remission, *s.* ক্ষমা, মোচন, মার্জন, ক্ষান্তি, কমি, রেয়াইৎ [রূপে

Remissly, *ad.* অমনোযোগ পূর্ব্বক, ঢিলায়

Remit, *v. a. to relax,* শিথিল-কৃ, ঢিলা-কৃ; *to refer,* অর্পণ-কৃ; *to send money to a distant place,* দূর দেশে টাকা প্রেরণ-কৃ; *to forgive,* ক্ষমা-কৃ, মোচন-কৃ

Remittance, *s.* হুণ্ডীর দ্বারা টাকা প্রেরণ করা; তদ্রূপে প্রেরিত টাকা

Remnant, *s.* অবশেষ, বাঁকি, উদ্বৃত্ত

Remonstrance, *s.* প্রতিবাদ, অতি শক্তরূপে অস্বীকার জ্ঞাপন

Remonstrate, *v. n.* প্রতিবাদ-কৃ, অতি শক্তরূপে অস্বীকার জ্ঞাপন-কৃ, আপত্তি-কৃ

Remora, *s.* ব্যাঘাত, বাধা

Remorse, *s.* অনুতাপ, অনুশোচ, মনস্তাপ, ধুক্‌ধুকি [ক্রূর

Remorseless, *a.* নির্দ্দয়, দয়াহীন, নিষ্ঠুর,

Remote, *a. distant,* অনিকট, দূর, অন্তর, দূরদেশীয়; *not agreeing,* অনৈক্য, বিভিন্ন

Remotely, *ad.* দূরে, দূরত্বপূর্ব্বক

Remoteness, *s.* দূরত্ব, অন্তরত্ব

Removeable, *a.* যাহা স্থানান্তর হইতে পারে, দূরকরণীয়

Removal, *s.* স্থানান্তর করণ বা হওন, সরাণ; *removal of a disease,* রোগ দূর করণ; *dismissal,* কর্ম্মচ্যুতি

Remove, *v. a.* এক স্থান হইতে অন্য স্থানে গমন-কৃ বা রাখ, স্থানান্তর-কৃ; সর,

Digitized by Google

প্রস্থান-কৃ; *to dismiss*, দূর-কৃ, পদচ্যুত -কৃ
Remove, *s.* স্থান পরিবর্ত্তন করণ, গমন
Removed, *pa. a.* স্থানান্তরীকৃত, দূরীকৃত, পৃথক্কৃত [ফের-চড়
Remount, *v. n.* পুনর্বার আরোহণ-কৃ,
Remunerable, *a.* পুরস্কার দেওনের যোগ্য
Remunerate, *v. a.* পুরস্কার-দা, বেতন-দা, পারিতোষিক-দা
Remuneration, *s.* বেতন, পুরস্কার, পারিতোষিক, বখ্‌শিস [বেতনদায়ী
Remunerative, *a.* পুরস্কারদানশীল,
Renard, *s.* খেঁকশিয়াল
Rencounter, *s.* মারামারি, হুড়াহুড়ি, হঠাৎ সাক্ষাৎ হইয়া যুদ্ধ করণ [-কৃ
Rencounter, *v. a.* হুড়াহুড়ি-কৃ, হাতাহাতি
Rend, *v. a.* চির, ফাড়, ফুট, বিদীর্ণ-কৃ
Render, *v. a. to pay back*, প্রতিফল-দা; *to give back*, ফিরিয়া-দা; *to make*, কৃ; *to translate*, তর্জমা-কৃ, অনুবাদ-কৃ; *to afford*, দান-কৃ; *to render up*, সোপর্দ্দ -কৃ, সমর্পণ-কৃ
Rendezvous, *s.* নানা স্থান হইতে যে স্থানে আসিয়া লোকেরা মিলে, সভা, মেল
Renegade, Renegado, *s.* স্বধর্ম্মত্যাগী; রাজদ্রোহী
Renew, *v. a. to renovate*, নূতন-কৃ, পুনর্ব্বার-কৃ; *to repeat*, পুনঃ-কহ বা-কৃ; *to begin again*, পুনরারম্ভ-কৃ [পারে
Renewable, *a.* যাহা পুনর্বার নূতন হইতে
Renewal, *s.* নূতন করণ, পরিবর্ত্তন, বদলাওন
Rennet, *s.* দধি ছানা হয় যাহার দ্বারা
Renovate, *v. a.* নূতন-কৃ, পূর্ব্বাবস্থায় স্থাপন-কৃ
Renovation, *s.* নূতন করণ, নষ্টোদ্ধার
Renounce, *v. a.* ত্যাগ-কৃ, পরিত্যাগ-কৃ, অপহ্নব-কৃ [প্রতিষ্ঠা
Renown, *s.* খ্যাতি, কীর্ত্তি, যশ, নাম,
Renowned, *pa.* খ্যাত্যাপন্ন, বিখ্যাত, কীর্ত্তিমান্, প্রসিদ্ধ
Rent, *s. a fissure*, ফাইট, ছিদ্র, চির; *rent of a house*, ঘরের ভাড়া; *rent of land*, ভূমির খাজনা
Rent, *v. a.* ভাড়া-দা, কেরায়া-দা; ভাড়া করিয়া-ল
Rental, Rentroll, *s.* খাজনার হিসাবের ফর্দ্দ
Renter, *s.* ভাড়া করিয়া লয় যে
Renunciation, *s.* পরিত্যাগ করণ, স্বত্ব ত্যাগ, ছাড়ন
Reordain, *v. a.* পুনর্নিযুক্ত-কৃ
Reordination, *s.* পুনর্নিযুক্ত করণ
Repair, *v. a.* মেরামৎ-কৃ, শুধর, সার, নষ্টোদ্ধার-কৃ
Repair, *v. n.* গমন-কৃ [গম্য স্থান
Repair, *s.* মেরামৎ, সারণ, নষ্টোদ্ধার; গম,
Repairable, or Reparable, *a.* প্রতিকার্য্য, সারণীয়, মেরামৎ হইতে পারে যাহার
Reparation, *s.* মেরামৎ করণ, সারণ; *amends*, প্রতিকার, ক্ষতিপূরণ [বাক্য
Repartee, *s.* আশু উত্তর, রসিকের প্রতি
Repass, *v. a.* প্রত্যাগমন-কৃ পুনর্বার পার-হ
Repast, *s.* জলপান, ভোজন, আহার; ভোজ্য দ্রব্য
Repay, *v. a.* পুনর্দান-কৃ, ফিরিয়া-দা; *to requite*, প্রতিফল-দা; পুরস্কার-দা
Repayment, *s.* পরিশোধ করণ
Repeal, *v. a.* অন্যথা-কৃ, খণ্ডন-কৃ, রদ-কৃ, বাতিল-কৃ [খণ্ডন করণ
Repeal, *s.* অন্যথা করণ, রদ বাতিল বা
Repeat, *v. a. to do again*, পুনর্বার-কৃ, আরবার-কৃ; *to speak again*, পুনরুক্তি -কৃ, ফের-কহ; *to rehearse*, আবৃত্তি-কৃ, জপ-কৃ [একজাই
Repeatedly, *ad.* পুনঃ২, বারম্বার, বহুধা,
Repeater, *s.* আবৃত্তিকর্ত্তা; স্বয়ং বাজে যে ক্ষুদ্র ঘড়ী [প্রতিযোগ-কৃ, বারণ-কৃ
Repel, *v. n.* প্রতিক্ষেপ-কৃ, ঠেলিয়া-ফেল,
Repellent, *s.* প্রতিরোধক্ষম ঔষধ
Repent, *v. a.* পরামনন-কৃ, অনুতাপ-কৃ, খেদ-কৃ, অনুশোচ-কৃ [অনুশোচনা
Repentance, *s.* পশ্চাত্তাপ, অনুতাপ, খেদ,
Repentant, *a.* অনুতাপী, পাপ বা দোষ প্রযুক্ত খেদিত
Repercussion, *s.* প্রতিঘাত করণ, ঠিকরণ
Repertory, *s.* যে বহীতে নানা বিষয় থাকে; কোষ, ভাণ্ডার [পুনঃ, জপ
Repetition, *s.* পুনরুক্তি, পুনর্বচন, পৌনঃ
Repine, *v. n.* তাপিত-হ, বিরক্ত-হ, অতুষ্ট -হ, খিটখিট-কৃ

Digitized by Google

Repiner, *s.* খিটখিট করে যে
Replace, *v. a.* পুনঃস্থাপন-কৃ, একের পরিবর্ত্তে অন্যকে-রাখ
Replant, *v. a.* পুনঃ রোপণ-কৃ
Replenish, *v. a.* পূর্ণ-কৃ, ভর, পূর [ভরা
Replete, Replenished, *a.* পূর্ণ, পরিপূর্ণ,
Repletion, *s.* অতিপূর্ণতা, অতিবাহুল্য, বিশেষতঃ রক্ত বিষয়ে ব্যবহার্য্য
Repleviable, *a.* খালাস জামিন দিয়া যাহা হইতে পারে [ব্যক্তি বা দ্রব্য মুক্ত-কৃ
Replevin, Replevy, *v. a.* জামিন লইয়া
Replication, *s.* প্রত্যুত্তর, জওয়াব
Reply, *v. a.* উত্তর-কৃ, প্রত্যুত্তর-কৃ, প্রত্যুক্তি-কৃ, জওয়াব-দা
Reply, *s.* উত্তর, প্রত্যুত্তর, প্রত্যুক্তি, জওয়াব
Repolish, *v. a.* পুনর্বার পরিষ্কার-কৃ
Report, *s. rumour*, জনশ্রুতি, জনরব, গল্প; *account returned*, সম্বাদ, বৃত্তান্ত, বিবরণ, রিপোর্ট; *sound*, শব্দ, ধ্বনি
Report, *v. a. to noise abroad*, জনরব-কৃ, জনশ্রুতি-কৃ; *to give an account of*, সম্বাদ-দা, বৃত্তান্ত-কহ, রিপোর্ট-কৃ
Reporter, *s.* সম্বাদদায়ক
Repose, *v. a. to lay to rest*, শয়ন-কৃ, বিশ্রাম-কৃ, হেলান-দা; *to put confidence in*, বিশ্বাস-কৃ, প্রত্যয়-কৃ
Repose, *v. n.* শয়িত-হ, বিশ্রাম-কৃ
Repose, *s.* শয়ন, বিশ্রাম, শান্তি, নিদ্রা
Reposite, *v. a.* গচ্ছিত-কৃ, ন্যস্ত-কৃ, রাখিয়া-দা
Repository, *s.* গচ্ছিত স্থান, আগার, কোষ, ভাণ্ডার [-কৃ
Repossess, *v. a.* পুনঃপ্রাপ্ত-হ, পুনর্ভোগ
Reprehend, *v. a.* অনুযোগ-কৃ, ধমকা, ভর্ৎসনা-কৃ
Reprehensible, *a.* অনুযোজ্য, দূষণীয়
Reprehension, *s.* অনুযোগ, তিরস্কার, ভর্ৎসনা [কারী
Reprehensive, *a.* অনুযোগকারী, ভর্ৎসনা
Represent, *v. a. to exhibit*, দর্শা; *to fill the place of another*, প্রতিনিধি-হ; *to make known*, নিবেদন-কৃ; জ্ঞাত-কৃ; *to personate*, ছদ্মবেশ ধারণ-কৃ
Representation, *s. image*, প্রতিমূর্ত্তি, প্রতিরূপ, অনুরূপ; *declaration*, বর্ণনা, নিবেদন, দরখাস্ত; *appearance for another*, প্রতিনিধিত্ব
Representative, *s.* প্রতিনিধি, উকীল, নাএব [চাপন
Repression, *s.* দমন করণ, খর্ব্ব করণ,
Repress, *v. a.* চাপিয়া-রাখ, দমন-কৃ, শাসন-কৃ, খর্ব্ব-কৃ, থামা [নিষেধক
Repressive, *a.* দমনকারী, শাসনকারী,
Reprieve, *s.* প্রাণদণ্ড ক্ষমা বা স্থগিত করণ
Reprieve, *v. a.* প্রাণদণ্ড ক্ষমা বা স্থগিত-কৃ
Reprimand, *s.* অনুযোগ, ভর্ৎসনা, ধমকান, চেতান [-দা, ধমকা, চেতা
Reprimand, *v. a.* অনুযোগ-কৃ, ডাঁটিয়া
Reprint, *v. a.* পুনর্মুদ্রিত-কৃ, ফের-ছাপ
Reprisal, *s.* প্রতিহরণ, ক্ষতির পরিবর্ত্তে ক্ষতি
Reproach, *v. a.* নিন্দা-কৃ, তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ, ডাঁট [গ্লানি
Reproach, *s.* নিন্দা, ভর্ৎসনা, তিরস্কার,
Reproachable, *a.* নিন্দনীয়, ভর্ৎসনীয়, দূষণীয় [ভর্ৎসনাকারী, গ্লানিজনক
Reproachful, *a.* নিন্দাকারী, কুৎসাকারী,
Reprobate, *a.* দুষ্ট, নষ্ট, ভ্রষ্ট, হতপর
Reprobate, *s.* হতপর লোক, ভাক্ত ব্যক্তি, অতি পাপাত্মা [ঘৃণাপূর্ব্বক নিন্দা-কৃ
Reprobate, *v. a.* অগ্রাহ্য-কৃ, ন্যক্কার-কৃ,
Reprobation, *s.* ত্যাগ করণ [জন্মা
Reproduce, *v. a.* পুনরুৎপাদন-কৃ, পুনর্বার
Reproduction, *s.* পুনরুৎপাদন, পুনরুৎপত্তি [তাড়না
Reproof, *s.* অনুযোগ, ভর্ৎসনা, তম্বী, ধমক,
Reprovable, *a.* অনুযোজ্য, তাড়নীয়, দূষ্য
Reprove, *v. a.* অনুযোগ-কৃ, তাড়না-কৃ, ধমকা, ডাঁট
Reptile, *s.* সর্পজাতীয়, উরগ, বহুপাদ্
Republic, *s.* প্রজাপ্রভুত্ব, সাধারণ অধিকার, প্রজাসমূহের মনোনীত করা ব্যক্তির শাসিত দেশ
Republican, *s.* উপরি উক্ত প্রকার শাসনাকাঙ্ক্ষি ব্যক্তি [সম্বন্ধীয়
Republican, *a.* উপরি উক্ত প্রকার শাসন
Republish, *v. a.* পুনঃ প্রকাশ-কৃ
Repudiate, *v. a.* ত্যাগ-কৃ, ছাড়, ছাড়িয়া-দা, স্ত্রী পুরুষের পরস্পর ত্যাগ-কৃ, অপহ্নব-কৃ

Digitized by Google

Repudiation, *s.* স্ত্রী পুরুষের পরস্পর ছাড়া ছাড়ি; ত্যাগ করণ, ছাড়ন
Repugnance, *s.* বিপর্য্যয়, বৈপরীত্য, বিরুদ্ধতা, অসম্মতি
Repugnant, *a.* বিপরীত, ব্যতিক্রমী; অসম্মত, অনিচ্ছুক [ভব
Repulse, *s.* তাড়ান, খেদান, পরাজয়, পরা
Repulse, *v. a.* তাড়িয়া-দা, খেদিয়া-দা, পরাজয়-কৃ
Repulsion, *s.* হটিয়া বা তাড়িয়া বা খেদিয়া দেওন, পরাজয় [জনক
Repulsive, *a.* অপসারক, খেদানিয়া, ঘৃণা
Repurchase, *v. a.* পুনর্বার ক্রয়-কৃ
Reputable, *a.* বিশিষ্ট, সম্ভ্রান্ত, মর্য্যাদাবন্ত, সুখ্যাত
Reputation, *s.* খ্যাতি, মর্য্যাদা, সম্ভ্রম, মান, নাম, স্থর্মৎ [কৃ-
Repute, *v. a.* মান, জ্ঞান-কৃ, বোধ-কৃ, গণ্য
Repute, *s.* সম্ভ্রম, সুখ্যাতি, যশ, প্রতিষ্ঠা, মান
Request, *s. petition,* যাচ্ঞা, প্রার্থনা, মিনতি, নিবেদন; *repute,* গ্রাহ্যতা
Request, *v. a.* যাচ্ঞা-কৃ, প্রার্থনা-কৃ, চাহ, মিনতি-কৃ, মাঙ্গ [বা প্রার্থনা
Requiem, *s.* মৃত ব্যক্তির উদ্দেশে ধর্ম্ম গীত
Require, *v. a. to demand,* চাহ, মাঙ্গ, দাওয়া-কৃ; *to need,* প্রয়োজন-কৃ
Requisite, *a.* আবশ্যক, প্রয়োজনীয়, উপযুক্ত, উচিত
Requisite, *s.* অত্যাবশ্যক বিষয় বা দ্রব্য
Requisition, *s.* দাওয়া, দাবি, তলব করণ
Requital, *s.* প্রতিদান, প্রতিফল, বিনিময়
Requite, *v. a.* প্রতিদান-কৃ, প্রতিফল-দা, পারিতোষিক-দা
Resale, *s.* পুনর্বিক্রয়
Resalute, *v. a.* পুনঃ প্রণাম বা নমস্কার-কৃ
Rescind, *v. a.* রহিত-কৃ, অন্যথা-কৃ, রদ-কৃ, বাতিল-কৃ
Rescission, *s.* অন্যথা রহিত রদ বা বাতিল করণ
Rescribe, *v. a.* পুনর্ব্বার-লিখ
Rescript, *s.* রাজ আজ্ঞা, রাজ পরওয়ানা
Rescue, *v. a.* রক্ষা-কৃ, মুক্ত-কৃ, উদ্ধার-কৃ, নিস্তার-কৃ, বাঁচা
Rescue, *s.* রক্ষা, উদ্ধার, মুক্তি, নিস্তার

Research, *s.* অন্বেষণ, তত্ত্ব, অনুসন্ধান, খোজ, তল্লাস
Research, *v. a.* তত্ত্ব-কৃ, অন্বেষণ-কৃ
Resemblance, *s.* সাদৃশ্য, তুল্যতা, উপমা, প্রতিমূর্ত্তি
Resemble, *v. a.* অনুরূপ-হ, সদৃশ-হ, তুল্য-হ [বিরক্ত-হ, রুষ্ট-হ
Resent, *v. a.* অপকার জ্ঞানে ক্রুদ্ধ-হ,
Resentful, *a.* জিঘাংসক, দ্বেষী, রাগী
Resentment, *s.* জিঘাংসা, দ্বেষ, ক্রোধ, আক্রোশ
Reservation, *s. concealment of something in the mind,* কাপট্য করিয়া ঢাকন; *something kept back,* তুলিয়া রাখণ, সঞ্চয়
Reserve, *v. a. to keep in store,* সঞ্চয় করিয়া-রাখ; *to retain,* হাতে-রাখ, রাখ
Reserve, *s. store untouched,* সঞ্চিত ধন; *exception in favour,* কোন ব্যক্তির পক্ষে বর্জন; *modesty,* লজ্জা
Reserved, *a.* লজ্জাশীল, অনালাপী, কুটিল
Reservoir, *s.* হ্রদ, জলাশয়, চৌবাচ্চা, হৌজ
Resettlement, *s.* পুনর্বন্দোবস্ত করণ
Reside, *v. n.* বাস-কৃ, স্থিতি-কৃ, বসতি-কৃ, থাক [বাসা, নিবাস, ঘর
Residence, *s.* অবস্থিতি করণ; অবস্থান,
Resident, *a.* নিবাসী, অবস্থিতিকারী
Resident, *s.* বাসকারি ব্যক্তি; *an officer of government,* রাজ প্রতিনিধিরূপে যে ব্যক্তি অন্য দরবারে থাকে
Residuary, Residual, *a.* অবশেষ সম্বন্ধীয়; অবশিষ্ট অংশের উত্তরাধিকারী
Residue, *s.* অবশেষ, বাঁকি, বকেয়া, অবশিষ্টাংশ
Resign, *v. a. to yield up,* ছাড়িয়া-দা, ত্যাগ-কৃ, হাত-উঠা, তিতিক্ষা-কৃ; *to submit,* ইচ্ছাপূর্ব্বক সহ্য-কৃ; *to resign a situation,* ইস্তফা-দা [বশীভূততা
Resignation, *s.* ত্যাগ করণ; *submission,*
Resignment, *s.* ইস্তফা দেওন
Resin, Rosin, *s.* ধুনা, সর্জরস
Resinous, *a.* ধুনাযুক্ত
Resist, *v. a.* প্রতিকূল-কৃ, নিবারণ-কৃ, প্রতিরোধ-কৃ [কতা, প্রাতিকূল্য
Resistance, *s.* প্রতিরোধ, ব্যাঘাত, প্রতিবন্ধ

Digitized by Google

Resistible, *a.* নিবার্য্য, প্রতিরোধ্য
Resistless, *a.* অনিবার্য্য, অবাধ্য
Resolvable, *a.* দ্রব করণীয়; বিভজনীয়
Resoluble, *a.* গলনীয়, দ্রবণীয়
Resolve, *v. a. to solve*, অর্থ-কৃ, ব্যাখ্যা-কৃ, বুঝা; *to melt*, গল, দ্রব-কৃ
Resolve, *v. n.* নির্দ্ধার্য্য-কৃ, নিশ্চয়-কৃ
Resolve, *s.* প্রতিজ্ঞা, দৃঢ়াকাঙ্ক্ষা, নির্দ্ধারণ
Resolvent, *a.* গলিত করণক্ষম
Resolute, *a.* নিশ্চিত, অটল, অলড়, দৃঢ়
Resolution, *s.* ধৈর্য্য, স্থিরচিত্ততা, স্থির প্রতিজ্ঞা; *dissolution*, ভিন্ন২ অংশ করণ; *act of clearing difficulties*, সহজ করণ, বাধা ঘুচান
Resonant, *a.* প্রতিধ্বনিকারী
Resort, *s.* ভিড়, জনতা, লোকারণ্য; গমনাগমন বা সভাস্থান
Resort, *v. n.* উপায়ান্তর গ্রহণ-কৃ; গমনাগমন-কৃ, যাতায়াত-কৃ
Resound, *v. a.* শব্দ-কৃ, প্রতিধ্বনি-কৃ
Resound, *v. n.* প্রতিধ্বনি-হ
Resource, *s.* উপায়, গতি, আশ্রয়, উপজীবিকা, যোত্র, চারা
Respect, *v. a. to esteem*, আদর-কৃ, মর্য্যাদা-কৃ, সম্মান-কৃ; *to have relation to*, সম্বন্ধ-রাখ
Respect, *s. regard*, আদর, মর্য্যাদা, মান, সম্ভ্রম; *relation to*, সম্পর্ক সম্বন্ধ
Respectability, *s.* মান, মর্য্যাদা, সম্ভ্রম
Respectable, *a.* বিশিষ্ট, মান্য, সম্ভ্রান্ত, আর্য্য
Respectful, *a.* শিষ্টাচারী, মর্য্যাদক, শিষ্ট
Respectfully, *ad.* শিষ্টাচাররূপে, আদর পূর্ব্বক [সম্বন্ধীয়
Respective, *a.* বিশেষ, ভিন্ন; আপন২
Respectively, *ad.* বিশেষরূপে
Respiration, *s.* নিশ্বাসপ্রশ্বাস, শ্বাস, বায়ু ত্যাগ [বায়ু ত্যাগ-কৃ
Respire, *v. n.* নিশ্বাসপ্রশ্বাস ত্যাগ-কৃ,
Respite, *s. reprieve*, প্রাণদণ্ডের ক্ষমা; *interval*, বিশ্রাম, বিরাম
Resplendence, *s.* প্রভা, তেজ, উজ্জ্বলতা, দীপ্তি, চাকচক্য
Resplendent, *a.* তেজোময়, উজ্জ্বল, দীপ্তি
Resplendently, *ad.* উজ্জ্বলরূপে, সতেজে

Respond, *v. n.* সমতুল্য-হ, উপযুক্ত-হ, যেমন [রিস্পাণ্ডেন্ট
Respondent, *s.* প্রতিবাদী, প্রত্যুত্তরকারক,
Response, *s.* প্রত্যুত্তর, প্রতিবাদ, জওয়াব
Responsible, *a.* দায়ী, ঝুঁকিগ্রস্ত, ভারাক্রান্ত
Responsibility, *s.* ঝুঁকি, দায়
Responsible, **Responsory**, *a.* দায়ী
Rest, *s. sleep*, নিদ্রা; *peace*, শান্তি, স্থিরতা; *cessation from bodily labour*, শারীরিক বিশ্রাম, বিরাম; *remainder*, অবশেষ
Rest, *v. n. to sleep*, শয়ন-কৃ, নিদ্রা-হ; *to be at quiet*, শান্তি-হ, সুস্থির-হ; *to cease from labour*, বিশ্রাম-কৃ, বিরাম-কৃ; *to lean*, ঠেস্-দা; *to be left*, অবশিষ্ট-হ
Rest, *a.* অপর, অবশিষ্ট, বাঁকি, শেষ
Restiff, **Restive**, **Resty**, *a.* গমন করিতে অনিচ্ছুক, দুর্বৃত্ত, ঠেঁটা, একগুঁয়া
Restiffness, *s.* দুর্বৃত্ততা, ঠেঁটামি, একগুঁয়ামি [করণ
Restitution, *s.* পুনর্দেওন, পুনরর্পণ; নিসা
Restless, *a.* অস্থির, চঞ্চল, ব্যাকুল, ছটফটিয়া
Restorable, *a.* পুনর্দেয়, পুনরুদ্ধার করণীয়
Restoration, *s. replacing*, পূর্ব্বাবস্থায়, পুনঃস্থাপন; *recovery*, পুনঃপ্রাপ্তি
Restorative, *a.* সুস্থকারী, রোগনাশক
Restore, *v. a. to give or bring back*, ফিরিয়া আনন, ফিরিয়া দেওন, প্রত্যর্পণ; *to heal*, সুস্থ-কৃ
Restrain, *v. a.* বাধা-কৃ, আটক-কৃ, ধরিয়া-রাখ, দমন-কৃ [করণীয়
Restrainable, *a.* দমনীয়, ধরণীয়, আটক
Restraint, *s.* আটক, নিবৃত্তি, বাধা, প্রতিরোধ, দমন
Restrict, *v. a.* সীমা নিরূপণ-কৃ, আট্কা, পরিমিত-কৃ [নিষেধ, পরিমিততা
Restriction, *s.* সীমা নিরূপণ, আটক,
Restringent, *a.* সঙ্কুচিত করণে ক্ষমতা আছে যাহার
Result, *v. n.* ফলোৎপন্ন-হ, ফলোদয়-হ, উৎপন্ন-হ
Result, *s.* উৎপন্ন, ফল, লাভ, শেষ
Resumable, *a.* ফিরিয়া লওয়া যাইতে পারে যাহা
Resume, *v. a.* ফিরিয়া-লও, পুনর্গ্রহণ-কৃ,

Digitized by Google

- বাজেয়াপ্ত-কৃ; *to recommence,* পুনশ্চ আরম্ভ-কৃ [বাজেয়াপ্ত করণ
Resumption, *s.* ফিরিয়া লওন, পুনর্গ্রহণ,
Resumptive, *a.* পুনর্গ্রহণকারী
Resurrection, *s.* পুনরুত্থান, মরিয়া বাঁচন
Resurvey, *v. a.* পুনর্বার অবলোকন-কৃ, পুনর্দৃষ্টি-কৃ, পুনর্বিবেচনা-কৃ [তন-কৃ
Resuscitate, *v. a.* পুনঃ সজীব-কৃ, পুনশ্চে
Resuscitation, *s.* পুনশ্চেতন করণ, পুনঃ সজীব করণ
Retail, *v. a.* খুজরা বিক্রয়-কৃ, ফড়িয়াটি-কৃ
Retail, *s.* খুজরা বিক্রয়, ফড়িয়াটি, খরচা বিক্রি [ক্ষুদ্র ব্যাপারী, ফড়িয়া
Retailer, *s.* খরচা বিক্রয়কারী, দোকানী,
Retain, *v. a. to keep,* রাখ, ধারণ-কৃ, ত্যাগ না-কৃ, ব্যয় না-কৃ; *to hire,* বেতন দিয়া -রাখ
Retain, *v. n.* নির্ভর-কৃ
Retainer, *s.* বশীভূত, ভৃত্য, চাকর
Retake, *v. a.* পুনর্বার গ্রহণ-কৃ, ফিরে-ল
Retaliate, *v. a.* প্রতিফল-দা, শোধের শোধ -কৃ, শোধবোধ-কৃ
Retaliation, *s.* প্রতিফল, শোধের শোধ, শোধবোধ [-কৃ
Retard, *v. a.* প্রতিবন্ধ-কৃ, বাধা-কৃ, গৌণ
Retard, *v. n.* গৌণ করিয়া-থাক
Retch, *v. n.* উদ্গার-কৃ, ন্যক্কার-কৃ
Retention, *s. the act of retaining,* ধরণ, রাখণ, আটক করণ; *memory,* স্মরণ, স্মৃতি; *custody,* জিম্মা
Retentive, *a.* ধরণক্ষম, স্মরণক্ষম [আকৃতি
Reticular, Retiform, *a.* জালবৎ, জালের
Reticulated, *a.* জালের ন্যায় নির্ম্মিত, জালবৎ, জালজালিয়া
Reticule, *s.* ক্ষুদ্র থলি বা জাল [হারি লোক
Retinue, *s.* পারিষদ্, অনুচর, সমভিব্যা
Retire, *v. a. to retreat,* উঠিয়া-যা, প্রস্থান -কৃ, গুপ্ত স্থানে-গম; *to go from a public station,* সরকারী কর্ম্ম হইতে অবসর -হ [নির্জন
Retired, *pa. a.* নিভৃত, নিরালা, গুপ্ত,
Retirement, *s.* কার্য্য হইতে নিবৃত্ত হওন, বিষয় ত্যাগ; গুপ্ত নিবাস
Retold, *pa.* পুনঃ কথিত, পুনরুক্ত
Retort, *s. censure returned,* প্রত্যপবাদ; *a glass vessel,* কিমিয় বিষয়ে ব্যবহৃত কাঁচ পাত্রবিশেষ [-দা
Retort, *v. a.* প্রত্যপবাদ-কৃ, উলটিয়া দোষ
Retoss, *v. a.* পুনঃ প্রক্ষেপ-কৃ, ফিরে-ফেল
Retouch, *v. a.* পুনর্লিখন দ্বারা উত্তম-কৃ, শুধর
Retrace, *v. a.* পুনরুদ্দেশ-কৃ, প্রত্যাগমন -কৃ [-কৃ
Retract, *v. a.* অন্যথা-কৃ, কথা অস্বীকার
Retraction, *s.* অন্যথা করণ, কথিত বিষয় অস্বীকার করণ
Retreat, *s. the act of retiring,* হঠন, পিছাওন; *place of privacy,* নিভৃত স্থান, গুপ্ত নিবাস; *retiring before a superior force,* বিপক্ষের সম্মুখ হইতে সৈন্যের হঠিয়া যাওন, পলায়ন
Retreat, *v. n.* গুপ্ত স্থানে-গম; আশ্রয়-ল; বিপক্ষের সম্মুখ হইতে হঠ
Retrench, *v. a.* কাট, কর্ত্তন-কৃ, ন্যূন-কৃ
Retrench, *v. n.* ব্যয়ের লাঘব-কৃ [করণ
Retrenchment, *s.* ন্যূনতা, ব্যয় লাঘব
Retribute, *v. a.* প্রতিফল-দা, পরিশোধ-কৃ
Retribution, *s.* প্রতিফল, পরিশোধ
Retributive, *a.* প্রতিফলদায়ী
Retrieve, *v. a.* পুনঃপ্রাপ্ত-হ, নষ্টোদ্ধার-কৃ, রক্ষা-কৃ, শামলা
Retrievable, *a.* প্রতিকার্য্য, নষ্টোদ্ধার হইতে পারে যাহা [উলটা
Retrograde, *a.* পশ্চাদ্গামী; বিপরীত,
Retrograde, *v. n.* পশ্চাৎ-গম, পিছে-হঠ
Retrogression, Retrocession, *s.* প্রতি গমন, পশ্চাৎ হঠন
Retrospect, *s.* অতীত বিষয়ে পুনর্দৃষ্টি, কৃত কর্ম্মের প্রতি আলোচনা
Retrospection, *s.* অতীত বিষয়ের প্রতি দৃষ্টি করণ [-কারী
Retrospective, *a.* গত বিষয়ে আলোচনা
Return, *v. a. to come back,* ফিরে-আইস; *to go back,* ফিরে-যা, প্রত্যাগমন-কৃ; *to recriminate,* প্রত্যুত্তর-কৃ; *to give back,* ফিরিয়া-দা
Return, *v. n. to repay,* প্রতিফলদ-া; *to give or send back,* ফিরিয়া-পাঠা বা-দা; *to give an account of,* হিসাব-দা
Return, *s. coming or going back,* ফিরিয়া

Digitized by Google

আইসন বা গমন, প্রত্যাগমন; *repayment,* প্রতিদান, পরিশোধ; *profit,* লাভ, প্রাপ্তি; *remittance,* টাকা প্রেরণ; *report,* সম্বাদ, বিবরণ পত্র
Returnable, *a.* আদালতের ভাষায় ফিরিয়া আইসন ক্ষম
Reveal, *v. a.* প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, গুপ্ত বিষয় জ্ঞাপন-কৃ, রাষ্ট্র-কৃ
Revel, *v. n.* মদ্যপানে আমোদ প্রমোদ বা ধুমধাম-কৃ
Revel, *s.* ধুমধাম, মদ্যপানে আমোদ প্রমোদ, জটলা [ব্যক্ত; দৈববাণী
Revelation, *s.* গুপ্তবিষয় প্রকাশ করণ,
Reveller, *s.* জটলাকারক, মদ্যপানে আমোদ প্রমোদকারক
Revelry, *s.* ভোজন, ভোজনে আমোদ প্রমোদ, জটলা [সা, দাদ
Revenge, *s.* প্রতিহিংসা, প্রতিদ্বেষ, জিঘাং
Revenge, *v. a.* প্রতিহিংসা-কৃ, প্রতিদ্বেষ-কৃ, জিঘাংসা-কৃ, শোধের শোধ-দা
Revengeful, *a.* প্রতিহিংসক, দ্বেষী, জিঘাংসক [মালগুজারি
Revenue, *s.* রাজস্ব, কর, বার্ষিক প্রাপ্য,
Revenual, *a.* রাজস্ব সম্পর্কীয়
Reverberate, *v. a.* প্রতিধ্বনি-কৃ
Reverberation, *s.* প্রতিধ্বনি, প্রতিক্ষেপ
Revere, *v. a.* আদর-কৃ, সম্ভ্রম-কৃ, সম্মান-কৃ, আরাধনা-কৃ
Reverence, *s. veneration,* আদর, সম্মান, আরাধনা, সেবা, পূজা; *act of obeisance,* নমস্কার, প্রণাম; *title of the clergy,* যাজকেরদের উপাধি
Reverence, *v. a.* আদর-কৃ, সম্মান-কৃ, শ্রদ্ধা-কৃ, আরাধনা-কৃ, পূজা-কৃ
Reverend, *a.* মান্য, সেব্য, পূজনীয়, আরাধনীয়; পুরোহিতেরদের উপাধি
Reverential, Reverent, *a.* মর্য্যাদাসূচক, আদরকারী, অনুনয়ী, বিনয়ী
Reverie, Revery, *a.* ধ্যান, অস্থির চিন্তা, উপস্থিত ভাবনা
Reversal, *s.* অন্যথা করণ, পরিবর্ত্তন, উল্টান
Reverse, *v. a. to subvert,* উল্টা-কৃ, উল্টাইয়া-ফেল; *to repeal,* অন্যথা-কৃ, রদ-কৃ, বিপরীত-কৃ; *to put each in the place of the other,* এক দ্রব্য অন্য দ্রব্যের স্থানে-রাখ
Reverse, *s. change,* পরিবর্ত্তন, বিপদ; *a contrary,* বৈপরীত্য; *the side of the coin on which the head is not impressed,* মুদ্রার যে পৃষ্ঠে রাজার মুখ ছবি থাকে না
Reversible, *a.* অন্যথা হইতে পারে যাহা
Reversion, *s.* উত্তরাধিকারিত্ব
Reversionary, *a.* উত্তরাধিকারক্রমে ভোগ হইবে যাহা [-আইস
Revert, *v. a.* পরিবর্ত্ত-কৃ, ফিরিয়া-যা বা
Revest, *v. a.* পুনর্বস্ত্রান্বিত-কৃ; পুনরধিকার বা দখল-দা [য়োজন-কৃ
Revictual, *v. a.* পুনর্ভক্ষ্য দ্রব্যাদির আ
Review, *v. a. to look back,* পশ্চাৎঅবলোকন-কৃ, পশ্চাৎ-দেখ, পুনর্ব্বার নিরীক্ষণ-কৃ; *to consider again,* পুনর্ব্বিবেচনা-কৃ; *to examine,* দোষাদোষ নিশ্চয়-কৃ
Review, *s.* পুনর্দৃষ্টি, পুনর্বিবেচনা, দোষাদোষ অনুসন্ধান করণ; *review of troops,* সৈন্যেরদের পরীক্ষা করণ
Reviewer, *s.* যে ব্যক্তি গ্রন্থের দোষাদোষ বিবেচনা করিয়া লেখে
Revile, *v. a.* নিন্দা-কৃ, গালি-দা, তিরস্কার-কৃ, ভর্ৎসনা-কৃ [রী
Reviler, *s.* গ্লানিকারক, নিন্দক, ভর্ৎসনাকা
Revisal, Revision, *s.* পুনর্দৃষ্টি, পুনঃ পরীক্ষা; পুনঃ শুধরণ [পুনঃ শুধর
Revise, *v. a.* পুনর্দৃষ্টি-কৃ, পুনর্বিচার-কৃ,
Revise, *s.* পুনর্দৃষ্টি; শুদ্ধাশুদ্ধ বিবেচনার্থ পুনর্বার ছাপা পত্র লাপ-কৃ
Revisit, *v. a.* পুনর্দর্শন বা সাক্ষাৎ বা আ
Revival, *s.* পুনশ্চেতন, পুনর্জীবন, জীবন
Revive, *v. n.* পুনঃ সজীব-হ, পুনশ্চেতন-হ
Revive, *v. a. to bring to life,* পুনঃ সজীব-কৃ, পুনশ্চেতন-কৃ; *to bring back to the memory,* পুনঃ স্মরণ-কৃ; *to recomfort,* সান্ত্বনা-কৃ, ভরসা-দা
Reviving, *pa.* চেতনাকারী; সজীবকারী, সান্ত্বনাকারী, জিয়ণিয়া
Revivificate, *v. a.* পুনঃ সজীব বা চেতনা-কৃ
Reunion, *s.* পুনর্যোগ, পুনরেকত্র করণ, পুনর্মেল [পুনর্মিল করিয়া-দা
Reunite, *v. a.* পুনর্যোগ-কৃ, পুনরেকত্র-কৃ,

Digitized by Google

Revocable, *a.* যাহা অন্যথা রদ বাতিল বা খণ্ডন হইতে পারে
Revocate, *v. a.* রহিত-কৃ, খণ্ড, অন্যথা-কৃ
Revocation, *s.* রহিত করণ, রদ করণ, অন্যথা করণ [রদ-কৃ, বাতিল-কৃ
Revoke, *v. a.* অন্যথা-কৃ, ব্যবস্থা রহিত-কৃ,
Revolt, *v. a.* রাজবিদ্রোহ কর্ম্ম-কৃ, রাজ বিপরীতে-উঠ, রাজার প্রভুত্ব অস্বীকার-কৃ
Revolve, *v. a.* ঘুর, ঘূর্ণায়মান-হ, ভ্রমণ-কৃ
Revolve, *v. n.* মনে বিবেচনা-কৃ, চিন্তা-কৃ
Revolution, *s. course of any thing which returns*, চক্রগতি, চক্র; *change in government*, রাজশাসনের পরিবর্ত্তন
Revolutionary, *s.* রাজশাসনের পরিবর্ত্তন সম্বন্ধীয়, রাজবিদ্রোহ
Revulsion, *s.* পুনরায় বহিষ্কা আইসন, প্রত্যাকর্ষণ, বৈপরীত্য [শিস, ইনাম
Reward, *s.* পুরস্কার, পারিতোষিক, বখ্
Reward, *v. a.* পুরস্কার-কৃ, পারিতোষিক-দা, বখ্শিস বা ইনাম-দা
Rhapsody, *s.* বাগাড়ম্বর, অসংলগ্ন বাক্ প্রবন্ধ [প্রবন্ধকারী
Rhapsodist, *s.* বাগাড়ম্বর বা অসংলগ্ন বাক্
Rhetoric, *s.* অলঙ্কার শাস্ত্রে বিদ্যা, বাক্পটুতা [পটু
Rhetorical, *a.* অলঙ্কার শাস্ত্র সম্বন্ধীয়, বাক্
Rhetorician, *s.* অলঙ্কার শাস্ত্রবেত্তা, বাক্পটু ব্যক্তি
Rheum, *s.* কফ, শ্লেষ্মা, সর্দ্দি [রসবাতজ
Rheumatic, Rheumy, *a.* বাতযুক্ত, বাতুরা,
Rheumatism, *s.* বাত, বাতরোগ, গেঁটেবাত
Rhinoceros, *s.* খড়ুগী, গণ্ডার
Rhomb, *s.* সমচতুরস্র মূর্ত্তি [সম ত্রিভুজ
Rhomboid, *s.* প্রায় উপরি উক্ত অস্রাকৃতি,
Rhubarb, *s.* রেউচিনি, রেচক মূলবিশেষ
Rhyme, *s.* মিত্রাক্ষর, অনুপ্রাস, মিল
Rhyme, *v. n.* মিত্রাক্ষর-কৃ, অনুপ্রাস-কৃ, ছন্দে মিল-কৃ
Rib, *s.* পর্শুকা, পঞ্জর, পাঁজর
Ribaldry, *s.* অকথ্য কথা, পচাল বাক্য, খেঁচড়া-কথা [বা চওড়া ফিতা
Ribband, Ribbon, *s.* রেশম নির্ম্মিত দামন
Rice, *s.* তণ্ডুল, চাউল; *boiled rice*, অন্ন, ভাত; *rice in the husk*, ধান্য, ব্রীহি, ধান; *moist rice*, ওদো ধান, ওদো চাউল; *parched rice*, মুড়ি; *raw rice*, আমানি; *wild rice*, উড়ি ধান
Rice-*gruel*, *s.* কাঁজি, আমানি, ফেণ, মাড়
Rich, *a. wealthy*, ধনী, ধনবান, আঢ্য; *valuable*, বহুমূল্য; *fruitful*, উর্ব্বরা; *plentiful*, বহুল, পরিপূর্ণ
Riches, *s.* ধন, অর্থ, সম্পত্তি, দৌলৎ
Richly, *ad.* বাহুল্যরূপে, যথেষ্টরূপে
Richness, *s.* ধনবত্তা; ঐশ্বর্য্যশালিত্ব; উর্ব্বরত্ব; বাহুল্য
Rick, *s.* তণ্ডুলের বা খড়ের রাশি, স্তূপ, চিবি, গাদা, ঢেরি [দুর্ব্বল
Rickety, *a.* রোগাক্রান্ত, রোগবিশিষ্ট,
Rid, *v. a.* মুক্ত-কৃ, পরিষ্কার-কৃ, তাড়াইয়া-দা [খালাস
Riddance, *s.* মুক্ত করণ, মুক্তি, উদ্ধার,
Riddle, *s.* চালনিবিশেষ; *an enigma*, প্রহেলিকা, হেয়ালি
Riddle, *v. a.* হেয়ালি বা প্রহেলিকা-কৃ
Riddle, *v. n.* চালনি-কৃ
Ride, *v. a. to travel on horseback or in a vehicle*, অশ্ব বা গাড়ি আরোহণ-কৃ; চড়; *to manage a horse*, উত্তমরূপে অশ্বে-চড়
Ride, *v. n.* বাহিত-হ; স্বেচ্ছাচারিতা-কৃ
Rider, *s.* আরোহক, সওয়ার
Ridge, *s.* আলি, জাঙ্গাল, সেতু; ঘরের মট্‌কা [ঠাট্টা
Ridicule, *s.* পরিহাস, উপহাস, বিদ্রূপ,
Ridicule, *v. a.* পরিহাস-কৃ, উপহাস-কৃ, বিদ্রূপ-কৃ, ঠাট্টা-কৃ
Ridiculous, *a.* পরিহাস্য, উপহাস্য
Riding, *pa. a.* আরোহণকারী
Rife, *a.* সর্ব্বত্র ব্যাপক, সাধারণ, প্রবল, প্রায় রোগবিষয়ে ব্যবহার্য্য
Riffraff, *s.* ইতর লোক [-কৃ, চুরি-কৃ
Rifle, *v. a.* অপহরণ-কৃ, লুঠ-কৃ, ডাকাইতি
Rifle, *s.* বন্দুকবিশেষ
Rift, *s.* ফাইট্, চির, ফাটা
Rift, *v. a.* ফাড়, চির
Rig, *v. a.* জাহাজের দড়াদড়িসকল টাঙ্গাও; পরিহিত কৃ
Rigging, *s.* জাহাজের পালি দড়ি ইত্যাদি
Right, *a. fit*, উচিত, উপযুক্ত, প্রকৃত; *true*,

Digitized by Google

সত্য; *just*, যথার্থ, সরল, ঠিক; *straight*, ঋজু, সিদা; *the right hand*, দক্ষিণ, ডাইন
Right, *ad.* যথার্থরূপে, ঠিকরূপে
Right, *s. not wrong*, ন্যায়, নীতি; *justice*, যথার্থতা; *that which justly belongs to one*, অধিকার, স্বত্ব; *power*, রাজ পরাক্রম; *privilege*, প্রজারদের বিশেষ ক্ষমতা; *the side not left*, দক্ষিণ
Right, *v. a.* যথার্থ বিচার-কৃ; প্রকৃত অধিকারিকে স্থাপন-কৃ
Righteous, *a.* যাথার্থিক, ধার্ম্মিক, সাধু, পুণ্যাত্মা [ধার্থ্য
Righteousness, *s.* ধার্ম্মিকতা, সাধুতা, বা
Rightful, *a.* স্বত্বাধিকারী, যথার্থাধিকারী, যথার্থ [সুবিচারে
Rigtly, *ad.* ধর্ম্মতঃ, প্রকৃতরূপে, ঠিকঠাকে,
Rigid, *a. stiff*, কর্কশ, শক্ত, মড়মড়িয়া; *exact*, ঠিক; *severe*, কঠিন, দৃঢ়
Rigidity, Rigidness, *s.* দৃঢ়তা, কাঠিন্য, কঠোরতা, শক্তাই
Riglet, *s.* ছাপা কর্ম্মে পঁক্তি বিচ্ছেদার্থ যে ক্ষুদ্র কাষ্ঠটুকরা ব্যবহৃত হয়
Rigour, *s. shuddering with cold*, শীত জনিত কম্প; *severity*, কাঠিন্য, কঠোরতা, ক্রূরতা, জোর
Rigorous, *a.* কর্কশ, কঠিন, শক্ত, ক্রূর
Rigorously, *ad.* কঠোরতারূপে, কাঠিন্য পূর্ব্বক
Rill, Rillet, *s.* ক্ষুদ্রনদী, ক্ষুদ্র সোঁতা
Rim, *s.* ধার, কাঁধ, কিনারা, কুল
Rind, *s.* ত্বক্, বল্কল, ছাল, খোসা
Rind, *v. a.* ছাল-তোল
Ring, *s. a circle*, চক্র, মণ্ডল, গোল; *an ornament*, অঙ্গুরীয়ক, আঙ্গুটি; *a sounding*, ঘন্টাদির শব্দ, ঠন্‌ঠন্
Ring, *v. a.* ঘন্টা-বাজা; অঙ্গুরী ধারণ-কৃ
Ring, *v. a.* বাজাও, ঘন্টার শব্দ-কৃ
Ring-*dove*, *s.* ঘুঘুবিশেষ
Ring-*leader*, *s.* দলপতি, দুষ্টেরদের সরদার [জুলফ্
Ringlet, *s.* ক্ষুদ্র আঙ্গুটি; চাঁচর কেশ,
Ringworm, *s.* দদ্রু, দাদু [কাচ
Rinse, *v. a.* ধৌত-কৃ, প্রক্ষালন-কৃ, কচ্‌ল,
Riot, *s.* কলহ, হঙ্গাম, দাঙ্গা, গণ্ডগোল
Riot, *v. n.* দাঙ্গা-কৃ, হঙ্গাম-কৃ, উদ্দুখুদ্দু-কৃ, ডামাডোল-কৃ [কারী
Rioter, *s.* কোলাহল গণ্ডগোল বা দাঙ্গা
Riotous, *a.* হঙ্গামী, কলহ বা গণ্ডগোলকারী
Rip, *v. a.* চির, ফাড়, বিদীর্ণ-কৃ; *to make known*, খোল, প্রকাশ-কৃ [পূরা
Ripe, *a.* পরিপক্ক, পাকা, পোক্ত; সম্পূর্ণ,
Ripen, *v. n.* পরিপক্ক-হ, পাক [-কৃ
Ripen, *v. a.* পরিপক্ক-কৃ, পোক্ত-কৃ, সম্পূর্ণ
Ripeness, *s.* পরিপক্কতা, বিপাক, পাক, সম্পূর্ণতা; যোগ্যতা [যুক্ত-হ
Ripple, *v. a.* জল প্রবহণ কালে ক্ষুদ্রং ঢেউ
Ript, *pa. pas.* বিদীর্ণ, ছেদিত, চেরা
Rise, *v. n. to get up*, উঠ, গাত্রোত্থান-কৃ, উদয়-হ; *to gain elevation*, উন্নত-হ, বৃদ্ধি প্রাপ্ত-হ; *to ascend*, ঊর্দ্ধে-উঠ; *to apper in view*, দৃষ্টি গোচর-হ; *to be excited*, উত্তেজিত-হ; *to make insurrection*, হঙ্গাম-কৃ, দাঙ্গা-কৃ; *to increase in price*, মূল্য চড়তি-হ
Rise, *s. the act of rising*, উঠন, উত্থান, ঊর্দ্ধগমন; *appearance of the sun in the east*, পূর্ব্বদিগে সূর্য্যোদয় হওন; *elevation*, বৃদ্ধি, উন্নতি; *beginning*, আরম্ভ
Risibility, *s.* হসনীয়ত্ব, রহস্যতা
Risible, *a.* হাস্যজনক, পরিহাস্য
Rising, *s.* উঠন, উদয়
Risk, *s.* দায়, ঝুঁকি, আপদ, বিপদ
Risk, *v. a.* ঝুঁকি বা দায়-ল, ঝুঁকি ঘাড়ে-কৃ
Rite, *s.* ধর্ম্মবিধি, ব্যবস্থা, আচার ব্যবহার
Ritual, *s.* ধর্ম্ম শাস্ত্রাভিমত, পদ্ধতি, ধর্ম্ম সংহিতা [একাভিলাষি ব্যক্তি
Rival, *s.* প্রতিযোগি ব্যক্তি, একতন্ত্র বা
Rival, *v. a.* প্রতিযোগিতা-কৃ, একতন্ত্র-কৃ, আড়াআড়ি-কৃ [টানাটানি
Rivalry, *s.* প্রতিযোগিতা, আড়াআড়ি,
Rive, *v. a.* ফাট, ফাক্-কৃ, চির, ফাড়
River, *s.* নদী, নদ, সরিৎ, স্রোতস্বতী, দরিয়া, গাং
River *dragon*, *s.* কুম্ভীর
River *god*, *s.* নদনদীর দেবতা [বিশেষ
River *horse*, *s.* নদীচর ঘোঁড়া বা বৃহৎ জন্তু
Rivet, *s.* মেক, প্রেক, আঁধারিয়া প্রেক
Rivet, *v. a.* প্রেক-মার, বদ্ধ-কৃ

Digitized by Google

Rivulet, *s.* ক্ষুদ্র নদী, খাল, নালা
Rix dollar, *s.* জর্ম্মণি দেশের রৌপ্য মুদ্রা বিশেষ
Road, *s. large way*, বর্ত্ম, মার্গ, পথ, রাস্তা; *anchorage for ships*, জাহাজ নঙ্গর করণের স্থান [ণের স্থান
Roadstead, *s.* সমুদ্রতটে জাহাজ নঙ্গর কর
Roam, *v. n.* ভ্রমণ-কৃ, পর্য্যটন-কৃ, এলোমেলোরূপে-বেড়া
Roan, *a.* চিত্রিত [শব্দ-কৃ
Roar, *v. n.* গর্জ্জ, আর্ত্তনাদ-কৃ, চীৎকার
Roar, *s.* বন্য পশুর ডাক, গর্জন, সমুদ্র বা বাতাসের মহা শব্দ [-কৃ
Roast, *v. a.* ভর্জ্জিত-কৃ, ভাজ, ঝলস, কাবাব
Roast, *s.* ঝল্‌সা, ভাজা, কাবাব করা মাংস
Rob, *v. a.* চুরি-কৃ, অপহরণ-কৃ, লুঠ-কৃ, ডাকাইতি-কৃ [বাট্‌পাড়, লুঠেরা
Robber, *s.* ডাকাইত, চোর, অপহারক,
Robbery, *s.* ডাকাইতি, চুরি, লুঠ করণ
Robe, *s.* রাজবস্ত্র, গৌরবসূচক বস্ত্র
Robe, *v. a.* গৌরবসূচক বস্ত্র পরিধান-কৃ
Robust, *a.* বলবান্‌, প্রকাণ্ড, সতেজ, মোটা
Rock, *s.* পর্ব্বত, শৈল, গিরি
Rock, *v. a.* আন্দোলন-কৃ, দোলা, নাড়া চাড়া করিয়া ঘুম-পাড়া
Rocket, *s.* হাওই, অগ্নিবাণ
Rock salt, *s.* আকরীয় লবণ, সৈন্ধব, পাঙ্গা
Rocky, *a.* প্রস্তরময়, শিলময়; শক্ত, কঠিন
Rod, *s. a twig*, দণ্ড, যষ্টি, বাড়ি, ছড়ি, লাঠি, গদা; *an instrument for measuring*, গজ; *an instrument for correction*, প্রহারার্থ দণ্ড; *a fishing rod*, ছিপি [কথা
Rodomontade, *s.* অনর্থক গোল, মাগ্রাম
Roe, *s. the female of the deer*, মৃগী, হরিণী; *the eggs of fish*, মৎস্যের ডিম্ বা অণ্ডা
Rogation, *s.* প্রার্থনা, সাধনা, আরাধনা
Rogue, *s.* প্রতারক, দুষ্ট, ঠগ, ধূর্ত্ত, প্রবঞ্চক
Roguery, *s.* প্রতারণা, ধূর্ত্ততা, চাতুরী, ঠগামি
Roguish, *a.* দুষ্ট, নষ্ট, ধূর্ত্ত, প্রবঞ্চকনাকারী
Roll, *v. a.* ঘুরা, ফেরা, গুটা, গুড়া, জড়-কৃ
Roll, *v. n.* জড় বা গুট-হ, লুণ্ঠমান-হ; ঢেউর ন্যায় আন্দোলন-কৃ

Roll, *s. the act of rolling*, ঘুরাওন, জড়াওন, গুটান, ভাঁজন; *mass made round*, জড়ান বস্তু; *a register*, তায়দাদ, তালিকা; *a chronicle*, কালঘটিত রাজবিবরণ
Roller, *s. any thing turning on its axis*, ডলনা, লোড়া, বেলন; *a bandage*, পটি
Rolling *pin*, *s.* বেলন [বা প্রেস
Rolling *press*, *s.* ছবি ছাপাকরণের যন্ত্র
Roman, *s.* রোমী, রোম নগরস্থ
Roman, *s.* রোমীয়, রোম নগর সম্বন্ধীয়
Romance, *s.* উপন্যাস, ইতিহাস, অসম্ভব উপাখ্যান [অসম্ভব উপাখ্যান লেখক
Romancer, *s.* ইতিহাসবেত্তা, গপ্পিয়া,
Romanize, *v. a.* লাটিন ভাষাতে পরিপূর্ণ করিয়া-লিখ
Romantic, *a.* আশ্চর্য্য, অসম্ভব, অদ্ভুত
Rome, *s.* ইটালি দেশের রাজধানী রোম নগর
Romish, *a.* রোমীয়, রোম নগর সম্বন্ধীয়
Romp, *s.* চঞ্চলা স্ত্রী, অশিষ্টা কন্যা; *rough rude play*, অসভ্য খেলা
Romp, *v. n.* অসভ্য খেলা বা গোলমাল-কৃ
Romping, *s.* অসভ্য বা গণ্ডগোলরূপে খেলা
Rondeau, *s.* প্রাচীন কবিবিশেষ
Rood, *s.* ভূমির পরিমাণবিশেষ; ভূমি মাপিবার দণ্ড, এগার হাত লম্বা নল
Roof, *s.* ছাত, ছপ্পর; *the palate*, মুখের তালুয়া
Roof, *v. a.* ছাত-দা, ছপ্পর-দা, ঢাক
Rook, *s.* কাকবিশেষ; *a cheat*, ঠগ, প্রতারক; *rook in chess*, শতরঞ্চ খেলায় নৌকা
Room, *s. place*, স্থান, জায়গা; *in the room of another*, অন্যের পরিবর্ত্তে; *opportunity*, সুযোগ; *an apartment*, কুঠরী, কামরা
Roomy, *a.* অনেক স্থানযুক্ত, প্রশস্ত, বড়
Roost, *s.* যে দাঁড়ের উপরে বসিয়া পক্ষী ঘুমায়
Roost, *v. a.* পক্ষির ন্যায় দাঁড়ে বসিয়া-ঘুমা
Root, *s.* বৃক্ষের মুল, শিকড়, জড়; *original cause*, আদি কারণ; *ancestor*, পূর্ব্ব পুরুষ

Digitized by Google

Root, *v. a.* মুল-লাগা

Root, *v. n. to fix with earth,* মৃত্তিকাতে মুল-বসা ; *to impress on the mind,* মনে দৃঢ়রূপে-বসা; *to root up,* সমুলোৎপা টন-কৃ, উপড়, নষ্ট-কৃ

Rooted, *a.* বদ্ধমুল, পোঁতা, গম্ভীর, শক্ত

Rootedly, *ad.* দৃঢ়রূপে, শক্তরূপে

Rope, *s.* দড়ি, দড়া, রজ্জু, রস্যা, রসি

Rope, *v. n.* চট্চট্যা-হ, আটাবৎ হ

Rope-dancer, *s.* রজ্জুর উপরে নৃত্য করে যাহারা

Rope-walk, *s.* দড়াদড়ি নির্ম্মাণ স্থান

Ropiness, *s.* চটচট্যা বা আটালভাব

Ropy, *a.* আটাবৎ, চট্চট্যা, আঁশাল

Rosary, *s.* জপমালা, করমালা

Rose, *s.* গোলাপ ফুল

Rose-apple, *s.* গোলাপজাম

Roses, conserve of, *s.* গুড়কন্দ

Rose (white,) *s.* সেঁবতী

Roseate, *a.* গোলাপ পুষ্পময়, গোলাপের ন্যায়, ঈষদ্ রক্তবর্ণ, টাটকা, নবীন

Roset, *s.* চিত্রকর্ম্মে ব্যবহার্য্য লাল রং

Rose-water, *s.* গোলাপ ফুলের জল, গোলাপ

Rostrum, *s. beak,* চঞ্চু, ঠোঁট; *scaffold for orators,* সমাগত লোকেরদের সমক্ষে বক্তৃতা করণার্থ মঞ্চ

Rosy, *a.* গোলাপী

Rot, *v. n.* পচ, সড়, দুরিত-হ, গলিত-হ

Rot, *v. a.* পচা বা গলিত-কৃ

Rot, *s.* পচন, গলন, সড়ন, ক্ষয়

Rot among sheep, মেষের ফুসফুস, ক্ষয়রোগ [পীয়া

Rotary, Rotated, *s.* চক্রবৎ ঘুরে যে, ঘুর

Rotatory, *a.* ঘুর্ণন্শীল, ঘুর্ণায়মান

Rotation, *s.* ঘুরণ, চক্রগতি; *in succession,* একাদিক্রমে

Rote, *s.* মুখস্থ উক্তি, অভ্যাস

Rotten, *a.* পচা, সড়া, দুরিত্র, নষ্ট

Rottenness, *s.* পচাভাব, গলিতত্ব, পচানি, সড়াপনা

Rotund, *a.* বর্ত্তুলাকার, গোল, চক্রাকার

Rotundity, *s.* গোল, চক্র, বর্ত্তুলাকৃতি বা বর্ত্তুল ভাব [মেলোরূপে-ফের

Rove, *v. a.* ভ্রমণ-কৃ, পরিভ্রমণ-কৃ, এলো

Rover, *s.* পরিভ্রামক ; বোম্বেটিয়া

Rouge, *s.* শোভার্থে যে লাল রং স্ত্রীলোকেরা গালে দেয়

Rough, *a. not smooth,* অসমান, আবড়ু খাবড়ু ; *harsh to the ear,* কর্কশ, কটু ; *rough of temper,* কঠিন, অকোমল ; *not polished,* অপরিষ্কৃত ; অসভ্য ; *tempestuous,* ঝড়বিশিষ্ট

Rough-*cast, s.* মোটামোটিরূপে-ঢাল

Rough *draught, s.* পাণ্ডুলেখ্য, মুশাবিদা, নমুনা

Roughen, *v. a.* কর্কশ-কৃ, আবড়ুখাবড়ু-কৃ

Roughly, *ad.* কর্কশরূপে, শক্তরূপে ; অসভ্যরূপে

Roughness, *s. unevenness,* অসমানতা, আবড়ুখাবড়ুভাব ; *austerity,* কাঠিন্য ; *inelegance,* অসভ্যতা ; *storminess,* ঝড় বা তুফানের ভাব

Round, *a. circular,* গোল, চক্রাকার, বর্ত্তুলাকার ; *a round sum,* অনেক টাকা ; *candid,* সরল, অকপট

Round, *s. a circular body,* চক্র, কুণ্ডল, মণ্ডল, গোল ; *a course,* শ্রেণী, শৃঙ্খলা, পালা ; *a walk by a guard,* চৌকিদারের পরিভ্রমণ, রোঁদগস্তি

Roundhand, *s.* পুঁটলিয়া অক্ষর

Roundhouse, *s.* থানা, চৌকী ; জাহাজের পশ্চাদ্ভাগের কুঠরী

Roundly, *ad.* চক্রাকাররূপে, গোল করিয়া; *openly,* স্পষ্টরূপে, খোলাসা

Roundness, *s.* গোলত্ব, চক্রাকারতা ; সমানতা ; স্পষ্টতা

Rouse, *v. a. to wake from sleep,* ঘুমভাঙ্গা, জাগা ; *to excite,* প্রবৃত্তি-জন্মা, উত্তেজনা-কৃ

Rouse, *v. n.* জাগৃত-হ

Rout, *s. a rabble,* ভিড়, জনতা ; *defeat,* রণে ভঙ্গ, পরাজয় ; *a select party,* বিশেষ লোকেরদের আগমণের সভা [ভিন্ন-কৃ

Rout, *v. a.* রণ ভঙ্গ-কৃ, পরাজয়-কৃ, ছিন্ন

Route, *s.* পন্থা, পথ, রাস্তা, রাহা

Routine, *s.* কর্ম্ম করণের রীতি বা ধারা

Row, *s.* পঁক্তি, শ্রেণী, পাঁতি, সারি

Row, *v. a.* দাঁড়-ফেল, বহ

Rower, *s.* দাঁড়বাহক, দাঁড়ী

Digitized by Google

Rowel, *s.* শীঘ্র ঘোঁড়া চালাইবার নিমিত্ত সওয়ারের পদস্থিত অস্ত্রের কাঁটা

Royal, *a.* রাজকীয়, রাজসম্পর্কীয়, রাজোপযুক্ত [ব্যক্তি

Royalist, *s.* রাজানুগত বা রাজপরায়ণ

Royally, *ad.* রাজোপযুক্তরূপে

Royalty, *s.* রাজত্ব, রাজপদ, বাদশাহী

Rub, *v. a. to scour,* ঘর্ষণ-কৃ, মর্দন-কৃ; *to wipe,* পোঁছ, মোছ; *to clean,* মার্জন-কৃ, পরিষ্কার-কৃ; *to rub out,* কিরিয়া-ফেল, কাট; *to rub against,* ঘেঁস; *to rub up,* চেতনা-কৃ, আশ্বাস-দা

Rub, *v. n. to fret,* বিরক্ত-হ; *to get through difficulties,* আপদ্ বা বিপদ্ হইতে মুক্ত-হ

Rub, Rubbing, *s.* ঘর্ষণ, মর্দন, ডলন, মলন; *difficulty,* দায়, বিপদ্, মুস্কিল

Rubber, *s.* ঘর্ষক, মার্জক; তাসখেলাবিশেষ

Rubbish, *s.* ময়লা, জঞ্জাল, ঝাঁটুনি

Rubicund, *a.* ঈষদ্ লাল বর্ণ

Rubric, *s.* প্রার্থনাপুস্তকের পদ্ধতি

Ruby, *s.* পদ্মরাগ মণি

Ructation, *s.* উদ্গার, ঢেকুর

Rudder, *s.* হাল, নৌকার কর্ণ বা কাণ বা পাতোয়াল

Ruddiness, *s.* রক্তিমা, ডাঁসালভাব [মাটি

Ruddle, Red-ochre, *s.* রাঙ্গা মৃত্তিকা, গেরি

Ruddy, *a.* রাঙ্গাটিয়া, টক্‌টকিয়া

Rude, *a. barbarous,* অসভ্য, গোঁয়ার; *coarse,* কর্কশ, কটু; *ignorant,* মূর্খ; *uncivil,* অশিষ্ট, অসভ্য

Rudely, *ad. in a rude manner,* অসভ্যরূপে, অশিষ্টরূপে; *without exactness,* অপটুরূপে, মোটামোটিরূপে

Rudeness, *s. incivility,* অসভ্যতা, অশিষ্টতা; *ignorance,* অজ্ঞানতা; *violence,* শক্তাই, কটুতা [আদ্যনুষ্ঠান

Rudiment, *s.* বিদ্যার উপক্রম, মূলসূত্র,

Rudimental, *a.* আদ্যনুষ্ঠানীয়, মূলিক, প্রথম উপক্রম সম্বন্ধীয় [অনুতাপ-কৃ

Rue, *v. a.* বিলাপ-কৃ, খেদ-কৃ, শোক-কৃ,

Rueful, *a.* শোকান্বিত, খেদান্বিত, দুঃখী

Ruff, *s.* কোঁচান কণ্ঠ বস্ত্র [ডাকাইৎ, খুনে

Ruffian, *s.* দুষ্ট, দুরাচার, ক্রূর, দস্যু,

Ruffle, *v. a. to put out of order,* এলোমেলো-কৃ, গোলমাল-কৃ; *to put out of temper,* ত্যক্ত-কৃ, ব্যাকুল-কৃ, দেক-কৃ; *to contract into plaits,* চুনট-কৃ, কোঁচা

Ruffle, *v. n.* অস্থির-হ, ব্যাকুল-হ

Ruffle, *s.* চুনাট

Rug, *s.* অপকৃষ্ট কম্বল, লেপ

Rugged, *a. uneven,* অসমান, উচ্চ নীচ, কর্কশ; *stormy,* ঝড়বিশিষ্ট; *violent,* উগ্র, উপদ্রবী [পূর্ব্বক

Ruggedly, *ad.* কার্কশ্যরূপে, নিষ্ঠুরতা

Ruggedness, *s.* অসমানতা, কার্কশ্য, কটুতা, ক্রূরতা [খাবড়ু

Rugose, *a.* লোলিত, কোঁকড়া, আবড়ু

Ruin, *s.* বিনাশ, উচ্ছিন্নতা, ধ্বংস, উজাড়

Ruin, *v. a.* অপচয়-কৃ, বিনাশ-কৃ, উচ্ছিন্ন-কৃ, উৎখাত-কৃ

Ruin, *v. n.* নষ্ট বা উচ্ছিন্ন বা উৎপাতিত-হ

Ruination, *s.* সর্ব্বনাশ, নিপাত, উচ্ছিন্নতা

Ruinous, *a. fallen to ruin,* বিনষ্ট, পতিত, উচ্ছিন্ন; *pernicious,* বিনাশক, নষ্টকারক, ধ্বংসক

Ruinously, *ad.* বিনষ্টরূপে, সর্ব্বনাশপূর্ব্বক

Rule, *s. government,* কর্তৃত্ব, প্রভুত্ব, রাজশাসন; *law,* আজ্ঞা, বিধি, ব্যবস্থা, দাঁড়া; *an instrument for ruling lines,* রেখা টানিবার গোলাকৃতি দণ্ড

Rule, *v. a.* শাসন-কৃ, কর্তৃত্ব-কৃ, প্রভুত্ব-কৃ, নিয়ম-কৃ; *to rule with lines,* রেখা-টান

Rule, *v. n.* পরাক্রম-কৃ, প্রভুত্ব-কৃ

Ruler, *s.* কর্ত্তা, প্রভু, দেশাধিপতি, রাজা; *an instrument for ruling lines,* কষি টানার দণ্ড

Rum, *s.* মদিরাবিশেষ, রমসরাপ

Rumble, *v. n.* গভীর শব্দ-কৃ, গুড়্গুড় বা হড়হড়-কৃ

Ruminant, *a.* জাওর কাটা

Ruminate, *v. a. to chew the cud,* জাওর-কাট; *to cruise,* ধ্যান-কৃ, অনুধাবন-কৃ

Ruminate, *v. n.* পুনঃ২ চিন্তা-কৃ

Rumination, *s.* জাওর কাটন; চিন্তা, ভাবনা, ধ্যান

Rummage, *v. a.* অনুসন্ধান-কৃ, খোজ, খোঁড়, উটক

Rummer, *s.* পান পাত্রবিশেষ

Rumour, *s.* জনরব, জনশ্রুতি, কিম্বদন্তী

Digitized by Google

Rumour, *v. a.* জনরব-কৃ, জনশ্রুতি-কৃ, প্রচার-কৃ, গল্প-ভোল

Rump, *s.* পাছা, পশ্চাদ্ভাগ, নিতম্ব, পোঁদ

Rumple, *s.* চুনাট, কোঁকড়ান

Rumple, *v. a.* কোঁকড়া, আবডুখাবড়ু-কৃ

Run, *v. n. to move swiftly,* দৌড়, ধাবন-কৃ, বেগ গতি-কৃ; *to flee,* পলায়ন-কৃ; *to flow like liquids,* দ্রব দ্রব্যের ন্যায়-বহ; *to melt,* গল; *to pass,* প্রস্থান-কৃ, গমন-কৃ; *to be received,* চলন-হ; *to run after,* অনুসন্ধান-কৃ, তল্লাস-কৃ; *to run over,* শুষিয়া-যা; *to run out,* শেষ-হ

Run, *v. a.* বিঁধ, বেগে প্রবেশ-কৃ; গল

Run, *s. act of running,* দৌড়ন, ধাবন, দৌড়, দ্রুতগতি; *course,* গতি, প্রবাহ, চলন; *long reception,* বহুকালাবধি প্রসিদ্ধ; *at the long run,* পরিশেষ

Runaway, Runagate, *s.* পলাতক, ভাগোড়া

Runner, *s.* দ্রুতগামী, ধাবক, দূত

Runt, *s.* বামন বা খর্ব্ব পশু [য়া

Rupee, *s.* টাকা, মুদ্রা, ষোলআনা, রোপে

Rupture, *s. act of breaking,* ভগ্ন হওন, ভাঙ্গন, ভঞ্জন; *breach of peace,* ভেদ, বিচ্ছেদ, গোলমাল; *hernia,* অন্তর্বৃদ্ধি, কুরণ্ড রোগ

Rural, *a.* গ্রাম সম্পর্কীয়, গ্রাম্য, পাড়াগেঁয়ে

Ruse, *s.* ছল, প্রতারণা

Rush, *s.* তৃণবিশেষ; অতি তুচ্ছনীয় বিষয়; *violent entry or flow,* অতি বলপূর্ব্বক প্রবেশ, বা প্রবহন, দৌড়াদৌড়ি

Rush, *v. n.* অতি বেগে গমন-কৃ বা প্রবেশ-কৃ, দৌড়িয়া-পড়

Rusk, *s.* এক প্রকার মিষ্টান্ন পিষ্টক

Rust, *s.* মলা, চিটা, লৌহের মল, কলঙ্ক, মরিচা

Rust, *v. n.* সকলঙ্ক-হ, মরিচা-পড়

Rust, *v. a.* সকলঙ্ক-কৃ [য়া

Rustic, *a.* গ্রাম্য, গোঁয়ার, গেঁয়ে, চাসাড়ি

Rusticate, *v. a.* নগর হইতে বহিষ্কৃত করিয়া গ্রামে বাস করিতে হুকুম-দা

Rusticity, *s.* অসভ্যতা, গোয়ার্তুমি, মূর্খতা

Rustily, *ad.* অসভ্যরূপে, গ্রাম্যরূপে

Rustle, *v. a.* খড়্খড় বা ঝন্ঝন্ বা মচ্মচ্ শব্দ-কৃ

Rustly, *a.* সকলঙ্ক, মরিচাপড়া, চিতা

Rut, *s.* বন পশ্বাদির সঙ্গম বা পাল; *mark of a wheel,* চক্রের চিহ্ন

Ruth, *s.* কৃপা, দয়া, করুণা, স্নেহ

Ruthful, *a.* খেদান্বিত, শোকান্বিত, কৃপাবান, দয়াযুক্ত

Ruthless, *a.* কৃপারহিত, নির্দয়, নিষ্ঠুর

Ruttish, *a.* কামী, কামুক, কামাতুর, লম্পট

Rye, *s.* শস্যবিশেষ

S

S, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার ঊনবিংশ অক্ষর

Sabbath, *s.* রবিবার, পুণ্যদিন, বিশ্রাম

Sable, *s.* উত্তম কালাপশম

Sable, *a.* কৃষ্ণবর্ণ

Sabre, *s.* অসি, করবাল, খড়্গ

Saccharine, *a.* শর্করা, শর্করার গুণবিশিষ্ট, শর্করাবৎ স্বাদু

Sacerdotal, *a.* যাজকীয়, পুরোহিত সম্বন্ধীয়

Sack, *s.* ক্ষুদ্র থলি বা বগলি; *storm of a town,* নগরাক্রমণ, লুঠপাট; *a kind of wine,* একপ্রকার সরাপ

Ungenteel, *a.* অশিষ্ট, অসভ্য, গোঁয়ার
Ungentle, *a.* কর্কশ, অসভ্য, বন্য; অকোমল, অমৃদু
Ungentlemanly, *ad.* শিষ্টবিশিষ্ট ব্যক্তির দের অনুপযুক্ত, অশিষ্টাচারী, নীচ, অধম [অনম্রতা, নিষ্ঠুরতা
Ungentleness, *s.* অশিষ্টাচার, কঠিনতা,
Ungently, *ad.* অসভ্যরূপে, অনম্ররূপে
Ungilded, *a.* স্বর্ণে মণ্ডিত নহে যাহা
Ungird, *v. a.* কটিবন্ধ-খোল, কোমর-খোল
Unglorified, *a.* অপ্রতিষ্ঠিত, অপ্রশংসিত

Digitized by Google

Ungodliness, *s.* অধার্ম্মিকতা, অনীশ্বরপরায়ণতা, পাপিষ্ঠতা
Ungodly, *a.* অধার্ম্মিক, পাপিষ্ঠ, অনীশ্বর পরায়ণ, দুষ্ট, পাষণ্ড [অবশ, অনিবার্য্য
Ungovernable, *a.* অদমনীয়, অশাস্য,
Ungoverned, *a.* অবাধ্য, অবশ, অদান্ত, স্বেচ্ছাচারী [কুৎসিত, লাবণ্যরহিত
Ungraceful, *a.* কুশ্রী, কুরূপ, কদাকার,
Ungracious, *a.* ঘৃণার্হ, কদর্য্য, দুষ্ট [যাহা
Ungrammatical, *a.* ব্যাকরণসিদ্ধ নহে
Ungrateful, *a.* কৃতঘ্ন; অগ্রাহ্য, মনোরম্য নহে যাহা
Ungratefully, *ad.* কৃতঘ্নতারূপে
Ungrounded, *a.* অমূলক
Unguarded, *a.* অরক্ষিত, অসাবধানকৃত, এলোমেলো [মলম
Unguent, *s.* প্রলেপ, লেপ, তেলা দ্রব্য,
Unhallowed, *a.* অপবিত্র, অশুচি, অশুদ্ধ
Unhandy, *a.* অপটু, অচালাক, জড়
Unhandsome, *a.* অসুন্দর, অনুত্তম, অনুৎকৃষ্ট
Unhappily, *ad.* দুর্ভাগ্যক্রমে
Unhappy, *a.* অহৃষ্ট, নিরানন্দ, অসুখী, দুঃখী, অভাগা
Unharmed, *a.* অহিংসিত, অক্ষত, সুস্থ
Unharmonious, *a.* অসুশ্রাব্য, কর্কশ
Unhealthful, *a.* অস্বাস্থ্যজনক, পীড়াকর
Unhealthy, *a.* অসুস্থ, পীড়িত, বেআরাম
Unheard, *a.* অশ্রুত, অশুনা, অবিদিত, অজ্ঞাত [যাহা
Unheeded, *a.* তাচ্ছল্যকৃত, হেয় হইয়াছে
Unheedful, *a.* অসতর্ক, অসাবধান
Unhinge, *v. a.* কবজা-খোল; *to disorder*, ঘবরা, ব্যস্ত-কৃ, ব্যাকুল-কৃ
Unholiness, *s.* অধার্ম্মিকতা, অপবিত্রতা, পাপিষ্ঠতা, অসাধুতা
Unholy, *a.* অধার্ম্মিক, অপবিত্র, পাপিষ্ঠ, অসাধু, দুষ্ট, অসৎ [পূজিত
Unhonoured, *a.* অনাদৃত, অসম্মানিত, অ
Unhorse, *v. a.* অশ্ব হইতে-ফেল [যে
Unhospitable, *a.* অতিথি সেবা না করে
Unhoused, *a.* আশ্রয়হীন, নিরালয়
Unhumbled, *a.* অনম্র, গর্ব্বী, অনত
Unhurt, *a.* অপীড়িত, যাহার আঘাত বা ক্ষতি হয় নাই
Unhurtful, *a.* অহিংসুক, অনপকারী
Unhusk, *v. a.* খোসা-তোল, ছিলকা-তোল, ছাল-তোল [পশু
Unicorn, *s.* গণ্ডার, খড়্গী, এক শৃঙ্গবিশিষ্ট
Uniform, *a.* এক প্রকার, এক সমান, বরাবর, সর্ব্বদা সম ভাববিশিষ্ট
Uniformity, *s.* একরূপতা, সমানতা, সম তুল্যতা [বরত, নিত্য
Uniformly, *ad.* সমানরূপে, সমভাবে, অন
Unimaginable, *a.* অননুভবনীয়, অচিন্তনীয়
Unimpaired, *a.* অক্ষয়, যাহার ক্ষয় বা ক্ষতি বা ন্যূন হয় নাই
Unimpeached, *a.* অনপবাদিত, অনভিযুক্ত, নিষ্কলঙ্ক [নার্হ, লঘু, সামান্য
Unimportant, *a.* অনাবশ্যক, অপ্রয়োজ
Unimproved, *a.* অশিক্ষিত, অশোধিত
Uninflammable, *a.* অজ্বলনশীল
Uninformed, *a.* অনভিজ্ঞ, অপ্রজ্ঞ, অশিক্ষিত, মূর্খ, নির্বোধ
Uninhabitable, *a.* বসতি করণের অনুপযুক্ত [হীন
Uninhabited, *a.* নির্জন, বসতিহীন, প্রজা
Uninjured, *a.* অহিংসিত, অঘাতিত, অপীড়িত, সুস্থ [যাহার
Uninspired, *a.* দৈবজ্ঞান বা সংস্কার নাই
Uninstructed, *a.* অনুপদিষ্ট, অশিক্ষিত, অপণ্ডিত, মূঢ়
Uninstructive, *a.* অনুপদেশক
Unintelligent, *a.* অবুদ্ধিমন্ত, অনভিজ্ঞ, অপ্রজ্ঞ [ঘোর
Unintelligible, *a.* অস্পষ্ট, অজ্ঞেয়, কঠিন,
Unintentional, *a.* অনভিপ্রেত, অচিন্তিত অনিচ্ছা পূর্ব্বককৃত [নিঃস্বার্থ
Uninterested, *a.* সম্বন্ধরহিত, নির্লিপ্ত,
Uninteresting, *a.* অমনোরঞ্জন
Uninterrupted, *a.* অনবরত, পূর্ব্বাবচ্ছিন্ন, ক্রমাগত, অব্যবহিত [চনীয়
Uninvestigable, *a.* অবিবেচনীয়, অনালো
Uninvited, *a.* অনাহূত, অনিমন্ত্রিত
Union, *s.* সংযোগ, একচিত্ততা, মিল, ঐক্য, সংসর্গ, সংশ্লেষ
Unique, *a.* অদ্বিতীয়, একই
Unison, *s.* এক স্বর, এক ধ্বনি
Unit, *s.* এক, একা, একমাত্র [যোড়-দা
Unite, *v. a.* ঐক্য-কৃ, যোগ-কৃ, মিল-কৃ,

Digitized by Google

Unite, *v. n.* মিল-হ, ঐক্য-হ, সংযুক্ত-হ
Unitedly, *ad.* ঐক্যমতে, একচিত্তরূপে, মিলিয়া, মিলেযুলে
Unity, *s.* ঐক্য, একত্ব, এক চিত্ত, মেল
Universal, *a.* সর্ব্বব্যাপী, সর্ব্ববিষয়ক, সাধারণ, সর্ব্বময় [সর্ব্বসাধারণত্ব
Universality, *s.* সর্ব্বব্যাপিত্ব, সার্ব্বত্রিকতা,
Universally, *ad.* সর্ব্বত্র, অশেষ বিশেষে
Universe, *s.* বিশ্ব, জগৎ, সংসার, ত্রিভুবন, সৃষ্টিসমুদায়
University, *s.* যে বিদ্যালয়ে সর্ব্ব বিদ্যা পাঠ হয়
Unjointed, *a.* অগ্রন্থিযুক্ত; গ্রন্থি ভাঙ্গা যায় নাই যাহার [অযথার্থ
Unjust, *a.* অধার্ম্মিক, অন্যায্য, অন্যায়ী,
Unjustifiable, *a.* যে বিষয়ের দোষ খণ্ডন হইতে পারে না, দূষ্য
Unjustly, *ad.* অযথার্থরূপে, অন্যায়রূপে
Unkind, Unkindly, *a.* অহিতৈষী, অকৃপাবান্, অপ্রসন্ন, নির্দ্দয়
Unkindly, *ad.* অকৃপাপূর্ব্বক, নির্দ্দয় হইয়া, অপ্রসন্ন হইয়া [কার, কর্কশতা
Unkindness, *a.* অকৃপা, অননুগ্রহ, অনুপ
Unknit, *v. a.* বুনাট-খোল, পাকান বস্তু খসিয়া-ফেল; *to separate*, পৃথক্-কৃ
Unknowing, *a.* অনভিজ্ঞ, অজ্ঞান, মূঢ়
Unknowingly, *ad.* অনভিজ্ঞরূপে, অজ্ঞান পূর্ব্বক [চিত, অজ্ঞানান্বিত
Unknown, *a.* অজ্ঞাত, অনবগত, অপরি
Unlace, *v. a.* বন্ধন বা দড়ি-খোল
Unlade, *v. a.* উবরা-কৃ, ভার বা বোঝাই তুলিয়া-ল
Unlamented, *a.* অবিলপিত, অখেদিত
Unlatch, *v. a.* হুড়কা বা খিল খুলিয়া-দা
Unlawful, *a.* অশাস্ত্র, অবৈধ, অবিহিত, অব্যবস্থিত [অবৈধরূপে
Unlawfully, *ad.* অশাস্ত্ররূপে, অন্যায়রূপে,
Unlawfulness, *a.* অবৈধতা, অশাস্ত্রীয়তা
Unlearn, *v. a.* ভুলিয়া-যা, অস্মরণ-কৃ
Unlearned, *a.* অপ্রজ্ঞ, অপণ্ডিত, অবিদ্বান্
Unleavened, *a.* বেখমির, অরসাল
Unless, *conj.* বিনা, ব্যতিরেকে, যদি না
Unlettered, *a.* অশিক্ষিত, অজ্ঞান, মূর্খ
Unlicensed, *a.* রাজঅনুমতি বা পরওয়ানা পান্ নাই যিনি
Unlike, *a.* অসমঞ্জস, অতুল্য, অসদৃশ, বিভিন্ন
Unlikelihood, *s.* অসম্ভাবনা
Unlikely, *a.* অসম্ভব, অসঙ্গত, অপ্রামাণিক
Unlimited, *a.* অপরিমিত, অসীম, অশেষ, নির্বিশেষ
Unlink, *v. a.* যোড়-খোল, পাক-খোল; শৃঙ্খলের কড়া খুলিয়া-দা
Unload, *v. a.* ভার হইতে মুক্ত-কৃ, বোঝাই-নামাও
Unlock, *v. a.* কুলুপ বা তালা খুলিয়া-দা, মুক্ত-কৃ; অর্থ-কৃ
Unlooked-for, *a.* অনপেক্ষিত
Unloose, *v. a.* ছাড়, খোল, আল্‌গা-কৃ
Unlovely, *a.* অপ্রিয়, অমনোহর, অপ্রীতিজনক
Unluckily, *ad.* অভাগ্যক্রমে, দুর্দ্দশাবশতঃ
Unlucky, *a.* দুর্ভাগ্য, অশুভ, অমঙ্গল, মন্দ
Unmade, *a.* অনির্ম্মিত, অসৃষ্ট, অগঠিত
Unman, *v. a.* পুরুষত্বহীন-কৃ, সাহস ভগ্ন-কৃ, হতাশ বা ভগ্নাশ-কৃ
Unmanageable, *a.* অবাধ্য, অদম্য, অবশ, দুরন্ত, ঠেঁটা
Unmanly, *a.* পুরুষের অনুপযুক্ত, অসাহসিক, স্ত্রৈণ [দুঃশীল
Unmannerly, *a.* অশিষ্টাচারী, অশিষ্ট,
Unmarried, *a.* অবিবাহিত, অনূঢ়, আইবড়
Unmask, *v. a.* ছদ্মবেশ ত্যাগ-কৃ, মুখস-খোল; গুপ্তবিষয় ব্যাখ্যা-কৃ
Unmasked, *a.* ছদ্মবেশ মুক্ত, যাহার প্রকৃত ভাব বোধ হইয়াছে
Unmatched, *a.* অতুল্য, অদ্বিতীয়, অসমযোটী [রহিত
Unmeaning, *a.* অনর্থক, মূলহীন, প্রয়োজন
Unmeasurable, *a.* অপরিমেয়, অনন্ত, অসীম [অত্যন্ত
Unmeasured, *a.* অপরিমিত, অশেষ,
Unmeet, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অনুচিত
Unmelted, *a.* অদ্রবীভূত, অগলিত
Unmerciful, *a.* অকৃপাবান্, নির্দ্দয়, নিষ্ঠুর, ক্রূর
Unmercifully, *ad.* নির্দ্দয়রূপে, নিষ্ঠুররূপে
Unmerited, *a.* অযোগ্য, অনুপযুক্ত, অন্যায্য, অনুচিত [চিন্তা
Unmindful, *a.* অসাবধান, অমনোযোগী,

Digitized by Google

Unmingled, *a.* অমিশ্রিত, নির্ভাজ, শুদ্ধ, প্রকৃত [নির্ভাজ
Unmixed, Unmixt, *a.* অসঙ্কীর্ণ, অমিশ্রিত,
Unmolested, *a.* অবিরক্ত, অক্লিষ্ট, অনুৎপাতগ্রস্ত [নৌকা খুলিয়া-দা
Unmoor, *v. a.* নঙ্গর-তোল, জাহাজ বা
Unmortgaged, *a.* যাহা বন্ধক দেওয়া যায় নাই
Unmourned, *a.* অবিলাপিত
Unmoved, *a.* অমুগ্ধ, স্থির, লোভ মোহ ইত্যাদিতে অনাকৃষ্ট
Unmusical, *a.* অসুশ্রাব্য, অমিষ্ট স্বর
Unnamed, *a.* অনাখ্যাত, অনুক্ত, অকথিত, আখ্যাবিহীন
Unnatural, *a.* স্বভাবের বিপরীত, অস্বাভাবিক, অপ্রকৃতিসিদ্ধ
Unnaturally, *ad.* স্বভাবের বৈপরীত্যরূপে
Unnavigable, *a.* নৌকা বা জাহাজের দ্বারা অগম্য [অনর্থক
Unnecessary, *a.* অনাবশ্যক, নিষ্প্রয়োজন,
Unneighbourly, *a.* অহিতৈষী, উত্তম প্রতিবাসির ন্যায় কর্ম্ম না করে যে
Unnerve, *v. a.* ক্ষীণ-কৃ, দুর্ব্বল-কৃ, তেজোহ্রাস-কৃ, ভগ্নোদ্যম-কৃ
Unnerved, *a.* দুর্ব্বল, ক্ষীণ, ভগ্নোদ্যম
Unnoted, *a.* অদৃষ্ট, অলক্ষিত
Unnumbered, *a.* অগণিত, অসংখ্যাত, অশেষ, বহুল, বেসুমার
Unobjectionable, *a.* যাহার বিষয়ে আপত্তি হইতে পারে না
Unobservable, *a.* অনালোচনীয়, অদৃশ্য
Unobservant, *a.* অনবধানী, অমনোযোগী
Unobserved, *a.* অনালোচিত, অনিরীক্ষিত
Unobstructed, *a.* অবাধিত, অরুদ্ধ
Unobtainable, *a.* অপ্রাপণীয়, অলভ্য
Unobtained, *a.* অপ্রাপ্ত, অলব্ধ
Unoccupied, *a.* অনধিকৃত; শূন্য, খালি, নিষ্কর্ম্মা [নির্দ্দোষী
Unoffending, *a.* অহিংসুক, অনপরাধী,
Unopened, *a.* অপ্রফুল্ল, অখোলা, মুদিত, বদ্ধ [নিষিদ্ধ
Unopposed, *a.* অবাধিত, অবারিত, অ
Unorthodox, *a.* বামাচারী
Unostentatious, *a.* অগর্ব্বী, অনাড়ম্বরী, জাঁক বা প্রাগল্ভ্য রহিত

Unowned, *a.* অস্বামিক [বস্তা-খোল
Unpack, *v. a.* মোট-খোল, গাঁইট-খোল,
Unpaid, *a.* অপরিশোধিত ; দেনা
Unpalatable, *a.* অরুচ্য, অরুচিকর, বিস্বাদু, বিতৃষ্ণিকর
Unparalleled, *a.* অপূর্ব্ব, অনুপম, অতুল্য
Unpardonable, *a.* অক্ষমণীয়, অমার্জনীয়, অমোচনীয়
Unpardonably, *ad.* অক্ষমণীয়রূপে
Unpardoned, *a.* অক্ষমাপ্রাপ্ত, অবিমোচিত
Unparliamentary, *a.* পার্লিমেন্টের রীতির বিরুদ্ধ
Unpawned, *a.* অবদ্ধ, যাহা বন্ধক দেওয়া যায় নাই [-খোল
Unpeg, Unpin, *v. a.* খিল মেক বা প্রেক
Unpeople, *v. a.* নির্জন-কৃ, বসতিহীন-কৃ, উজাড়-কৃ, অরণ্য-কৃ
Unperceivable, *a.* অদৃশ্য, অনালোচনীয়
Unperceived, *a.* অনালোচিত, অব্যক্ত, অদৃষ্ট, অদেখা
Unperformed, *a.* অকৃত, অসম্পন্ন
Unperforated, *a.* অপরিচ্ছিদ্রিত
Unperishable, *a.* অক্ষয়ী, অনাশ্য, চিরস্থায়ী [অনাকুল, শান্ত
Unperplexed, *a.* অনুদ্বিগ্ন, অনুৎকণ্ঠিত,
Unphilosophical, *a.* তর্কশাস্ত্রে অসিদ্ধ, শাস্ত্রবিরুদ্ধ, অনুপযুক্ত
Unpierced, *a.* অবিদ্ধ, অছিদ্র, আস্ত
Unpitying, *a.* অকৃপালু, নির্দয়
Unpleasant, *a.* অপ্রিয়, অসুখদ, অভদ্র, অরুচিকর, বিরক্তকারী
Unpleasantly, *ad.* অপ্রিয়রূপে, বিরক্তকারিরূপে [দিত
Unpleased, *a.* অসন্তুষ্ট, অতুষ্ট, অনাহ্লা
Unpleasing, *a.* অসন্তোষজনক, অতুষ্টিকারী
Unpliant, *a.* অনম্র, অনমনীয়, কঠিন, কড়া
Unploughed, *a.* অকৃষ্ট, অচসা
Unpoetical, *a.* কাব্য শাস্ত্রসিদ্ধ নহে যাহা
Unpolished, *a.* অচিকণ, অমার্জ্জা, রুক্ষ, অশিষ্ট, অসভ্য
Unpolite, *a.* অশিষ্টাচারী, অসভ্য, মূঢ়
Unpolluted, *s.* অভ্রষ্টাচারী, পবিত্র, শুচি, শুদ্ধ [অসম্মত
Unpopular, *a.* অসর্ব্বপ্রিয়, সাধারণের

Digitized by Google

Unpractised, *a.* অনভ্যস্ত, অব্যবহারিত
Unpraised, *a.* অপ্রশংসিত [পূর্ব্ব হয় নাই
Unprecedented, *a.* অপূর্ব্ব, যাহার ন্যায়
Unprejudiced, *a.* অপক্ষপাতী
Unpremeditated, *a.* অপূর্ব্বচিন্তিত, যথা কাল [স্থিত
Unprepared, *a.* অসজ্জ, অপ্রস্তুত, অনুপ
Unprincely, *a.* রাজার অনুচিত, রাজকুমারের অনুচিত
Unprincipled, *a.* ধর্ম্মাধর্ম্ম বিষয়ে বিবেচনা করে না যে, দুরাচার, নিকৃষ্ট
Unprinted, *a.* অমুদ্রিত, অছাপা [নাই
Unprivileged, *a.* যাহার বিশেষ ক্ষমতা
Unproclaimed, *a.* অপ্রকাশিত, অঘোষিত
Unproduced, *a.* অজনিত, অজ
Unprofaned, *a.* অপবিত্রীকৃত, শুদ্ধ, শুচি
Unprofitable, *a.* অনর্থক, নিষ্ফল, অকেযুয়া, ব্যর্থ
Unprofitably, *ad.* অনর্থকরূপে, নিষ্ফলে
Unprohibited, *a.* অনিষিদ্ধ, অনিবারিত
Unprolific, *a.* অফলবান্, অনুর্ব্বর, বন্ধ্যা
Unpronounced, *a.* অনুচ্চারিত, অনুক্ত, অকথিত
Unpropitious, *a.* অপ্রসন্ন, অমঙ্গল, অশুভ
Unproportioned, *a.* অপরিমিত, অসম তুল্য, অমিল
Unpropped, *a.* যাহার অবলম্ব বা ঠেস্ নাই [অকল্যাণ, অভাগা
Unprosperous, *a.* অকৃতার্থ, অনিষ্টসিদ্ধ,
Unprotected, *a.* অরক্ষিত, অনাশ্রিত, অনাথ
Unprovided, *a.* অসজ্জিত, অনায়োজিত, অপ্রাপ্ত, অকুলান [অকুপিত, অবিরক্ত
Unprovoked, *a.* ক্রোধ জন্মায় নাই যাহার,
Unpublished, *a.* অপ্রকাশিত, অব্যক্ত, অজ্ঞাত, গুপ্ত
Unpunished, *a.* অদণ্ডিত, অশাসিত, শাস্তা দেওয়া যায় নাই যাহাকে
Unpurified, *a.* অপরিষ্কৃত, শুদ্ধ বা নির্ম্মল হয় নাই যে [পারগ, নালাএক
Unqualified, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অ
Unquelled, *a.* অদমিত, অশান্ত, অনিবৃত্ত
Unquenchable, *a.* অনির্ব্বাণীয়, অনবরত, জ্বলন্ত থাকে যাহা
Unquenched, *a.* অনির্ব্বাণ, অনিবৃত্ত

Unquestionable, *a.* যাহার বিষয় কোন সন্দেহ হইতে পারে না [তান্ত, অবশ্য
Unquestionably, *ad.* নিঃসন্দেহরূপে, নি
Unquestioned, *a.* অজিজ্ঞাসিত, অসন্দিগ্ধ
Unquiet, *a.* অস্থির, অশান্ত, ব্যাকুল, ব্যস্ত, উদ্বিগ্ন
Unravel, *v. a.* আলাইয়া-দা, ব্যাখ্যা-কৃ, অর্থ-কৃ [অপ্রজ্ঞ
Unread, *a.* অপঠিত, অপড়া, অশিক্ষিত,
Unready, *a.* অপ্রস্তুত, অপটু, মূর্খ
Unreal, *a.* অপ্রকৃত, অসত্য, কৃত্রিম, কল্পিত, ঝুঁটা
Unreasonable, *a.* অযুক্তিসিদ্ধ, অনুপযুক্ত, অসঙ্গত [সঙ্গতরূপে
Unreasonably, *ad.* অনুপযুক্তরূপে, অ
Unrebukable, *a.* অপরিবাদ্য, অদূষ্য
Unreclaimed, *a.* অদমিত, অপোষা, দুর্দান্ত
Unrecompensed, *a.* পারিতোষিক বা পুরস্কার প্রাপ্ত হয় নাই যে
Unreconciled, *a.* যাহার পুনর্ম্মেল বা ঐক্য হয় নাই [যাহা
Unrecorded, *a.* স্মরণার্থ লিখিত হয় নাই
Unrecounted, *a.* অবর্ণিত, অকথিত
Unredeemed, *a.* অমুক্ত, অনিস্তারিত
Unreduced, *a.* হ্রাস বা ন্যূনতা হয় নাই যাহার
Unreflecting, *a.* অবিচারক, অচিন্তাকর [ত
Unregarded, *a.* অনাদৃত, অমানিত, তাচ্ছ
Unrefreshed, *a.* অতৃপ্ত, অতুষ্ট, অনাপ্যায়িল্যাকৃত [বিশিষ্ট, দুরাচার
Unregenerate, *a.* অপুনর্জাত, দুষ্যভাব
Unrelenting, *a.* অকৃপান্বিত, ক্ষমাহীন, কঠিন, ক্রূর, নির্দ্দয় [উপায় নাই
Unremediable, *a.* অপ্রতিকার্য্য, যাহার
Unremitted, *a.* অবিশ্রান্ত, নিরন্তর, অনবরত, নিত্য, কামাই নাই যাহার
Unrepented, *a.* অননুতাপিত, অখেদিত
Unrepenting, *a.* অননুতাপী, অখেদী
Unreplenished, *a.* অপূরিত, অপরিপূর্ণ
Unreproached, *a.* অনিন্দিত, অভর্ৎসিত, অতিরস্কৃত [নাই যাহার
Unreproved, *a.* অনিন্দিত, অনুযোগ হয়
Unrequested, *a.* অযাচিত, অবাঞ্ছিত
Unresented, *a.* প্রতিফল দেওয়া যায় নাই যাহার

Digitized by Google

Unreserved, *a.* অকপট, সরল, খোলাসা
Unresisted, *a.* অনিবারিত, অপ্রতিবাদিত
Unresisting, *a.* অনিবারক, অপ্রতিবাদক
Unresolved, *a.* অবিবেচিত, অনিশ্চিত, অনির্দ্ধারিত, সন্দিগ্ধ, অস্থির [বা দত্ত
Unrestored, *a.* অপুনঃপ্রাপ্ত, অপুনরর্পিত
Unrestrained, *a.* অবাধিত, অবারিত, স্বচ্ছন্দ, অদমিত, স্বৈরী
Unrevealed, *a.* অপ্রকাশিত, অমুক্ত, অব্যক্ত [যায় নাই
Unrevenged, *a.* যাহার প্রতিফল দেওয়া
Unreversed, *a.* যাহা রদ বা বাতিল হয় নাই [যাহা
Unrevoked, *a.* অলুপ্ত, অন্যথা হয় নাই
Unrewarded, *a.* পারিতোষিক বা পুরস্কার প্রাপ্ত হয় নাই যে
Unriddle, *v. a.* হেয়ালি বা দৃষ্টান্ত বা প্রহেলিকার অর্থ-কৃ [অসাধু, দুষ্ট
Unrighteous, *a.* অধার্ম্মিক, অযাথার্থিক,
Unrighteousness, *s.* অধার্ম্মিকতা, দুষ্টতা
Unrip, *v. a.* বিদীর্ণ-কৃ, চাক-কৃ
Unripe, *a.* অপক্ব, কাঁচা, আমা, ডাঁট
Unrivalled, *a.* অতুল্য, অনুপম, অদ্বিতীয়
Unrol, *v. a.* গুটান বস্তু মুক্ত-কৃ
Unroof, *v. a.* ঘরের ছাত তুলিয়া-ফেল
Unroot, *v. a.* উচ্ছিন্ন-কৃ, সমূলোৎপাটন-কৃ
Unruffle, *v. a.* অনুদ্বিগ্ন-কৃ, সুস্থির-কৃ, অব্যস্ত-কৃ
Unruly, *a.* অবাধ্য, অবশ, আজ্ঞানধীন, উচক্কা, দুঁদিয়া [যাহাতে
Unsafe, *a.* বিঘ্নযুক্ত, সঙ্কটাপন্ন, দায় আছে
Unsaid, *a.* অনুক্ত, অকথিত
Unsalted, *a.* অলবণাক্ত, অলোণা
Unsanctified, *a.* অপবিত্রীকৃত, অশুচি, অধর্ম্ম
Unsatisfied, *a.* অতৃপ্ত, অতুষ্ট
Unsatiable, *a.* তৃপ্তি হইতে পারে না যাহার, অতি লোলুপ [কর
Unsatisfactory, *a.* অসন্তোষকারী, অতুষ্টি
Unsavoury, *a.* বিস্বাদু, বিরস [-উল্টা
Unsay, *v. a.* কথিত বাক্য অন্যথা-কৃ, কথা
Unschooled, *a.* অশিক্ষিত, অপণ্ডিত
Unscorched, *a.* অদগ্ধ, অঝলসা
Unscreened, *a.* অনাচ্ছাদিত, অনাবৃত
Unscrew, *v. a.* পেঁচ-খোল
Unseal, *v. a.* ছাপ বা মোহর-খোল
Unsealed, *a.* মুদ্রাঙ্কিত বস্তু খোল, মোহর ভাঙ্গা, অদত্ত মোহর
Unseam, *v. a.* সেলাই-খোল, যোড়-খোল
Unsearchable, *a.* যাহার অনুসন্ধান হইতে পারে না [ময়িক
Unseasonable, *a.* অকাল, অকালজ, অসা
Unseasoned, *a.* অলবণাক্ত, অলোণা
Unseemly, *a.* অনুচিত, অনুপযুক্ত, লজ্জার বিষয় [চর
Unseen, *a.* অদৃষ্ট, অদেখা, দৃষ্টির অগো
Unseparated, *a.* অপৃথক্, অবিভিন্ন
Unserviceable, *a.* অকর্ম্মণ্য, অনর্থক
Unsettle, *v. a.* অস্থির-কৃ, নির্ণয় ভঙ্গ-কৃ, সন্দেহ-জন্মা [নির্ণীত
Unsettled, *a.* অস্থির, অনির্দ্ধারিত, অ
Unshackle, *v. a.* শৃঙ্খল হইতে মুক্ত-কৃ, বেড়া-খোল
Unshaken, *a.* অকম্পিত, অলাড়িত, অনড়, স্থির [বাহির-কৃ
Unsheath, *v. a.* নিষ্কোষ-কৃ, খাপ হইতে
Unsheltered, *a.* আশ্রয়রহিত, অনাশ্রিত
Unship, *v. a.* জাহাজ হইতে বাহির-কৃ, উল
Unshod, *a.* যুতা বা পাদুকারহিত, খালি পা, বিশেষতঃ ঘোঁড়ার বিষয়ে ব্যবহার্য্য
Unshorn, *a.* অমুণ্ডিত, অমুড়ান, অক্ষৌরী কৃত
Unsifted, *a.* অচালাক; অপরীক্ষিত
Unsightly, *a.* কদাচার, কুশ্রী, কুরূপ, অসুন্দর
Unskilful, *a.* অকৃতী, অপটু, অনৈপুণ, অব্যুৎপন্ন [কৃতিতা
Unskilfulness, *s.* অপটুতা, অনৈপুণ্য, অ
Unskilled, *a.* অপটু, অপারগ, ব্যুৎপত্তি নাই যাহার
Unslaked, *a.* অনিবৃত্তি, অনির্ব্বাণ [স্থায়ী
Unsociable, *a.* অনালাপী, অপ্রণয়ী, অস
Unsoiled, *a.* নিষ্কলঙ্ক, নিখুঁত, বেদাগ
Unsold, *a.* অবিক্রীত, অবেচা [যুক্ত
Unsoldierlike, *a.* সৈন্য বা যোদ্ধার অনুপ
Unsolicitous, *a.* অনাকাঙ্ক্ষী, অব্যগ্র, অব্যস্ত, অনুৎকণ্ঠিত [পাতলা, দুর
Unsolid, *a.* অনিরেট, অদৃঢ়, অঘন, নরম,
Unsophisticated, *a.* অকৃত্রিম, খাটি, নিভাঁজ; স্বাভাবিক অকপট

Digitized by Google

Unsorted, *a.* অবাচা, অবিলিকৃত [যাচিত
Unsought, *a.* অচেষ্টিত, অনন্বেষিত, অ
Unsound, *a.* দোষযুক্ত, অভদ্র; *corrupted* পচা; *sickly*, পীড়িত, অসুস্থ
Unsown, *a.* অবাপিত, অবোনা [বচনীয়
Unspeakable, *a.* অবক্তব্য, অকথনীয়, অ
Unspeakably, *ad.* অকথ্যরূপে
Unspent, *a.* অক্ষয়িত, অব্যয়িত, হ্রাস হয় নাই যাহার
Unspoiled, *a.* অবিনষ্ট, অলুণ্ঠিত
Unspotted, *a.* নিষ্কলঙ্ক, নিখুঁত, নির্দোষ
Unstable, *a.* অস্থির, চঞ্চল, অস্থায়ী, চপল
Unstained, *a.* অনাক্লিপ্ত, নিষ্কলঙ্ক, অনপমানিত
Unsteadily, *ad.* অস্থির বা চঞ্চলরূপে, অস্থৈর্য্যক্রমে [বড়িয়া
Unsteady, *a.* অস্থির, চঞ্চল, চপল, লড়
Unsteadfast, *a.* অদৃঢ়, অদৃঢ়মনা
Unstirred, *a.* অচালিত, অনাড়িত
Unstring, *v. a.* দড়ি-খোল বা আলগা-কৃ
Unstuffed, *a.* অপূর্ণ, অপোরা, খালি
Unsubdued, *a.* অজিত, অপরাভূত, অদান্ত
Unsubstantial, *a.* অসার, অবস্তু, অপ্রকৃত, মিথ্যা [নিষ্ফল
Unsuccessful, *a.* অকৃতার্থ, অকৃতকার্য্য,
Unsuitable, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অনুচিত
Unsuitableness, *a.* অনুপযুক্ততা, অযোগ্যতা [ব্যস্ত; অপ্রামাণিক
Unsupported, *a.* অপ্রতিপালিত; অসা
Unsuspected, *a.* অসন্দিগ্ধ, সন্দেহরহিত
Unsuspecting, *a.* নিঃসন্দেহকারী
Unsuspicious, *a.* নিঃসন্দেহী, উদামাদা, অসংশয়কারী [সাব্যস্ত হয় নাই
Unsustained, *a.* অপ্রতিপালিত; যাহা
Unsworn, *a.* অকৃত দিব্য বা শপথ
Untainted, *a.* নিষ্কলঙ্ক, শুদ্ধ, অভ্রষ্ট
Untame, *a.* অপোষা, অদান্ত, অবশ, অদমিত
Untasted, *a.* অনাস্বাদিত, অপরীক্ষিত, যাহা চাকা যায় নাই
Untaught, *a.* অশিক্ষিত, অনুপদিষ্ট, মূর্খ
Untempered, *a.* অদৃঢ়ীভূত
Untenable, *a.* যাহা সাব্যস্ত হইতে পারে না
Untenanted, *a.* যাহার ভাড়া হয় নাই, শূন্য, খালি
Unterrified, *a.* নির্ভয়, অভীত, অত্রস্ত
Unthankful, *a.* কৃতঘ্ন, অপ্রত্যুপকারী
Unthankfully, *ad.* কৃতঘ্নরূপে
Unthinking, *a.* নিশ্চিন্ত, অমনোযোগী, অবিবেকী, চঞ্চল
Unthought-of, *a.* অনুপক্ষিত, হঠাৎ
Unthrifty, *a.* অপব্যয়ী, উড়ানিয়া, অসঞ্চয়ী
Untie, *v. a.* খোল, গ্রন্থি মোচন-কৃ, বন্ধন মুক্ত-কৃ
Untied, *a.* খোলা, মুক্ত, অবন্ধ [ক্ষণে
Until, *ad.* যদবধি, যাবৎ, যেপর্য্যন্ত, যত
Untilled, *a.* অচসা, অকর্ষিত, পড়া
Untimely, *a.* অকালজ, অসাময়িক
Untitled, *a.* অনুপাধিক, পদবী নাই যাহার
Unto, *prep.* পর্য্যন্ত, কে, প্রতি, যথা, এই পর্য্যন্ত, আমাকে, তাঁহার প্রতি
Untold, *a.* অকথিত, অনুক্ত, অপ্রকাশিত
Untouched, *a.* অস্পৃষ্ট, অমোহিত, অমুগ্ধ
Untoward, *a.* অবাধ্য, অনায়ত্ত, একগুঁয়া, ঠেঁটা, আনাড়ি
Untrained, *a.* অশিক্ষিত
Untried, *a.* অপরীক্ষিত, অযাচিত
Untrimmed, *a.* ঝালর চিককণাদি বিহীন, অভূষিত [নাই
Untrod, Untrodden, *a.* যে পথে চলা যায়
Untroubled, *a.* নিরুদ্বিগ্ন, অদুঃখিত
Untrue, *a.* অসত্য, অযথার্থ, অপ্রকৃত, কৃত্রিম, মিথ্যা
Untruly, *ad.* অসত্যরূপে, মিথ্যারূপে
Untruth, *s.* মিথ্যা কথা, অসত্যতা
Untutored, *a.* অশিক্ষিত, অনুপদিষ্ট
Untwine, Untwist, *v. a.* পাক-খোল, লপ্টান বিষয়ে পৃথক্-কৃ
Unvail, *v. a.* ঘোমটা-খোল, অনাবৃত-কৃ
Unvanquished, *a.* অজিত, অদান্ত, অদমিত
Unvaried, *a.* ভাবান্তর নহে যাহা, অপ্রকারান্তর, বরাবর
Unvarnished, *a.* রোগণ করা নহে যাহা; অকৃত্রিম, যথার্থ [ঘোমটা-খোল
Unveil, *v. a.* অনাচ্ছন্ন-কৃ, অনাবৃত-কৃ,
Unviolated, *a.* অলঙ্ঘিত, অভঞ্জিত
Unused, *a.* অব্যবহৃত, অনভ্যস্ত

Digitized by Google

Unusual, *a.* অসাধারণ, অব্যবহৃত, অসচরাচর, অসভত
Unutterable, *a.* অনুচ্চারণীয়, অকথ্য
Unwarily, *ad.* অসাবধানরূপে
Unwarlike, *a.* যুদ্ধের অনুপযুক্ত, অযুদ্ধীয়
Unwarned, *a.* অসাবধানীকৃত
Unwarrantable, *a.* অবিধিসিদ্ধ, অবিহিত, নিষিদ্ধ
Unwarranted, *a.* শাস্ত্রে বা আইনে আজ্ঞাপ্ত নয় যাহা [অস্থির
Unwary, *a.* অবিবেক, অসাবধান, অসতর্ক,
Unwashed, *a.* অধৌত, অপ্রক্ষালিত, অপরিষ্কৃত
Unwasted, *a.* অক্ষয়িত
Unwearied, *a.* অক্লান্ত, অতিশ্রমী
Unweighed, *a.* যাহার ওজন হয় নাই; অবিবেচিত [অনিষ্ট
Unwelcome, *a.* অনামুখ, নিরাকাঙ্ক্ষিত,
Unwell, *a.* অসুস্থ
Unwept, *a.* অবিলপিত, অক্রন্দিত
Unwholesome, *a.* অস্বাস্থ্যজনক, অপথ্য
Unwieldy, *a.* ভারি, প্রকাণ্ড, স্থূলকায়, গোবদা
Unwilling, *a.* অনিচ্ছুক, অস্বীকৃত, অতুষ্ট
Unwillingly, *ad.* অনিচ্ছাপূর্ব্বক
Unwise, *a.* অপ্রজ্ঞ, অজ্ঞান, অপণ্ডিত, অবুদ্ধিমান্
Unwisely, *ad.* নির্ব্বোধপূর্ব্বক
Unwonted, *a.* অব্যবহৃত, অপ্রচলিত
Unworthily, *ad.* অযোগ্যরূপে
Unworthy, *a.* অযোগ্য, অনুচিত, অনুপযুক্ত, অপাত্র
Unwreath, *v. a.* পেঁচ-খোল, পাক-খোল
Unwritten, *a.* অলিখিত, অলেখা, উক্ত
Unwrought, *a.* অনির্ম্মিত, অগঠিত
Unyoke, *v. a.* জোঁয়াল হইতে মুক্ত-কৃ
Up, *ad. on high,* উপরে, ঊর্দ্ধে, উচ্চে; *out of bed,* খট্টা হইতে উত্থিত; *the sun is up,* সূর্য্যোদয় হইয়াছে; *exalted,* বাড়িয়া, উন্নতি হইয়া; *in a state of insurrection,* রাজবিদ্রোহী হইয়া; *up and down,* এদিগে ওদিগে, ইতস্ততঃ; *up to,* পর্য্যন্ত, অবধি
Up, *prep.* উপর, ঊর্দ্ধ
Up, *interj.* উঠ, গা তোল ইত্যাদি অব্যয় শব্দ

Upbraid, *v. a.* ভর্ৎসনা-কৃ, তিরস্কার-কৃ, দোষ-দা [পূর্ব্বক
Upbraidingly, *ad.* ভর্ৎসনারূপে, তিরস্কার
Upheld, *pa.* ধৃত, রক্ষিত, প্রতিপালিত
Uphill, *a.* কঠিন, শক্ত, দুরূহ
Uphold, *v. a. to lift on high,* ঊর্দ্ধে-উঠ, তুল, ধারণ-কৃ; *to support,* সাহায্য-কৃ, প্রতিপালন-কৃ; *to maintain,* স্বীকার-কৃ,
Upholder, *s.* রক্ষক, প্রতিপালক, সহায়
Upholsterer, *s.* ঘরের সামগ্রী ইত্যাদি ব্যবসায়ি ব্যক্তি
Upland, *s.* উচ্চ ভূমি, ডাঙ্গা, উচ্চ দেশ
Uplift, *v. a.* উপরে-তুল, ঊর্দ্ধে-উঠা
Upmost, *a.* সর্ব্বাপেক্ষা উচ্চ
Upon, *prep. not under,* উপরে, উপর; *on the outside,* বাহিরে, গাত্রে; *upon my word,* সত্য, নিতান্ত; *upon this,* ইহাতে; *with respect to,* এই সম্পর্কে; *upon that day,* ঐ দিবসে; *near to,* নিকটে; *to take upon one's self,* আপনার উপরে ভার-ল; *on the security of,* জামীন বা বন্ধক জ্ঞাপক
Upper, *a.* উপরের, ঊর্দ্ধের, ঊর্দ্ধতর
Uppermost, *a. highest,* ঊর্দ্ধতম, ঊর্দ্ধস্থ, সর্ব্বোপরিস্থ; *most powerful,* অতিপ্রবল
Upraise, *v. a.* ঊর্দ্ধে-তুল, উঠ
Upright, *a. straight up,* খাড়া, সোজা, সিধা, দণ্ডায়মান; *honest,* সরল, সাধু, অকপট [তা, সাধুতা
Uprightness, *s.* ঋজুতা, খাড়াভাব; সরল
Uprise, *v. a.* উঠ, ঊর্দ্ধগতি-কৃ
Uproar, *s.* গোলমাল, হঙ্গাম, গণ্ডগোল, সোরসার
Uproot, *v. a.* উপড়, সমুলোৎপাটন-কৃ
Upshot, *s.* শেষ, অন্ত, শেষ ঘটনা, সমাপ্তি
Upside, *s.* উপরি ভাগ, উপরের দিগ
Upside *down, a.* উপর নীচে, উলটা
Upstart, *s.* আধুনিক ব্যক্তি, নব বাবু, নব ধনগর্ব্বী
Upwards, *ad.* উপরে, ঊর্দ্ধে; *more than,* অধিক, বেশী, বাড়া [সৌজন্য
Urbanity, *s.* শিষ্টাচার, সভ্যতা, ভব্যতা,
Urchin, *s.* শাজারু; *a brat,* চেঙ্গড়া, বালক
Urethra, *s.* মুত্র পথ, মুত্র প্রবাহক প্রণালী

Digitized by Google

Urge, *v. a. to incite,* উত্তেজনা-কৃ, উস্কা; *to press,* তাগাদা-কৃ; *to importune,* বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ [দা, তাঁইস
Urgency, *s.* আবশ্যকতা, উত্তেজনা, তাগা
Urgent, *a.* অত্যাবশ্যক, বিলম্ব সহে না যাহাতে, উত্তেজনাকারী
Urgently, *ad.* অতি প্রয়োজনপূর্ব্বক
Urine, *s.* মূত্র, মুত, প্রস্রাব
Urn, *s.* জলপাত্রবিশেষ, কলস, গাডুর আকৃতি পাত্র; *the vessel in which the remains of burnt bodies were put,* মৃত ব্যক্তির ভস্মাধার
Us, *pron.* আমারদিগকে
Usage, *s. treatment,* ব্যবহার, আচার; *custom,* রীতি, দাঁড়া, ধারা, দস্তুর
Usance, *s.* রীতি, দাঁড়া, দস্তুর
Use, *s. the act of employing any thing,* ব্যবহার করণ; *need,* প্রয়োজন, দরকার; *quality,* গুণ; *convenience,* উপযোগিতা; *practise,* চলন, দাঁড়া, রীতি, দস্তুর, অভ্যাস; *interest,* সুদ
Use, *v. a. to employ to a purpose,* কোন বিশেষ কর্ম্মে খাটাও বা লাগাও; *to accustom,* আচার-কৃ, গতায়াত-কৃ; *to treat,* ব্যবহার-কৃ
Use, *v. n.* অভ্যাস-হ, ব্যবহার্য্য-হ
Useful, *a.* কর্ম্মণ্য, কর্ম্মযোগ্য, উপযোগী, কেয়ুয়া [নিষ্ফল
Useless, *a.* অকর্ম্মণ্য, অনর্থক, অকেয়ুয়া
Uselessness, *s.* অকর্ম্মণ্যতা, অনর্থকতা
Usher, *s.* উপঅধ্যাপক, উপশিক্ষক, অপ্রধান শিক্ষক
Usher, *v. a.* সাক্ষাৎ-করা, প্রবেশ-করা, প্রসঙ্গ-কৃ [রীতিমত
Usual, *a.* ব্যবহারী, প্রচলিত, ধারাবাহিক,
Usually, *ad.* ব্যবহারানুসারে, রীতিমতে
Usufruct, *s.* উপস্বত্ব
Usurer, *s.* অত্যন্ত সুদ লয় যে, বার্দ্ধুষিক, বৃদ্ধ্যাজীব [কাজলী
Usurious, *a.* অতি সুদলোভী, অতি লাভা
Usurp, *v. a.* অনধিকার আক্রমণ-কৃ, পরের রাজ্যে আক্রমণ-কৃ, অন্যায় করিয়া-লও
Usurpation, *s.* অন্যায়পূর্ব্বক পরের অধিকার লওন
Usurper, *s.* অন্যায় করিয়া পরের অধিকার লয় যে
Usury, *s.* অত্যন্ত বা আইনের অতিরিক্ত সুদ লওন, কুশীদ [দি
Utensil, *s.* বাসনকোসন, দ্রব্যসামগ্রী, পাত্র
Uterine, *a.* গর্ভ সম্বন্ধীয়, এক গর্ভীয়; *uterine brother,* সহোদর ভ্রাতা
Uterus, *s.* গর্ভাশয়, জরায়ু, জঠর, গর্ভ, পেট [জন, ফল, লাভ, প্রাপ্তি
Utility, *s.* কর্ম্মণ্যতা, উপযোগিতা, প্রয়ো
Utmost, *a.* অতিশয়, শেষপর্য্যন্ত, যথা সাধ্য
Utter, *a. situate on the outside,* বাহ্য সম্বন্ধীয়; *extreme,* অতি; *total,* সম্পূর্ণ
Utter, *v. a. to speak,* উচ্চারণ-কৃ, কথ, বল; *to disclose,* প্রকাশ-কৃ; *to sell,* বিক্রয়-কৃ
Utterable, *a.* উচ্চারণীয়, কথ্য, বক্তব্য, বচনীয় [করণ; বিক্রয় করণ
Utterance, *s.* উচ্চারণ, উল্লেখ, প্রবেশ
Utterer, *s.* উচ্চারণ কর্ত্তা, ব্যক্তকারী; বিক্রয়কারী
Utterly, *ad.* সমুদায়ে, অত্যন্তরূপে, সর্ব্বতোভাবে [সকলের অন্তিম
Uttermost, *a.* শেষপর্য্যন্ত, সীমান্বিত,
Uvula, *s.* উপজিহ্বা, আলজিহ্বা
Uxorious, *a.* স্ত্রৈণ, স্ত্রীবাধ্য, স্ত্রীপরায়ণ, স্ত্রীতে আসক্ত [পরায়ণতা
Uxoriousness, *s.* স্ত্রৈণত্ব, স্ত্রীবাধ্যতা, স্ত্রী

V

V, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার দ্বাবিংশতিতম অক্ষর
Vacancy, *s. empty space,* শূন্যতা, অপূর্ণতা; *leisure,* অবকাশ, অবসর; *a vacant post,* শূন্য পদ বা কর্ম্ম
Vacant, *a. empty,* শূন্য, খালি; *disengaged,* কর্ম্মে বিরত, নিষ্কর্ম্মান্বিত; *empty of thought,* নিশ্চিন্ত
Vacate, *v. a. to annul,* রদ-কৃ, বাতিল-কৃ, লোপ-কৃ; *to quit possession,* শূন্য-কৃ, ত্যাগ-কৃ, ছাড়িয়া-দা
Vacation, *s. recess of courts or schools,*

Digitized by Google

পাঠশালা বা আদালতের কর্ম্ম স্থগিত; *leisure,* অবকাশ, বিশ্রাম
Vacillation, *s.* টাল্‌মাল্ করণ, ঝুঁকন
Vacuation, *s.* শূন্য করণ, খালি করণ
Vacuity, Vacuum, *s.* শূন্যতা, ফাক, অব্যাপ্ত স্থান [পুস্তক বা পদ্যাবলি
Vade-mecum, *s.* নিত্য সঙ্গে থাকে যে ক্ষুদ্র
Vagabond, *a.* মিথ্যা ভ্রমণকারী [যে
Vagabond, *s.* ধুমড়িমারার ন্যায় বেড়ায়
Vagary, *s.* চিত্তের ভ্রম, মনের ঢেউ
Vagrant, *s.* মিথ্যা ভ্রমণকারী, উটকফরা, অলস ব্যক্তি, ভিক্ষা করিয়া বেড়ায় যে
Vague, *a.* অনিশ্চিত, অস্পষ্ট, ঘোরার্থ
Vail, *s. a curtain,* পর্দা, আচ্ছাদনী, যবনিকা; *a part of female dress,* ঘোমটা; *vails,* বখ্‌শিস
Vail, *v. a. to let fall in token of respect,* ঘোমটা-ফেল
Vain, *a. fruitless,* বৃথা, অনর্থক, নিষ্ফল; *unreal,* অপ্রকৃত; *proud of petty things,* দাম্ভিক, অভিমানী, গা ফুলানিয়া; *unimportant,* অনাবশ্যক; *in vain,* বৃথা
Vainglorious, *a.* আত্মশ্লাঘী, মিথ্যাভিমানী
Vainglory, *s.* আত্মশ্লাঘা, মিথ্যাভিমান, ভড়ঙ
Vainly, *ad. without effect,* নিষ্ফলরূপে, বৃথা; *idly,* অনর্থকরূপে; *proudly,* অহঙ্কার বা অভিমান করিয়া [ভূমি
Vale, *s.* নিম্নভূমি, দুই পর্ব্বতের মধ্যস্থ
Valedictory, *a.* প্রস্থানকালীন বন্দনা বা সেলাম সম্বন্ধীয়
Valet, *s.* ভৃত্য, দাস, পরিচারক [ব্যক্তি
Valitudinarian, *s.* সদা রোগী, রুগ্ন, দুর্বল
Valiant, *a.* বিক্রান্ত, সাহসী, বলবান্, বীর্য্যযুক্ত [করিয়া
Valiantly, *ad.* বিক্রান্তরূপে, সাহস প্রকাশ
Valid, *a. strong,* বলবান্; শক্ত, দৃঢ়; *conclusive,* প্রামাণিক, আইনসিদ্ধ, মঞ্জুর
Validity, *s.* দৃঢ়তা, প্রাবল্য, প্রামাণ্য, মঞ্জুরী
Valley, *s.* দুই পর্ব্বতের মধ্যস্থিত স্থান, উপত্যকা ভূমি
Valour, *s.* শৌর্য্য, বীরত্ব, সাহস, বিক্রম
Valorous, *a.* বিক্রান্ত, সাহসী, শৌর্য্যান্বিত
Valuable, *a.* বহুমূল্যক; উপযুক্ত, উত্তম, অত্যুত্তম, উপাদেয়
Valuation, *s* মূল্যনিরূপণ, দরধরাণ, মূল্য যাচন; নিরূপিত মূল্য [উৎকর্ষ
Value, *s.* মূল্য, দর, দাম, কিম্মৎ, উপাদেয়,
Value, *v. a. to rate at a price,* মূল্য নিরূপণ-কৃ, দর ধরাও, যাচ; *to rate highly,* বহুমূল্য জ্ঞান-কৃ, মান্য-কৃ
Valve, *s.* পাট, কপাট, বাইল
Vamp, *v. a.* মেরামৎ-কৃ, তালি-দা
Vamp, *s.* জুতার উপরিস্থ চর্ম্ম
Van, Vanguard, *s.* সৈন্যের অগ্রভাগ বা পুরোবর্ত্তি দল
Vane, *s.* বাতাস যে দিগ হইতে বহে তাহা দর্শনার্থ ঘূর্ণায়মান পতাকা
Vanish, *v. n.* অন্তর্ধান-হ, উবিয়া-যা, লুপ্ত-হ, অপ্রকট-হ
Vanity, *s. emptiness,* শূন্যতা, অবস্তুতা; *fruitless desire,* অনর্থক বাঞ্ছা; *trifling labor,* ক্ষুদ্র বিষয়ে বৃথা পরিশ্রম; *ostentation,* মিথ্যাভিমান, আত্মশ্লাঘা, মিথ্যা বড়াই
Vanquish, *v. a.* জিত, জয়-কৃ, পরাস্ত-কৃ, পরাজয়-কৃ, দমিত-হ
Vanquished, *a.* পরাজিত, পরাভূত
Vanquisher, *s.* জয়ী, বিজয়ী, জয় কর্ত্তা
Vantage, *s.* লাভ, প্রাপ্তি, মুনাফা; *superiority,* প্রাধান্য, শ্রেষ্ঠতা
Vapid, *a.* বিস্বাদু, বিরস, ভস্‌কা, নিস্তেজ
Vaporous, *a.* বাষ্পময়, ধূমময়
Vapour, *s.* ভাপ, বাষ্প, ধূম, ধুঁয়া; *mental fume,* ভাবনা, উদ্বেগ
Vapour, *v. n. to pass off in vapour,* ধূম হইয়া উড়িয়া-যা; *to brag,* বড়াই-কৃ, জাঁক্-কৃ
Vapours, *s.* বায়ুরোগ; চাঞ্চল্য, উদ্বেগ জন্য রোগ [চঞ্চল
Variable, *a.* অনিত্য, অস্থির, পরিবর্ত্তনীয়,
Variably, *ad.* অনিত্যরূপে, চঞ্চলরূপে
Variance, *s.* অনৈক্য, বৈপরীত্য, অমিল
Variation, *s.* ব্যতিক্রম, বৈলক্ষণ্য, ভেদ, প্রকারান্তর, পরিবর্ত্তন
Variegate, *v. a.* চিত্রবিচিত্র-কৃ, নানা বর্ণ-কৃ
Variegation, *s.* চিত্রবিচিত্রতা, নানা রঙ্গ
Variety, *s. change,* পরিবর্ত্তন, নানা প্রকার, ফেরফার; *difference,* ভেদ, বিশেষ; *many kinds,* নানা জাতীয়, নানা রূপ

Digitized by Google

Various, *a.* নানা, নানা প্রকার, বিশেষ, বিবিধ, অন্যান্য
Variously, *ad.* নানা প্রকারে, নানা মতে
Varlet, *s.* দুষ্ট, ভ্রষ্ট, ধুমড়িয়ারা
Varnish, *s.* রোগণ, উজ্জ্বল বা চিক্কণকারি দ্রব্য, বার্ণিস্
Varnish, *v. a. to cover,* রোগণ-কৃ, চিক্কণ-কৃ, কথা দিয়া-সাজা; *to palliate,* দোষ-ঢাকা
Vary, *v. a. to change,* বদল-কৃ, ভেদ-কৃ, বিশেষ-কৃ; *to diversify,* চিত্রবিচিত্র-কৃ
Vary, *v. n.* ব্যতিক্রম-হ, বৈলক্ষণ্য-হ, অমেল-হ
Vase, *s.* পাত্রবিশেষ, চিত্রবিচিত্রিত পাত্র
Vassal, *s.* প্রজা, দাস, পরের আশ্রিত ব্যক্তি
Vassalage, *s.* অধীনতা, দাসত্ব
Vast, *a.* অতি বড়, মহৎ, বৃহৎ, প্রকাণ্ড, প্রশস্ত, অতিশয় [বাদ
Vastly, *ad.* বৃহৎরূপে, অত্যন্তরূপে, অতি
Vastness, *s.* বৃহত্ত্ব, মহত্ত্ব, প্রকাণ্ডতা
Vat, *s.* হৌজ, চৌবাচ্চা, কুণ্ড
Vaticinate, *v. n.* ভাবি-কথ, ভবিষ্যৎ কথা-কহ
Vault, *s. an arch,* খিলান; *a cellar,* মাটির নীচস্থ ঘর; *a cavern,* গহ্বর; *a leap,* লম্ফ
Vault, *v. a.* খিলান-কৃ
Vault, *v. n.* লাফ-মার, লাফাও, লম্ফ-দা, ডিঙ্গা [ন্যায়
Vaulted, *a.* খিলানের আকার, খিলানের
Vaunt, *v. a.* বড়াই-কৃ, দেমাগ-কৃ, আস্পর্দ্ধা-কৃ, আস্ফালন-কৃ
Vaunt, *s.* আত্মগরিমা, গর্ব্ব, আস্পর্দ্ধা, বড়াই, দেমাগ
Vaunting, *s.* আস্পর্দ্ধা করণ, দর্প করণ
Vauntingly, *ad.* আস্পর্দ্ধা বা আত্মশ্লাঘা রূপে
Veal, *s.* বৎসমাংস, বাচুরের মাংস
Veer, *v. n.* ফের, ঘুর, এবাগ ওবাগ-কৃ, ইতস্ততো-ঘুর [তরকারি
Vegetable, *s.* শাকসবুজি, গাছড়া, উদ্ভিদ্,
Vegetable, *a.* বৃক্ষ ধর্ম্মক, বৃক্ষ সম্বন্ধীয়
Vegetate, *v. n.* বৃক্ষবৎ বর্দ্ধিষ্ণু-হ, গাছের ন্যায় বাড়িয়া-উঠ, নির্গত-হ, উৎপন্ন-হ
Vegetation, *s.* বৃক্ষবর্দ্ধন, গাছ উৎপন্ন হওন, উৎপত্তি, বৃদ্ধি
Vegetative, *a.* উৎপাদনশীল, জন্মাওনের ধর্ম্মবিশিষ্ট [তা, ব্যগ্রতা
Vehemence, *s.* উগ্রতা, তাপ, শক্তি, প্রবল
Vehement, *a.* উগ্র, প্রবল, শক্ত, প্রচণ্ড, ব্যগ্র
Vehemently, *ad.* প্রবলপূর্ব্বক, ব্যগ্রতারূপে
Vehicle, *s.* যান, বাহন, সওয়ারি, শকট, গাড়ি [অপ্রকাশ-কৃ
Veil, *v. a.* আচ্ছাদন-কৃ, ঢাক, ঘোমটা-দা,
Veil, *s.* ঘোমটা, মুখাচ্ছাদন, অবগুণ্ঠিকা
Vein, *s.* রক্তপ্রবাহক নাড়ী, শিরা, রগ; *course of metal in the mine,* আকরস্থিত ধাতুর শ্রেণী; *tendency of mind,* স্বভাব, মনের চাইল বা গতি; *streak,* চিত্র, রেখা [চর্ম্ম
Vellum, *s.* লিখনার্থ প্রস্তুত করা বাচুরের
Velocity, *s.* বেগ, তেজ, দ্রুতগতি, শীঘ্রতা
Velvet, *s.* মখমল, রেশমী বস্ত্রবিশেষ
Velvet, *a.* মখমল নির্ম্মিত
Venal, *a.* ভাড়াটিয়া, অর্থপ্রিয়, কড়িখেকুয়া, ঘুসখেকুয়া, কড়িকৃষ্টি
Venality, *s.* কড়ি চাণ্ডালিয়া ধর্ম্ম, কড়ি চাণ্ডালামি, ঘুসখেকুয়াপনা
Vend, *v. a.* বিক্রয়-কৃ, বেচ [খরিদার
Vendee, *s.* ক্রেতা, গ্রাহক, ক্রয় কর্ত্তা,
Vender, *s.* বিক্রেতা, বিক্রয় কর্ত্তা, বেচনিয়া
Vendible, *a.* বিক্রেয়, বিক্রয় যোগ্য
Vendition, *s.* বিক্রয় করণ, বিক্রয়, বেচা
Veneficial, *a.* বিষযুক্ত, বিষাক্ত, বিষধর
Venomous, *a.* বিষযুক্ত, বিষাল; হিংসক, দ্বেষী
Venerable, *a.* পূজ্য, আদরণীয়, পূজনীয়, আর্য্য, মান্য [-কৃ, মান্যমান-কৃ
Venerate, *v. a.* আদর-কৃ, পূজা-কৃ, সম্মান
Veneration, *s.* আদর, পূজা, সম্মান, সেবা, মান
Venereal, *a.* কাম বা শৃঙ্গার রস সম্বন্ধীয়; উপদংশ রোগ সম্বন্ধীয়; *venereal disease,* উপদংশ রোগ, বাও, বাগি
Venery, *s. hunting,* মৃগয়া করণ; *sexual enjoyment,* শৃঙ্গার, মৈথুন, শয্যাসুখ, রতিক্রিয়া
Venesection, *s.* রক্ত মোক্ষণ, ফস্ত খোলন

Digitized by Google

Venetian, *s.* খিড়কির খড়খড়ি
Venge, *v. a.* প্রতিহিংসা-কৃ, প্রতিফল-দা, শাস্তি-দা
Vengeance, *s.* প্রতিহিংসা, প্রতিফল, দণ্ড, সাজা, শাস্তি [দ্বেষী
Vengeful, *a.* প্রত্যপকারক, প্রতিহিংসক,
Venial, *a.* ক্ষমণীয়, ক্ষমা যোগ্য, মার্জনার্হ
Venison, *s.* মৃগমাংস, হরিণমাংস
Venom, *s.* বিষ, গরল, জহর, কালকূট
Venomous, *a.* বিষধর, বিষাক্ত; হিংসুক
Vent, *s. a small aperture,* ক্ষুদ্র রন্ধ্র বা ছিদ্র, ছেঁদা; *a passage,* পথ, দ্বার; *utterance,* উক্তি; *sale,* বিক্রয়
Vent, *v. a. to let out,* নির্গত-কৃ; *to utter,* উক্তি-কৃ, প্রচার-কৃ; *to sell,* বিক্রয়-কৃ; বেচা
Venthole, Ventiduct, *s.* ফুকর
Ventilate, *v. a.* বায়ু ব্যজন-কৃ, বায়ুর দ্বারা শীতল-কৃ
Ventilation, *s.* বায়ু ব্যজন, স্বচ্ছন্দে বায়ুর গমনাগমন, বায়ুর দ্বারা শীতল করণ
Ventilator, *s.* বায়ু প্রবেশের দ্বারা ঘর ঠাণ্ডা করণের কল
Ventricle, *a.* জঠর, হৃৎপিণ্ডের কোষ্ঠ
Ventriloquist, *s.* মুখ ব্যাদান না করিয়া কথা কহে যে
Venture, *v. n. to dare,* সাহস-কৃ; *to run a hazard,* নির্ভয়ে দুঃসাধ্য কর্ম্মে উদ্যুক্ত-হ; *to venture upon,* কোন কর্ম্মে প্রবর্ত্ত-হ
Venture, *v. a.* দৈবাধ কর্ম্মে প্রেরণ-কৃ
Venture, *s.* দৈব কর্ম্ম, ঝুঁকি, ঘটনা
Venturesome, *a.* দুঃসাহস, নির্ভয়, সাহসী
Venus, *s.* শুক্র গ্রহ [নিষ্ঠতা
Veracity, *s.* সত্যতা, যথার্থতা, প্রকৃততা,
Verb, *s. In gram.* ক্রিয়া পদ
Verbal, *a. oral,* মুখস্থ, বাচিক, প্রমুখাৎ; *consisting of words,* বাক্য সম্বন্ধীয়; *literal,* কথায়২, অক্ষরে২
Verbal noun, *s. In gram.* কৃদন্ত পদ
Verbally, *ad. orally,* কথায়, বাক্যের দ্বারা, প্রমুখাৎ [শব্দের তুল্য অন্য শব্দ দিয়া
Verbatim, *ad.* বাক্যে২, অক্ষরে২, প্রতি
Verberate, *v. a.* আঘাত-কৃ, প্রহার-কৃ, মার

Verbose, *a.* বহু বাক্য ব্যয়ী বা বহু বাক্য বিশিষ্ট, বাচাল
Verbosity, *s.* বহু বাক্যবিশিষ্টতা
Verdant, *a.* সবুজ, শাকবর্ণযুক্ত, ঘাসের রঙযুক্ত; সতেজ [দণ্ডাজ্ঞা
Verdict, *s.* সিদ্ধান্ত, নিষ্পত্তি, ফয়সলা;
Verdigris, *s.* তামের কলঙ্ক [বা বর্ণ
Verdure, *s.* সবুজ বর্ণ, শাকাদির সরসভাব
Verge, *s. a rod as an emblem of authority,* আসা, দণ্ড, যষ্টি; *the brink,* সীমানা, সরহদ্দ, তীর
Verge, *v. n.* নত-হ, ঝুঁক, হেল; কোন প্রকার গুণ বা অগুণশীল-হ, ন্যায়-হ
Verger, *s.* আসাবরদার, সোটাবরদার
Verify, *v. a.* প্রমাণ-কৃ, সাব্যস্ত-কৃ, প্রকৃত বা সত্য বোধ-করাও
Verily, *ad.* সত্যং, সত্যরূপে, নিঃসন্দেহে
Verisimilar, *a.* প্রমেয়, সম্ভবনীয়
Verisimilitude, *s.* প্রমেয়ত্ব, সম্ভাবনীয়ত্ব
Verity, *s.* সত্যতা, প্রকৃততা, যথার্থতা
Vermicelli, *s.* সীমাই, ময়দা নির্ম্মিত সূত্রবৎ দ্রব্য
Vermicular, *a.* কৃমিবৎ, কীটের ন্যায়
Vermicule, *s.* ক্ষুদ্র কীট, কৃমি, কীরা
Vermiculous, *a.* কৃমিবিশিষ্ট, কীটময়
Vermiform, *a.* কৃমির আকৃতি, কেঁচুয়ার ন্যায়
Vermifuge, *s.* কৃমি বা কেঁচুয়া নাশক ঔষধ
Vermillion, *s.* সিন্দূর, হিঙ্গুল
Vermin, *s.* কীট, পোকা, কৃমি, কীরা
Vernacular, *a.* দেশীয়, স্বদেশীয়
Vernal, *a.* বসন্ত কালীন, বাসন্তীয়
Versatile, *a.* পরিবর্ত্তনীয়, চঞ্চল, অস্থির, হঠাৎ নূতন ব্যাপারে প্রবর্ত্ত হয় যে
Versatility, *s.* পরিবর্ত্তনীয়ত্ব, চাঞ্চল্য
Verse, *s. a line of poetry,* শ্লোক; *poetry,* পদ্য, ছন্দ, কবিতা; *to be versed in,* বিষয়ে নিপুণ-হ
Versification, *s.* কবিতা বা পদ্য রচনা
Versifier, *s.* কবিতাকারী, ছন্দকর্ত্তা
Versify, *v. a.* ছন্দ করিয়া-লেখ, শ্লোক-বাঁধ, ছন্দে-গাঁথ
Version, *s.* অনুবাদ, তর্জমা, ভাষান্তর করণ
Vertebral, *a.* কসেরুকা বা মেরুদণ্ডের গ্রন্থি সম্বন্ধীয়

Digitized by Google

Vertebre, *s.* মেরুদণ্ডের গ্রন্থি
Vertex, *s. the zenith,* মস্তকের ঊর্দ্ধ আকাশ স্থান; *the top* ঊর্দ্ধভাগ, উপরিভাগ, শৃঙ্গ
Vertical, *a.* মস্তকের ঊর্দ্ধ স্থলস্থিত
Vertiginous, *a.* ঘূরণীয়, মাথা ঘুরণীয় পীড়াযুক্ত
Vertigo, *s.* মাথা ঘুরণ, শিরঃকম্প, ঘুরণি
Very, *a. true,* সত্য, বাস্তবিক; *complete,* সম্পূর্ণ; *the same,* সেই, অনন্য
Very, *ad.* অতিশয়, অত্যন্ত, বহু
Vesicate, *v. a.* ফোস্কা-হ, ঝাঁপ, স্ফীত-কৃ
Vesicatory, *s.* ফোস্কাজনক ঔষধ
Vesicle, *s.* ফোস্কা, বুদ্বুদ
Vesper, *s.* সন্ধ্যার তারা; সন্ধ্যাকাল
Vespers, *s.* সন্ধ্যা কালীন প্রার্থনাদি
Vessel, *s. any thing in which liquids are put,* পাত্র, আধার, শিশা; *any vehicle in which men or goods are conveyed on the water,* জলযান, যান, জাহাজ, নৌকা
Vest, *s.* বস্ত্র, আঙরাখা
Vest, *v. a. to dress,* ভূষিত-কৃ, বস্ত্রাবৃত -কৃ, শোভিত-কৃ; *to make possessor of,* স্বত্ব অর্পণ-কৃ, দখল-দা, সোপর্দ-কৃ
Vestal, *s.* শুদ্ধা কুমারী
Vestal, *a.* সতী, অনূঢ়া, অক্ষতা
Vestibule, *s.* বারাণ্ডা, দেউড়ি, দালান
Vestige, *s.* পদচিহ্ন, চিহ্ন, নিশান, নিদর্শন, খোজ
Vestment, *s.* বস্ত্র, পরিচ্ছদ, পরিধেয়
Vestry, *s.* ধর্মালয়ের সংলগ্ন যে কুঠরীতে পবিত্র বস্ত্র পাত্র ইত্যাদি রাখা যায়
Vesture, *s.* বস্ত্র, পরিচ্ছদ, পোশাক
Vetch, *s.* হেঁটকা বা যে কোন কলায়
Veteran, *s.* যুদ্ধ বা অন্য কর্ম্মে বহু কাল অনুশীলনেতে নিপুণ হইয়াছে যে বৃদ্ধ যোদ্ধা
Veteran, *a.* যুদ্ধ বা অন্য কোন কর্ম্মে বহু কাল অভ্যাসী, নিপুণ, দক্ষ
Veterinary, *a.* অশ্ব চিকিৎসা সম্বন্ধীয়
Vex, *v. a.* বিরক্ত-কৃ, ত্যক্ত-কৃ, জ্বালাতন -কৃ, ক্লিষ্ট-কৃ, দুঃখ-দা
Vex, *v. n.* দেক্-হ, বেজার-হ, ত্যক্ত-হ
Vexation, *s.* দুঃখ, জ্বালা, বিড়ম্বনা, বৈরক্তি
Vexatious, *a.* দুঃখজনক, ক্লেশক, ক্লেশ দায়ক, ঝনঝাটিয়া
Vial, *s.* শিশি, কাঁচ পাত্রবিশেষ
Viand, *s.* ভোজ্য দ্রব্য, পক্ক মাংসাদি
Viaticum, *s.* পথের সম্বল; মুমূর্ষু কালীন ক্রিয়া, বৈতরণি
Vibrate, *v. a.* আন্দোলন-কৃ, কম্পায়মান-কৃ
Vibration, *s.* স্পন্দন, আন্দোলন, কাঁপা নি
Vicar, *s.* গ্রামস্থ ধর্ম্মোপদেশক, পুরোহিত; [প্রতিনিধি
Vice, *in composition,* অন্য কথার সঙ্গে সংযোগ হইলে নাএব বা প্রতিনিধি বুঝায়
Vice, *s.* অধর্ম্ম, পাপ, কুকর্ম্ম; দোষ, ব্যত্তি চার; *a screw press,* পাক সাঁড়াশি
Vice-admiral, *s.* যুদ্ধজাহাজের অধ্যক্ষ
Vicegerency, *s.* প্রতিনিধিত্ব, নাএবি
Vicegerent, *s.* প্রতিনিধি, নাএব
Vice-president, *s.* সভাপতির নাএব
Viceroy, *s.* রাজার প্রতিনিধি
Viceroyalty, *s.* রাজপ্রতিনিধিত্ব
Vicinity, *s.* অন্তিকতা, সামীপ্য, নৈকট্য, সন্নিধান, লাগালাগি
Vicious, *a.* কুকর্ম্মে রত, দুষ্ট, দুরাচার, অধম, দুরন্ত
Vicissitude, *s.* পরিবর্ত্ত, অস্থিরতা, ক্রমে গতি বা ভাবের প্রকারান্তর-হ
Victim, *s.* অকৃতাপরাধে দণ্ডিত বা হত ব্যক্তি, বলি
Victor, *s.* জয়কর্ত্তা, জয়ী, বিজয়ী
Victorious, *a.* জয়কারী, জয়যুক্ত, বিজয়ী
Victoriously, *ad.* জয়পূর্ব্বক, বিজয়িরূপে, জয়ী হইয়া
Victory, *s.* জয়, বিজয়, কার্য্য সিদ্ধি
Victuals, *s.* খাদ্য দ্রব্য, আহারীয় সামগ্রী, খোরাক
Victual, *v. a.* ভক্ষ্য-দা, আহারীয় দ্রব্য -যোগা, আয়োজন-কৃ
Victualler, *s.* ভক্ষ্য দ্রব্য যোগায় বা আয়োজন করে যে
Videlicet, *ad.* বিশেষতঃ, অর্থাৎ, কি না
Vie, *v. n.* প্রতিযোগিতা-কৃ, তুল্যার্থী-হ, আড়াআড়ি-কৃ
View, *v. a.* অবলোকন-কৃ, নিরীক্ষণ-কৃ, দৃষ্টি-কৃ, পর্য্যালোচনা-কৃ, পরীক্ষা-দ

Digitized by Google

View, *s.* দৃষ্টি, দর্শন, অবলোকন, পর্য্যালোচন
Vigil, *s.* পর্ব্ব দিবসের পূর্ব্বরাত্রি ; তৎকালের উপবাস বা ক্রিয়া
Vigilance, *s.* সতর্কতা, সাবধানতা, চৌকসি
Vigilant, *a.* সতর্ক, চৌকস, সাবধান, অনিমেষ
Vigilantly, *ad.* সতর্করূপে, সাবধানরূপে
Vignette, *s.* পত্রপুষ্পাদির চিত্রবিচিত্র
Vigorous, *a.* বলবান্, বলিষ্ঠ, সতেজ, সবল, শক্ত [জোর
Vigour, *s.* বল, শক্তি, পরাক্রম, তেজ, গুণ,
Vile, *a.* অধম, নীচ, পামর, কদর্য্য, নিকৃষ্ট, জঘন্য, পাপিষ্ঠ
Vilely, *ad.* অধমরূপে, নীচরূপে, অপকৃষ্টরূপে, কুৎসিতরূপে [-কৃ, গ্লানি-কৃ
Vilify, *v. a.* গালি-দা, দুর্নাম-কৃ, অপমান
Villa, *s.* পল্লীগ্রামের নিকটস্থ বাগান বাটী
Village, *s.* পল্লী গ্রাম, পাড়া গাঁ, গ্রাম, গাঁ
Villager, *s.* গ্রামবাসী, গেঁয়ে লোক, গাঁওয়াল
Villain, *s.* ঠগ, দুষ্ট ব্যক্তি, পাপাত্মা ব্যক্তি
Villanous, *a.* দুষ্ট, দুরাচার, কুৎসিত, অধম
Villanously, *ad.* দুরাচাররূপে, কুৎসিতরূপে, দুষ্টরূপে [ঠগামি
Villany, *s.* ডাকাইতি, নষ্টামি, দুষ্টতা,
Villous, *a.* লোমশ, কেশর
Vincible, *a.* পরাভবনীয়, পরাজেয়, জেতব্য, দম্য [-কৃ ; প্রতিফল-দা
Vindicate, *v. a.* নির্দোষিত্ব-কৃ, যাথার্থ্য
Vindication, *s.* দোষ মুক্তি, দোষ খণ্ডন, উত্তর দেওন
Vindicative, *a.* দোষখণ্ডক
Vindictive, *a.* প্রতিফলদায়ী, দ্বেষী, প্রতিকার চেষ্টক
Vine, *s.* দ্রাক্ষা লতা, আঙ্গুরের গাছ
Vinegar, *s.* সির্কা
Vineyard, *s.* দ্রাক্ষা ক্ষেত্র বা উদ্যান
Vinous, *a.* মদিরার গুণবিশিষ্ট
Vintage, *s.* দ্রাক্ষা সংগ্রহের কাল; মদিরা প্রস্তুত করণের কাল
Vintner, *s.* মদ্য বিক্রেতা, শৌণ্ডিক, শুঁড়ি
Viol, *s.* বীণা, বীণ, তারযুক্ত যন্ত্রবিশেষ
Violable, *a.* ভঞ্জনীয়, লঙ্ঘনীয়
Violate, *v. a. to injure,* অপকার-কৃ, ক্ষতি-কৃ ; *to infringe,* লঙ্ঘন-কৃ, ভঞ্জন-কৃ ; *to ravish,* বলাৎকার-কৃ, সতীত্ব নাশ-কৃ
Violation, *s. infringement,* লঙ্ঘন, ভঞ্জন ; *rape,* বলাৎকার
Violence, *s. force,* বল, প্রচণ্ডতা, বেগ ; *outrage,* উপদ্রব, উৎপাত, দৌরাত্ম্য ; *wrong,* অন্যায়, বলে ধরণ বা অপহরণ
Violent, *a. outrageous,* উপদ্রবী, অত্যাচারী ; *forcible,* প্রচণ্ড, প্রবল, শক্ত ; *not voluntary,* অনিচ্ছুক
Violently, *ad.* প্রবলরূপে, অত্যাচারপূর্ব্বক
Violet, *s.* পুষ্পবিশেষ [বিশেষ
Violin, Violoncello, *s.* বেহালা বা বীণা
Violist, *s.* বীণা বা বেহালাবাদক
Viper, *s. a serpent,* জরায়ুজ সর্পবিশেষ ; *any thing mischievous,* হিংসুক কোন বিষয়
Virago, *s.* কাণ্টি, কলহকারিণী, বাঘিনী স্ত্রী
Virent, *a.* কাঁচা ; তাজা
Virgin, *s. a maid,* কুমারী, অনূঢ়া, অক্ষতা স্ত্রী ; *any thing pure,* শুদ্ধ বা নির্ম্মল কোন বস্তু ; *a sign of the zodiac,* কন্যা রাশি
Virgin, *a.* কুমারীর যোগ্যা বা উপযুক্তা
Virginal, *a.* কন্যাধর্ম্মবিশিষ্টা, কুমারীর যোগ্যা
Virginal, *s.* বাদ্য যন্ত্রবিশেষ
Virginity, *s.* কুমারীত্ব, অনূঢ়াত্ব
Virile, *a.* পুংবৎ, পুরুষের উপযুক্ত, উৎপাদন শক্তিবিশিষ্ট
Virile *power, s.* রতি শক্তি
Virility, *s.* পুংশক্তি, পুরুষত্ব, জননশক্তি
Virtual, *a.* বাস্তবিক, স্বাভাবিক
Virtually, *ad.* বস্তুতঃ
Virtue, *s. moral goodness,* সৌজন্য, সুশীলতা, ধর্ম্ম, পুণ্য ; *medicinal efficacy,* ঔষধের শক্তি ; *valour,* সাহস, বীর্য্যবত্ত্ব
Virtuous, *a. morally good,* ধার্ম্মিক, কৃতী, পুণ্যাত্মা, পুণ্যবান্, সাধু ; *chaste,* সতী, পতিব্রতা ; *powerful,* পরাক্রান্ত
Virtuously, *ad.* ধার্ম্মিকত্বরূপে
Virulence, *s.* বৈষম্য, দ্বেষ, হিংসা, উগ্রতা; জ্বালা, কটুতা [তীক্ষ ; কটু
Virulent, *a.* বিষযুক্ত, উগ্র, হিংসুক, দ্বেষী ;
Virus, *s.* ক্ষত রস, পুঁয

Visage, *s.* মুখ, বদন, আস্য, আনন, চেহারা
Viscera, *s.* অন্ত্র, নাড়ীভুঁড়ী, আঁতুড়ি
Viscerate, *v. a.* অন্ত্র নির্গত-কৃ, নাড়ীভুঁড়ী বাহির-কৃ
Viscount, *s.* ইঙ্গলণ্ড দেশে কুলীনের উপাধি
Viscountess, *s.* উপরি উক্ত কুলীনের স্ত্রীর উপাধি [লস্লসিয়া
Viscid, Viscous, *a.* চট্চটিয়া, আটাল,
Viscidity, Viscosity, *s.* চট্চটিয়াভাব, আটালপনা [দৃশ্যত্ব, দৃষ্টিগোচরত্ব
Visibility, Visibleness, *s.* প্রত্যক্ষতা,
Visible, *a.* চক্ষুর গোচর, দৃশ্য, প্রত্যক্ষ, চাক্ষুষ, সুস্পষ্ট
Visibly, *ad.* দৃশ্যরূপে, প্রকাশরূপে, স্পষ্টে
Vision, *s.* *sight,* দৃষ্টি, দর্শনশক্তি, আলোকন; *the act of seeing,* দর্শন, দৃষ্টি করণ; *a dream,* স্বপ্ন
Visionary, *a.* ভ্রমমাত্র, যাহা মনে উদয় হয় বাস্তবিক মিথ্যা
Visionary, *s.* মিথ্যা কল্পনাকারি ব্যক্তি
Visit, *s.* সাক্ষাৎ, সাক্ষাৎ করণ, সন্দর্শন
Visit, *v. a.* সন্দর্শন-কৃ, সাক্ষাৎ-কৃ, মোলাকাৎ-কৃ
Visit, *v. n.* সাক্ষাৎপূর্ব্বক আলাপ-কৃ
Visitant, *s.* সন্দর্শন কর্ত্তা, সাক্ষাৎ করায় যে
Visitation, *s.* সন্দর্শন; *evil sent by God,* দৈব বা ঈশ্বরীয় ঘটনা; *judicial visit,* বিচার বা তদারক করণার্থ পরিভ্রমণ
Visitor, *s.* সাক্ষাৎকারক, সন্দর্শক, মোলাকাৎ করে যে
Visor, *s.* ছদ্মবেশ, মুখস, মুখচাপানি
Vista, *s.* উভয় পার্শ্বে স্থাপিত বৃক্ষের মধ্য স্থল দিয়া যে দর্শন হয়
Visual, *a.* দৃষ্টি সম্বন্ধীয়, দর্শনোপযোগী
Vital, *a.* প্রাণ দানকারী, প্রাণের উপযোগী, জীবন থাকে যাহাতে; *essential,* আবশ্যক
Vitality, *s.* জীব শক্তি, জীবনোপযোগ্যতা [করূপে
Vitally, *ad.* জীবনদায়কত্বরূপে; অত্যাবশ্য
Vitals, *s.* মর্ম্মস্থান, প্রাণের সারাংশ, যাহা বিনা প্রাণ ধারণ হয় না [বিগড়া
Vitiate, *v. a.* নষ্ট-কৃ, ভ্রষ্ট-কৃ, কুপথে-ল,
Vitiation, *s.* নষ্টতা, ভ্রষ্টতা, বিগড়ান [-কৃ
Vitrify, *v. a.* বস্তুর ভাব পরিবর্ত্তনের কাঁচ

Vitriol, *s.* *blue vitriol,* তুতিয়া; *green vitriol,* পুষ্পক, কাসিস
Vitriolate, *a.* তুতিয়াযুক্ত-কৃ
Vitriolic, *a.* তুতিয়ার ন্যায়, তুতিয়াযুক্ত
Vituperate, *v. a.* অপযশ-কৃ, অপবাদ-কৃ, ভর্ৎসনা-কৃ, গালি-দা
Vituperation, *s.* অপবাদ, ভর্ৎসনা, গালি
Vivacious, *a.* উল্লসিত, রসিক, সতেজ, প্রফুল্লচিত্ত [র্ত্ত
Vivacity, *s.* উল্লাস, তেজ, রসিকতা, সত্বর
Vivid, *a.* উজ্জ্বল, চক্চকিয়া, জ্বলজ্বলিয়া, সতেজ; স্পষ্ট [ভাবে
Vividly, *ad.* সতেজরূপে, তীক্ষ্ণরূপে; স্পষ্ট
Vividness, *s.* সজীবত্ব, সতেজ, স্পষ্টভাব
Vivify, *v. a.* সজীব-কৃ, প্রাণ দান-কৃ, সতেজ-কৃ, জীয়
Viviparous, *a.* জরায়ুজ, অণ্ডজ নহে যাহা
Vixen, *s.* বাঘিনী স্ত্রী, দুর্মুখা স্ত্রী, দুরন্তা স্ত্রী
Viz. Videlicet, *ad.* শব্দের সঙ্কেত, অর্থাৎ
Vizard, *s.* মুখস, মুখাচ্ছাদক
Vizier, *s.* তুরুক দেশীয় রাজমন্ত্রী, উজীর
Vocabulary, *s.* শব্দ কোষ, অভিধান বাক্যাবলি [উচ্চারণ হয় যাহা
Vocal, *a.* বাচিক, শব্দবান্, মুখের দ্বারা
Vocally, *ad.* স্বরোৎপন্ন
Vocation, *s.* মহা প্রাণে উচ্চারণপূর্ব্বক
Vocative, *s.* *In gram.* সম্বোধন
Vociferation, *s.* উচ্চ শব্দ করণ, কোলাহল, গোল, সোরসার, চেঁচান
Vociferate, *v. a.* চীৎকার শব্দ-কৃ, বৃহদ্ধ্বনি-কৃ, সোরসরাবৎ-কৃ, চেঁচা
Vociferous, *a.* গোলকারক, চেঁচানিয়া, মহা শব্দকারী
Vogue, *s.* চালি, চলন, ব্যবহার, দস্তুর
Voice, *s.* ধ্বনি, শব্দ, স্বর, ডাক; *opinion expressed,* সম্মতি; *the active voice,* কর্তৃবাচক পদ; *the passive voice,* কর্ম্মনি বাচ্য
Void, *a.* *empty,* শূন্য, খালি; *vain,* মিথ্যা, অনর্থক, বৃথা; *unsubstantial,* অসার; *null,* রদ, বাতিল
Void, *s.* শূন্য স্থান; হীনতা
Void, *v. a.* *to quit,* ত্যাগ-কৃ, ছাড়, খালি-কৃ; *to emit,* উদ্গার-কৃ, মলত্যাগ-কৃ *to annul,* রদ-কৃ, বাতিল-কৃ

Digitized by Google

Void, *v. n.* উদ্গার-হ, বাহির-হ
Volant, *a.* উড়নশীল, চালাক
Volatile, *a.* উড্ডয়নশীল; বাষ্পের দ্বারা উবিয়া যাওন ক্ষমতাবিশিষ্ট [শক্তি
Volatility, *s.* বাষ্পের দ্বারা উবিয়া যাওয়ের
Volcano, *s.* জ্বালামুখী, আগ্নেয় পর্বত
Volition, *s.* ইচ্ছা, ইচ্ছা করণ শক্তি, স্বেচ্ছাধীনতা
Volley, *s. a flight of shot*, দেওড়, গুলি নিক্ষেপ; *emission of many at once*, এক কালে অনেকের নির্গমন
Volubility, *s.* বাচালতা, বাবদূকতা; গড়াইয়া পতনশীলতা [গড়ানিয়া
Voluble, *a.* বাচাল, বাবদূক, বহুভাষী;
Volume, *s. a roll*, এক পাকে হয় যাহা; *a book*, গ্রন্থ, পুস্তক, পুতি, বহী
Voluminous, *a. consisting of many books*, বহু খণ্ড পুস্তকযুক্ত; *copious*, বিস্তার, বৃহৎ, বড়
Voluntarily, *ad.* স্বেচ্ছাধীনে, স্বেচ্ছাক্রমে, আপনাআপনি [কার্য্যকারী
Voluntary, *a.* স্বেচ্ছাধীন, স্বেচ্ছক, স্বেচ্ছায়
Voluntary, *s.* স্বেচ্ছাক্রমে যে ব্যক্তি সৈন্য হয়; বাদ্যবিশেষ
Volunteer, *s.* যে ব্যক্তি ইচ্ছাক্রমে যুদ্ধে বা অন্য কোন কর্ম্মে প্রবর্ত্ত হয়
Volunteer, *v. n.* উপরি উক্তমতে কার্য্যে প্রবর্ত্ত-হও
Voluptuary, *s.* উদর সর্ব্বস্ব ব্যক্তি, পেটুক, সাংসারিক সুখে মগ্ন [সুখে রত
Voluptuous, *a.* পেটুক, পেটার্থী, ইন্দ্রিয়
Vomica-nut, *s.* কুচিলা ফল
Vomit, *v. a.* বমন-কৃ, ন্যক্কার-কৃ, উগরিয়া-ফেল, ছর্দ্দি-কৃ
Vomit, *s.* বমিজনক ঔষধ
Voracious, *a.* পেটুক, বহুভুক, অবভুক্ষিত
Voraciously, *ad.* পেটুকতারূপে, ভক্ষকতারূপে
Vortex, *s.* ঘূর্ণা, পাকনা, ঘূর্ণা জল
Votaress, **Votress**, *s.* সেবিকা, যে স্ত্রী কোন বিশেষ কর্ম্মে আসক্তা বা পরায়ণা হয় [কর্ম্মে পরায়ণ বা আসক্ত ব্যক্তি
Votary, *s.* উপাসক, সেবক, কোন বিশেষ
Vote, *v. a.* সম্মতি-দা, স্বীকার-কৃ, সম্মতির দ্বারা মনোনীত-কৃ
Voter, *s.* কোন বিষয়ে যাহার সম্মতি বা অসম্মতি দেওনের ক্ষমতা আছে
Votive, *a.* ব্রতউপলক্ষে দত্ত [-দা
Vouch, *v. a.* সাব্যস্ত-কৃ, প্রমাণ-দা, সাক্ষ্য
Vouch, *v. n.* সাক্ষির ন্যায় উপস্থিত-হ
Voucher, *s.* প্রমাণদায়ি ব্যক্তি, সাক্ষী; *a paper that confirms*, প্রমাণ পত্র, নিদর্শন লিপি, বৌচর [-দা
Vouchsafe, *v. a.* প্রসন্ন-হ, অনুগ্রহপূর্ব্বক
Vow, *s.* ব্রত, সঙ্কল্প, প্রতিজ্ঞা, মানত
Vow, *v. n.* ব্রত-কৃ, মানত-রাখ, প্রতিজ্ঞা-কৃ সঙ্কল্প-কৃ
Vowel, *s.* স্বর, অচ্ বর্ণ
Voyage, *s.* যাত্রা, জলপথে যাত্রা, সমুদ্রোপরি যাত্রা করণ [পথে যাত্রা-কৃ
Voyage, *v. a.* সমুদ্রোপরি যাত্রা-কৃ, জল
Voyager, *s.* জলপথে যাত্রাকারী
Vulgar, *a. low*, অধম, নীচ, ইতর, পাজি, পামর; *common*, সামান্য; *national*, দেশীয়
Vulgar, *s.* ইতর লোক, নীচ লোক, পামর ব্যক্তি [পামরতা
Vulgarity, *s.* অধমতা, ইতরত্ব, নীচত্ব,
Vulgate, *s.* লাটিন ভাষায় তর্জ্জমা করা ধর্ম্ম পুস্তক [ভেদনীয়
Vulnerable, *a.* আহননীয়, আঘাত যোগ্য,
Vulnerary, *a.* ক্ষতোপশমকারক
Vulture, *s.* গৃধ, শকুন, গৃধিনি

W

W, ইঙ্গলণ্ডীয় বর্ণমালার ত্রয়োবিংশ অক্ষর [-চল
Wabble, *v. n.* বক্রগতি-কৃ, হেলিয়া দুলিয়া
Wad, *s.* বন্দুকের চিপলা
Wadding, *s.* লুটি, কোন বিষয় পূরণার্থ কোমল দ্রব্য [হেলিয়া দুলিয়া-চল
Waddle, *v. a.* হংসের ন্যায় গতি-কৃ,
